রেলপথ মন্ত্রণালয়ের আওতায় ২০১৮-১৯ অর্থবছরে এডিপিভুক্ত সমাপ্ত প্রকল্পের মূল্যায়ন প্রতিবেদনের ওপর মন্ত্রণালয়/বিভাগভিত্তিক সারসংক্ষেপ

ক্রঃ নং	মন্ত্রণালয় / বিভাগের নাম	মোট সমাপ্ত প্রকল্পের সংখ্যা	সমাপ্ত প্রকল্পের ধরণ			মূল সময় ও ব্যয়ের তুলনায়				
			বিনিয়োগ প্রকল্পের সংখ্যা	কারিগরী সহায়তা প্রকল্পের সংখ্যা	জেডিসিএফভুক্ত প্রকল্পের সংখ্যা	সময় ও ব্যয় উভয়ই অতিক্রান্ত প্রকল্পের সংখ্যা	সময় অতিক্রান্ত প্রকল্পের সংখ্যা	সময় অতিক্রান্তের শতকরা হার (%) সর্বনিম্ন-সর্বোচ্চ	ব্যয় অতিক্রান্ত প্রকল্পের সংখ্যা	ব্যয় অতিক্রান্তের শতকরা হার (%) সর্বনিম্ন-সর্বোচ্চ
১	২	৩	৪	৫	৬	৭	৮	৯	১০	১১
০১	রেলপথ মন্ত্রণালয়	১৩	১৩	-	-	৭	১২	৪০% (সর্বনিম্ন ৪৭৫ % (সর্বোচ্চ)	৭	২৪.৭৩% (সর্বনিম্ন) ২৬০.৮১ % (সর্বোচ্চ)

❖ রেলপথ মন্ত্রণালয়ের সমাপ্তকৃত ১৩টি প্রকল্পের মধ্যে ৬টি প্রকল্পের ব্যয় বরাদ্দের চেয়ে কম হয়েছে ।

১। সমাপ্ত প্রকল্পের সংখ্যাঃ ১৩

২। সমাপ্ত প্রকল্পের ব্যয় ও মেয়াদ বৃদ্ধির কারণঃ

প্রকল্পের ব্যয় বৃদ্ধির কারণ:

- ❖ ভূমি অধিগ্রহণ;
- ❖ প্রকল্পের এলাকা বর্ধিত হওয়ায়;
- ❖ প্রকল্পের কার্যক্রম বৃদ্ধি পাওয়ায়;

প্রকল্পের মেয়াদ বৃদ্ধির কারণ:

১. ভূমি অধিগ্রহণের জটিলতায়;
২. প্রকল্পের ডিটেইল ডিজাইন ও নকশা পরিবর্তন;
৩. প্রকল্পের কার্যক্রম বৃদ্ধি পাওয়া;
৪. ক্রয় প্রক্রিয়ার রেট সিডিউল পরিবর্তন।

৩। সমাপ্তকৃত প্রকল্প বাস্তবায়নের ক্ষেত্রে প্রধান প্রধান সমস্যা ও সুপারিশঃ

ক্রঃ নং	সমস্যা	সুপারিশ
১.	রেললাইনের মাঝে অনেক জায়গায় পানি জমে থাকে।	রেললাইনের মাঝে অনেক জায়গায় পানি জমে থাকে বিধায় তা অপসারণসহ লাইনের পার্শ্বস্থ অংশ পরিস্কার-পরিচ্ছন্ন রাখতে হবে।
২.	কর্মপরিকল্পনা অনুযায়ী কার্যক্রম সম্পন্ন না হওয়া ।	প্রকল্প সুষ্ঠুভাবে বাস্তবায়নের জন্য কর্মপরিকল্পনা অনুযায়ী প্রকল্পের কার্যক্রম সম্পন্ন করতে হবে
৩.	রেলট্র্যাকে পরিলক্ষিত পুরাতন ক্ষয়প্রাপ্ত কাঠের স্লীপার নিয়মিতভাবে পরিবর্তন না করা।	রেলট্র্যাকে পরিলক্ষিত পুরাতন ক্ষয়প্রাপ্ত কাঠের স্লীপার চিহ্নিত করে তা প্রতিস্থাপনের জন্য ব্যবস্থা গ্রহণ করতে হবে;
৪.	প্রকল্পের আওতায় নির্মিত অবকাঠামো যথাযথভাবে ব্যবহারের জন্য প্রয়োজনীয় জনবলের অভাব	প্রকল্পের আওতায় নির্মিত অবকাঠামো যথাযথভাবে ব্যবহারের জন্য প্রয়োজনীয় জনবলের ব্যবস্থা গ্রহণ করতে হবে।
৫.	বাংলাদেশ রেলওয়ের রাজস্ব খাতে নিয়মিত ক্যারেজ রক্ষণাবেক্ষণের জন্য বরাদ্দ বৃদ্ধির সংস্থান	বাংলাদেশ রেলওয়ের রাজস্ব খাতে নিয়মিত ক্যারেজ রক্ষণাবেক্ষণের জন্য প্রয়োজনীয় বরাদ্দ বৃদ্ধির জন্য ব্যবস্থা গ্রহণ

ক্রঃ নং	সমস্যা	সুপারিশ
	না রাখা।	করতে হবে।
৬.	প্রকল্পের অডিট আপত্তি এবং অনিষ্পন্ন অডিট আপত্তি নিষ্পত্তি না করা।	প্রকল্পের অডিট আপত্তি নিষ্পন্ন করতে হবে এবং অনিষ্পন্ন অডিট আপত্তিসমূহ নিষ্পত্তির বিষয়ে মন্ত্রণালয় ও সংস্থাকে কার্যকরী পদক্ষেপ গ্রহণ করতে হবে।
৭.	প্রকল্পের আওতায় সংগৃহীত কম্পিউটারর সফটওয়ার এবং লাইসেন্সিং, কম্পিউইটার হার্ডওয়ার ইকুইপমেন্ট, সেফটি ওপারেশনাল ইমপ্রুভমেন্ট ইকুইপমেন্ট, ভিডিও কনফারেন্সিং ইকুইপমেন্ট এবং অন্যান্য হার্ডওয়্যার ও সফটওয়্যার, আসবাবপত্র ইত্যাদি মালামাল-যন্ত্রপাতি যথাযথভাবে স্টোক রেজিষ্টারভুক্ত না করা।	প্রকল্পের আওতায় সংগ্রহীত কম্পিউটারর সফটওয়ার এবং লাইসেন্সিং, কম্পিউইটার হার্ডওয়ার ইকুইপমেন্ট, সেফটি ওপারেশনাল ইমপ্রুভমেন্ট ইকুইপমেন্ট, ভিডিও কনফারেন্সিং ইকুইপমেন্ট এবং অন্যান্য হার্ডওয়্যার ও সফটওয়্যার, আসবাবপত্র ইত্যাদি মালামাল-যন্ত্রপাতি ক্রয় ও স্টোক রেজিষ্টারভুক্ত করতে হবে।
৮.	প্রকল্প বাস্তবায়নের ক্ষেত্রে প্রকল্পের মেয়াদ বৃদ্ধি।	ভবিষ্যতে প্রকল্প বাস্তবায়নের ক্ষেত্রে প্রকল্পের মেয়াদ বৃদ্ধির বিষয়টি পরিহার করার বিষয়ে সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বাস্তবায়নকারী সংস্থাকে সচেষ্ট হতে হবে।

ঈশ্বরদী থেকে পাবনা হয়ে ঢালারচর পর্যন্ত নতুন রেলওয়ে লাইন নির্মাণ (২য় সংশোধিত) শীর্ষক প্রকল্পের সমাপ্তি মূল্যায়ন প্রতিবেদন

(সমাপ্তঃ জুন, ২০১৯)

১। প্রকল্পের নাম : ঈশ্বরদী থেকে পাবনা হয়ে ঢালারচর পর্যন্ত নতুন রেলওয়ে লাইন নির্মাণ (২য় সংশোধিত)।

২। প্রশাসনিক মন্ত্রণালয়/বিভাগ : রেলপথ মন্ত্রণালয়

৩। বাস্তবায়নকারী সংস্থা : বাংলাদেশ রেলওয়ে

৪। প্রকল্প এলাকা : নাটোর ও পাবনা।

৫। প্রকল্পের বাস্তবায়নকাল ও ব্যয় :

(লক্ষ টাকায়)

প্রাক্কলিত ব্যয়		প্রকৃত ব্যয়	পরিকল্পিত বাস্তবায়নকাল		প্রকৃত বাস্তবায়নকাল	অতিরিক্ত ব্যয় (মূল প্রাক্কলিত ব্যয়ের %)	অতিরিক্ত সময় (মূল বাস্তবায়ন কালের %)
মূল	সর্বশেষ সংশোধিত		মূল	সর্বশেষ সংশোধিত			
১	২	৩	৪	৫	৬	৭	৮
৯৮২৮৬.৫৭	১৭৩৭১৭.৮১	১৭১৪৭৩.৭৬	০১-১০-২০১০ থেকে ৩০-০৬-২০১৫	০১-১০-২০১০ থেকে ৩০-০৬-২০১৬	০১-১০-২০১০ থেকে ৩০-০৬-২০১৯	৭৩১৮৭.১৯ (৭৪.৪৬%)	৪ বছর (৮৪.২১%)

৬। **প্রকল্পের অঙ্গভিত্তিক বাস্তবায়ন (পিসিআর অনুসারে):**

(Taka in Lakh)

Sl. No	Items of Work	Unit	Target (as per RDPP)		Actual Progress	
			Financial	Physical	Financial	Physical
1	2	3	4	5	6	7
(a)	**Revenue Component**					
1.	Pay of officers	-	18.00	100%	-	-
2.	Allowances	-	2.00	100%	-	-
3.	Consultancy Services	-	1900.59	100%	1516.32	100%
4.	Cost for implementation of RP, EMP & relocation of Utility	-	1742.63	100%	1304.61	100%
5.	Cost of Advertisement	-	30.00	100%	24.49	100%
6.	Fuel cost for transport vehicles		0.00	-	-	-
7	Office stationeries & other consumables	-	15.00	100%	11.97	100%
8.	Fee & other expenses for DOE's Clearance	-	15.00	100%	12.97	100%
9.	LC opening charge, Port dues, handling & transportation charge, Inspection cost, etc.	-	70.00	100%	10.21	100%

Sl. No	Items of Work	Unit	Target (as per RDPP)		Actual Progress	
			Financial	Physical	Financial	Physical
1	2	3	4	5	6	7
10.	Remuneration for PIC & Project Steering Committee members	-	10.00	100%	2.39	100%
Sub-total (Revenue components):			**3803.22**	100%	**2882.96**	100%
(b)	**Capital Components**					
11.	Procurement of transport vehicles	-	0.00	-	-	-
12.	Office Equipments	-	28.25	100%	23.61	100%
13.	Furniture for Project Offices & stations	-	45.00	100%	39.96	100%
14.	Land Acquisition	-	45823.64	100%	45823.00	100%
15.	Track work	-	73526.51	100%	73180.02	100%
16.	Construction, Installation & other works	-	12840.81	100%	12205.50	100%
17.	Bridge Works	-	33397.17	100%	33310.17	100%
18.	Signaling	-	2274.83	100%	2258.09	100%
19.	Adjustment of VAT (VDS) laws against above project	-	1566.31	100%	1484.33	100%
20.	CD-VAT	-	412.08	100%	266.12	100%
Sub-total (Capital Components)			**169914.59**	**100%**	**168590.80**	**100%**
Grand Total (a+b) =			**173717.81**	**100%**	**171473.76**	**100%**

(পিসিআর অনুসারে)

৭। **প্রকল্প পরিচালক সংক্রান্ত তথ্যাদিঃ**

SL. No	Name & Designation with pay Scale	Full time	Part time	Responsible for more that one project	Date of	
					Joining	Transfer
1	**2**	**3**	**4**	**5**	**6**	**7**
1.	Mr. Md. Amzad Hossain Chief Engineer/West, Rajshahi		Yes	Yes	8/2/2010	2/3/2011
2.	Mr. Md. Mozammel Hoque Chief Engineer/West, Rajshahi		Yes	Yes	3/3/2011	4/5/2011
3.	Mr. Qazi Rafiqul Alam Chief Engineer/West, Rajshahi		Yes	Yes	4/5/2011	20/1/2013
4.	Mr. Md. Shahjahan Ali Addl. Chief Engineer/Br/West, Rajshahi		Yes	Yes	21/1/2013	28/2/2014
5.	Mr. Md. Arifuzzaman Addl. Chief Engineer/Br/West, Rajshahi		Yes	Yes	15/4/2014	17/11/2014

SL. No	Name & Designation with pay Scale	Full time	Part time	Responsible for more that one project	Date of	
					Joining	Transfer
1	2	3	4	5	6	7
6.	Mr. Md. Shuboktagin Addl. Chief Engineer/ Br/West, Rajshahi		Yes	Yes	18/11/2014	27/3/2018
7.	Mr. Md. Asahdul Haque Addl. Chief Engineer/ Br/West, Rajshahi		Yes	Yes	28/3/2018	30/6/2019

৮। **ক্রয় সংক্রান্ত তথ্যাদিঃ**

Description of Procurement (Goods/works/Consultancy as per bid documents)	Tender/Bid/proposal (Cost in Lakh Taka)		Tender/Bid/Proposal		Date of Completion of works/services	
	As per DPP/RDPP	Contract Value (with subsidiary)	Invitation Date	Contract signing date	As per contract	Actual
1	2	3	4	5	6	7
WD1 (Lot-A) :- Construction of 25 Km main and 4 Km loop lines including construction of level crossing gates and other structures, curve posts etc, construction of embankment With supply all requisite materials and manpower for new track between Ishurdi to Pabna.	17600.51	17600.51	3/4/2011	6/11/2012	5/5/2014	30/9/2017
WD2 :- Construction of 53.80 Km main and 3.9 Km loop lines including construction of level crossing gates and other structures, curve posts etc, construction of embankment With supply all requisite materials and manpower for new track from KM 25+000 to KM 78+800 in between Pabna to Dhalarchar.	55926.00	55926.00	1/6/2014	14/12/2015	13/3/2018	30/6/2019
WD3 (Lot-A) Construction of New Major Bridges in between KM 0+000 to KM 25+000 of Majgram-Pabna Section .	1387.16	1437.40	4/8/2013	15/1/2014	14/1/2015	31/12/2015
WD3 (Lot-B) Construction of New Major Bridges in between KM 25+000 to KM 78+800 of pabna to Dhalarchar Section.	12239.03	12239.03	23/9/2015	20/2/2016	7/9/2017	30/1/2019
WD4 (Lot-A) Construction of New Minor Bridges in between KM 0+000 to KM 25+000 of Majgram-Pabna Section.	3801.26	3969.40	4/8/2013	15/1/2014	14/1/2015	31/12/2015
WD4 (Lot-B) Construction	15969.72	15969.72	27/8/2014	23/6/2015	22/12/2016	30/3/2019

Description of Procurement (Goods/works/Consultancy as per bid documents)	Tender/Bid/proposal (Cost in Lakh Taka)		Tender/Bid/Proposal		Date of Completion of works/services	
	As per DPP/RDPP	Contract Value (with subsidiary)	Invitation Date	Contract signing date	As per contract	Actual
1	2	3	4	5	6	7
of Minor Bridges in between KM 25+000 to KM 78+800 of pabna to Dhalarchar Section.						
WD5 (Lot-A) :- Construction of Installation & Other Works in between KM 0+000 to KM 25+000 of Majgram-Pabna Section:- In includes Construction of station building, Platform, Platform shed, car parking area, station approach road, Yard Drain, Staff quarter, project site office, SSAE/Way & Works office at Pabna, TXR Office, Crew running room at Dhalarchar, water supply system including deep tubeweel with pump & pump house, overhead tank and supply pipelines etc. Fancing of Platform, R C C station boundary wall, Electrical Works at all stations, Supply furniture for waiting room, waiting halls and station.	6395.56	6342.89	7/1/2014	13/4/2015	12/7/2016	30/9/2017
WD5 (Lot-B): Construction of Installation & Other Works in between KM 25+000 to KM 78+800 of Pabna to Dhalarchar Section:- In includes Construction of station building, Platform, Platform shed, car parking area, station approach road, Yard Drain, Staff quarter, project site office, SSAE/Way & Works office at Pabna, TXR Office, Crew running room at Dhelerchar, water supply system including deep tubewel with pump & pump house, overhead tank and supply pipelines etc. Fancing of Platform, R C C station boundary wall, Electrical Works at all stations, Supply furniture for waiting room, waiting halls and station	6445.25	5960.76	29.9/2015	4/5/2016	3/11/2017	30/6/2019

Description of Procurement (Goods/works/Consultancy as per bid documents)	Tender/Bid/proposal (Cost in Lakh Taka)		Tender/Bid/Proposal		Date of Completion of works/services	
	As per DPP/RDPP	Contract Value (with subsidiary)	Invitation Date	Contract signing date	As per contract	Actual
1	2	3	4	5	6	7
WD6:-One computer based interlocked signalling system including design, supply, installation, training, testing & commissioning at Majhgram station.	1030.20	1029.93	-	8/2/2017	7/2/2018	31/12/2018
WD7 (Lot-A) :-Non interlocked colour light signalling system including design, supply, installation, training, testing & commissioning in between KM 0+000 to KM 25+000 of Majgram-Pabna Section.	139.10	139.10	14/2/2016	24/8/2016	23/8/2017	30/6/2018
WD7 (Lot-B) :-Non interlocked colour light signalling system including design, supply, installation, training, testing & commissioning in between KM 25+000 to KM 78+800 of Pabna to Dhalarchar Section.	231.87	245.40	14/11/2017	19.12/2017	18/6/2018	15/6/2019
WD8 (Lot-A):-Supply & Installation of Telecommunication network from KM 0+000 to KM 25+000 in between Majgram-Pabna Section	287.29	287.29	18/4/2016	22/11/2016	21/5/2017	30/6/2018
WD8 (Lot-B):-Supply & Installation of Telecommunication network from KM 25+000 to KM 78+800 in between pabna- Dhalarchar Section.	586.37	586.37	18.4/2016	22/11/2016	21/5/2018	30/6/2019

(পিসিআর অনুসারে)

৯। **ডিপিপি বরাদ্দ ও অগ্রগতিঃ** সংশোধিত ডিপিপি'র সংস্থান, এডিপি/আরএডিপি বরাদ্দ ও অগ্রগতির চিত্র নিম্নরুপ:

অর্থবছর	সংশোধিত ডিপিপি সংস্থান	এডিপি/আরএডিপি বরাদ্দ	মোট ব্যয়	বাস্তব অগ্রগতি %
১	২	৩	৪	৫
২০১০-২০১১	১৬৩৫.০০	১৭০০.০০	১৬৩৮.১৬	৩.৪৫%
২০১১-২০১২	১৩৫৯১.২৪	১৩৬১০.০০	১৩৬৯০.৮১	৪.৬৯%
২০১২-২০১৩	৩৪৯২২.৬৬	৩৫০০০.০০	৩৪৯২২.৮১	১৮.৩৪%
২০১৩-২০১৪	৬৪৮১.৬৮	৬৫০০.০০	৬৪৮১.৬৯	৮.৩৮%
২০১৪-২০১৫	৬৪৯৮.১৮	৬৫০০.০০	৬৪৯৮.২৯	৮.০৩%
২০১৫-২০১৬	৩১৯১৪.৭১	৩২০১৪.০০	৩১৯১৭.৭১	১৮.৩৭%
২০১৬-২০১৭	২৯৬৫৩.০০	২৭৬৪৩.০০	২৭৬৪৯.০২	১৭.৪২%
২০১৭-২০১৮	৪৪৩১৮.৬৫	১৪০৫২.০০	১৩৯৫২.৮৫	১১.৫২%
২০১৮-২০১৯	৪৭০২.৬৯	৩৬৮৯০.০০	৩৪৮২৫.৪২	৯.৮০%
মোট:	**১৭৩৭১৭.৮১**	**১৭৩৯০৯.০০**	**১৭১৪৭৩.৭৬**	**১০০%**

১০। **কাজ অসম্পূর্ণ থাকলে তার কারণঃ** অনুমোদিত সংশোধিত প্রকল্প অনুযায়ী প্রকল্পের সমূদয় কাজ সমাপ্ত হয়েছে।

১১। **সাধারণ পর্যবেক্ষণ:**

১১.১ **প্রকল্পের পটভূমি:**

পাবনা জেলাকে রেলওয়ে নেটওয়ার্কের আওতায় আনা এবং ভবিষ্যতে ঈশ্বরদী-পাবনা-ঢালারচর-পাটুরিয়া-ভাঙ্গা-জাজিরা-মাওয়া-ঢাকা পর্যন্ত রেলওয়ে সংযোগ স্থাপনের নিমিত্তে সম্পূর্ণ জিওবি অর্থায়নে ৯৮২.৮৬৫৭ কোটি টাকা ব্যয়ে অক্টোবর, ২০১০ হতে জুন, ২০১৫ পর্যন্ত বাস্তবায়ন মেয়াদে গত ০৫/১০/২০১০ তারিখে একনেক কর্তৃক প্রকল্পটি অনুমোদিত হয়। প্রকল্পের অংগসমূহের হ্রাস/বৃদ্ধির কারণে ১৪৩৬.০৩ কোটি টাকা প্রাক্কলিত ব্যয় এবং অক্টোবর, ২০১০ হতে জুন, ২০১৬ পর্যন্ত মেয়াদে ১ম সংশোধিত ০৪/০৬/২০১৩ তারিখে অনুমোদিত হয়। ব্যয় বৃদ্ধি ব্যতিরেকে প্রকল্পের মেয়াদ জুন, ২০১৮ পর্যন্ত ০২ (দুই) বছর বৃদ্ধি করা হয়। পরবর্তিতে প্রকল্পের ২য় সংশোধিত ডিপিপি ১৭৩৭.১৮ কোটি টাকা প্রাক্কলিত ব্যয়ে অক্টোবর ২০১০ হতে জুন ২০১৯ পর্যন্ত মেয়াদে বাস্তবায়নের জন্য ৩০/১০/২০১৮ তারিখে একনেক কর্তৃক অনুমোদিত হয়।

১১.২ **প্রকল্পের উদ্দেশ্য :**

(ক) ঈশ্বরদী থেকে পাবনা হয়ে ঢালারচর পর্যন্ত ৭৮.৮০ কি:মি: নতুন ব্রডগেজ রেল লাইন নির্মাণের মাধ্যমে প্রকল্প এলাকার সাথে বিদ্যমান রেলওয়ে নেটওয়ার্কের সাথে সংযোগ স্থাপন। এতে একটি নতুন এলাকা রেলওয়ে নেটওয়ার্কের আওতায় আসবে এবং অতিরিক্ত যাত্রী চলাচল ও মালামাল পরিবহনের সুবিধা বর্ধিত করণ;

(খ) ট্রান্স এশিয়ান রেলওয়ে এবং আঞ্চলিক সংযোগের ক্ষেত্রে একটি বিকল্প রেলপথ স্থাপন;

(গ) প্রকল্পটি বাস্তবায়িত হলে পাবনা জেলা শহর রেলওয়ে নেটওয়ার্কের আওতায় আসবে এবং সহজভাবে ঢাকাসহ দেশের অন্যান্য স্থানের সাথে সরাসরি রেল যোগাযোগ স্থাপিত হবে ও প্রকল্পভুক্ত এলাকার (নাটোর জেলার লালপুর উপজেলা এবং পাবনা জেলার ঈশ্বরদী, আটঘরিয়া, পাবনা সদর, সুজানগর, সাঁথিয়া ও বেড়া উপজেলা) জনগণের আর্থ-সামাজিক অবস্থার উন্নয়ন সাধিত হবে;

(ঘ) রেলপথটি চালু হলে মাঝগ্রাম স্টেশনটি একটি জংশন স্টেশনে পরিণত হবে এবং এ জংশন স্টেশনের মাধ্যমে উত্তর ও দক্ষিণবঙ্গের মধ্যে যোগাযোগ ব্যবস্থা সহজতর হবে;

১২। **<u>প্রকল্প পরিদর্শনঃ</u>** গত ২৮ ও ২৯ আগস্ট ২০২০ তারিখে আইএমইডি'র পরিচালক জনাব আবদুল্লাহ আল মামুন কর্তৃক প্রকল্পটি সরজমিনে পরিদর্শন করা হয়। পরিদর্শনকালে সংশ্লিষ্ট প্রকল্প পরিচালক ও প্রকল্প সংশ্লিষ্ট কর্মকর্তাগণ তথ্য-উপাত্ত প্রদান করে সহযোগিতা করেন।

১২.১ প্রকল্পটি ২টি সেকশনে বিভক্ত। তন্মধ্যে মাঝগ্রাম হতে পাবনা পর্যন্ত সেকশনের দূরত্ব ২৫ কি:মি: (Lot-A) এবং পাবনা হতে ঢালারচর পর্যন্ত সেকশনের দূরত্ব ৫৩.৮০ কি:মি: (Lot-B)। ১ম লটে ৭টি প্যাকেজে ও ২য় লটে ৬টি প্যাকেজের কার্যক্রম প্রকল্পের আওতায় সম্পাদন করা হয়েছে। পরিদর্শনকালে মাঝগ্রাম থেকে ট্রলি কারযোগে ঢালারচর পর্যন্ত নির্মিত লাইন ও স্টেশনের সম্পাদিত কাজ পর্যবেক্ষণ করা হয়েছে। প্রকল্পের আওতায় ৭৮.৮০ কি:মি: নতুন ব্রডগেজ লাইন, ১১টি স্টেশন ভবন, ১১৭টি ব্রীজ ও কালভার্ট ও অন্যান্য অবকাঠামো নির্মাণ করা হয়েছে। সম্পাদিত কাজের গুনগতমান সন্তোষজনক। উক্ত সেকশনে বর্তমানে ১ জোড়া ট্রেন চলাচল করে বলে পরিদর্শনকালে জানানো হয়েছে। উক্ত সেকশনে সৃষ্ট সুযোগ-সুবিধা ও জনসাধারণের প্রয়োজনের প্রেক্ষিতে ট্রেনের সংখ্যা বৃদ্ধি করা যেতে পারে।

১২.২ প্রকল্পের আওতায় নতুন রেললাইন নির্মাণের মাধ্যমে ঈশ্বরদী হতে ঢালারচর পর্যন্ত একটি ব্রডগেজ branch line নির্মিত হয়েছে। ভবিষ্যতে লাইনটি সম্প্রসারণ করে রাজবাড়ী পর্যন্ত রেললাইন নির্মাণ করা হলে প্রকল্পের পূর্ণাঙ্গ সুবিধা পাওয়া সম্ভব হবে। পরিদর্শনকালে ঢালারচর রেললাইনে স্টেশনে ব্যালাস্ট কুশন পরিমাপ করে তা ১০-১১ ইঞ্চি পাওয়া যায়। এটি ডিজাইনের গ্রহণযোগ্য মাত্রা অনুযায়ী হয়েছে। পরিদর্শনকালে দেখা যায় যে, কয়েকটি স্টেশনের স্টেশন মাস্টার ও সহায়ক প্রয়োজনীয় জনবল পদায়ন করা হয়নি। এর ফলে স্টেশনসমূহ পরিপূর্ণভাবে ব্যবহার করা যাচ্ছেনা। কয়েকটি সেকশনে রেল লাইনের পার্শ্বে আগাছা ও আবর্জনা জমে থাকতে দেখা যায়। এছাড়া রেললাইনের মধ্যবর্তী ড্রেন যথাযথভাবে সচল রাখার জন্য রক্ষণাবেক্ষণের ব্যবস্থা নেয়া প্রয়োজন।

১২.৩ প্রকল্পে বাস্তবায়নে মূল প্রকল্পের তুলনায় Cost overrun হয়েছে ৭৪.৪৬% ও Time overrun হয়েছে ৮৪.২১%। এক্ষেত্রে যথাযথ ফিজিবিলিটি স্ট্যাডি ও ডিজাইন করে প্রকল্প প্রণয়ন ও বাস্তবায়নে বাংলাদেশ রেলওয়ের সক্ষমতা আরও বৃদ্ধি করা আবশ্যক। তাছাড়া, প্রকল্প বাস্তবায়নে মন্ত্রণালয়ের তদারকী জোরদার করা প্রয়োজন।

১৩। **<u>প্রকল্প পরিদর্শনের স্থির চিত্রঃ</u>**



চিত্র ১: মাঝগ্রাম স্টেশন



চিত্র ২: পাবনা রেলওয়ে স্টেশন



চিত্র ৩: ব্যালাস্ট কুশন পরিমাপ



চিত্র ৪: নির্মিত মেজর ব্রিজ

১৪। **External Audit:** মন্ত্রণালয় হতে প্রেরিত পিসিআরে প্রকল্পের অডিট সম্পর্কিত নিম্নোক্ত তথ্যাদি প্রদান করা হয়েছে।

অডিট অর্থবছর	প্রধান পর্যবেক্ষণ	মন্তব্য
২০১৪-১৫ অর্থবছর	ভূমি অধিগ্রহণের জন্য প্রদত্ত অর্থ হতে উৎসে কর কর্তন না করায় ৪,৫৪,৫৭,৯৯৯.০০ টাকার মালামাল উৎপাদন করলেও নির্মাণ সংস্থা হিসেবে ভ্যাট কর্তন করায় সরকারের ৫,৪২,৮৮০/- টাকা রাজস্ব ক্ষতি।	ব্রডশিট জবাব প্রদান করা হয়েছে
২০১৫-১৬ এবং ২০১৬-১৭ অর্থবছর	কার্যের পরিমাণ নির্ণয়ের ভিত্তি হিসেবে পরিমাপ বহি (Measurement Book) সংরক্ষণ ব্যতীত ঠিকাদারকে বিল পরিশোধ।	ব্রডশিট জবাব প্রদান করা হয়েছে
	যুক্তিসঙ্গত কারণ না থাকা সত্ত্বেও ঠিকাদারের চাহিদা মতে কার্য সমাপ্তির মেয়াদ বৃদ্ধি অনুমোদন এবং অননুমোদিত বিলম্বকালের জন্য ক্ষতিপূরণ বাবদ ঠিকাদারের নিকট হতে ৭,৫০,০২,৪১৭.৮০ টাকা আদায় যোগ্য।	ব্রডশিট জবাব প্রদান করা হয়েছে
	দরপত্রে অংশগ্রহণ না করা সত্ত্বেও বিধি বহির্ভূতভাবে মেসার্স রোজলীন ট্রেডার্স এর সহিত টাকা ১,৩৯,০৯,৮০০/- এর চুক্তি সম্পাদন ও ঠিকাদার নিয়োগে গুরুতর অনিয়ম।	ব্রডশিট জবাব প্রদান করা হয়েছে
২০১৭-১৮ অর্থবছর	প্রকল্প হতে ২,৬৬,৯৯,২০০/- (দুই কোটি ছেষট্টি লক্ষ নিরানব্বই হাজার দুইশত) টাকা মূল্যের ৯০ পাঃ 'এ' নতুন রেল রাজস্ব খাতে ব্যবহার।	ব্রডশিট আকারে জবাব প্রদান করা হয়েছে
	পিপিআর/২০০৮ এর বিধি ৩৯(৪) লঙ্ঘন করে প্যাকেজ নং WD-2 এর সময় বর্ধিতকরণ প্রসঙ্গে।	ব্রডশিট আকারে জবাব প্রদান করা হয়েছে
	চুক্তির শর্ত লঙ্ঘন করে Long Welded Rail (LWR) না করে Short Welded Rail (SWR)১ করায় সরকারের	ব্রডশিট আকারে জবাব প্রদান করা হয়েছে

অডিট অর্থবছর	প্রধান পর্যবেক্ষণ	মন্তব্য
	২,২৩,৩০,০০/- টাকা ক্ষতি।	
	প্রয়োজনের তুলনায় ৬৭৬.০৭ ঘনমিটার পাথর অতিরিক্ত ক্রয় করায় সরকারের ৪৫,২৯,৬৬৯/- (পঁয়তাল্লিশ লক্ষ উনত্রিশ হাজার ছয়শত উনসত্তর) টাকা অপচয়।	ব্রডশিট আকারে জবাব প্রদান করা হয়েছে
	প্রকল্পের মেয়াদ বৃদ্ধির ফলে পরামর্শক খাতে ৩,৮৫,২৬,০০০/- (তিন কোটি পঁচাশি লক্ষ ছাব্বিশ হাজার) টাকা অতিরিক্ত ব্যয়।	ব্রডশিট আকারে জবাব প্রদান করা হয়েছে
	Way and Works Manual এর সেকশন ১৯০১ মোতাবেগ Measurement Book সংরক্ষণ না করে অনিয়মিতভাবে ১৬,১৫,০৫,২০৩/- (ষোল কোটি পনের লক্ষ পাঁচ হাজার দুইশত তিন) টাকার বিল পরিশোধ।	ব্রডশিট আকারে জবাব প্রদান করা হয়েছে
	ভাউচার ছাড়াই General Requirements এর নামে বিভিন্ন চুক্তির মাধ্যমে অনিয়মিতভাবে ২,৮৩,১১,৬৫৩/- (দুই কোটি তিরাশি লক্ষ এগার হাজার ছয়শত তিপান্ন) টাকার বিল পরিশোধ।	ব্রডশিট আকারে জবাব প্রদান করা হয়েছে
	WD-6 প্যাকেজে চুক্তি মূল্য অপেক্ষা অতিরিক্ত বিল পরিশোধ করায় সরকারের ২৩,১০,৭০৭/- (তেইশ লক্ষ দশ হাজার সাতশত সাত) টাকা ক্ষতি।	ব্রডশিট আকারে জবাব প্রদান করা হয়েছে
	WD-2 প্যাকেজের মাধ্যমে প্রয়োজনের অতিরিক্ত রেল ক্রয় করায় সরকারের ১,০৩,৫৫,০০০/- (এক কোটি তিন লক্ষ পঞ্চান্ন হাজার) টাকা অপচয়।	ব্রডশিট আকারে জবাব প্রদান করা হয়েছে

(পিসিআর অনুযায়ী)

১৫। **প্রকল্প বাস্তবায়ন সমস্যাঃ** প্রযোজ্য নয়।

১৬। **প্রকল্পের উদ্দেশ্য অর্জনঃ**

প্রকল্পের উদ্দেশ্য	উদ্দেশ্য অর্জন
ঈশ্বরদী থেকে পাবনা হয়ে ঢালারচর পর্যন্ত ৭৮.৮০ কি:মি: দীর্ঘ নতুন ব্রডগেজ লাইন নির্মাণের মাধ্যমে উক্ত এলাকায় উন্নত যোগাযোগ ব্যবস্থা সৃষ্টি করা ও আর্থ-সামাজিক উন্নয়ন সাধন করা প্রকল্পের প্রধান উদ্দেশ্য।	প্রকল্পের আওতায় ৭৮.৮০ কি:মি: দীর্ঘ নতুন ব্রডগেজ লাইন নির্মাণের মাধ্যমে উক্ত এলাকায় যোগাযোগ ব্যবস্থা মানোন্নয়ন সাধিত হয়েছে। এর ফলে বিকল্প যোগাযোগ ব্যবস্থা গড়ে উঠেছে ও জসসাধারণের আর্থ-সামাজিক উন্নয়নের পথ সুগম হয়েছে।

১৭। **উদ্দেশ্য অর্জিত না হয়ে থাকলে তার কারণঃ** প্রযোজ্য নয়।

১৮। **মতামত/সুপারিশঃ**

১৮.১ প্রকল্পের Cost overrun হয়েছে ৭৪.৪৬% ও Time overrun হয়েছে ৮৪.২১%। ভবিষ্যতে মূল অনুমোদিত ব্যয় ও সময়সীমার মধ্যে প্রকল্প বাস্তবায়নের লক্ষ্যে সংশ্লিষ্ট সংস্থা/মন্ত্রণালয়কে সচেষ্ট থাকতে হবে;

১৮.২ প্রকল্প যথাযথভাবে প্রণয়ন ও বাস্তবায়নে বাংলাদেশ রেলওয়ের সক্ষমতা বৃদ্ধি করতে হবে;

১৮.৩ প্রকল্পের পূর্ণাঙ্গ সুযোগ-সুবিধা ব্যবহারের লক্ষ্যে জনবল নিয়োগসহ রুটে ট্রেনের সংখ্যা বৃদ্ধি করা যেতে পারে;

১৮.৪ প্রকল্পের রেললাইনের পার্শ্বে পরিলক্ষিত আগাছা/আবর্জনা অপসারণ করতে হবে ও ড্রেনসমূহ সচল রাখার জন্য নিয়মিত রক্ষণাবেক্ষণ করতে হবে;

১৮.৫ প্রকল্পের অনিষ্পন্ন অডিট আপত্তি দ্রুত নিষ্পত্তির জন্য ব্যবস্থা গ্রহণ করতে হবে।

১৮.৬ উপর্যুক্ত (১৮.১-১৮.৫) অনুচ্ছেদের বিষয়ে গৃহীত ব্যবস্থার তথ্যাদি আগামী ১ মাসের মধ্যে আইএমইডিকে অবহিত করতে হবে।

খুলনা রেলওয়ে স্টেশন ও ইয়ার্ড রিমডেলিং এবং বেনাপোল রেলওয়ে স্টেশনের অপারেশনাল সুবিধাদির উন্নয়ন (২য় সংশোধিত) শীর্ষক প্রকল্পের শীর্ষক প্রকল্পের সমাপ্তি মূল্যায়ন প্রতিবেদন

(সমাপ্তঃ ডিসেম্বর, ২০১৮)

১। প্রকল্পের নাম : খুলনা রেলওয়ে স্টেশন ও ইয়ার্ড রিমডেলিং এবং বেনাপোল রেলওয়ে স্টেশনের অপারেশনাল সুবিধাদির উন্নয়ন (২য় সংশোধিত)।

২। বাস্তবায়নকারী সংস্থা : বাংলাদেশ রেলওয়ে

৩। প্রশাসনিক মন্ত্রণালয়/বিভাগ : রেলপথ মন্ত্রণালয়

৪। প্রকল্প এলাকা : খুলনা এবং যশোর জেলা।

৫। প্রকল্পের বাস্তবায়ন সময় ও ব্যয় (লক্ষ টাকায়):

প্রাক্কলিত ব্যয়		প্রকৃত ব্যয়	পরিকল্পিত বাস্তবায়নকাল		প্রকৃত বাস্তবায়নকাল	অতিরিক্ত ব্যয় (মূল প্রাক্কলিত ব্যয়ের %)	অতিরিক্ত সময় (মূল বাস্তবায়ন কালের %)
মূল	সর্বশেষ সংশোধিত		মূল	সর্বশেষ সংশোধিত			
১	২	৩	৪	৫	৬	৭	৮
৪০০৯.৫৩	৯৩৯০.৬১	৮৫৫৪.১৫	১-০৭-২০০৭ থেকে ৩১-০৬-২০০৯	০১-০৭-২০০৯ থেকে ৩১-১২-২০১৮	০১-০৭-২০০৯ থেকে ৩১-১২-২০১৮	৪৫৪৪.৬২ (১১৩.৩৪%)	৯.৫ বছর (৪৭৫%)

৬। **প্রকল্পের অঙ্গভিত্তিক বাস্তবায়ন (পিসিআর অনুসারে):**

(লক্ষ টাকায়)

Sl No	Items of Work	Unit	Target (as per DPP)		Actual Progress	
			Financial	Physical (Quantity)	Financial	Physical (Quantity)
1	2	3	4	5	6	7
(A)	**Revenue Component**					
1.	Pay of Officers	-	0.00	-	0.00	-
2.	Pay of establishment	-	0.00	-	0.00	-
3.	Allowances	-	0.00	-	0.00	-
4.	Supplies and Services					
	(i) Consultancy & testing fee		25.00	-	3.39	-
	(ii) Advertisement cost	-	15.00	-	0.00	-
	(ii) Labour & transportation cost	-	75.00	-	62.67	-
	(iii) Landing & Inspection charge	-	0.00	-	0.00	-
	Sub Total (Revenue):		115.00		66.06	
(B)	**Capital Component**					
5.	Procurement of Laptop, Desktop, Photocopier, Scanner, Printer & other	-	20.00	-	17.59	-

Sl No	Items of Work	Unit	Target (as per DPP)		Actual Progress	
			Financial	Physical (Quantity)	Financial	Physical (Quantity)
1	2	3	4	5	6	7
	office stationery accessories.					
6.	Acquisition of Assets	-	1,658.71	-	8470.50	-
7.	Construction works	-	7,596.90	-		-
8.	Development import duty and VAT	-	0.00	-	0.00	-
	Sub Total (Capital):		**9275.61**		8488.09	
(C)	**Contingency**					
	Physical Contingency	-	0.00	-	0.00	-
	Price Contingency	-	0.00	-	0.00	-
	Grand Total (A+B+C):		**9390.61**	-	**8554.15**	-

৭। **প্রকল্প পরিচালক সংক্রান্ত তথ্যাদিঃ**

SL No.	Name & Designation with pay scale	Full time	Part time	Responsible for more than one Project	Date of	
					Joining	Transfer
1	2	3	4	5	6	7
1.	Md. Anhar Mahmud Chief Engineer/West, Rajshahi	-	Yes	Yes	07/10/2008	08/02/2010
2.	Md. Amzad Hossain Chief Engineer/West, Rajshahi	-	Yes	Yes	08/02/2010	02/03/2011
3.	Md. Mozammel Haque Chief Engineer/West, Rajshahi	-	Yes	Yes	03/03/2011	04/05/2011
4.	Qazi Md. Rafiqul Alam Chief Engineer/West, Rajshahi	-	Yes	Yes	05/05/2011	12/04/2014
5.	Md. Mahbubul Haque Bakshi Chief Engineer/West, Rajshahi	-	Yes	Yes	12/04/2014	06/09/2016
6.	Md. Shuboktagin Addl.Chief Engineer/Br/West/ Rajshahi. (Addl. Charge)	-	Yes	Yes	06/09/2016	30/10/2016
7.	Md. Romzan Ali Chief Engineer/West, Rajshahi	-	Yes	Yes	31/10/2016	28/03/2017
8.	Md. Reyad Ahmed Divisional Engineer -1, Paksey	-	Yes	No	29/03/2017	31/12/2018

৮। **ক্রয় সংক্রান্ত তথ্যাদিঃ**

৮.১ **গাড়ী/ট্রান্সপোর্ট ক্রয়ঃ** প্রযোজ্য নয়।

৮.২ **পণ্য, কার্য ও সেবা ক্রয়ঃ**

ক্র: নং	Description of Procurement (Goods/works/Consultancy as per bid documents	Tender/Bid/Proposal (cost in Lakh Taka)		Tender/Bid/Proposal		Date of Completion of works/service and supply of goods	
		As per DPP/RDPP	Contract Value	Invitation Date	Contract Signing date	As per Contract	Actual
1	2	3	4	5	6	7	8
1.	Package GD-1: Wooden Sleeper (BG) Crossing Sleeper (BG)	782.78	782.78	7/7/2008	8/11/2008	10/6/2009	7/6/2009
2.	Package GD-4: Points & Crossing (With all fittings) i) 1 in 8½=17 Sets. ii) 1 in 12= 8 Sets.	277.63	277.63	30/6/2008	6/10/2008	4/4/2009	8/3/2009
3.	Package GD-4: (Lot-A): 7 Sets Points & Crossing With all fittings (1 set Diamond and 6 sets 1 in 12 Points and crossings) and 32 Nos, Spring tumbler with Pulling rod (BG)	132.00	126.27	3/5/2018	6/6/2018	21/9/2018	21/9/2018
4.	Package GD-6: (Lot-A): Stone Ballast	211.00	210.79	7/6/2015	20/8/2015	30/11/2017	14/11/2017
5.	Package WD-2: Construction of station building with foundation of 3 storey (3572.70 Sqm) including Link platform, platform (03 Nos), Car parking area & road with footpath, Construction of drain, Boundary wall, sanitary & plumbing works, fire-fighting system etc. PABX channel link, JB BOXES etc, including all electrification works	6055.23	6055.22	13/9/2014	9/4/2015	30/10/2018	10/10/2018
6.	Package WD-6: Construction of water hydrant, construction of fuel and water supply pipe line joints	141.00	131.56	09/11/2017	7/1/2018	2/1/2019	30/8/2018
7.	Package WD-7:-i) Construction of Loco shed including two dock line	154.98	154.98	28/5/2009	1/11/2009	31/8/2010	31/8/2010
8.	Package WD-9: Construction of sub-base by khoa consolidation	143.51	143.51	3/8/2015	2/11/2015	30/4/2016	30/3/2016

ক্র: নং	Description of Procurement (Goods/works/Consultancy as per bid documents	Tender/Bid/Proposal (cost in Lakh Taka)		Tender/Bid/Proposal		Date of Completion of works/service and supply of goods	
		As per DPP/RDPP	Contract Value	Invitation Date	Contract Signing date	As per Contract	Actual
1	2	3	4	5	6	7	8
9.	Package WD-11: Construction of drain with two nos. RCC slab bridge	156.75	106.60	11/11/2015	22/5/2016	30/6/2017	21/6/2017

* পিসিআর অনুযায়ী

৯। **ডিপিপি বরাদ্দ ও অগ্রগতিঃ** সংশোধিত ডিপিপি'র সংস্থান, এডিপি/আরএডিপি বরাদ্দ ও অগ্রগতির চিত্র নিম্নরুপ:

অর্থবছর	সংশোধিত ডিপিপি'র সংস্থান	এডিপি/আরএডিপি বরাদ্দ	মোট ব্যয়	বাস্তব অগ্রগতি (%)
১	২	৩	৪	৫
২০০৭-২০০৮	৫৫.৮৮	১০০.০০	৫৫.৭৪	১.৪০%
২০০৮-২০০৯	১২৫৪.২৮	১৫০০.০০	১২২৬.৫৮	৭.৮৬%
২০০৯-২০১০	৮০.০০	১০০.০০	৯৩.৬৪	২.০০%
২০১০-২০১১	২৮৭.২৮	৩০০.০০	২৮৬.৯৮	১০.৩৯%
২০১১-২০১২	০.০০	২০০.০০	৭.৫৪	০.৯২%
২০১২-২০১৩	০.০০	১.০০	০.০০	০.০০%
২০১৩-২০১৪	১৫.০০	১৫.০০	১৫.০০	০.২০%
২০১৪-২০১৫	৪৯৮.০৪	৫০০.০০	৪৯৮.০৪	৭.৬১%
২০১৫-২০১৬	২৭৯৯.৭২	২৮০০.০০	২৭৯৯.৪৩	৪১.০৯%
২০১৬-২০১৭	১৬৩৮.০৭	১৬৪২.০০	১৬৪০.৬৮	১৬.১৩%
২০১৭-২০১৮	১০৪৬.০০	৯৪৪.০০	৯৪০.৯৭	৭.০০%
২০১৮-২০১৯	১৭১৬.৩৪	১২৫৫.০০	৯৮৯.৫৫	৪.৪০%
মোটঃ	**৯৩৯০.৬১**		**৮৫৫৪.১৫**	**৯৯.০০%%**

* পিসিআর অনুযায়ী

১০। **কাজ অসম্পূর্ণ থাকলে তার কারণঃ** অনুমোদিত সংশোধিত ডিপিপি অনুযায়ী প্রকল্পের কাজ সমাপ্ত হয়েছে।

১১। **সাধারণ পর্যবেক্ষণ:**

১১.১ **প্রকল্পের পটভূমি:** খুলনা দেশের অন্যতম বিভাগীয় শহর এবং গুরুত্বপূর্ণ বাণিজ্যিক নগরী। খুলনা রেলওয়ে স্টেশন ও ইয়ার্ড বিংশ শতাব্দীতে নির্মিত। নিরাপদ ট্রেন চলাচলের জন্য উক্ত স্টেশনের স্লীপার, রেল, পটেন্টস ও ক্রসিং এবং অন্যান্য ফিটিংস পুনঃস্থাপন/নির্মাণ প্রয়োজন। সে জন্য ১৯২২ সালে নির্মিত স্টেশন ভবন অন্যত্র স্থানান্তর আবশ্যক। এছাড়া, যশোহরের বেনাপোল দেশের গুরুত্বপূর্ণ স্থলবন্দর হওয়ায় বর্তমান ক্রমবর্ধমান চাহিদার তুলনায় উক্ত স্টেশনের বিদ্যমান সুযোগ সুবিধা পর্যাপ্ত নয়। এ প্রেক্ষাপটে খুলনা রেলওয়ে স্টেশন ইয়ার্ড রিমডেলিং এবং বেনাপোল রেলওয়ে স্টেশনের অপারেশনাল সুবিধাদি বৃদ্ধির লক্ষ্যে ৪০.০৯৪৮ কোটি টাকা প্রাক্কলিত ব্যয়ে জুলাই, ২০০৭ হতে জুন, ২০০৯ মেয়াদে মূল প্রকল্পটি একনেক কর্তৃক গত ০২/১০/২০০৭ তারিখে অনুমোদিত হয়। পরবর্তীতে প্রকল্পের ব্যয় বৃদ্ধি ব্যতিরেকে এর মেয়াদ জুন, ২০১১ পর্যন্ত বৃদ্ধি করা হয়। পরবর্তীতে ৭৫.৭৮ কোটি টাকা ব্যয়ে জুলাই, ২০০৭ হতে ডিসেম্বর, ২০১৬ মেয়াদে বাস্তবায়নের লক্ষ্যে প্রকল্পটির ১ম সংশোধন করা হয়। প্রকল্পে বালু ফিলিং এর পরিমণি বৃদ্ধি, পাইলের ব্যাস ও দৈর্ঘ্য বৃদ্ধি, স্টেশন ভবন নির্মাণে নতুন অঙ্গ যেমন: বোরিং, টি-বীম, ছাদ, সেলফ রুফ প্রভৃতি অন্তর্ভুক্তির কারণে প্রকল্পটির ২য় সংশোধন প্রস্তাব করা হয়। ২য় সংশোধনের জন্য প্রস্তাবিত প্রকল্পের মোট ব্যয় প্রাক্কলন করা হয়েছে ৯৪.৬৪৬১ কোটি টাকা এবং বাস্তবায়ন মেয়াদ নির্ধারণ করা হয়েছে জুলাই, ২০০৭ হতে ডিসেম্বর, ২০১৮ পর্যন্ত।

১১.২ **<u>প্রকল্পের উদ্দেশ্যঃ</u>** প্রকল্পের প্রধান উদ্দেশ্য হলো:

(ক) খুলনা রেলওয়ে স্টেশন বিল্ডিং নির্মাণ, স্টেশন ইয়ার্ড পুনর্বাসন, লোকোসেড, অফিস, ডকপিট নির্মাণ, ওয়াশপিট ও লোকোসেড এলাকায় বাউন্ডারী ওয়াল নির্মাণ, রেইজ্ড প্লাটফরমসহ ওয়াশপিট নির্মাণ, ডিপ টিউবওয়েল স্থাপন, নন-ইন্টারলক্ড কালার লাইট সিগন্যালিং স্থাপন, ওয়াটার হাইড্রেন্ট নির্মাণ, ইলেকট্রিকাল সাব স্টেশন নির্মাণ, একটি নতুন লুপ লাইন, একটি সিক লাইন ও একটি হুইল পার্কিং লাইন নির্মাণ।

(খ) বেনাপোল স্টেশনের অপারেশনাল সুবিধাদির মানোন্নয়ন এবং বেনাপোল স্টেশনের প্লাটফরম রেইজিং, কোচিং সিক লাইন পুনর্বাসন।

১২। **<u>প্রকল্প পরিদর্শনঃ</u>** গত ৩১ জানুয়ারি- ১ ফেব্রুয়ারি, ২০২০ তারিখে আইএমইডি'র পরিচালক জনাব আবদুল্লাহ আল মামুন কর্তৃক খুলনা ও বেনাপোলে সমাপ্ত প্রকল্পের কার্যক্রম সরেজমিন পরিদর্শন করা হয়। পরির্দশনকালে প্রকল্প পরিচালকসহ সংশ্লিষ্ট কর্মকর্তাগণ উপস্থিত থেকে তথ্য-উপাত্ত ও সহযোগিতা প্রদান করেন। পরিদর্শন পর্যবেক্ষণ নিম্নরূপ:

১২.১ প্রকল্পটি গত ২৮/১১/২০০৭ তারিখে একনেক সভায় মোট ৪০.০৯ কোটি টাকা প্রাক্কলিত ব্যয়ে এবং ১/৭/২০০৭ হতে ৩০/৬/২০০৯ মেয়াদে বাস্তবায়নের জন্য অনুমোদিত হয়। পরবর্তিতে ডিজাইন সংশোধনসহ কয়েকটি গুরুত্বপূর্ণ আইটেমের হ্রাস-বৃদ্ধির কারণে মোট ৭৫.৭৮ কোটি টাকা প্রাক্কলিত ব্যয়ে ও ১/৭/২০০৭ হতে ৩০/৬/২০১৪ পর্যন্ত মেয়াদে প্রকল্পের ১ম সংশোধিত আরডিপিপি অনুমোদিত হয়। প্রকল্পের বাস্তব অবস্থার পরিপ্রেক্ষিতে ২য় সংশোধিত আরডিপিপি মোট ৯৫.১৪ কোটি টাকা প্রাক্কলিত ব্যয়ে ও ১/৭/২০০৭ হতে ৩১/১২/২০১৮ পর্যন্ত মেয়াদে বাস্তবায়নের জন্য অনুমোদিত হয়েছে। সমাপ্ত প্রকল্পের অনুকূলে প্রকৃত ব্যয় হয়েছে ৮৫৫৪.১৪ লক্ষ টাকা, যা ২য় সংশোধিত আরডিপিপি'র তুলনায় ৮৩৬.৪৬ লক্ষ টাকা কম। মূল প্রকল্পের তুলনায় প্রকল্পের Cost Overrun হয়েছে ১১৩.৩৪% ও Time Overrun হয়েছে ৪৭৫%।

১২.২ পরিদর্শনকালে দেখা যায় যে, প্রকল্পের আওতায় খুলনায় ৩ তলা নতুন স্টেশন ভবন নির্মাণ, স্টেশন ইয়ার্ড পুনর্বাসন, লোকেশেড, অফিস, ডকপিট নির্মাণ, ওয়ার্কপিট ও লোকেশেড এলাকায় বাউন্ডারী ওয়াল নির্মাণ, রেইজড প্লাটফর্মসহ ওয়াশপিট নির্মাণ, ডিপ টিউবওয়েল স্থাপন, ওয়াটার হাইড্রেন্ট নির্মাণ, ইলেকট্রিক্যাল সাব-স্টেশন নির্মাণ, একটি নতুন লুপ লাইন, একটি সিক লাইন ও একটি হুইল পার্কিং লাইন নির্মাণ করা হয়েছে। এছাড়, বেনাপোল রেল স্টেশনের প্লাটফর্ম রেইজিং ও কোচিং সিক লাইন পুনর্বাসন কার্যক্রম সম্পাদন করা হয়েছে। প্রকল্পের আওতায় খুলনা ও বেনাপোল রেল স্টেশনের নন-ইন্টারলক্ড কালার লাইটিং সিগন্যালিং ব্যবস্থা স্থাপন ও চালুকরণ সম্পাদন করা হয়েছে। পরিদর্শনকালে জানানো হয় যে, প্রকল্পের আওতায় WD-2 ও WD-3 প্যাকেজের আওতায় কিছু কাজ অসমাপ্ত রেখে প্রকল্পটি ডিসেম্বর ২০১৮ সালে সমাপ্ত করা হয়। পরবর্তিতে রাজস্ব বাজেটের আওতায় উল্লিখিত অসমাপ্ত কাজ সম্পাদন করা হয়েছে। প্রকল্পের পিসিআরে ৪টি অডিট আপত্তি নিষ্পত্তির জন্য ব্রডশীট জবাব প্রেরণ করা হয়েছে উল্লেখ করা হয়েছে। এ প্রেক্ষিতে অডিট আপত্তি নিষ্পত্তির জন্য ব্যবস্থা গ্রহণ করা প্রয়োজন।

১২.৩ প্রকল্পটি বাস্তবায়নের মাধ্যমে খুলনা ও বেনাপোল স্টেশনে বাংলাদেশ রেলওয়ের অবকাঠামো উন্নয়নসহ অপারেশনাল সুবিধাদির উন্নয়ন সাধিত হয়েছে। এতে রেল সেবার মান বৃদ্ধি পেয়েছে মর্মে পরিদর্শনকালে যাত্রীগণ অবহিত করেন। পরিদর্শনকালে খুলনা ও বেনাপোল রেলওয়ে স্টেশন ও আনুসাংগিক স্থাপনার নির্মাণ কাজের মান সন্তোষজনক বলে প্রতীয়মান হয়েছে।

১২.৪ মূল ডিপিপি অনুমোদনকল্পে প্রকল্পটি ২ বছর মেয়াদে সমাপ্তির জন্য নির্ধারিত ছিল। তবে খুলনা স্টেশন ভবনের ডিজাইন ও estimate চূড়ান্ত না হওয়ায় সময়মত দরপত্র আহ্বান ও কার্যাদেশ প্রদান করা সম্ভব হয়নি। প্রকল্পের

১ম সংশোধিত ডিপিপি ৭৫.৭৮ কোটি টাকা প্রাক্কলিত ব্যয়ে অনুমোদিত হলেও ডিপিপি'র সংস্থান অনুযায়ী এডিপিতে প্রয়োজনীয় অর্থ বরাদ্দ প্রদান করা হয়নি। ফলে প্রকল্পের কাংখিত অগ্রগতি ব্যাহত হয়েছে। পরবর্তিতে প্রকল্পের বিভিন্ন প্যাকেজের কার্যাদি সম্পাদনকল্পে আইটেমসমূহের পরিমাণ হ্রাস/বৃদ্ধি, ইত্যাদি কারণে প্রকল্পের ২য় সংশোধন করা হয়েছে। সর্বোপরি প্রকল্পটি বাস্তবায়নে সাড়ে ১১ বছর সময় লেগেছে। ভবিষ্যতে উন্নয়ন প্রকল্প বাস্তবায়নে সংশ্লিষ্ট সংস্থার সক্ষমতা ও কাজের আন্তরিকতা বৃদ্ধি করা প্রয়োজন মর্মে প্রতীয়মান হয়।

১২.৫ খুলনা স্টেশনে প্লাটফর্ম হতে রেলট্র্যাকের ওপর দিয়ে বাইরে যাতায়াতের সুযোগ থাকায় টিকেটবিহীন যাত্রীগণ সহজে স্টেশনের বাইরে যেতে পারে। এপ্রেক্ষিতে রেলট্র্যাকের পার্শ্বে ফেন্সিং এর ব্যবস্থা করা প্রয়োজন। প্রকল্পের সংগৃহীত কাঠের স্লীপার ২০০৮-২০০৯ সালে সংগ্রহ করা হয় মর্মে জানানো হয়। পরিদর্শনকালে খুলনা ও বেনাপোল রেলস্টেশনে রেল ট্র্যাকে ক্ষয়প্রাপ্ত রেলসহ অনেক কাঠের স্লীপার পুরাতন ও নষ্ট অবস্থায় দেখতে পাওয়া যায়। খুলনা স্টেশনে ব্যবহৃত কাঠের দরজা যথাযথ মানসম্মত পাওয়া যায়নি। খুলনা স্টেশনের পার্কিং সংলগ্ন এলাকায় কিছু অংশে টাইলস খসে যাওয়া দেখা যায়, যা মেরামত করা প্রয়োজন। খুলনা স্টেশনের বাউন্ডারীর ভেতরে দক্ষিণ-পূর্ব দিকে অবৈধ স্থাপনা গড়ে উঠতে দেখা যায়। উক্ত অবৈধ স্থাপনাসমূহ উচ্ছেদের জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা আবশ্যক। তাছাড়া, নিরাপদ রেল চলাচল নিশ্চিত করার লক্ষ্যে রেলট্র্যাকের স্লীপার পরিবর্তনসহ লাইনের নিয়মিত ট্যাম্পিং করার জন্য পরিদর্শনকালে মতব্যক্ত করা হয়।

১৪। **প্রকল্পের উদ্দেশ্য অর্জন:**

পরিকল্পিত উদ্দেশ্য	উদ্দেশ্য অর্জন
ক) বাংলাদেশ রেলওয়ের খুলনা স্টেশনের ভবন নির্মাণ ও অন্যান্য আনুসাংগিক কার্যাদি সম্পাদনের মাধ্যমে উন্নত সেবা প্রদান করা প্রকল্পের প্রধান উদ্দেশ্য।	ক) বাংলাদেশ রেলওয়ের খুলনা স্টেশনের ভবন নির্মাণ ও আনুসাংগিক পূর্ত কাজ সম্পাদনের মাধ্যমে উক্ত স্টেশনের উন্নত সেবা প্রদান করা সম্ভবপর হয়েছে।
খ) খুলনা রেলওয়ে স্টেশনের রেল ট্র্যাক পুনরায় স্থাপনের মাধ্যমে নিরাপদ ট্রেন চলাচল নিশ্চিত করা।	খ) খুলনা রেলওয়ে স্টেশনের রেল ট্র্যাক প্রতিস্থাপনের মাধ্যমে নিরাপদ ট্রেন চলাচল নিশ্চিত করা হয়েছে।
গ) বেনাপোল রেলওয়ে স্টেশনের আনুসাংগিক কার্যাদি সম্পাদনের মাধ্যমে উন্নত সেবা প্রদান করা।	গ) বেনাপোল রেলওয়ে স্টেশনের আনুসাংগিক কার্যাদি সম্পাদনের মাধ্যমে উন্নত সেবা প্রদানের ব্যবস্থা করা হয়েছে।

১৫। **উদ্দেশ্য অর্জিত না হয়ে থাকলে তার কারণঃ** প্রযোজ্য নয়।

১৬। **প্রকল্প বাস্তবায়ন সমস্যাঃ** প্রযোজ্য নয়।

১৭। **External Audit:** মন্ত্রণালয় হতে প্রেরিত পিসিআর পর্যালোচনায় দেখা যায় প্রকল্পটির কোন External Audit সম্পন্ন হয়নি। তবে Internal Audit সম্পন্ন করা হয়েছে এবং উত্থাপিত অডিট আপত্তিসমূহের ব্রডশীট জবাব প্রেরণ করা হয়েছে মর্মে পিসিআর-এ উল্লেখ করা হয়েছে।।

১৮ **প্রকল্পের স্থিরচিত্র :**



চিত্র ১: নবনির্মিত খুলনা রেলওয়ে স্টেশন



চিত্র ২: খুলনা স্টেশনের অভ্যন্তরভাগ



চিত্র ৩: খুলনা স্টেশনের নির্মিত প্লাটফর্ম



চিত্র ৪: ক্ষতিগ্রস্থ/পুরাতন কাঠের স্লীপার



চিত্র ৫: খুলনা স্টেশনে অপসারিত টাইলস



চিত্র ৬: বেনাপোল স্টেশনের নবনির্মিত প্লাটফর্ম

১৯। **<u>মতামত/সুপারিশ:</u>**

১৯.১ প্রকল্প বাস্তবায়নে মূল অনুমোদিত প্রকল্পের তুলনায় Cost overrun হয়েছে ১১৩.৪৪% ও Time overrun হয়েছে ৪৭৫%। ভবিষ্যতে অনুমোদিত ব্যয় ও মেয়াদের মধ্যে প্রকল্প বাস্তবায়নের লক্ষ্যে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে;

১৯.২ ভবিষ্যতে প্রকল্প সুষ্ঠুভাবে বাস্তবায়নের জন্য সংস্থার সক্ষমতা বৃদ্ধির জন্য ব্যবস্থা গ্রহণ করতে হবে;

১৯.৩ রেলট্র্যাকে পরিলক্ষিত পুরাতন ক্ষয়প্রাপ্ত কাঠের স্লীপার চিহ্নিত করে তা প্রতিস্থাপনের জন্য ব্যবস্থা গ্রহণ করতে হবে;

১৯.৪ খুলনা স্টেশনের সীমানা প্রাচীরের ভিতরে গড়ে উঠা অবৈধ স্থাপনা অপসারনের জন্য ব্যবস্থা গ্রহণ করতে হবে;

১৯.৫ খুলনা স্টেশনে পার্কিং এলাকায় টাইলস খসে যাওয়া অংশ মেরামত করতে হবে ও আনুসাংগিক ভৌত সুবিধাদির নিয়মিত রক্ষণাবেক্ষণ করতে হবে;

১৯.৬ প্রকল্পের অনিষ্পন্ন অডিট আপত্তি নিষ্পত্তির জন্য দ্রুত ব্যবস্থা গ্রহণ করতে হবে;

১৯.৬৭ উপর্যুক্ত অনুচ্ছেদ ১৭.১ হতে ১৭.৫ এর বিষয়ে গৃহীত ব্যবস্থা সম্পর্কে আগামী ১(এক) মাসের মধ্যে আইএমইডিকে অবহিত করবে।

(

নারায়নগঞ্জ-জয়বেদপুর সেকশনে ওভারপাস/ আন্ডারপাস নির্মাণের জন্য সম্ভাব্যতা সমীক্ষা শীর্ষক প্রকল্পের সমাপ্ত মূল্যায়ন প্রতিবেদন

(সমাপ্তঃ সেপ্টেম্বর, ২০১৮)

১.০	প্রকল্পের নাম	:	নারায়নগঞ্জ-জয়বেদপুর সেকশনে ওভারপাস/ আন্ডারপাস নির্মাণের জন্য সম্ভাব্যতা সমীক্ষা।
২.০	বাস্তবায়নকারী সংস্থা	:	বাংলাদেশ রেলওয়ে
৩.০	প্রশাসনিক মন্ত্রণালয়	:	রেলপথ মন্ত্রণালয়
৪.০	প্রশাসনিক বিভাগ		-
৫.০	পরিকল্পনা কমিশনের সেক্টর বিভাগ	:	ভৌত অবকাঠামো বিভাগ।
৬.০	প্রকল্প এলাকা	:	নারায়নগঞ্জ, জয়দেবপুর, টঙ্গী, মহাখালী।
৭.০	প্রকল্পের বাস্তবায়ন সময় ও ব্যয়	:	

(লক্ষ টাকায়)

প্রাক্কলিত ব্যয়		প্রকৃত ব্যয়	পরিকল্পিত বাস্তবায়নকাল		প্রকৃত বাস্তবায়ন কাল	অতিক্রান্ত ব্যয় (মূল প্রাক্কলিত ব্যয়ের %)	অতিক্রান্ত সময় (মূল বাস্তবায়নকালের (%)
মূল	সর্বশেষ সংশোধিত (১ম সংশোধন)		মূল	সর্বশেষ সংশোধিত			
১	২	৩	৪	৫	৬	৭	৮
৫৮৪.৫৩	-	৩২৭.০৯	০১/০৪/২০১৬ হতে ৩০/০৯/ ২০১৭	০১/০৪/২০১৬ হতে ৩০/০৯/ ২০১৮	০১/০৪/২০১৬ হতে ৩০/০৯/ ২০১৮	-	১ বছর (৭০.৫৮%)

৮.০ উদ্দেশ্য:

- ওভারপাস/আন্ডারপাস নির্মিত হওয়ার স্থান নির্ধারণ;
- প্রত্যেকটি ওভারপাস/ আন্ডারপাস এর কনসেপচ্যুয়াল ডিজাইন তৈরি করা;
- নারায়নগঞ্জ-জয়দেবপুর সেকশনের বর্তমান লেভেল ক্রসিংগুলোকে আরও উন্নত করা;
- ওভারপাস/আন্ডারপাস নির্মাণে প্রকল্পটি আর্থিক, অর্থনৈতিক এবং সামাজিক উপযোগী কি না সে বিষয়ে সুপারিশ প্রণয়ন।

৯.০ প্রকল্পের মূল কাজ: পরামর্শক নিয়োগ।

১০.০ **প্রকল্পের অঙ্গভিত্তিক বাস্তবায়ন অগ্রগতি নিম্নরুপ:**

১০.১। প্রকল্পের আওতায় সম্পাদিত অংগভিত্তিক বাস্তবায়ন অগ্রগতির বিবরণ নিম্নের ছকে প্রদান করা হলোঃ

(লক্ষ টাকায়)

ক্র: নং	অঙ্গেরনাম	একক	ডিপিপি অনুযায়ী প্রাক্কলন		প্রকৃত অর্জন	
			আর্থিক	বাস্তব	আর্থিক	বাস্তব
	(ক) রাজস্ব					
১	১। পরামর্শক	জনমাস	৪৫৭.৬২	-	২৪৯.১৫	১০০%
২	২। অফিস ষ্টেশনারী	-	১.০০	-	১.০০	১০০%
৩	৩। সম্মানী / ফি	-	২.০০	-	০.৫৭	
৪	৪। বিজ্ঞাপন	-	২.০০	-	১.৬০	
৫	৫। আইটি-ভ্যাট	-	১১৪.৪১	-	৬৭.২৭	
	উপ-মোট রাজস্ব	-	**৫৭৭.০৩**		**৩১৯.৫৯**	
	(খ) মূলধন					
৬।	১। অফিস ইক্যুপেমেন্ট		৭.৫০	-	৭.৫০	১০০%
	উপ-মোট মূলধন	-	৭.৫০	**-**	৭.৫০	১০০%
	সর্বমোট (রাজস্ব+মূলধন)		**৫৮৪.৫৩**		**৩২৭.০৯**	

১১.০ প্রকল্প পরিচালক সংক্রান্ত তথ্যাদিঃ

ক্রমিক নং	প্রকল্প পরিচালকের নাম ও পদবী	দায়িত্বের ধরণ		কর্মকাল	
		পূর্ণকালীন	খন্ডকালীন	যোগদান	বদলী
(১)	(২)	(৩)	(৪)	(৫)	(৬)
১.	জনাব মামুনুল ইসলাম, প্রধান প্রকৌশলী	-	অতিরিক্ত দায়িত্ব	০৯/০৭/২০১৬	৩০.০৯.২০১৮

১২.০ ক্রয় সংক্রান্ত তথ্যাদিঃ

১২.১ গাড়ী/ট্রান্সপোর্ট ক্রয়ঃ প্রকল্পের আওতায় গাড়ী/ট্রান্সপোর্ট ক্রয়ের তথ্যাদি: প্রয়োজ্য নয়

Name of Transport	Number as per 1st RDPP	Procured with date	Transferred to Transport Pool with date	Transferred to O & M with date	Condemned /Damaged with date	Remarks
১	২	৩	৪	৫	৬	৭
-	-	-	-	-	-	এই প্রকল্পে কোন গাড়ী ক্রয় করা হয়নি।

১২.২ **পণ্য, কার্য ও সেবা ক্রয়ঃ** প্রকল্পের ডিপিপিতে পণ্য ক্রয়ে ৮.৫০ লক্ষ এবং কনসালটেন্সি খাতে ৪৫৭.৬২ লক্ষ টাকার সংস্থান রাখা হয়েছে যার তথ্য নিম্নরূপ:

(লক্ষ টাকায়)

নং	প্যাকেজ/কাজের নাম	প্রাক্কলিত ব্যয়	চুক্তি মূল্য	দরপত্র আহবানের তারিখ	চুক্তির তারিখ	চুক্তি অনুযায়ী কাজ সমাপ্তির তারিখ	-প্রকৃত সমাপ্তির তারিখ
১	২	৩		৪			৫
	Goods:						
১.	Pakake No. GD1: Procureemnet of Plotter	০.০৪০	০.০৩৯৮২	১০.০৫.২০১৮	০৩.০৬.২০১৮	১৫.০৭.২০১৮	১০.০৬.২০১৮
২.	Pakake No. GD2: Procureemnet of Laptop with accessories, Laser Printer, Scanner and small office equipment	০.০৩৫	০.০৩৪৯	১০.০৫.২০১৮	০৩.০৬.২০১৮	১৫.০৭.২০১৮	১০.০৬.২০১৮
৩.	Pakake No. GD3: Procureemnet of Office Stationaries & consumables	০.০১০	০.০০৯৯৮৭	১৫.০২.২০১৭	০৯.০৩.২০১৭	২৪.০৩.২০১৭	১৫.০৩.২০১৭
	Works: Nil						
৪.	**Consultancy:** Pakage No. SD1: Feasibility Study for Construction of overpass/underpass in Narayanganj-Joydebpur Section of Banlga Railway (Excluding IT-VAT)	৪.৫৭৬২	২.৪৯১৫ (Excluding IT-VAT) ৩.১৬৪২ (Including IT_VAT)	০৯.০৮.২০১৬	১২.১২.২০১৭	১৯.০৯.২০১৮	১৮.০৯.২০১৮

১৩.০ **<u>বছর ভিত্তিক মূল ডিপিপি/আরডিপি অনুযায়ী লক্ষ্যমাত্রা, আরএডিপি বরাদ্দ, অবমুক্তি ও ব্যয় (পিসিআর এর ভিত্তিতে):</u>**

(লক্ষ টাকায়)

অর্থ বছর	মূল ডিপিপি অনুযায়ী লক্ষ্যমাত্রা	সর্বশেষ সংশোধিত ডিপিপি অনুযায়ী লক্ষ্যমাত্রা	আরএডিপি বরাদ্দ	অবমুক্ত	ব্যয়
২০১৬-১৭	২০০.০০	২০০.০০	৬.০০	৬.০০	৩.১৭
২০১৭-১৮	১৬৬.০০	১৬৬.০০	১৬৬.০০	১৬৬.০০	১৬৫.৭১
২০১৮-১৯	২১৮.৫৩	২১৮.৫৩	১৫৮.৫০	১৫৮.৫০	১৫৮.২১
মোট=	**৫৮৪.৫৩**	**৫৮৪.৫৩**	**৩৩০.৫০**	**৩৩০.৫০**	**৩২৭.০৯**

পরিদর্শনকালীন পর্যবেক্ষণ:

১৪.০ **প্রকল্প পরিদর্শনঃ** গত ২৮/০৭/২০২০ তারিখে আইএমইডি'র সহকারী পরিচালক জনাব মো: মশিউর রহমান খান মিথুন কর্তৃক প্রকল্প অফিস পরিদর্শন করা হয়। পরিদর্শনকালে প্রকল্প পরিচালক উপস্থিত ছিলেন। সরেজমিন পরিদর্শন ও প্রাপ্ত পিসিআর এর আলোকে পর্যবেক্ষণ নিম্নরূপঃ

১৪.১ নারায়নগঞ্জ-জয়বেদপুর সেকশনে ওভারপাস/ আন্ডারপাস নির্মাণের জন্য সম্ভাব্যতা সমীক্ষার জন্য পরামর্শক প্রতিষ্ঠান নিয়োগের লক্ষ্যে আগ্রহ ব্যক্তকরণের জন্য গত ০৭/০৮/২০১৬ তারিখে EOI আহবান করা হয়। উক্ত আাগ্রহ ব্যক্তকরণ পত্রে সাড়া দিয়ে মোট ১২ টি প্রতিষ্ঠান আগ্রহ ব্যক্ত করে। গত ০৭/০৯/২০১৬ তারিখে দাখিলকৃত আগ্রহী দলিলসমূহ উন্মুক্ত করা হয় এবং মূল্যায়ন কমিটি কর্তৃক আগ্রহী দলিলসমূহ মূল্যায়নের সর্বশেষ তারিখ ছিল ১৯/০২/২০১৭। মূল্যায়ন কমিটির প্রতিবেদনের ভিত্তিতে মোট ১২টি প্রতিষ্ঠান সংক্ষিপ্ত তালিকাভুক্ত করে প্রতিষ্ঠানগুলোর অনুকূলে গত ০৪/০৫/২০১৭ তারিখে RFP ইস্যু করা হয়। গত ১০/০৭/২০১৭ তারিখে প্রস্তাব উন্মুক্ত করা হয় এবং ১০টি প্রতিষ্ঠান প্রস্তাব দাখিল করে। প্রস্তাব মূল্যায়ন কমিটি কর্তৃক প্রস্তাব মূল্যায়ন করা হয় এবং প্রস্তাব মূল্যায়নের সর্বশেষ তারিখ ছিল ১৫/১১/২০১৭। মূল্যায়ন কমিটির প্রতিবেদনের ভিত্তিতে Design, Planning and Management Consultants Limited (DPM) in Joint venture with Al and Associates-KMC, House-৪/১, Road-৪, Dhanmondi R/A, Dhaka-১২০৫ এর প্রস্তাব ৩,১৬,৪২,০৫০.০০ টাকায় (ভ্যাট-ট্যাক্স) গত ১১/১২/২০১৭ তারিখে বাংলাদেশ রেলওয়ের মহাপরিচালক কর্তৃক অনুমোদিত হয় এবং ১২/১২/২০১৭ তারিখে পরামর্শক প্রতিষ্ঠানের সাথে চুক্তি স্বাক্ষরিত হয়।

১৪.২ পরামর্শক প্রতিষ্ঠানের সাথে চুক্তি অনুযায়ী প্রতিবেদন দাখিলের সময়সীমাঃ

প্রতিবেদনের নাম	দাখিলের লক্ষ্যমাত্রার সময়	প্রকৃত দাখিলের সময়	মন্তব্য
Inception Report	০৫.০১.২০১৮	০৩.০১.২০১৮	নির্ধারিত সময়ের পূর্বেই দাখিল করে
1st Interim Report	২০.০৩.২০১৮	১৯.০৩.২০১৮	নির্ধারিত সময়ের পূর্বেই দাখিল করে
2nd Interim Report	২০.০৬.২০১৮	০৩.০৬.২০১৮	নির্ধারিত সময়ের পূর্বেই দাখিল করে
Draft Feasibility Report	০৫.০৮.২০১৮	১৬.০৮.২০১৮	প্রতিবেদনটি গত ০৫.০৮.২০১৮ তারিখে দাখিলের জন্য নির্ধারিত থাকলেও উর্ধ্বতন কর্তৃপক্ষের উপস্থিতিতে বিষয়টি ওপর একটি পাওয়ার পয়েন্ট প্রেজেন্টেশন ও ডিসকাশন মিটিং থাকায় তা সমাপনান্তে উক্ত মিটিং এর সিদ্ধান্তসমূহ সন্নিবেশ করে দাখিল করতে কিছুটা বিলম্ব হয়।
Final Feasibility Rreport	২৬.০৮.২০১৮	-	গত ০৫.০৯.২০১৮ তারিখে রেলপথ মন্ত্রণালয়ের সচিব মহোদয়ের সভাপতিত্বে বিভিন্ন স্টেকহোল্ডারদের উপস্থিতিতে Draft Feasibility Report এর উপর একটি কর্মশালার আয়োজন করা হয়। কর্মশালাটির পর সভায় মতামত

প্রতিবেদনের নাম	দাখিলের লক্ষ্যমাত্রার সময়	প্রকৃত দাখিলের সময়	মন্তব্য
			সন্নিবেশ করে রিপোর্টটি দাখিল করা হয়।

১৪.৩ **লেভেল ক্রসিং এ ওভারপাস/ আন্ডার পাস নির্মাণঃ** সমীক্ষা প্রতিবেদন অনুযায়ী ৮৫ টি লেভেল ক্রসিং এর মধ্যে ৬টি লেভেল ক্রসিং এ শুধু পথচারী যাতায়াত করে অবশিষ্ট ৭৯ টিতে পথচারী ও মোটর/নন-মোটর যানবাহন চলাচল করে। প্রতিবেদনের ভলিউম-১ এর পৃষ্ঠা ৭১ এর ৪.৩.১ অনুচ্ছেদ অনুযায়ী ১৪টি লেভেল ক্রসিং এ ওভারপাস/ আন্ডার পাস নির্মাণের সুপারিশ করা হয়।

১৪.৪ সমীক্ষা প্রতিবেদনের ভলিউম-১ এর পৃষ্ঠা ৮০ এর ৪.৩.২ অনুচ্ছেদে পথচারী চলাচল করে এমন ৬টি লেভেল ক্রসিং এ ফুটওভার ব্রিজ/ পথচারী আন্ডারপাস আরসিসি ওয়াল করে ক্রসিং বন্ধ করার সুপারিশ করা হয়।

১৪.৫ ফ্লাইওভার নির্মানের সম্ভাবনা শতভাগ নিশ্চিত হওয়াঃ সম্ভাব্যতা সমীক্ষা প্রতিবেদনের ভলিউম-১ এর পৃষ্ঠা ৮০ এর টেবিল ৪.৬ এ বলা হয়েছে ১০ টি ক্রসিং এ ফ্লাইওভার নির্মিত হয়েছে বা নির্মাণের অপেক্ষায় আছে।

১৪.৬ সম্ভাব্যতা সমীক্ষা প্রতিবেদনের ভলিউম-১ এর পৃষ্ঠা ৮২ এর টেবিল ৪.১০ এ ১৩টি ক্রসিং এ কাঠামো নির্মাণ করা প্রয়োজন সত্ত্বেও সেখানে জরমযঃ ড়ভ ডধু এ পর্যাপ্ত ভূমির অভাব থাকায়/ রাস্তা সংকীর্ণ হওয়ায় কাঠামো নির্মাণ করা ফিজিবল নয় বলা হয়েছে। এই ১৩ টি ক্রসিং এ জনসচতেনতা বৃদ্ধির সুপারিশ করা হয়েছে।

১৪.৭ **প্রতিবেদন দাখিলের সময়সীমা পার হওয়াঃ** Draft Feasibility Report ও Final Feasibility Report নির্ধারিত সময়সীমা অনুযায়ী দাখিল করা হয়নি।

১৫.০ **প্রকল্পের উদ্দেশ্য অর্জনঃ**

পরিকল্পিত উদ্দেশ্য	উদ্দেশ্য অর্জন
নারায়নগঞ্জ-জয়বেদপুর সেকশনে ওভারপাস/ আন্ডারপাস নির্মাণের জন্য সম্ভাব্যতা সমীক্ষা চালিয়ে স্থান নির্বাচন করা।	নারায়নগঞ্জ-জয়বেদপুর সেকশনে ওভারপাস/ আন্ডারপাস নির্মাণের জন্য সম্ভাব্যতা সমীক্ষা চালিয়ে স্থান নির্বাচন করা হয়েছে।
ওভারপাস/ আন্ডারপাসের জন্য কনসেপচুয়াল ডিজাইন তৈরী করা	ওভারপাস/ আন্ডারপাসের জন্য কনসেপচুয়াল ডিজাইন তৈরী করা হয়েছে।
নারায়নগঞ্জ-জয়বেদপুর সেকশনের বর্তমান লেভেল ক্রসিংগুলোকে আপগ্রেড করার জন্য সুপারিশ করা।	নারায়নগঞ্জ-জয়বেদপুর সেকশনের বর্তমান লেভেল ক্রসিংগুলোকে আপগ্রেড করার জন্য সুপারিশ করা হয়েছে।
প্রকল্পটি অর্থনৈতিক, সামাজিক ও আর্থিকভাবে কার্যকর হবে কিনা তা খুজে বের করা ।	প্রকল্পটি অর্থনৈতিক, সামাজিক ও আর্থিকভাবে কার্যকর হবে।

১৬.০ **উদ্দেশ্য অর্জিত না হয়ে থাকলে তার কারণঃ** প্রকল্পের উদ্দেশ্য অর্জিত হয়েছে বলে প্রতীয়মান হয়েছে।

১৭.০ **Audit:** প্রকল্পটি Audit আপত্তি সংক্রান্ত তথ্যাদি প্রদান করা হয়নি।

১৮.০ **মতামত/সুপারিশঃ**

১৮.১ সম্ভাব্যতা সমীক্ষা প্রকল্প মূল অনুমোদিত ব্যয়ের মধ্যে সম্পন্ন করা হলেও প্রকল্প বাস্তবায়নে মূল অনুমোদিত মেয়াদের চেয়ে ১ বছর বেশী সময় লেগেছে। ভবিষ্যতে মূল অনুমোদিত মেয়াদের জন্য প্রকল্প বাস্তবায়ন সংশ্লিষ্ট সংস্থাকে সচেষ্ট হতে হবে।

১৮.২ সম্ভাব্যতা সমীক্ষা প্রতিবেদনের ভলিউম-১ এর পৃষ্ঠা ৮০ এর টেবিল ৪.৬ এ বলা হয়েছে ১০ টি ক্রসিং এ ফ্লাইওভার নির্মিত হয়েছে বা নির্মাণের অপেক্ষায় আছে। মূল প্রকল্প গ্রহনের আগে অন্যান্য কর্তৃপক্ষের সাথে আরো নিবিড়ভাবে আলোচনা করে শতভাগ নিশ্চিত হতে হবে;

১৮.৩ সম্ভাব্যতা সমীক্ষা প্রকল্পের সুপারিশের আলোকে ওভারপাস/ আন্ডারপাস নির্মাণের জন্য প্রকল্প গ্রহন করতে হবে;

১৮.৪ প্রকল্পের অডিট সম্পন্ন করতে হবে এবং অনিষ্পন্ন অডিট আপত্তি নিষ্পত্তির ব্যবস্থা গ্রহণ করতে হবে;

১৮.৫ উল্লেখিত পর অনুচ্ছেদ ২১.১ হতে ২১.৩ এর বিষয়ে গৃহীত ব্যবস্থা রেলপথ মন্ত্রণালয় আগামী ১ মাসের মধ্যে আইএমইডিকে অবহিত করবে।

বাংলাদেশ রেলওয়ের ঈশ্বরদী-জয়দেবপুর সেকশনের ৪টি স্টেশনের নবনির্মিত ৩য় লাইনগুলোতে কম্পিউটার বেইজড্ ইন্টারলকিং কালার লাইট সিগন্যালিং ব্যবস্থার সম্প্রসারণ (১ম সংশোধিত) শীর্ষক প্রকল্পের সমাপ্তি মূল্যায়ন প্রতিবেদন

(সমাপ্তঃ জুন, ২০১৯)

১। প্রকল্পের নাম : বাংলাদেশ রেলওয়ের ঈশ্বরদী-জয়দেবপুর সেকশনের ৪টি স্টেশনের নবনির্মিত ৩য় লাইনগুলোতে কম্পিউটার বেইজড্ ইন্টারলকিং কালার লাইট সিগন্যালিং ব্যবস্থার সম্প্রসারণ (১ম সংশোধিত)

২। বাস্তবায়নকারী সংস্থা : বাংলাদেশ রেলওয়ে

৩। প্রশাসনিক মন্ত্রণালয়/বিভাগ : রেলপথ মন্ত্রণালয়

৪। প্রকল্প এলাকা : সিরাজগঞ্জ , পাবনা ও টাংগাইল

৫। প্রকল্পের বাস্তবায়নকাল ও ব্যয় :

(লক্ষ টাকায়)

প্রাক্কলিত ব্যয়		প্রকৃত ব্যয়	পরিকল্পিত বাস্তবায়নকাল		প্রকৃত বাস্তবায়নকাল	অতিরিক্ত ব্যয় (মূল প্রাক্কলিত ব্যয়ের %)	অতিরিক্ত সময় (মূল বাস্তবায়ন কালের %)
মূল	সর্বশেষ সংশোধিত (বিশেষ সংশোধন)		মূল	সর্বশেষ সংশোধিত			
১	২	৩	৪	৫	৬	৭	৮
২১৩৯.৩৮	৩০৮৬.২৩	৩০২৭.০৫	০১-০৭-২০১৪ থেকে ৩০-০৬-২০১৬	০১-০৭-২০১৪ থেকে ৩১-১২-২০১৮	০১-০৭-২০১৪ থেকে ৩০-০৬-২০১৯	৮৮৭.৬৭ (৪১.৪৯%)	৩ বছর (১৫০%)

৬। **প্রকল্পের অঙ্গভিত্তিক বাস্তবায়ন (পিসিআর অনুসারে):**

(Taka in Lakh)

Sl. No	**Items of Work**	**Unit**	**Target (as per RDPP)**		**Actual Progress**	
			Financial	**Physical**	**Financial**	**Physical**
1	2	3	4	5	6	7
(a)	**Revenue Component**					
1.	Labour & transportation	-	0.00	-	0.00	-
2.	Consultancy Services	-	0.00	-	0.00	-
3.	Office stationery	-	4.18	-	4.18	-
4.	LC opening, Port Dues, Advertisement, Landing and other charges (Cost of Tendering TOC, TEC & TSC honourinm	-	26.78	-	22.58	-
	Sub-total (Revenue)		**30.96**	-	**26.76**	-
(b)	**Capital Component**					
5.	Procurement of signalling	-	2056.01	-	2042.56	-

Sl. No	Items of Work	Unit	Target (as per RDPP)		Actual Progress	
			Financial	Physical	Financial	Physical
	materials					
6	Design, Drawing, Cable laying, Signalling Equipment Installation, Testing and commissioning works	-	257.16	-	256.77	-
7.	Office Equipment and others	-	2.98	-	2.98	-
8.	Civil Works (P-way modification & other related works)	-	27.04	-	26.98	-
9.	CD-VAT	-	672.08	-	671.00	-
	Sub-total (Capital)		**3015.27**	-	**3000.29**	-
(c)	**Contingency**					
10	Physical Contingency	-	20.00	-	-	-
11.	Price Contingency	-	20.00	-	-	-
	Grand Total:		**3086.23**	-	**3027.05**	-

৭। **প্রকল্প পরিচালক সংক্রান্ত তথ্যাদিঃ**

SL. No	Name & Designation	Full time	Part time	Responsible for more that one project	Date of	
					Joining	Transfer
1	2	3	4	5	6	7
1.	Md. Abul Kalam, CSTE (West)	Yes	-	Yes	13.2.2012	20.8.2015
2.	Asim kumar Talukder, CSTE (West)	Yes	-	Yes	21.8.2015	29.9.2015
3.	A.K.M. Abdullah Al baki, CSTE (West)	Yes	-	Yes	30.9.2015	30.7.2018
4.	Asim kumar Talukder, CSTE (West)	Yes	-	No	12.6.2018	30.6.2019

৮। **ক্রয় সংক্রান্ত তথ্যাদিঃ**

Description of Procurement	Tender/Bid/proposal (Cost in Lakh Taka)		Tender/Bid/Proposal		Date of Completion	
	As per RDPP	Contract Value	Invitation Date	Contract signing date	As per contract	Actual
1	2	3	4	5	6	7
GDs:- Design, Supply, Installation, Testing, Commissioning & Documentation of existing CBI color light signaling system to the	2313.17	2299.14	07/10/2015	27/03/2016	11/10/2018	11/10/2018

Description of Procurement	Tender/Bid/proposal (Cost in Lakh Taka)		Tender/Bid/Proposal		Date of Completion	
	As per RDPP	Contract Value	Invitation Date	Contract signing date	As per contract	Actual
1	2	3	4	5	6	7
newly constructed lines at the 8 (Four) station of Ishurdi-Joydevpur Section on turnkey basis						
GD২: Office equipment and others	2.98	2.98		01/06/15		
GD৩: Office Stationery	2.09	2.09		19/04/16		
GD৪: Office Stationery	2.09	2.09		04/11/15		
WD-১:Supply, Installation and Commissioning of i) Special DG Sleeper 88 Nos. ii) Trap Point ১ No and iii) Supply, installation and commissioning of other related P-Way fittings and accessories for providing of MG trap point and adapting Track Circuit.	27.04	26.98		28/06/2017		

(পিসিআর অনুযায়ী)

৯। **বছর ভিত্তিক বরাদ্দ ও অগ্রগতিঃ**

সংশোধিত ডিপিপি'র সংস্থান, এডিপি/আরএডিপি বরাদ্দ ও অগ্রগতির তথ্য:

অর্থবছর	সংশোধিত ডিপিপি'র সংস্থান	আরএডিপি বরাদ্দ	অর্থ ব্যয়	বাস্তব অগ্রগতি %
১	২	৩	৪	৫
২০১৪-২০১৫	৬.৬৭	৭.০০	৬.৬৭	২০%
২০১৫-২০১৬	২.৬৭	৪.০০	২.৬৭	১০%
২০১৬-২০১৭	৩০০.০০	২৯৯.০০	২১২.৯৩	১৫%
২০১৭-২০১৮	২০১০.৮৩	২৭৪৭.০০	২১১৬.৯৮	৩৫%
২০১৮-২০১৯	৭৬৬.০৬	৭০৯.০০	৬৮৭.৮০	২০%
মোট:	**৩০৮৬.২৩**	**৩৭৬৬.০০**	**৩০২৭.০৫**	**১০০%**

(পিসিআর অনুযায়ী)

১০। **কাজ অসম্পূর্ণ থাকলে তার কারণঃ** প্রযোজ্য নয়।

১১। **সাধারণ পর্যবেক্ষণ:**

১১.১ **প্রকল্পের পটভূমি:** ২০০৫ সালে ঈশ্বরদী-জামতৈল সেকশনে এবং ২০০৩ সালে বঙ্গবন্ধু সেতু পশ্চিম-জয়দেবপুর সেকশনে কম্পিউটার বেইজড ইন্টারলকিং কালার লাইট সিগন্যালিং ব্যবস্থা চালু করা হয়। ঈশ্বরদী-জয়দেবপুর সেকশনটি বাংলাদেশ রেলওয়ের (পশ্চিমাঞ্চল) ব্যস্ততম সেকশন। ঢাকামুখী সকল ব্রডগেজ ও মিটারগেজ ট্রেনকে এ সেকশন দিয়ে চলাচল করে। উক্ত সেকশনে সুষ্ঠুভাবে ক্রসিং সম্পন্ন করতে ও ট্রেনের অপারেশনাল সুবিধা বৃদ্ধির লক্ষ্যে চাটমোহর, জামতৈল, বঙ্গবন্ধু সেতু পশ্চিম ও বঙ্গবন্ধু সেতু পূর্ব স্টেশনে ২০০৯ ও ২০১০ সালে বিদ্যমান ২টি লাইনের পার্শ্বে ৩য় লাইন নির্মাণ করা হয়। নবনির্মিত ৩য় লাইনসমূহ হলো লুপলাইন এবং নন-সিগন্যালিং লাইন । উক্ত লাইনে ক্রসিং সম্পন্ন করার জন্য স্টেশনমাস্টারগণকে ম্যানুয়েলি সংকেত গ্রহণ ও প্রেরণ করতে হয়। এ ধরনের অপারেশন যে কোন সময় দুর্ঘটনার কারণ হতে পারে। দুর্ঘটনা রোধ ও ভ্রমণ সময় হ্রাস করার জন্য উক্ত ৪টি স্টেশনে নবনির্মিত ৩য় লাইনে কম্পিউটার বেইজড কালার লাইট সিগন্যালিং ও ইন্টারলকিং ব্যবস্থা স্থাপনকল্পে ২১.৩৯৩৮ কোটি টাকা প্রাক্কলিত ব্যয়ে জুলাই ২০১৪ হতে জুন ২০১৬ পর্যন্ত মেয়াদে বাস্তবায়নে জন্য ০৮/১০/২০১৪ইং তারিখে মাননীয় পরিকল্পনা মন্ত্রী কর্তৃক প্রকল্পটি অনুমোদিত হয়।

১১.২ **প্রকল্পের উদ্দেশ্য :** ঈশ্বরদী-জয়দেবপুর সেকশনের ৪টি স্টেশনে (চাটমোহর, জামতৈল, বঙ্গবন্ধু সেতু পশ্চিম ও বঙ্গবন্ধু সেতু পূর্ব) নবনির্মিত ৩য় লাইনগুলোতে কম্পিউটার বেইজড কালার লাইট সিগন্যালিং ব্যবস্থা স্থাপনের মাধ্যমে লুপ লাইনে নিরাপদ ট্রেন চলাচল নিশ্চিতকরণ, পরিচালনা সুবিধা বৃদ্ধি ও ভ্রমণ সময় হ্রাস করাই প্রকল্পের মূল উদ্দেশ্য।

১১.৩ বাংলাদেশ রেলওয়ে কর্তৃক বাস্তবায়িত প্রকল্পটি মাননীয় পরিকল্পনা মন্ত্রী কর্তৃক গত ০৮/১০/২০১৪ তারিখে অনুমোদিত হয়। প্রকল্পটির মোট প্রাক্কলিত ব্যয় ২১.৩৯৩৮ কোটি টাকা। পরবর্তীতে ১ম সংশোধিত প্রকল্পটি মাননীয় পরিকল্পনা মন্ত্রী কর্তৃক ৩১/০১/২০১৭ তারিখে অনুমোদিত হয়। ১ম সংশোধিত প্রকল্পের অনুমোদিত মোট ব্যয় ২৯.৬৯৪১ কোটি টাকা। পরবর্তিতে প্রকল্পের বিশেষ সংশোধিত ডিপিপি ৩০.৮৬২৩ কোটি টাকা প্রাক্কলিত ব্যয়ে জুলাই ২০১৪ – জুন ২০১৯ মেয়াদে বাস্তবায়নের জন্য মাননীয় রেলমন্ত্রী অনুমোদন করেন।

১২।

১২.১ **প্রকল্প পরিদর্শনঃ** গত ২৩/১১/২০১৯ তারিখে আইএমইডি'র পরিচালক জনাব আবদুল্লাহ আল মামুন কর্তৃক প্রকল্পটি সরজমিনে পরিদর্শন করা হয়। পরির্দশনকালে DSTE (পশ্চিম)ও অন্যান্য প্রকল্প সংশ্লিষ্ট কর্মকর্তাগণ তথ্য-উপাত্ত প্রদান করে সহযোগিতা করেন।

১২.২ প্রকল্পের মূল ডিপিপি ২১.৩৯৩৮ কোটি টাকা প্রাক্কলিত ব্যয়ে জুলাই ২০১৪-জুন ২০১৬ মেয়াদে বাস্তবায়নের জন্য ০৮.১০.২০১৪ তারিখে মাননীয় পরিকল্পনা মন্ত্রী কর্তৃক অনুমোদিত হয়েছে। পরবর্তিতে প্রকল্পের ১ম সংশোধিত আরডিপিপি ২৯.৬৯৪ কোটি টাকা প্রাক্কলিত ব্যয়ে জুলাই ২০১৪-জুন ২০১৭ মেয়াদে বাস্তবায়নের জন্য ৩১.০১.২০১৭ তারিখে মাননীয় পরিকল্পনা মন্ত্রী কর্তৃক অনুমোদিত হয়। প্রকল্পের বিশেষ সংশোধিত ডিপিপি ৩০.৮৬২৩ কোটি টাকা প্রাক্কলিত ব্যয়ে জুলাই ২০১৪-জুন ২০১৯ মেয়াদে বাস্তবায়নের জন্য মাননীয় রেলমন্ত্রী কর্তৃক অনুমোদিত হয়েছে।

১২.৩ প্রকল্পের GD-1 প্যাকেজের কাজের জন্য ঠিকাদারী প্রতিষ্ঠান Alstom Transport India Ltd- এর সাথে ১৩.০৬.২০১৭ তারিখে চুক্তি স্বাক্ষরিত হয়েছে। এ প্যাকেজের কার্যাদেশকৃত মূল্য ২১৯৬.৩৫ লক্ষ টাকা। এ প্যাকেজের আওতায় সমুদয় কার্যাদি ১১.১০.২০১৮ তারিখে সম্পন্ন করা হয়েছে মর্মে পিসিআরে উল্লেখ করা হয়েছে। পরিদর্শনকালে দেখা যায় যে, প্রকল্পের আওতায় ৪টি স্টেশনে (যথা: বঙ্গবন্ধু সেতু পূর্ব, বঙ্গবন্ধু সেতু পশ্চিম, জামতৈল ও চাটমোহর) সকল পূর্ত কাজ সম্পন্ন করা হয়েছে ও সিগনালিং- এর জন্য প্রয়োজনীয় যন্ত্রপাতি স্থাপন করা হয়েছে। প্রকল্পটি বাস্তবায়নের ফলে ৪টি স্টেশনের ৩য় লাইনে স্বয়ংক্রিয় সিগন্যালিং ব্যবস্থা স্থাপনের মাধ্যমে ট্রেন পরিচালনা করা হচ্ছে।

১২.৪ সমাপ্ত প্রকল্পটি সরজমিনে পরিদর্শনে রেলট্র্যাকের বিভিন্ন উপকরণ মিসিং দেখা যায়। ভবিষ্যতে সিগন্যালিং কার্যক্রম ব্যাহত হওয়ার সম্ভাবনা থাকায় এ সম্পর্কে ব্যাখ্যা প্রদানের জন্য রেলপথ মন্ত্রণালয়ে পত্র প্রদান করা হয়। এপ্রেক্ষিতে বাংলাদেশ রেলওয়ে প্রকল্পের চিহ্নিত ত্রুটি-বিচ্যুতি সংস্কার/মেরামতের জন্য যথাযথ ব্যবস্থা গ্রহণ করে। গৃহীত ব্যবস্থাবলী রেলপথ মন্ত্রণালয় হতে আইএমইডিকে অবহিত করা হয়েছে। প্রকল্পটি বাস্তবায়নের ফলে ৪টি স্টেশনের সিগন্যালিং ব্যবস্থা আধুনিক ও উন্নত হয়েছে এবং উক্ত সেকশনে ট্রেন পরিচালনা করা সহজতর হয়েছে।

১২.৫ প্রকল্পটি বাস্তবায়নে মূল প্রকল্পের তুলনায় Cost overrun হয়েছে ৪১.৪৯% ও Time overrun হয়েছে ১৫০%। ভবিষ্যতে মূল অনুমোদিত ব্যয় ও মেয়াদকাল প্রকল্প বাস্তবায়নের জন্য সংশ্লিষ্ট সংস্থা/মন্ত্রণালয়কে সচেষ্ট থাকতে হবে। এছাড়া, প্রকল্পে সংগৃহীত যন্ত্রপাতি ও উপকরণসমূহ যথাযথভাবে রক্ষণাবেক্ষণের মাধ্যমে কার্যকরী ও উন্নত রেল সেবা নিশ্চিত করার জন্য পরিদর্শনকালে মতব্যক্ত করা হয়।

১৩. প্রকল্প পরিদর্শনের স্থির চিত্রঃ



চিত্র. ১ স্টেশনে স্থাপিত রিলে র‍্যাক



চিত্র.২ রেলট্র্যাকে স্থাপিত পয়েন্ট মেশিন

১৪। **প্রকল্পের উদ্দেশ্য অর্জনঃ**

প্রকল্পের উদ্দেশ্য	উদ্দেশ্য অর্জন
বাংলাদেশ রেলওয়ের ঈশ্বরদী-জয়দেবপুর সেকশনের ৪টি স্টেশনের নবনির্মিত ৩য় লাইনগুলোতে কম্পিউটার বেইজড ইন্টারলকিং কালার লাইট সিগন্যালিং ব্যবস্থার সম্প্রসারণের মাধ্যমে নিরাপদ ট্রেন চলাচল নিশ্চিতকরণ, পরিচালনা সুবিধা বৃদ্ধি করা ও ভ্রমণ সময় হ্রাস করা প্রকল্পের মূল উদ্দেশ্য।	ঈশ্বরদী-জয়দেবপুর সেকশনের ৪টি স্টেশনে নবনির্মিত ৩য় লাইনগুলোতে কম্পিউটার বেইজড্ ইন্টারলকিং কালার লাইট সিগন্যালিং ব্যবস্থা স্থাপনের মাধ্যমে ৪টি স্টেশনে নিরাপদ ট্রেন চলাচল নিশ্চিত, পরিচালনা সুবিধাদি বৃদ্ধি ও ভ্রমণ সময় হ্রাসের মাধ্যমে প্রকল্পের উদ্দেশ্য অর্জিত হয়েছে।

১৫। **উদ্দেশ্য অর্জিত না হয়ে থাকলে তার কারণঃ** প্রযোজ্য নয়।

১৬। **প্রকল্প বাস্তবায়ন সমস্যাঃ** প্রযোজ্য নয়।

১৭। **External Audit:** প্রকল্পে ২০১৭-২০১৮ অর্থবছরে FAPAD কর্তৃক ৪টি অডিট আপত্তি প্রদান করা হয়েছে। উক্ত ৪টি অডিট আপত্তি নিষ্পত্তির জন্য জবাব প্রেরণ করা হয়েছে মর্মে পিসিআরে উল্লেখ করা হয়েছে।

১৮। **মতামত/সুপারিশঃ**

১৮.১ প্রকল্প বাস্তবায়নকালে Cost overrun হয়েছে ৪১.৪৯%ও Time overrun হয়েছে ১৫০%। ভবিষ্যতে মূল অনুমোদিত ব্যয় ও মেয়াদের মধ্যে প্রকল্প বাস্তবায়নের লক্ষ্যে সংশ্লিষ্ট সংস্থা/মন্ত্রণালয়কে সচেষ্ঠ থাকতে হবে;

১৮.২ প্রকল্পের আওতায় ৪টি স্টেশনে স্থাপিত সিগন্যালিং যন্ত্রপাতি ও উপকরণ যথাযথভাবে রক্ষণাবেক্ষণ করতে হবে;

১৮.৩ প্রকল্পের অনিষ্পন্ন অডিট আপত্তি দ্রুত নিষ্পত্তির জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে;

১৮.৪ উপর্যুক্ত (১৮.১-১৮.৩) অনুচ্ছেদের বিষয়ে গৃহীত ব্যবস্থার তথ্যাদি আগামী ১ মাসের মধ্যে আইএমইডিকে অবহিত করতে হবে।

বাংলাদেশ রেলওয়ের জন্য ১০০টি মিটারগেজ যাত্রীবাহী ক্যারেজ পুনর্বাসন প্রকল্প সমাপ্তি মূল্যায়ন প্রতিবেদন
(সমাপ্তঃ জুন, ২০১৯)

১। প্রকল্পের নাম : বাংলাদেশ রেলওয়ের জন্য ১০০টি মিটারগেজ যাত্রীবাহী ক্যারেজ পুনর্বাসন প্রকল্প।

২। বাস্তবায়নকারী সংস্থা : বাংলাদেশ রেলওয়ে

৩। প্রশাসনিক মন্ত্রণালয়/বিভাগ : রেলপথ মন্ত্রণালয়

৪। প্রকল্প এলাকা : রেলওয়ে ওয়ার্কশপ, পাহাড়তলী, চট্টগ্রাম।

৫। প্রকল্পের বাস্তবায়নকাল ও ব্যয় :

(লক্ষ টাকায়)

প্রাক্কলিত ব্যয়		প্রকৃত ব্যয়	পরিকল্পিত বাস্তবায়নকাল		প্রকৃত বাস্তবায়নকাল	অতিরিক্ত ব্যয় (মূল প্রাক্কলিত ব্যয়ের %)	অতিরিক্ত সময় (মূল বাস্তবায়ন কালের %)
মূল	১ম সংশোধিত		মূল	১ম সংশোধিত			
১	২	৩	৪	৫	৬	৭	৮
৫৯৩০.৪০	৫৮৩০.০০	৫১৯২.৩২	০১-০৭-২০১৫ থেকে ৩০-০৬-২০১৯	০১-০৭-২০১৫ থেকে ৩০-০৬-২০১৯	০১-০৭-২০১৫ থেকে ৩০-০৬-২০১৯	-	-

৬। **প্রকল্পের অঙ্গভিত্তিক বাস্তবায়ন (পিসিআর অনুসারে):**

(Taka in Lakh)

Sl. No	**Items of Work**	**Unit**	**Target (as per RDPP)**		**Actual Progress**	
			Financial	**Physical (Quantity)**	**Financial**	**Physical (Quantity)**
1	2	3	4	5	6	7
1.	3243101- Fuel cost of vehicle		3.00	L.S	3.01	L.S
2.	3255105- Office Stationery		4.00	L.S	2.99	L.S
3.	3211125- Advertisement		5.00	L.S	3.57	L.S
4.	3000332- Honorarium and others		8.00	L.S	4.03	L.S
5.	3111338- labour cost railway workshop staff		700.00	L.S	694.71	L.S
6	3258101- Maintenance cost of vehicle		4.00	L.S	4.00	L.S
7.	4112304- Foreign raw materials and spare parts		965.00		655.12	
8.	4112304- Local raw materials and spare parts		4026.53		3768.38	
9.	4112101- Procurement of vehicle (Pick-up)		48.00	1	47.38	1
10	4112301- Office equipments and others		9.16		9.13	

Sl. No	Items of Work	Unit	Target (as per RDPP)		Actual Progress	
			Financial	Physical (Quantity)	Financial	Physical (Quantity)
11.	4911111- Price Contingency		57.31	2%	0.00	
	Total =		**5830.00**		**5192.32**	

৭। **প্রকল্প পরিচালক সংক্রান্ত তথ্যাদিঃ**

SL. No	Name & Designation with pay Scale	Full time	Part time	Responsible for more that one project	Date of	
					Joining	Transfer
1	2	3	4	5	6	7
1.	Md. Harun-ar-Rashid Chief Mechanical Engineer (East) Bangladesh Railway, Chittagong	-	Yes	-	19.4.2016	3.11.2016
2.	Md. Monjur-ul-Alam Chowdhury Chief Mechanical Engineer (East) Bangladesh Railway, Chittagong	-	Yes	-	4.11.2016	13.4.2017
3.	Md. Mizanur Rahman Divisional Superintendent (Workshop) Bangladesh Railway, Pahartali.	-	Yes	-	14.4.2017	27.5.2017
4.	Fakir Md. Mohiuddin Divisional Superintendent (Workshop) Bangladesh Railway, Pahartali.	-	Yes	-	27.5.2017	30.6.2019

৮। **ক্রয় সংক্রান্ত তথ্যাদিঃ** সংশোধিত প্রকল্পে ৪৭টি ক্রয় প্যাকেজের মাধ্যমে প্রকল্পের জন্য প্রয়োজনীয় যন্ত্রাংশ ও দ্রব্যাদি সংগ্রহ করা হয়েছে।

৯। **ডিপিপি বরাদ্দ ও অগ্রগতিঃ** সংশোধিত ডিপিপি'র সংস্থান, এডিপি/আরএডিপি বরাদ্দ ও অগ্রগতির চিত্র নিম্নরুপ:

অর্থবছর	সংশোধিত ডিপিপি সংস্থান	এডিপি/আরএডিপি বরাদ্দ	মোট ব্যয়	বাস্তব অগ্রগতি %
১	২	৩	৪	৫
২০১৫-২০১৬	১৯৬০.৭০	০.০০	০.০০	০.০০%
২০১৬-২০১৭	১৮৫০.৩০	১০৭৯.৪৬	১০৭৯.৪৬	৩০.০০%
২০১৭-২০১৮	১০৬০.২০	১৮২৭.৫১	১৮২৭.৫১	৪০.০০%
২০১৮-২০১৯	১০৫৯.২০	২৯২৩.০৩	২২৮৫.৩৫	৩০.০০%
মোট:	৫৮৩০.০০	৫৮৩০.০০	৫১৯২.৩২	১০০%

১০। **কাজ অসম্পূর্ণ থাকলে তার কারণঃ** অনুমোদিত সংশোধিত প্রকল্প অনুযায়ী প্রকল্পের কাজ সমাপ্ত হয়েছে।

১১। **সাধারণ পর্যবেক্ষণ:**

১১.১ **প্রকল্পের পটভূমি:** বাংলাদেশ রেলওয়ের পূর্বাঞ্চলের প্রায় ৯৯৩টি যাত্রীবাহী গাড়ি এবং প্রায় ৭০০০ মালবাহী গাড়ীর যাবতীয় রক্ষণাবেক্ষণ এবং বিশেষ মেরামত কাজ পাহাড়তলী কারখানায় সম্পাদন করা হয়ে থাকে। কারখানার দৈনন্দিন উৎপাদনের লক্ষ্যমাত্রা গড়ে যাত্রীবাহী ২.৪ ও মালবাহী ৫ ইউনিট নির্ধারিত থাকলেও বর্তমান কর্মরত স্বল্প সংখ্যক লোকবল অর্থাৎ মঞ্জুরীকৃত ২১২৮ জনের বিপরীতে ১২০০ জন কর্মরত কর্মচরী দ্বারা ৮ ঘন্টা স্বাভাবিক কর্মঘন্টার মাধ্যমে উক্ত লক্ষ্যমাত্রা অর্জন করা কোন অবস্থাতেই সম্ভব হচ্ছে না। বর্তমানে কারখানায় ৩৫ জন কর্মকর্তা এবং ৮৯৩ জন কমচারীর ঘাটতি রয়েছে এবং এ সংখ্যা প্রতিনিয়ত বাড়ছে। কারখানার মেশিনারীজ এবং প্ল্যান্টস এর

জরাজীর্ণ অবস্থা, ৪৩১টি মেশিনারীজ এবং প্ল্যান্টস এর মধ্যে ২৬৫টির বয়স ৪০ উর্ধ্বে, দক্ষ কারিগরের স্বল্পতা, মেরামতাধীন যাত্রী ও মালবাহী কোচের জরাজীর্ণতার কারণে এবং অধিকাংশ কোচের বয়স ৩৫ উর্ধ্বে হওয়ায় কোচ মেরামত কাজের ব্যাপকতার কারণে কারখানার গড় মেরামত ধরে রাখা সম্ভব হচ্ছে না। বিভিন্ন শপে মঞ্জুরীকৃত লোকবলের বিপরীতে আউটটার্ণ লক্ষ্যমাত্রা নির্ধারণ করা হলেও বর্তমান জনবল মঞ্জুরীর বিপরীতে প্রায় অর্ধেক কর্মরত আছে। ফলে ক্যারেজ ওভারডিউ এর সংখ্যা ক্রমশ:ই বৃদ্ধি পাচ্ছে। ওভারডিউ হ্রাস করার লক্ষ্যে এ প্রকল্পের আওতায় মোট ১০০টি পুরাতন ও জরাজীর্ণ যাত্রীবাহী মিটারগেজ ক্যারেজ কারখানার লোকবল দ্বারা নির্দিষ্ট কর্মসময়ের পর পুনর্বাসনের কাজ হাতে নেয়া হয়েছে।

১১.২ **প্রকল্পের উদ্দেশ্য (বুলেট আকারে সংক্ষিপ্ত):**
প্রকল্পের প্রধান উদ্দেশ্য নিম্নরূপঃ

- বাংলাদেশ রেলওয়ের ১০০টি মিটারগেজ যাত্রীবাহী ক্যারেজ পুনর্বাসন করা;
- যাত্রাবাহী ক্যারেজের প্রাপ্যতা বৃদ্ধি করা; এবং
- উন্নত যন্ত্রাংশ/প্যাসেঞ্জার এ্যামিনিটিস প্রতিস্থাপনের মাধ্যমে উন্নত যাত্রীসেবা প্রদান ।

১২। **প্রকল্প পরিদর্শনঃ** গত ১৩.১০.২০১৯ তারিখে আইএমইডি'র পরিচালক (সেক্টর-২) জনাব আবদুল্লাহ আল মামুন পাহাড়তলী ওয়ার্কশপে প্রকল্পটি সরেজমিন পরিদর্শন করা হয়। পরির্দশনকালে প্রকল্প পরিচালকসহ প্রকল্প সংশ্লিষ্ট কর্মকর্তাগণ তথ্য-উপাত্ত প্রদান করে সহযোগিতা করেন।

১২.১ **প্রকল্পের অনুমোদন ও সংশোধনঃ** মূল প্রকল্পের ডিপিপি ৫৯.৩০ কোটি টাকা (জিওবি অর্থায়নে) প্রাক্কলিত ব্যয়ে এবং জুলাই ২০১৫- জুন ২০১৯ মেয়াদে বাস্তবায়নের জন্য ১৯.৪.২০১৬ তারিখে একনেক কর্তৃক অনুমোদিত হয়েছে। পরবর্তিতে প্রকল্পের ১ম সংশোধিত ডিপিপি গত ২৫.১০.২০১৮ তারিখে রেলপথ মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী কর্তৃক ৫৮.৩০ কোটি টাকা প্রাক্কলিত ব্যয়ে অনুমোদিত হয়েছে। সংশোধিত প্রকল্পের বাস্তবায়ন মেয়াদকাল জুলাই ২০১৫ হতে জুন ২০১৯ পর্যন্ত।

১২.২ প্রকল্পের প্রধান উদ্দেশ্য হলো বাংলাদেশ রেলওয়ের ১০০টি যাত্রীবাহী মিটারগেজ ক্যারেজ পুনর্বাসনের মাধ্যমে মেরামতযোগ্য ওভারডিউ ক্যারেজের সংখ্যা হ্রাস করা। প্রকল্পের আওতায় ১০০টি পুরাতন ও জরাজীর্ণ ক্যারেজ পাহাড়তলী ওয়ার্কশপে বিদ্যমান জনবল দ্বারা অফিস সময়ের পর মেরামত করা হয়েছে। ইতোমধ্যে ১০০টি ক্যারেজ বাংলাদেশ রেলওয়ের নিয়মিত ট্রেন সার্ভিসে ব্যবহার করা হচ্ছে।

১২.৩ প্রকল্প পরিদর্শনকাল জানানো হয় যে, প্রকল্পের আওতায় ২০১৬-১৭ অর্থবছরে ৩১টি ও ২০১৭-১৮ অর্থবছরে ৩৯টি ও ২০১৮-১৯ অর্থবছরে ৪০টি যাত্রীবাহী ক্যারেজ পুনর্বাসন করা হয়েছে। ইতোমধ্যে ১০০টি ক্যারেজ মেরামতপূর্বক রিলিজ করা হয়েছে। সমাপ্তকৃত ১০০টি ক্যারেজ ৭টি ভিন্ন টাইপের। তন্মধ্যে S টাইপ ৫৩টি, SLR টাইপ ১৯টি, WCD টাইপ ৩টি, WECD টাইপ ৪টি, WE টাইপ ১৫টি WELR টাইপ ৩টি ও L টাইপ ৩টি। প্রকল্পের সমাপ্তিকালে মোট ক্রমপুঞ্জিত ব্যয় ৫১৯২.৩২ লক্ষ টাকা (মূল প্রকল্পের ৮৭.৬০%) ও প্রকল্পের বাস্তব অগ্রগতি ১০০%। পরিদর্শনকালে জানানো হয়, বর্তমানে পাহাড়তলী ওয়ার্কশপে রাজস্ব খাতের আওতায় মোট ২১২৮ জনবলের বিপরীতে প্রায় ১২০০ জন কর্মকর্তা/কর্মচারী কর্মরত রয়েছেন। জনবলের স্বল্পতাহেতু ওয়ার্কশপে পুনর্বাসন কাজসমূহ সুষ্ঠুভাবে সম্পাদন করা দুষ্কর হয়। এ প্রেক্ষিতে শীঘ্রই শুন্য পদে জনবল নিয়োগের জন্য প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ করা প্রয়োজন।

১২.৪ প্রকল্পের আওতায় ১টি ডাবল কেবিন পিক-আপ ক্রয় করা হয়েছে। প্রকল্প সমাপ্তির পর উক্ত পিক-আপ বাংলাদেশ রেলওয়ের নিকট হস্তান্তর করা হয়েছে বলে জানানো হয়। পরিদর্শনকালে জানানো হয় যে, বাংলাদেশ রেলওয়ের ক্যারেজ মেরামতের জন্য রাজস্ব খাতে বরাদ্দ বৃদ্ধি করা প্রয়োজন। রাজস্ব খাতে বরাদ্দ রাড়ানো হলে রেলওয়ের যাত্রীবাহী নিয়মিত রক্ষণাবেক্ষণ কার্যকমে ত্বরান্বিত করা সম্ভবপর হবে।

১৩। **প্রকল্পের উদ্দেশ্য অর্জনঃ**

প্রকল্পের উদ্দেশ্য	অর্জন
ক) ১০০টি মিটারগেজ ক্যারেজ মেরামতের মাধ্যমে ক্যারেজ পুনর্বাসন কাজের ঘাটতি দূর করা।	ক) প্রকল্পের আওতায় ১০০টি ক্যারেজ মেরামতের মাধ্যমে ক্যারেজের প্রাপ্যতা বৃদ্ধি পেয়েছে।
খ) ক্যারেজ পুনর্বাসনের মাধ্যমে বাংলাদেশ রেলওয়ের অপারেশনাল দক্ষতা বৃদ্ধি করা।	খ) প্রকল্পটি বাস্তবায়নের মাধ্যমে বাংলাদেশ রেলওয়ের অপারেশনাল দক্ষতা বৃদ্ধি পেয়েছে।

১৪। **উদ্দেশ্য অর্জিত না হয়ে থাকলে তার কারণঃ** প্রযোজ্য নয়।

১৫। **প্রকল্প বাস্তবায়ন সমস্যাঃ** প্রযোজ্য নয়।

১৬। **External Audit:** মন্ত্রণালয় হতে প্রেরিত পিসিআর পর্যালোচনায় দেখা যায় গত ২০১৬-২০১৭ অর্থবছর থেকে ২০১৭-২০১৮ পর্যন্ত প্রকল্পের অডিট করা হয়েছে। তন্মধ্যে মোট ৬টি অডিট আপত্তি উত্থাপন করা হয়েছে। ইতোমধ্যে ২টি অডিট আপত্তি নিষ্পত্তি করা হয়েছে ও অবশিষ্ট ৪টি অডিট আপত্তি নিষ্পত্তির জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হয়েছে বলে পরিদর্শনকালে জানানো হয়।

১৭ **প্রকল্পের স্থিরচিত্র :**



প্রকল্পের আওতায় মেরামতকৃত কোচ নং-৭২৮



প্রকল্পের আওতায় মেরামতকৃত কোচ নং-৯০৭



প্রকল্পের আওতায় মেরামতকৃত কোচ নং-১৮৯৮



প্রকল্পের আওতায় মেরামতকৃত কোচ নং-১৯৩৩



প্রকল্পের আওতায় মেরামতকৃত কোচ নং-২০৭২



প্রকল্পের আওতায় মেরামতকৃত কোচ নং-২০৭২



প্রকল্পের আওতায় মেরামতকৃত কোচ নং-২৮১০



প্রকল্পের আওতায় মেরামতকৃত কোচ নং-২৯০৮

১৮। **মতামত/সুপারিশঃ**

১৮৭.১ সমাপ্ত প্রকল্পটি মূল অনুমোদিত ব্যয় ও মেয়াদের মধ্যে সম্পাদন করা হয়েছে। ভবিষ্যতে এ প্রকল্পের অনুরূপ অন্যান্য উন্নয়ন প্রকল্প নির্ধারিত ব্যয় ও মেয়াদে বাস্তবায়নের জন্য সচেষ্ট হতে হবে;

১৮.২ পাহাড়তলী ওয়ার্কশপের রাজস্ব খাতের শুন্যপদে জনবল নিয়োগের জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে;

১৮.৩ বাংলাদেশ রেলওয়ের রাজস্ব খাতে নিয়মিত ক্যারেজ রক্ষণাবেক্ষণের জন্য বরাদ্দ বৃদ্ধির জন্য ব্যবস্থা গ্রহণ করতে হবে;

১৮.৪ প্রকল্পের অডিট সম্পন্ন করতে হবে এবং অনিষ্পন্ন অডিট আপত্তি দ্রুত নিষ্পত্তি করতে হবে;

১৮.৫ উপর্যুক্ত (১৭-১৭.৪) অনুচ্ছেদের বিষয়ে গৃহীত ব্যবস্থার তথ্যাদি আগামী ১ মাসের মধ্যে আইএমইডিকে অবহিত করতে হবে।

বাংলাদেশ রেলওয়ের লাকসাম-চিনকী আস্তানার মধ্যে ডাবল লাইন নির্মাণ (৩য় সংশোধিত) শীর্ষক প্রকল্পের সমাপ্তি মূল্যায়ন প্রতিবেদন

(সমাপ্তঃ অক্টোবর, ২০১৮)

১। প্রকল্পের নাম : বাংলাদেশ রেলওয়ের লাকসাম-চিনকী আস্তানার মধ্যে ডাবল লাইন নির্মাণ (৩য় সংশোধিত)

২। বাস্তবায়নকারী সংস্থা : বাংলাদেশ রেলওয়ে

৩। প্রশাসনিক মন্ত্রণালয়/বিভাগ : রেলপথ মন্ত্রণালয়

৪। প্রকল্প এলাকা : চট্টগ্রাম, ফেনী ও কুমিল্লা।

৫। প্রকল্পের বাস্তবায়ন সময় ও ব্যয় (লক্ষ টাকায়):

প্রাক্কলিত ব্যয়		প্রকৃত ব্যয় (প্রকল্প সাহায্য)	পরিকল্পিত বাস্তবায়নকাল		প্রকৃত বাস্তবায়নকাল	অতিরিক্ত ব্যয় (মূল প্রাক্কলিত ব্যয়ের %)	অতিরিক্ত সময় (মূল বাস্তবায়ন কালের %)
মূল (প্রকল্প সাহায্য)	সর্বশেষ সংশোধিত (প্রকল্প সাহায্য)		মূল	২য় সংশোধিত			
১	২	৩	৪	৫	৬	৭	৮
৫০১৫০.৪২ (২৭৫৬৮.৬৬)	১৮১৯৫৪.৯৫ (৫২৭৬৪.২৭)	১৮০৯৪৭.৮০ (৫২৭৬৪.২৭)	০১-০৭-২০০৮ থেকে ৩০-০৬-২০১৩	০১-০৭-২০০৮ থেকে ৩০-০৬-২০১৬	০১-০৭-২০০৮ থেকে ৩১-১০-২০১৮	১৩০৭৯৭.৩৮ (২৬০.৮১%)	৫ বছর (১০৬.৬৭%)

৬। **প্রকল্পের অঙ্গভিত্তিক বাস্তবায়ন (পিসিআর অনুসারে):**

(লক্ষ টাকায়)

	Items of Work	Unit	Target (as per RDPP)		Actual Progress		Remarks
			Financial	Physical (Quantity)	Financial	Physical (Quantity)	
1	2	3	4	5	6	7	8
A	**Revenue Component**						
4500	Pay of Officers	10 Years	247.32	34	188.51	7	Sanctioned man power was not posted for want of availability of man power
4600	Pay of Other establishment	10 Years	237.17	39	164.29	5	
4700	Allowances	10 Years	343.41	73	281.25	12	
4800	Allowances (TA,DA & others)	L.S	43.00	73	26.00	12	
	Office Stationeries others consumables including maintenance	L.S	42.00	-	40.00	-	Targeted requirement was not needed for completion of Project. So less cost incurred
	Fuel (Gas & Oil) for motor vehicles	L.S	110.00	5	103.27	5	
	Cost of Resettlement compensation	L.S	275.00	-	265.00	-	

	Items of Work	Unit	Target (as per RDPP)		Actual Progress		Remarks
			Financial	Physical (Quantity)	Financial	Physical (Quantity)	
1	2	3	4	5	6	7	8
	LC opening, inspection, port dues, landing & other charges.	L.S	570.00	-	516.99	-	
	Cost of EMP	L.S	10.00	-	10.00	-	
Total (Revenue):			**1877.90**		**1595.31**		
B	**Capital Component**						
6800	Asset acquisition	L.S	238.00		224.27		Targeted requirement was not needed for completion of Project. So less cost incurred.
7000	Construction of works, Universal design, General provision	L.S	171470.97 (7468.24)		170700.14 (7152.15)		
7900	CD-VAT		8428.08		8428.08		
Sub-Total (Capital component)			180077.05 (7468.24)		179352.49 (7152.15)		
7900	C) Physical Contingency		0.00		0.00		
	D) Price Contingency		0.00		0.00		
	Grand Total: (A+B+C+D):		181954.95 (7468.24)		180947.80 (7152.15)		

৭। **প্রকল্প পরিচালক সংক্রান্ত তথ্যাদিঃ**

SL No.	Name & Designation with pay scale	Full time	Part time	Responsibility	Date of	
					Joining	Transfer
1	2	3	4	5	6	7
1.	Md. Solaiman Chowdhury 56500.00-74400.00	Full time		Yes	07/04/2009	10/07/2011
2.	S.M. Liquat Ali 56500.00-74400.00	Full time		No	10/07/2011	04/02/2016
3.	Qazi Md. Rafiqul Alam 66000.00-76490.00		Part time	Yes	04/02/2016	30/09/2018
4.	Md. Anwarul Hoque 66000.00-76490.00		Part time	Yes	15/10/2018	31/10/2018

৮। **ক্রয় সংক্রান্ত তথ্যাদিঃ**

৮.১ **গাড়ী/ট্রান্সপোর্ট ক্রয়ঃ** প্রকল্পের আওতায় ২টি জীপ গাড়ী ও ৩টি পিক-আপ গাড়ী ক্রয় করা হয়েছে।

৮.২ পণ্য, কার্য ও সেবা ক্রয়ঃ

ক্র: নং	কাজের নাম/ প্যাকেজের নাম	দরপত্র আহবানের তারিখ দরপত্র খোলার তারিখ দরপত্র মূল্যায়নের সর্বশেষ তারিখ মূল্যায়নকারীর আহ্বায়কের নাম ও পদবী	কাজের পরিমাণ প্রাক্কলিত ব্যয় কার্যাদেশকৃত দর	চুক্তি অনুমোদনকারীর নাম ও পদবী চুক্তি অনুমোদনের তারিখ	ঠিকাদারের সাথে চুক্তি সম্পাদনের তারিখ চুক্তি মোতাবেক কার্য সম্পাদনের তারিখ কাজ শুরুর তারিখ প্রকৃত কার্য সম্পাদনের তারিখ	নিয়োগকৃত ঠিকাদারের নাম ও ঠিকানা	কার্যাদেশের বিপরীতে পরিশোধিত বিল (লক্ষ টাকায়)
১	২	৩	৪	৫	৬	৭	৮
১।	WD1- Construction of Double line track from Laksam to Chinki Astana including earthwork of embankment, linking of rail, welding of points & crossing, packing with tamping machine, construction of all Bridge/Culverts, renovation of station building & other ancillary facilities providing universal design etc and signaling, telecom & electrical works and other physical works including supplying all necessary labors, materials, equipment's plants & machines.	প্রাক যোগ্যতার আবেদনের তারিখ: ৩১.১.২০১০ প্রাক যোগ্যতার কৃতকার্য প্রতিষ্ঠানের দরপত্র আহ্বানের তারিখ: ৯.৯.২০১০ দরপত্র খোলার তারিখ: ১৫.১২.২০১০ দরপত্র মূল্যায়নের তারিখ: ৯.৬.২০১১ দরপত্র মূল্যায়নকারী আহ্বায়কের নাম: এম এ কাসেম পদবী: অতি: মহাপরিচালক (আই) বাংলাদেশ রেলওয়ে, রেলভবন, ঢাকা।	প্রাক্কলিত ব্যয় (Provisional Sum and Contingency সহ) ১০৮২,৪৭,৯১,৫২৪.৪০ টাকা ১ম কার্যাদেশকৃত দর: ১৩০১,২১,৮৮,৩৫৫.৫০ টাকা সর্বশেষ চুক্তি অনুযায়ী দর: ১৭১৪১০৯৭০০০.০১ টাকা	CCGP তারিখ: ১১.৭.২০১১ সর্বশেষ চুক্তি অনুমোদন ও তারিখ: CCGP ৩০.৯.২০১৮	১৭.১০.২০১১ ৯১০ দিন (৩০.৪.২০১৪) কার্য শুরুর তারিখ : ২.১১.২০১১ কাজ সম্পাদনের বর্ধিত তারিখ: ৩১.৩.২০১৫	CRM Joint Venture, Baitul Hossain Building (6th Floor, Room No-705), Dilkusha C/A, Dhaka.	১৭০৭০০.১৪ (৭১৫২.১৫)

১০। **ডিপিপি বরাদ্দ ও অগ্রগতিঃ** সংশোধিত ডিপিপি'র সংস্থান, এডিপি/আরএডিপি বরাদ্দ ও অগ্রগতির চিত্র নিম্নরুপ:

অর্থবছর	সংশোধিত ডিপিপি সংস্থান	এডিপি/আরএডিপি বরাদ্দ	মোট ব্যয়
১	২	৩	৪
২০০৮-২০০৯	৬.৮৯	১৯৫০.০০	৬.৮৯
২০০৯-২০১০	৭২.৫৫	২০৩.০০	৭২.৫৫

অর্থবছর	সংশোধিত ডিপিপি সংস্থান	এডিপি/আরএডিপি বরাদ্দ	মোট ব্যয়
১	২	৩	৪
২০১০-২০১১	৯৯.৫৮	৭২৫০.০০	৯৯.৫৮
২০১১-২০১২	১৭৭৯৭.০৬	২১২০০.০০	১৭৭৯৭.০৬
২০১২-২০১৩	৫২২৯৭.০৯	৫২৫১৩.০০	৫২২৯৭.০৮
২০১৩-২০১৪	৫৩০২৫.৫২	৫৩৭৬৫.০০	৫৩০২৫.৫২
২০১৪-২০১৫	৩৯১৩২.৩৭	৩৯৭০২.০	৩৪০৬৫.০০
২০১৫-২০১৬	৯৮০৩.৩৮	৩৯৭০২.০০	৩৪০৬৫.০০
২০১৬-২০১৭	৩০.৩৮	৪৩৪.০০	৩০.৩৮
২০১৭-২০১৮	০.০০	৯২১.০০	০.০০
২০১৮-২০১৯	৯৬৯০.১৪	৯৬৯০.০০	৯৫৪৬.৫০
মোটঃ	**১৮১৯৫৪.৯৬**	**১৯৭৫৮৬.০০**	**১৮০৯৪৭.৮০**

১১। **কাজ অসম্পূর্ণ থাকলে তার কারণঃ** অনুমোদিত সংশোধিত প্রকল্প অনুযায়ী প্রকল্পের কাজ সমাপ্ত হয়েছে।

১২। **প্রকল্পের উদ্দেশ্য ও পটভূমি:**

১২.১ **প্রকল্পের পটভূমি:** দেশের আর্থ-সামাজিক উন্নয়নের লক্ষ্যে বিদ্যমান রেল যোগাযোগ ব্যবস্থার উন্নয়ন অতীব জরুরী। চট্টগ্রাম রেল স্টেশন বাংলাদেশ রেলওয়ের দ্বিতীয় বৃহত্তম স্টেশন। উক্ত স্টেশনে মালামাল ও যাত্রী পরিবহন দ্রুত হারে বৃদ্ধি পাচ্ছে। ঢাকা এবং চট্টগ্রামের মধ্যে মালবাহী ফ্রেইট ট্রেন এবং যাত্রীবাহী ট্রেনের বর্ধিত চাহিদা পূরনের লক্ষ্যে জাইকার অর্থায়নে লাকসাম এবং চিনকী আস্তানার মধ্যে বিদ্যমান সিংগেল লাইন সেকশনকে ডাবল লাইনে উন্নীত করে ঢাকা-চট্টগ্রাম রেল লাইনের ক্যাপাসিটি বৃদ্ধির জন্য আলোচ্য প্রকল্পটি গ্রহণ করা হয়।

১২.২ **প্রকল্পের উদ্দেশ্যঃ** প্রকল্পের মূল উদ্দেশ্য হলো লাকসাম থেকে চিনকি আস্তানা পর্যন্ত ৮০.৪৭৫ কিঃমিঃ (৬১ কিঃমিঃ মেইন লাইন + ১৯.৪৭৫ কিঃমিঃ লুপ লাইন) নতুন রেল লাইন (দ্বৈত ট্র্যাক) নির্মাণ এবং কম্পিউটার বেইজড সিগন্যালিং সিস্টেম স্থাপনের মাধ্যমে লাইনের উন্নয়ন এবং সেকশনাল ক্যাপাসিটি বৃদ্ধি করা।

১৩। **সাধারণ পর্যবেক্ষণ :**

১৩.১। **প্রকল্প পরিদর্শনঃ** গত ২৯/০৬/২০১৯ তারিখে আইএমইডি'র পরিচালক জনাব আবদুল্লাহ আল মামুন কর্তৃক চট্টগ্রাম, ফেনী ও কুমিল্লা জেলাধীন প্রকল্পটি সরেজমিন পরিদর্শন করা হয়। পরির্দশনকালে প্রকল্প সংশ্লিষ্ট কর্মকর্তাগণ উপস্থিত থেকে তথ্য-উপাত্ত প্রদান ও সহযোগিতা করেন।

১৩.২ আলোচ্য প্রকল্পের মূল ডিপিপি ৫০১.৫০ কোটি (জিওবি ২২৫.৮১ কোটি টাকা + (জাইকা ঋণ) প্রকল্প সাহায্য ২৭৫.৬৮ কোটি টাকা) প্রাক্কলিত ব্যয়ে জুলাই ২০০৮ - জুন ২০১৩ মেয়াদে বাস্তবায়নের জন্য ৩১/১২/২০০৭ তারিখে একনেক কর্তৃক অনুমোদিত হয়। পরবর্তীতে প্রকল্প বাস্তবায়নকালে প্রকল্পের ক্রয় কাজের অনুমোদিত দরপত্রের উদ্ধৃত মূল্য, প্রকল্পের মেয়াদবৃদ্ধি (২ বছর), প্রাইস এসকেলেশন অংগের সংস্থান, সিডি/ভ্যাট ও নতুন পে-স্কেলের ভিত্তিতে বেতন প্রাক্কলন, ইত্যাদি কারণে ১ম সংশোধিত ডিপিপি ১৫২৫.৩২ কোটি টাকা (জিওবি ৯২৮.০৯ কোটি টাকা এবং প্রকল্প সাহায্য ৫৯৭.২২ কোটি টাকা) প্রাক্কলিত ব্যয়ে এবং জুলাই ২০০৮-জুন ২০১৫ মেয়াদে বাস্তবায়নের জন্য ৪.১০.২০১১ তারিখে একনেক কর্তৃক অনুমোদিত হয়। পরবর্তীতে ডিটেইল্ড ডিজাইন ও সার্ভের পর প্রকল্পের আওতায় কাজের পরিধি ও ব্যয় বৃদ্ধি, প্রাইস এসকেলেশন বাবদ ৫২.৭৯ কোটি টাকা বৃদ্ধি, ব্রীজের LWR track and H beam sleeper এ Switch Expansions Joint (SEJ) এর সংস্থান রাখা, মেজর ব্রীজের Redesign, স্টেশন ভবনের কাজের পরিমাণ বৃদ্ধি, সিডি/ভ্যাট, যানবাহন ও জনবল খাতে ব্যয় হ্রাস এবং বাস্তবায়নকাল ১ বছর বৃদ্ধি, ইত্যাদি কারণে ২য় সংশোধিত ডিপিপি মোট ১৭৪৮.৬৭৮০ কোটি টাকা (জিওবি

১১৫৭.৯৮৭৫ কোটি টাকা ও প্রকল্প সাহায্য ৫৯০.৬৯০৫ কোটি টাকা) প্রাক্কলিত ব্যয় এবং জুলাই ২০০৮- জুন ২০১৬ মেয়াদে বাস্তবায়নের লক্ষ্যে ২০.১১.২০১৪ তারিখ মাননীয় পরিকল্পনা মন্ত্রী কর্তৃক অনুমোদিত হয়েছে। এছাড়া, মার্কিন ডলারের বিপরীতে জাপানী ইয়েনের অবমূল্যায়ন ও সিডি/ভ্যাট ব্যয় হ্রাসের কারণে বিশেষ সংশোধিত ডিপিপি ১৭৩১.৮৬ কোটি টাকা (জিওবি ১১৯৯.০৪৫৬ কোটি টাকা এবং প্রকল্প সাহয্য ৫৩২.৮৯৯৩ কোটি টাকা) প্রাক্কলিত ব্যয়ে এবং জুলাই ২০০৮ - জুন ২০১৬ মেয়াদে বাস্তবায়নের লক্ষ্যে ৩১.৮.২০১৫ তারিখে মাননীয় রেলপথ মন্ত্রী কর্তৃক অনুমোদিত হয়েছে।

পরবর্তীতে As built drawing এর ভিত্তিতে review of final survey এর পর প্রকল্পের বিভিন্ন ভৌত কাজের পরিমান হ্রাস বৃদ্ধি, কন্টিনজেন্সী খাতে ৫.৩৫ কোটি টাকা বাবদ, Price escalation খাতে ৬৪.৩২ কোটি টাকা বৃদ্ধি, Delay payment খাতে ১৯.৭৩ কোটি টাকার সংস্থান ও প্রকল্পের মেয়াদ বৃদ্ধির জন্য প্রকল্প ৩য় সংশোধন করা হয়। প্রকল্পের ৩য় সংশোধিত ডিপিপি ১৮১৯.৫৪৯৫ কোটি টাকা (জিওবি ১২৯১.৯০৬৮ কোটি টাকা ও প্রকল্প সাহায্য ৫২৭৬.৪২৭ কোটি টাকা) প্রাক্কলিত ব্যয়ে এবং জুলাই ২০০৮ থেকে অক্টোবর ২০১৮ পর্যন্ত মেয়াদে বাস্তবায়নের জন্য ২১.৬.২০১৮ তারিখ অনুষ্ঠিত একনেক সভায় অনুমোদিত হয়েছে।

১৩.৩ আলোচ্য প্রকল্পের প্রধান কার্যক্রম হলো লাকসাম হতে চিনকী আস্তানা পর্যন্ত ৬১ কিলোমিটার সেকশনে বিদ্যমান রেললাইনের পার্শ্বে (৯০ পাউন্ড ‘এ’ রেল ও প্রি-স্ট্রেসড কনক্রিট স্লীপার দ্বারা) ১টি নতুন ৬১ কিলোমিটার Long welded main line নির্মাণ করা। এছাড়া, ৭৫ পাউন্ড ‘এ’ রেল ও প্রি-স্ট্রেসড কনক্রিট স্লীপার দ্বারা নতুন ১৯.৪৭৫ কিলোমিটার লুপ লাইন নির্মাণ কাজ প্রকল্পে সম্পন্ন করা হয়েছে। এছাড়া, ভবিষ্যতে ব্রডগেজ/ডুয়েলগেজে রুপান্তরের সংস্থান রেখে এ্যামব্যাংকমেন্ট ও সেতু নির্মাণ (৮টি মেজর সেতু, ৩৪টি কালভার্ট এবং ১১টি পাইপ কালভার্টসহ মোট ৫৩টি সেতু নির্মাণ (৮৩৬ মি) কাজ অন্তর্ভুক্ত রয়েছে। এছাড়া, উক্ত সেকশনে শর্শাদি, গুণবতী, চিনকী আস্তানা ও হাসানপুর এ ৪টি নতুন স্টেশন ভবন নির্মাণ ও মুহুরীগঞ্জ, ফাজিলপুর, কালীদহ নাংগলকোট ও নাউটি- এ ৫টি স্টেশনের ষ্টেশন ভবনসমূহ পুনর্বাসন করা হয়েছে। প্রকল্পের আওতায় ৮টি স্টেশনের ফুটওভার ব্রীজ নির্মাণ, ৪টি স্টেশনে ক্যানোপি ও মোট ১৩টি নতুন প্ল্যাটফর্ম নির্মাণ কাজ অন্তর্ভুক্ত রয়েছে। এছাড়া, ১৩টি লেভেল ক্রসিং গেইট নির্মাণ ও ১১টি স্টেশনের কম্পিউটার বেইজড ইন্টারলকিং পদ্ধতি স্থাপন কাজ অন্তর্ভুক্ত রয়েছে। চট্টগ্রাম স্টেশনের টেলিকমিউনিকেশনে ব্যবস্থার আধুনিকায়নসহ মোট ১২টি স্টেশনের সেন্ট্রালাইজড ট্রাফিক কন্ট্রোল (সিটিসি) ব্যবস্থার প্রবর্তন কাজ প্রকল্পে অন্তর্ভুক্ত রয়েছে।



১৩.৪। পরিদর্শনকালে উক্ত সেকশনের নির্মিত নতুন ট্র্যাকসহ স্টেশন ভবন ও সিগন্যালিং ও টেলিকমিউনেকেশন কাজসমূহ পরিদর্শন করা হয়। পরিদর্শনকালে নতুন নির্মিত ট্র্যাকের কাজের মান সন্তোষজনক বলে মনে হয়েছে। তবে রেল লাইনের দুটি ট্র্যাকের মধ্যবর্তী অনেক জায়গায় পানি জমে থাকতে দেখা গেছে। এছাড়া, অনেক স্থানে ঘাস ও লতা-পাতা দেখা গেছে যা পরিস্কার করা প্রয়োজন। এছাড়া, উক্ত সেকশনের বাজার অংশে রেলট্র্যাকে ব্যালাস্টের পরিমাণ তুলনামূলকভাবে কম দেখা গেছে।

১৩.৫। পরিদর্শনকালে দেখা যায় যে, উক্ত সেকশনের অন্তর্গত কালীদহ, শর্শাদি ও নাউটি স্টেশনের প্রয়োজনীয় ভৌত নির্মাণ ও সিগন্যালিং টেলিকমিউনিকেশন ব্যবস্থা স্থাপন করা হলেও স্টেশনমাষ্টার না থাকার এ সকল স্টেশনে ট্রেন থামে না। ফলে জনবলের অভাবে এ ৩টি স্টেশনের যথাযথ ব্যবহার করা হচ্ছে না। এছাড়া, ফেনী স্টেশনে নতুন লাইনের পার্শ্বে পুরাতন ও অব্যবহৃত স্লীপার রেল পড়ে থাকতে দেখা যায়, যা অপসারণ করা প্রয়োজন। পরিদর্শনকালে লাকসামে নির্মিত নতুন ভবনসহ অন্যান্য আনুষংগিক অবকাঠামো ও ট্রেন পরিচালনা প্রত্যক্ষ করা হয়। প্রকল্পটি বাস্তবায়নের ফলে উক্ত সেকশনে ট্রেনের ক্যাপাসিটি ও গতি বৃদ্ধিপ্রাপ্ত হয়েছে ও উন্নত রেল সেবা প্রদান করা সম্ভব হয়েছে।

১৩.৬। প্রাথমিকভাবে প্রকল্পটি জাইকার ঋণ ও জিওবি অর্থায়নে জুলাই ২০০৮ – জুন ২০১৩ মেয়াদে বাস্তবায়নের জন্য গৃহীত হয়। তবে পরামর্শক নিয়োগে বিলম্বের কারণে প্রকল্পের শুরুতে বিলম্ব হয়েছে। পরবর্তীতে দরপত্র কার্যাদেশের মূল্য অনুযায়ী প্রাক্কলনের কারণে ১ম সংশোধন ও কাজের পরিমাণ হ্রাস-বৃদ্ধি, ইত্যাদি কারণে ২য় সংশোধন করা হয়।

প্রকল্পের ভৌত কার্যক্রম ৩১.৩.২০১৫ তারিখে সমাপ্ত হয়েছে মর্মে পিসিআর- এ উল্লেখ করা হয়েছে। জাপানী ইয়েনের অবমূল্যায়নের কারণে জিওবি খাত হতে বর্ধিত অর্থায়নের জন্য প্রকল্পের বিশেষ সংশোধন করা হয়েছে। পরবর্তীতে প্রকল্পের বিভিন্ন অংগের হ্রাস-বৃদ্ধি, ঠিকাদারের delay payment interest ও price adjustment বাবদ ব্যয় বৃদ্ধির জন্য প্রকল্পের ৩য় সংশোধন করা হয়েছে। প্রকল্পের বর্ধিত অর্থায়ন জিওবি খাত হতে সংস্থান করা হয়েছে। প্রকল্পের অনুকূলে ইতঃপূর্বে এডিপিতে প্রয়োজনীয় বরাদ্দ না থাকায় ঠিকাদারকে delay payment Interest প্রদান করতে হয়েছে। এছাড়া, FIDIC পদ্ধতি অনুসারে ৩য় সংশোধনকালে price adjustment অন্তর্ভুক্ত করে ঘটনাত্তোর অনুমোদন করা হয়েছে। সর্বোপরি, এ প্রকল্পে বাংলাদেশ রেলওয়ের প্রকল্প পরিকল্পনা যথাযথভাবে প্রণয়ন ও বাস্তবায়নে প্রাতিষ্ঠানিক সক্ষমতার ব্যাপক অভাব পরিলক্ষিত হয়েছে।

১৪। **পরিদর্শনের স্থিরচিত্র:**

<table>
<tr><td></td><td></td></tr>
<tr><td>চিত্র ১: স্টেশন ইয়ার্ড</td><td>চিত্র ২: ওভারব্রীজ</td></tr>
<tr><td></td><td></td></tr>
<tr><td>চিত্র ৩: সিগন্যালিং যন্ত্রপাতি</td><td>চিত্র ৪: নির্মিত রেল ট্র্যাক</td></tr>
<tr><td></td><td></td></tr>
<tr><td>চিত্র ৫: নির্মিত মেজর ব্রীজ</td><td>চিত্র ৬: রেল লাইনের পার্শ্ববর্তী ঘাস/আগাছা</td></tr>
</table>

	
চিত্র ৭: লাকসামে নির্মিত অফিস	চিত্র ৮: নতুন নির্মিত প্লাটফর্ম

১৫। **<u>প্রকল্পের উদ্দেশ্য অর্জনঃ</u>**

পরিকল্পিত	উদ্দেশ্য অর্জন
ক) প্রকল্পের প্রধান উদ্দেশ্য হলো লাকসাম ও চিনকী আস্তানার মধ্যে ডাবল লাইন ট্র্যাক নির্মাণের মাধ্যমে দ্রুত নিরাপদ ও দক্ষ রেল সার্ভিস প্রদানপূর্বক উক্ত সেকশনের ক্রমবর্ধমান মালামাল ও যাত্রী পরিবহন বৃদ্ধি করা। এর ফলে ঢাকা-চট্টগ্রাম করিডোরে বিদ্যমান রেললাইনের পাশাপাশি পৃথক রেল লাইন নির্মাণ কাজ ত্বরান্বিত হবে।	ক) প্রকল্প বাস্তবায়নের মাধ্যমে উক্ত সেকশনের বিদ্যমান লাইনের পার্শ্বে আরেকটি লাইন নির্মাণের মাধ্যমে এ সেকশনের ট্রেন ক্রসিং এর সময় হ্রাস পেয়েছে। এছাড়া, এ সেকশনের ট্রেন চলাচল নিরাপদ, দ্রুত ও সহজতর হয়েছে।
খ) সিগন্যালিং ও ইন্টারলকিং ব্যবস্থার উন্নয়নের মাধ্যমে রেলওয়ের অপারেশনাল সুবিধাদি বৃদ্ধি করা।	খ) রেলওয়ের লাইন ক্যাপাসিটি বৃদ্ধি পেয়েছে ও ট্রেন চলাচলের গতি গড়ে ৩৮ কি:মি: হতে বৃদ্ধি য়েয়ে ৬৫ কি:মি: এ উন্নীত হয়েছে।
গ) উক্ত লাইনে ট্রেন দূর্ঘটনা হ্রাস করা।	গ) উক্ত লাইনে ট্রেন চলাচলের দূর্ঘটনা হ্রাস পেয়েছে।
ঘ) ট্রেনে নিরাপদ, দ্রুতগতির ও আরামদায়ক ভ্রমণ নিশ্চিত করা।	ঘ) ট্রেন চলাচল পূর্বের তুলনায় আরও নিরাপদ, আরামদায়ক ও দ্রুতগতির হয়েছে।

১৬। **উদ্দেশ্য অর্জিত না হয়ে থাকলে তার কারণঃ** প্রযোজ্য নয়।

১৭। **প্রকল্প বাস্তবায়ন সমস্যাঃ** প্রযোজ্য নয়।

১৮। **External Audit:** পিসিআরে ২০১১-১২ হতে ২০১৬-১৭ অর্থ বছরের সম্পাদিত External Audit সংক্রান্ত তথ্যাদি প্রদান করা হয়েছে, যা FADAD কর্তৃক করা হয়েছে। তম্মধ্যে কয়েকটি অডিট আপত্তিসমূহ নিষ্পত্তি হয়েছে। অবশিষ্ট অডিট আপত্তি নিষ্পত্তির জন্য ব্যবস্থা গ্রহণ করা হয়েছে।

১৯। **<u>মতামত/সুপারিশঃ</u>**

১৯.১ মূল অনুমোদিত প্রকল্পের তুলনায় Cost Over Run হয়েছে ২৬০.৮১% ও Time Over Run হয়েছে ১০৬.৬৭%। ভবিষ্যতে অনুমোদিত ব্যয় ও মেয়াদের মধ্যে প্রকল্প সমাপ্তির লক্ষ্যে সচেষ্ট হতে হবে;

১৯.২ যথাযথভাবে সম্ভাব্যতা সমীক্ষা সম্পাদনপূর্বক ভবিষ্যতে প্রকল্পের ডিপিপি প্রণয়নসহ প্রকল্প বাস্তবায়নে সংস্থার সক্ষমতা ও দক্ষতা বৃদ্ধির জন্য ব্যবস্থা গ্রহণ করতে হবে;

১৯.৩ প্রয়োজনীয় জনবল পদায়নপূর্বক বন্ধ স্টেশনসমূহ চালু করতে হবে;

১৯.৪ প্রকল্পের বাজার অংশসহ বিভিন্ন অংশে ব্যালাস্টের ঘাটতি পরিলক্ষিত হয়েছে, যাতে যথাযথভাবে প্রদান করতে হবে;

১৯.৫ প্রকল্পের অনিষ্পন্ন অডিট আপত্তিসমূহ দ্রুত নিষ্পত্তি করতে হবে;

১৯.৬ দুটি রেললাইনের মাঝে অনেক জায়গায় পানি জমে থাকে বিধায় তা অপসারণসহ লাইনের পার্শ্বস্থ অংশ পরিস্কার-পরিচ্ছন্ন রাখতে হবে;

১৯.৭ উপর্যুক্ত ১৭.১ - ১৭.৬ অনুচ্ছেদের আলোকে গৃহীত ব্যবস্থা তথ্যাদি আগামী ১ (এক) মাসের মধ্যে আইএমইডিতে প্রেরণ করতে হবে।

জয়দেবপুর-ময়মনসিংহ-জামালপুর সেকশনে বিদ্যমান মিটারগেজ রেল লাইনের সমান্তরাল একটি ডুয়েলগেজ রেল লাইন নির্মাণের জন্য সম্ভাব্যতা সমীক্ষা শীর্ষক প্রকল্পের সমাপ্তি মূল্যায়ন প্রতিবেদন

(সমাপ্ত: ডিসেম্বর, ২০১৮)

১.০	প্রকল্পের নাম	:	জয়দেবপুর-ময়মনসিংহ-জামালপুর সেকশনে বিদ্যমান মিটারগেজ রেল লাইনের সমান্তরাল একটি ডুয়েলগেজ রেল লাইন নির্মাণের জন্য সম্ভাব্যতা সমীক্ষা
২.০	বাস্তবায়নকারী সংস্থা	:	বাংলাদেশ রেলওয়ে
৩.০	প্রশাসনিক মন্ত্রণালয়	:	রেলপথ মন্ত্রণালয়
৪.০	প্রশাসনিক বিভাগ	:	রেলপথ মন্ত্রণালয়
৫.০	অর্থায়নের উৎস	:	জিওবি
৬.০	উন্নয়ন সহযোগী	:	--
৭.০	পরিকল্পনা কমিশনের সেক্টর বিভাগ	:	পরিবহন, ভৌত অবকাঠামো বিভাগ।
৮.০	বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ	:	পরিবীক্ষণ ও মূল্যায়ন সেক্টর-২
৯.০	প্রকল্প এলাকা	:	গাজীপুর, ময়মনসিংহ, জামালপুর

১০.০ প্রকল্পের বাস্তবায়ন সময় ও ব্যয়: (লক্ষ টাকায়)

প্রাক্কলিত ব্যয় (প্রঃসাঃ)		প্রকৃত ব্যয়	পরিকল্পিত বাস্তবায়নকাল		প্রকৃত বাস্তবায়নকাল	অতিরিক্ত ব্যয় (মূল প্রাক্কলিত ব্যয়ের %)	অতিক্রান্ত সময় (মূল বাস্তবায়নকালের %)
মূল জিওবি প্রকল্প সাহায্য	সর্বশেষ সংশোধিত (২য় বার)		মূল	সর্বশেষ সংশোধিত			
১	২	৩	৪	৫	৬	৭	৮
৯০৮.৬৬ - -	-	৮৫৮.২৩	নভেম্বর, ২০১৭ হতে আগস্ট, ২০১৮	নভেম্বর, ২০১৭ হতে ডিসেম্বর, ২০১৮	নভেম্বর, ২০১৭ হতে ডিসেম্বর, ২০১৮	-৫০.৪৩ (-৫.৫৫%)	০৪ মাস (৪০%)

** পিসিআর অনুযায়ী প্রকল্পের ব্যয় ৫.৫৫% কম হয়েছে। তবে মূল প্রকল্পের চেয়ে প্রকল্পের মেয়াদ ০৪ মাস অর্থাৎ ৪০% বৃদ্ধি পেয়েছে।

১১.০ প্রকল্পের সাধারণ তথ্যাদিঃ

প্রকল্পের পটভুমিঃ জয়দেবপুর-ময়মনসিংহ-জামালপুর সেকশন বাংলাদেশ রেলওয়ের গুরুত্বপূর্ণ ট্রেন যোগাযোগের করিডোর। এই সেকশনটির দৈর্ঘ্য ১৪৩ কি: মি:। উক্ত সেকশন দিয়ে বর্তমানে প্রতিদিন পাঁচ জোড়া আন্ত:নগর ট্রেন, কমিউটারসহ পাঁচ জোড়া মেইল ট্রেন ও এক জোড়া ডেমু ট্রেন ঢাকা হতে চলাচল করে। চাহিদা অনুসারে উক্ত চলাচলকৃত ট্রেনের সংখ্যা কম। এছাড়া মালবাহী ট্রেনের মাধ্যমে উক্ত সেকশন দিয়ে প্রতিনিয়ত সার, খাদ্য, জ্বালানী ও অন্যান্য মালামাল পরিবহন করা হয়ে থাকে। বিদ্যমান লাইনটি মিটারগেজ সিঙ্গেল লাইন হওয়ায় দ্রুত ও নিরবচ্ছিন্নভাবে ট্রেনগুলো চলাচল করতে পারে না। এ প্রেক্ষিতে জয়দেবপুর-ময়মনসিংহ-জামালপুর সেকশনে বিদ্যমান রেললাইনের সমান্তরাল একটি ডুয়েল গেজ রেললাইন নির্মাণের জন্য সম্ভাব্যতা সমীক্ষা ও বিশদ ডিজাইন করার জন্য বিবেচ্য সমীক্ষা প্রকল্পটি গ্রহণ করা হয়। জয়দেবপুর-ময়মনসিংহ-জামালপুর সেকশনে বিদ্যমান মিটার গেজ রেললাইনের সমান্তরাল একটি ডুয়েল গেজ রেললাইন নির্মাণের জন্য সম্ভাব্যতা সমীক্ষা প্রকল্পটি

মাননীয় পরিকল্পনা মন্ত্রী কর্তৃক গত ২২/১১/২০১৭ তারিখে ৯.০৮৬৬ কোটি টাকা প্রাক্কলিত ব্যয়ে নভেম্বর, ২০১৭ হতে আগস্ট, ২০১৮ পর্যন্ত অনুমোদিত হয়। পরবর্তীতে প্রকল্পটি নভেম্বর, ২০১৭ হতে ডিসেম্বর, ২০১৮ পর্যন্ত মেয়াদ বৃদ্ধি করা হয়।

১২.০ উদ্দেশ্য:

- প্রস্তাবিত রেল সংযোগের জন্য সম্ভাব্যতা সমীক্ষা;
- প্রস্তাবিত রেললিংক সংযোগে সম্ভাব্য এলাইনমেন্ট নির্মাণ;
- সার্ভেসহ নক্সা প্রণয়ন এর উপর ভিত্তি করে ব্যয় প্রাক্কলন প্রণয়ন;
- প্রকল্পটি অর্থনৈতিক, সামাজিক, পরিবেশগত এবং টেকনোলজিগতভাবে গ্রহণযোগ্য করে গড়ে তোলার ব্যবস্থাপনা পরিকল্পনা প্রস্তুত; এবং
- প্রজেক্ট কার্যক্রমে ডিজাইন সংক্রান্ত সাপোর্ট প্রদান।

১৩.০ প্রকল্পের প্রধান প্রধান কার্যক্রম :

- পরামর্শক সেবা ১৩১ জনমাস;
- আইটি ভ্যাট এবং
- অফিস ইক্যুপমেন্ট

১৪.০ প্রকল্পের অঙ্গভিত্তিক বাস্তবায়ন (পিসিআর এর ভিত্তিতে) (লক্ষ টাকায়):

অনুমোদিত অংগের নাম	একক	আরডিপিপি অনুযায়ী পরিকল্পিত লক্ষ্যমাত্রা		প্রকৃত অগ্রগতি	
		বাস্তব	আর্থিক	বাস্তব (%)	আর্থিক (%)
ক) রাজস্ব ব্যয়					
পরামর্শক সেবা (আইটি ভ্যাটসহ)	২৬ জন, ১৩১ জনমাস		৭০৬.৭০		৬৭৬.৭৬ (৯৫.৭৬(%
অফিস স্টেশনারী	থোক		২.০০		-
ভাতাদি	থোক		২.০০		০.১৮ (৯(%
বিজ্ঞাপন	থোক		২.০০		-
আইটি ভ্যাট	থোক		১৯০.৮১		১৮১.২৮ (৯৫(%
উপ-মোট: রাজস্ব			৯০৩.৫১		
খ) মূলধন					
অফিস ইক্যুপমেন্ট	থোক		৫.১৫	-	-
উপমোট: মূলধন			৫.১৫	-	-
সর্বমোট (রাজস্ব ব্যয়+মূলধন)			৯০৮.৬৬		৮৫৮.২২ (৯৪(%

বর্ণিত তথ্য বিশ্লেষণে দেখা যায়- অনুমোদিত অঙ্গভিত্তিক লক্ষ্যমাত্রার বিপরীতে প্রকৃত ব্যয় কম হয়েছে। কারণ অফিস স্টেশনারী, বিজ্ঞাপন ও অফিস ইক্যুমেন্ট খাতে বরাদ্দকৃত অর্থ ব্যয় করার প্রয়োজন হয়নি। এছাড়া, পরামর্শক সেবা খাতের বরাদ্দের চেয়ে ২৯.৯৪ লক্ষ টাকা কম ব্যয় হয়েছে। ফলে প্রকল্পে ৯০৮.৬৬ লক্ষ টাকার বিপরীতে ৮৫৮.২৩ লক্ষ টাকা ব্যয় এবং ৫০.৪৩ লক্ষ টাকা অব্যয়িত রয়েছে।

১৫.০ কাজ অসমাপ্ত থাকলে তার কারণঃ সকল অংগের কাজ সম্পাদন করা হয়েছে বলে জানা যায়।

১৬.০ প্রকল্প পরিচালক সংক্রান্ত তথ্যাদিঃ

ক্রমিক নং	প্রকল্প পরিচালকের নাম ও পদবী	দায়িত্বের ধরণ		কর্মকাল	
		পূর্ণকালীন	অতিরিক্ত	যোগদান	বদলী
১	২	৩	৪	৫	
০১।	মো: আরিফুজ্জামান প্রধান প্রকৌশলী (পূর্ব)	--	অতিরিক্ত দায়িত্ব	০১.১১.২০১৭	২৬.১২.২০১৭
০২।	মোঃ মনিরুল ইসলাম ফিরোজী পরিচালক (প্রকৌশল) বাংলাদেশ রেলওয়ে, রেলভবন, ঢাকা	--	অতিরিক্ত দায়িত্ব	২৭.১২.২০১৭	৩১.১২.২০১৮

১৭। **আর্থিক পরিকল্পনা ও বাস্তবায়ন সংক্রান্ত: বছরভিত্তিক আরএডিপিপি'র সংস্থানের বিপরীতে সংশোধিত এডিপি বরাদ্দ, অর্থ ব্যয় ও অব্যয়িত অর্থ সমর্পণ সংক্রান্ত তথ্যাদি নিম্নরূপ (লক্ষ টাকায়):**

অর্থবছর	**সর্বশেষ সংশোধিত আরডিপিপি অনুযায়ী আর্থিক সংস্থান**				**অর্থ ছাড়**	**প্রকৃত ব্যয়**			
	মোট	**টাকা**	**প্রঃ সাঃ**	**বাস্তব** (%)		**মোট**	**টাকা**	**প্রঃ সাঃ**	**বাস্তব** (%)
১	**২**	**৩**	**৪**	**৫**	**৬**	**৭**	**৮**	**৯**	**১০**
২০১৭-১৮	১৬০.০০	১৬০.০০	-	১৭.০০%	১৬০.০০	১৬০.০০	১৬০.০০	-	২৬.২০%
২০১৮-১৯	৭৪১.০০	৭৪১.০০	-	৮৩.০০%	৭৩৫.০০	৬৯৮.২২	৬৯৮.২২	-	৭৩.৮০%
মোট:	৯০১.০০	৯০১.০০	-	১০০%	৮৯৫.০০	৮৫৮.২২	৮৫৮.২২	-	১০০%

বর্ণিত তথ্য বিশ্লেষণে দেখা যায় - ২০১৭-১৮ ও ২০১৮-১৯ অর্থবছরে সর্বশেষ সংশোধিত ডিপিপি অনুযায়ী প্রকল্পের অনুকূলে মোট বরাদ্দ রয়েছে ৯০১.০০ লক্ষ টাকা (সম্পূর্ণ জিওবি) ও অর্থছাড় হয়েছে ৮৯৫.০০ লক্ষ টাকা। ছাড়কৃত ৮৯৫.০০ লক্ষ টাকার মধ্যে ব্যয় হয়েছে ৮৫৮.২৩ লক্ষ টাকা এবং অব্যয়িত রয়েছে ৩৬.৭৭ লক্ষ টাকা।

১৮। **প্রকল্পের প্রধান প্রধান অংগের বাস্তবায়ন অবস্থা (পিসিআর এর তথ্য অনুযায়ী):**

১৮.১ **পরামর্শক সেবা:** অনুমোদিত ডিপিপি'তে ২৬ জন, ১৩১ জনমাস **পরামর্শক সেবা বাবদ** ৭০৬.৭০ লক্ষ টাকার সংস্থান ছিল। পিসিআর অনুযায়ী ৬৭৬.৭৬ লক্ষ টাকা ব্যয় করা হয়েছে এবং ২৯.৯৪ লক্ষ টাকা অব্যয়িত রয়েছে। পরামর্শক প্রতিষ্ঠান বিল-ভাউচার সাপেক্ষে রি-ইমবারসিবল বাবদ সকল অর্থ গ্রহণ করতে না পারায় ২৯.৯৪ (উনত্রিশ হাজার চুরানব্বই) টাকা উদ্বৃত্ত থেকে যায় বলে জানা যায়। এ খাতে আর্থিক অগ্রগতি ৯৫.৭৬%ও বাস্তব অগ্রগতি ১০০%। পরামর্শক প্রতিষ্ঠান চূড়ান্ত প্রতিবেদন দাখিল করেছে। প্রতিবেদনের উপসংহারে বলা হয়েছে প্রকল্পটি গ্রহণে আর্থিকভাব অনুমোদন এবং অর্থনৈতিকভাবে গ্রহণযোগ্য হবে। তবে সময়মত ভূমি অধিগ্রহণ, রিসেটেলমেন্ট কাজগুলো করা হলে ৪ বছরে প্রস্তাবিত প্রকল্পটি বাস্তবায়ন করা সম্ভব হবে। নির্বাহী সার-সংক্ষেপে, প্রকল্পটি গ্রহণের বিষয়ে প্রকল্প মেয়াদকাল উল্লেখ করা হয়েছে ২০১৯-২০২৩ পর্যন্ত এবং সম্ভাব্য ব্যয় ১২৩২৯.২৪ কোটি টাকা। পরামর্শক প্রতিষ্ঠান কর্তৃক দাখিলকৃত চূড়ান্ত প্রতিবেদনের ভিত্তিতে "জয়দেবপুর-ময়মনসিংহ-জামালপুর সেকশনে বিদ্যমান মিটারগেজ রেল লাইনের সমান্তরাল একটি ডুয়েলগেজ রেল লাইন নির্মাণ" শীর্ষক প্রকল্প গ্রহণ করা হয়েছে যা চীন সরকারের জিটুজি এর মাধ্যমে বাস্তবায়নের বিষয়ে নেগোসিয়েশন কার্যক্রম চলমান রয়েছে।

১৮.২ **অফিস স্টেশনারী,বিজ্ঞাপন এবং অফিস ইক্যুইপমেন্ট:** প্রয়োজন না হওয়ায় অফিস স্টেশনারী, বিজ্ঞাপন এবং অফিস ইক্যুইপমেন্ট খাতে বরাদ্দ থাকা সত্বেও কোন অর্থ ব্যয় হয়নি।

১৮.৩ **ভাতাদি:** অনুমোদিত ডিপিপি'তে ভাতাদি বাবদ ২.০০ লক্ষ টাকার সংস্থান ছিল। পিসিআর অনুযায়ী ০.১৮ লক্ষ টাকা ব্যয় করা হয়েছে এবং ১.৮২ লক্ষ টাকা অব্যয়িত রয়েছে। এ খাতে আর্থিক অগ্রগতি ৯% ও বাস্তব অগ্রগতি ১২%।

১৮.৫ **আইটি ও ভ্যাট:** অনুমোদিত ডিপিপি'তে আইটি ও ভ্যাট বাবদ ১৯০.৮১ লক্ষ টাকার সংস্থান ছিল। পিসিআর অনুযায়ী ১৮১.২৮ লক্ষ টাকা ব্যয় করা হয়েছে এবং ৯.৫৩ লক্ষ টাকা অব্যয়িত রয়েছে। এ খাতে আর্থিক অগ্রগতি ৯৫% এবং বাস্তব অগ্রগতি ১০০%।

১৯.০ **প্রকল্পের উদ্দেশ্য অর্জন:**

পরিকল্পিত উদ্দেশ্য	উদ্দেশ্য অর্জন
➢ প্রস্তাবিত রেল সংযোগের জন্য সম্ভাব্যতা সমীক্ষা;	➢ প্রস্তাবিত রেল সংযোগের জন্য সম্ভাব্যতা সমীক্ষা কার্যক্রম সম্পন্ন হয়েছে;
➢ প্রস্তাবিত রেললিংক সংযোগে সম্ভাব্য এলাইনমেন্ট নির্মাণ;	➢ প্রস্তাবিত রেললিংক সংযোগে এলাইনমেন্ট নির্মিত হয়েছে;
➢ সার্ভেসহ নক্সা প্রনয়ণ এর উপর ভিত্তি করে ব্যয় প্রাক্কলন প্রনয়ন;	➢ সার্ভেসহ নক্সা প্রনয়ণ এর উপর ভিত্তি করে ব্যয় প্রাক্কলন প্রনয়ন করা হয়েছে;
➢ প্রকল্পটি অর্থনৈতিক, সামাজিক, পরিবেশগত এবং টেকনোলজিগতভাবে গ্রহণযোগ্য করে গড়ে তোলার ব্যবস্থাপনা পরিকল্পনা প্রস্তুত;	➢ প্রকল্পটি অর্থনৈতিক, সামাজিক, পরিবেশগত এবং টেকনোলজিগতভাবে গ্রহণযোগ্য করে গড়ে তোলার ব্যবস্থাপনা পরিকল্পনা প্রস্তুত করা হয়েছে;
➢ প্রাথমিক ডিজাইনের ভিত্তিতে ব্যয় প্রাক্কলন।	➢ প্রাথমিক ডিজাইনের ভিত্তিতে ব্যয় প্রাক্কলন করা হয়েছে।

২০.০ উদ্দেশ্য পুরোপুরি অর্জিত না হয়ে থাকলে তার কারণ: উদ্দেশ্যে পুরোপুরি অর্জিত হয়েছে বলে জানা যায়।

২১.০ **প্রকল্প পরিদর্শন ও প্রকল্প অনুমোদন সংক্রান্ত তথ্য:** গত ০৪/১০/২০২১ তারিখে আইএমইডি'র উপপরিচালক (উপসচিব) মোঃ সিদ্দিকুর রহমান কর্তৃক প্রকল্পটি সরেজমিন পরিদর্শন করা হয়। পরিদর্শনকালে প্রকল্প সংশ্লিষ্ট নির্বাহী প্রকৌশলী, পরামর্শক প্রতিষ্ঠানের যুগ্ম-পরিচালক ও বাংলাদেশ রেলওয়ের বিভিন্ন কর্মচারী উপস্থিত ছিলেন। সরেজমিন পরিদর্শন ও পিসিআর এ প্রদত্ত তথ্যের আলোকে সার্বিক পর্যবেক্ষন নিম্নরূপ:

২২.০ সার্বিক পর্যবেক্ষণঃ

২২.১ প্রকল্পের অনুকূলে ২০১৭-১৮ ও ২০১৮-১৯ অর্থবছরে ৯০১.০০ লক্ষ টাকা বরাদ্দ প্রদান করা হয়েছে। উক্ত বরাদ্দের মধ্যে ৮৫৮.২৩ লক্ষ টাকা ব্যয় হয় এবং ৩৬.৭৭ লক্ষ টাকা অব্যয়িত থাকে। ২০১৮-১৯ অর্থবছরে প্রকল্প পরিচালক প্রধান পরিকল্পনা কর্মকর্তা, পরিকল্পনা কোষ, বাংলাদেশ রেলওয়ে বরাবর উক্ত অর্থ যোজন-বিয়োজন করে ৪২.৭৭ লক্ষ টাকা সমর্পণ করার প্রস্তাব প্রেরণ করে (সংযুক্তি-১)। পিসিআর অনুযায়ী অব্যয়িত অর্থের পরিমাণ ৩৬.৭৭ লক্ষ টাকা কিন্তু মহাপরিচালক, সংগ্রহ শাখা, বাংলাদেশ রেলওয়ে থেকে প্রধান পরিকল্পনা কর্মকর্তা বরাবর পত্রের মাধ্যমে অব্যয়িত অর্থ সমর্পণ করার প্রস্তাব করা হয়েছে ৪২.৭৭ লক্ষ টাকা। এখানে ৬.০০ লক্ষ টাকার গরমিল রয়েছে। এ বিষয়ে সংশ্লিষ্ট মন্ত্রণালয়ের মতামত জানা প্রয়োজন।

২২.২ এসডি-১ এর আওতায় Infrastructure Investment Facilitation Company (IIFC) পরমার্শক প্রতিষ্ঠান হিসেবে নির্বাচিত হয়। চুক্তি অনুযায়ী পরামর্শক প্রতিষ্ঠান কর্তৃক ৩০/০৯/২০১৮ তারিখে Feasibility Study Report এর ফাইনাল কপি জমা দেয়ার তারিখ নির্ধারিত থাকলেও ২০/১০/২০১৮ তারিখে পরামর্শক প্রতিষ্ঠান পরিচালক (ইঞ্জিনিয়ার),

বাংলাদেশ রেলওয়ে বরাবর ফাইনাল কপি দাখিল করে (সংযুক্তি-২)। চুক্তি অনুযায়ী ১৯ (উনিশ) দিন পর চূড়ান্ত স্টাডি রিপোর্ট পাওয়া যায়। এক্ষেত্রে চুক্তির মেয়াদ বৃদ্ধি করা হয়েছে কিনা জানা যায় নি। বিষয়টি সংশ্লিষ্ট মন্ত্রণালয় কর্তৃক খতিয়ে দেখা প্রয়োজন। উল্লেখ্য, মহাপরিচালক, বাংলাদেশ রেলওয়ের কার্যালয় থেকে সচিব, রেলপথ মন্ত্রণালয়ে Main Report, Detail Topography,Survey Report, Soil Investigation, IEE-EIA-EMP Report, Resettlement Action Plan and Drawings ১১/০৪/২০১৯ তারিখে প্রেরণ করা হয়। এ ক্ষেত্রেও রিপোর্ট প্রাপ্তিতে বিলম্ব হয়েছে।

২২.৩ **অডিট সংক্রান্ত:** প্রকল্পের আওতায় অডিট কার্যক্রম সম্পন্ন হয়নি বলে জানা যায়। মহাপরিচালক, রেলওয়ে অডিট অধিদপ্তর হতে গত ১৭/১০/২০১৮ তারিখে ২০১৮-১৯ অর্থবছরে অডিট কার্যসম্পাদনের জন্য তথ্য সরবরাহের অনুরোধ জানিয়ে প্রকল্প পরিচালক বরাবর পত্র প্রেরণ করা হয়েছে (সংযুক্তি-৩) । উক্ত পত্রের প্রেক্ষিতে প্রকল্প অফিস হতে তথ্য সরবরাহ করা হয়। কিন্তু সরবরাহকৃত তথ্যের প্রেক্ষিতে অডিট অধিদপ্তর হতে টিম এসে অডিট কার্য সম্পাদন করে নি বলে পরিদর্শনকালে জানা যায়।

২২.৪ পরামর্শক প্রতিষ্ঠান কর্তৃক দাখিলকৃত চূড়ান্ত প্রতিবেদনের ভিত্তিতে "জয়দেবপুর-ময়মনসিংহ-জামালপুর সেকশনে বিদ্যমান মিটারগেজ রেল লাইনের সমান্তরাল একটি ডুয়েলগেজ রেল লাইন নির্মাণ" শীর্ষক প্রকল্প গ্রহণ করা হয়েছে যা চীন সরকারের সাথে জিটুজি এর মাধ্যমে বাস্তবায়নের বিষয়ে নেগোসিয়েশন কার্যক্রম চলমান রয়েছে। রেলপথ মন্ত্রণালয় নেগোসিয়েশনের কার্যক্রম চূড়ান্ত করে প্রকল্পটি বাস্তবায়নের জন্য কার্যক্রম গ্রহণ করবে।

২৩.০ **মতামত/সুপারিশ:**

২৩.১ প্রকল্পের পিসিআর অনুযায়ী অব্যয়িত অর্থের পরিমাণ ৩৬.৭৭ লক্ষ টাকা হলেও অব্যয়িত অর্থ সমর্পণ করার প্রস্তাব করা হয়েছে ৪২.৭৭ লক্ষ টাকা। বর্ণিত প্রকল্পে ৬.০০ লক্ষ টাকার গরমিলের বিষয়ে সংশ্লিষ্ট মন্ত্রণালয়ের যথাযথ ব্যখ্যা আইএমইডি'তে প্রেরণ করতে হবে (অনুচ্ছেদ-২২.১ দ্রষ্টব্য);

২৩.২ চুক্তি অনুযায়ী পরমার্শক প্রতিষ্ঠান কর্তৃক গত ৩০/০৯/২০১৮ তারিখে Feasibility Study Report এর ফাইনাল কপি জমা দেয়ার তারিখ নির্ধারিত থাকলেও ২০/১০/২০১৮ তারিখে পরিচালক (ইঞ্জিনিয়ার), বাংলাদেশ রেলওয়ে বরাবর ফাইনাল কপি জমা প্রদান করা হয়েছে। এক্ষেত্রে চুক্তির মেয়াদ বৃদ্ধি করা হয়েছে কিনা বিষয়টি রেলপথ মন্ত্রণালয় খতিয়ে দেখবে (অনুচ্ছেদ-২২.২ দ্রষ্টব্য);

২৩.৩ প্রকল্পটির অদ্যাবধি অডিট কার্য সম্পাদন হয়নি। অডিট সম্পাদনের বিষয়ে রেলপথ মন্ত্রণালয় ও বাংলাদেশ রেলওয়েকে কার্যকরী পদক্ষেপ গ্রহণ করতে হবে (অনুচ্ছেদ-২২.৩ দ্রষ্টব্য);

২৩.৪ উপর্যুক্ত মতামত/সুপারিশ ২৩.১ হতে ২৩.৩ এর আলোকে গৃহীত ব্যবস্থা সম্পর্কে আগামী ০১ মাসের মধ্যে আইএমইডি'কে অবহিত করতে হবে।

পাঁচুরিয়া-ফরিদপুর-ভাঙ্গা রেলপথ পুনর্বাসন ও নির্মাণ প্রকল্প (২য় সংশোধিত) শীর্ষক প্রকল্পের সমাপ্ত মূল্যায়ন প্রতিবেদন

(সমাপ্তঃ জুন, ২০১৯)

১। প্রকল্পের নাম : পাঁচুরিয়া-ফরিদপুর-ভাঙ্গা রেলপথ পুনর্বাসন ও নির্মাণ প্রকল্প (২য় সংশোধিত)

২। প্রকল্প পরিদর্শনকারী কর্মকর্তার নাম : মো: কামাল হোসেন, সহকারী পরিচালক

৩। প্রকল্প পরিদর্শনের তারিখ : ২৬/০৮/২০২১ খ্রি: তারিখ।

৪। প্রকল্পের অবস্থান : ঢাকা বিভাগের রাজবাড়ি ও ফরিদপুর জেলা।

৫। বাস্তবায়নকারী সংস্থা : বাংলাদেশ রেলওয়ে ।

৬। উদ্যোগী মন্ত্রণালয়/বিভাগ : রেলপথ মন্ত্রণালয়।

৭। প্রকল্পের বাস্তবায়ন সময় ও ব্যয়

(লক্ষ টাকায়)

প্রাক্কলিত ব্যয় (প্রঃসাঃ)		প্রকৃত ব্যয়	পরিকল্পিত বাস্তবায়নকাল		প্রকৃত বাস্তবায়নকাল	অতিরিক্ত ব্যয় (মূল প্রাক্কলিত ব্যয়ের%)	অতিক্রান্ত সময় (মূল বাস্তবায়নকালের %)
মূল	সর্বশেষ সংশোধিত (২য় বার)		মূল	সর্বশেষ সংশোধিত			
১	২	৩	৪	৫	৬	৭	৮
২৬৭৪৭.৩৪	৩৪৭৩১.৪৫	৩৩৮৯৯.৮৮	জুলাই, ২০১০ হতে জুন, ২০১৩	জুলাই, ২০১০ হতে জুন, ২০১৯	জুলাই, ২০১০ হতে জুন, ২০১৯	৭১৫২.৫৪ (২৬.৭৪%)	৬ বছর (২০০%)

০৮। প্রকল্পের অঙ্গভিত্তিক বাস্তবায়ন (পিসিআর এর ভিত্তিতে) :

(লক্ষ টাকায়)

অনুমোদিত অংগের নাম	**একক**	**আরডিপিপি অনুযায়ী পরিকল্পিত লক্ষ্যমাত্রা**		**প্রকৃত অগ্রগতি**	
		বাস্তব	**আর্থিক**	**বাস্তব (%)**	**আর্থিক (%)**
১	**২**	**৩**	**৪**	**৫**	**৬**
ক) রাজস্ব ব্যয়					
বিজ্ঞাপন ব্যয়	--		১২.০০		৯.৬৯
তেল	--		২.০০		০.০০
অফিস স্টেশনারিজ এবং টেন্ডার ওপেনিং কমিটি ও টেন্ডার মূল্যায়ন কমিটির সম্মানি ব্যয়	--		৪.০০		১.৯৯
যানবাহন রক্ষণাবেক্ষণ ব্যয়	--		২.০০		০.০০
উপ-মোট			২০.০০		১১.৬৮
খ) মূল উপাদান					
অফিস সরঞ্জাম	--		৭.৪৩		৫.৯১
অফিস আসবাবপত্র এবং স্টেশন আসবাবপত্র	--		৩৮.০০		৩৭.৮২
পরিবহন বাবদ	--		৪.৪০		৪.৩৯

অনুমোদিত অংগের নাম	একক	আরডিপিপি অনুযায়ী পরিকল্পিত লক্ষ্যমাত্রা		প্রকৃত অগ্রগতি	
		বাস্তব	আর্থিক	বাস্তব (%)	আর্থিক (%)
১	২	৩	৪	৫	৬
পি. ওয়ের ছোট যন্ত্রপাতি এবং গাছপালা	--		৪০.০০		৩৯.৭৮
ট্রাক ওয়ার্কস-পাঁচুরিয়া-ফরিদপুর ভাঙ্গা সেকশন	--		২৭২৪১.০৩		২৬৯৩৫.৯০
ট্রাক ওয়ার্কস – মাটির কাজসহ ব্যাংক প্রোটেকশন ওয়াল	--		২৩৮.৯২		২১৭.২০
ব্রিজ ওয়ার্কস	--		৪৫৭৮.১৬	১০০%	৪৫৭৮.১৬
ব্রিজ নম্বর ১১১ আর এর পথওয়ে	--		১৫০.০০		১৪৭.৯৫
ভাঙ্গা স্টেশন এপ্রোচ রোড আরসিসি ব্রিজ	--		৪০.০০		৩১.৪১
অন্যান্য নির্মাণ কাজ ১০টি স্টেশনের স্টেশন বিল্ডিং, প্লাটফরম, এপ্রোচ রোড নির্মাণ কাজ	--		৭৭০.৪৭		৬৬৭.৪০
অন্যান্য নির্মাণ কাজ-ফরিদপুর স্টেশনের দুই তলা স্টেশন বিল্ডিং, এপ্রোচরোড, কার পারকিং এরিয়া ও ফ্রেসিং নির্মাণ কাজ	--		৪১১.৯৬		৩৮৭.৪০
অন্যান্য নির্মাণ কাজ-ফরিদপুর এবং ভাঙ্গা স্টেশনে পানি সরবরাহের ব্যবস্থাসহ ওয়াটার হাইড্রেন্টের লাইন	--		২৫.০০		২০.৭০
অন্যান্য নির্মাণ কাজ-স্টেশন বিল্ডিংগুলিতে সৌর বিদ্যুৎ সিস্টেম	--		১৬.১৩		১১.১০
সিগ্নালিং ওয়ার্কস	--		৩২৮.০৩		২৮৬.৭৫
টেলিযোগাযোগ কাজ	--		৮২১.৯২		৫১৬.৩৩
উপ মোট (মূল উপাদান)	--		৩৪৭১১.৪৫		৩৩৮৮৮.২০
সর্বমোট (রাজস্ব ব্যয়+মূল উপাদান)	--		৩৪৭৩১.৪৫		৩৩৮৯৯.৮৮

০৯। কাজ অসমাপ্ত থাকলে তার কারণঃ প্যাকেজ WD-12 এর আওতায় অন্যান্য নির্মাণ কাজ-স্টেশন বিল্ডিংগুলিতে সৌর বিদ্যুৎ সিস্টেম অংগের বিপরীতে ১৬.১৩ লক্ষ টাকার সংস্থান থাকলেও ১১.১০ লক্ষ টাকা ব্যয় করা হয়েছে। কিন্তু সৌর বিদ্যুৎ স্থাপন করা হয়নি। অনুমোদিত অংগসমূহের টাকা অব্যয়িত থাকলেও কাজ করা হয়েছে। বাস্তবতার নিরিখে প্রয়োজন না হওয়ায় বিভিন্ন অংগের অর্থ অব্যয়িত রয়েছে মর্মে প্রকল্প পরিচালক জানান।

১০। প্রকল্পের পটভুমিঃ

পোড়াদহ গোয়ালন্দ রেলওয়ের মেইন লাইন হতে পাঁচুরিয়া-ফরিদপুর শাখা লাইন নির্মাণ কাজ ১৯৩৬ সালে সমাপ্তির পর সেকশনটি চালু করা হয়। ১৯৯৮ সাল পর্যন্ত এ লাইনটি চালু থাকে। তহবিল সংকটের কারণে এ সেকশনটি যথাযথভাবে রক্ষণাবেক্ষণ করা সম্ভব হয়নি। তাই সেকশনটি ব্যবহারের অনুপযোগী হয়ে পড়ে। ফলশ্রুতিতে মালামাল ও যাত্রী পরিবহনের দিক থেকে যথেষ্ট সম্ভাবনাময় হওয়া সত্ত্বেও এ সেকশনটি বন্ধ হয়ে যায়।পরবর্তীতে পাঁচুরিয়া-ফরিদপুর-ভাঙ্গা রেলপথ পুনর্বাসন ও নির্মাণের লক্ষ্যে গত ১৭/০৮/২০১০তারিখে জুলাই, ২০১০ হতে জুন, ২০১৩ বাস্তবায়ন মেয়াদে ২৬৭৪৭.৩৪ লক্ষ টাকা প্রাক্কলিত ব্যয়ে একনেক কর্তৃক অনুমোদিত হয়। পরবর্তী সময়ে সর্বনিম্ন দরদাতা প্রতিষ্ঠান কর্তৃক পাঁচুরিয়া-ফরিদপুর সেকশনে এবং ফরিদপুর ভাঙ্গা সেকশনে ট্র্যাক ওয়ার্কসের বিভিন্ন আইটেমের পরিবর্তন ও ব্যয় বৃদ্ধি, অন্যান্য নির্মাণ খাত যেমন, ফাংশনাল ও আবাসিক ভবন নির্মাণ ও অন্যান্য নির্মাণ

কাজের পরিধি মূল অনুমোদিত ডিপিপি'র তুলনায় বৃদ্ধি পাওয়ায় প্রকল্পটি ১ম সংশোধন করা হয়। এ লক্ষ্যে প্রকল্পটি ১২/০৬/২০১৩ তারিখে মাননীয় পরিকল্পনা মন্ত্রী কর্তৃক ২৯২১৬.৩২ লক্ষ টাকা প্রাক্কলিত ব্যয়ে জুলাই, ২০১০ হতে জুন, ২০১৪ পর্যন্ত বাস্তবায়ন মেয়াদে ১ম সংশোধিত অনুমোদিত হয়। পরবর্তীতে চার দফায় জুন ২০১৭ পর্যন্ত প্রকল্পের মেয়াদ বৃদ্ধি করা হয়। সর্বশেষ প্রকল্পটি ৩৪৭৩১.৪৫ লক্ষ টাকা প্রাক্কলিত ব্যয়ে জুলাই, ২০১০ হতে জুন, ২০১৯ মেয়াদে ২য় সংশোধন করা হয়।

১১। প্রকল্পের উদ্দেশ্য:

- বাংলাদেশ রেলওয়ের পাঁচুরিয়া-ফরিদপুর-পুকুরিয়া বন্ধ সেকশনটি পুনর্বাসনের মাধ্যমে পুনঃচালুকরণ;
- পুকুরিয়া-ভাঙ্গা পর্যন্ত নতুন রেলপথ নির্মাণের মাধ্যমে পদ্মা রেল করিডোরে সংযোগ স্থাপন;
- মালামাল পরিবহন খরচ হ্রাস পাবে, যা অর্থনৈতিক প্রবৃদ্ধিতে গুরুত্বপূর্ণ ভুমিকা রাখবে;
- বাংলাদেশ রেলওয়ের পন্য পরিবহনে রাজস্ব আয় তথা মার্কেট শেয়ার বৃদ্ধি পাবে;
- ফরিদপুর পিকিং পাওয়ার প্ল্যান্টে জ্বালানী তেল সরবরাহ এবং
- পাওয়ার প্ল্যান্টের ভারী যন্ত্রপাতি ও মালামাল পরিবহন।

১২। প্রকল্প অনুমোদন এবং সংশোধনঃ

পাঁচুরিয়া-ফরিদপুর-ভাঙ্গা রেলপথ পুনর্বাসন ও নির্মাণের লক্ষ্যে গত ১৭/০৮/২০১০ তারিখে জুলাই, ২০১০ হতে জুন, ২০১৩ বাস্তবায়ন মেয়াদে ২৬৭৪৭.৩৪ লক্ষ টাকা প্রাক্কলিত ব্যয়ে একনেক কর্তৃক অনুমোদিত হয়। প্রকল্প পরিদর্শনে জানা যায়, পাঁচুরিয়া-ফরিদপুর সেকশনে এবং ফরিদপুর ভাঙ্গা সেকশনে ট্র্যাক ওয়ার্কসের বিভিন্ন আইটেমের মূল্য বৃদ্ধির কারণে মোট ব্যয় বৃদ্ধি, ব্রিজের কাঠামোগত পরিবর্তণ, বিভিন্ন আইটেমের পরিবর্তনসহ অন্যান্য নির্মাণ খাত যেমন, ফাংশনাল ও আবাসিক ভবন নির্মাণ ও অন্যান্য নির্মাণ কাজের পরিধি মূল অনুমোদিত ডিপিপি'র তুলনায় বৃদ্ধি পাওয়ায় প্রকল্পটি ১ম সংশোধন করা হয়। ১ম সংশোধিত প্রকল্পের ব্যয় মোট ২৯২.১৬ কোটি টাকা এবং বাস্তবায়ন মেয়াদ জুলাই, ২০১০ হতে জুন, ২০১৪ পর্যন্ত। পরবর্তী সময়ে চার দফায় জুন ২০১৭ পর্যন্ত প্রকল্পের ময়োদ বৃদ্ধি করা হয়। এক্ষণে ফরিদপুর-পুকুরিয়া অংশে ১১টি স্পট ধ্বসে যাওয়ায় ১.৭১৮ কি:মি: এমব্যাংকমেন্ট পুন:নির্মাণ করা এবং বুয়েট কর্তৃক মাটির গুণাগুণ পরীক্ষা করে এমব্যাংমেন্টের বিয়ারিং ক্যাপাসিটি বৃদ্ধির লক্ষ্যে মাটির সাথে ৩% সিমেন্ট মিশ্রিত করণের ব্যয় অন্তর্ভুক্ত করে প্রকল্পের ২য় সংশোধন প্রস্তাব করা হয়। ২য় সংশোধিত প্রস্তাবটির ব্যয় ৩৪৭.৩১ কোটি টাকা এবং বাস্তবায়ন মেয়াদ জুলাই, ২০১০ হতে জুন, ২০১৯ পর্যন্ত।

১৩। আর্থিক পরিকল্পনা ও বাস্তবায়ন সংক্রান্ত: বছরভিত্তিক আরএডিপিপি'র সংস্থানের বিপরীতে সংশোধিত এডিপি বরাদ্দ, অর্থ ব্যয় ও অব্যয়িত অর্থ সমর্পণ সংক্রান্ত তথ্যাদি নিম্নরূপ:

(লক্ষ টাকায়)

অর্থবছর	**সর্বশেষ সংশোধিত আরডিপিপি অনুযায়ী আর্থিক সংস্থান**				**অর্থ ছাড়**	**প্রকৃত ব্যয়**			
	মোট	**টাকা**	**প্রঃ সাঃ**	**বাস্তব** (%)		**মোট**	**টাকা**	**প্রঃ সাঃ**	**বাস্তব** (%)
১	**২**	**৩**	**৪**	**৫**	**৬**	**৭**	**৮**	**৯**	**১০**
২০১০-২০১১	৪৪০০.০০	৪৪০০.০০		**৩০%**	৪৪০০.০০	৪৩৯২.৬১	৪৩৯২.৬১		**১৪.৪৮ %**
২০১১-২০১২	৮৪০০.০০	৮৪০০.০০		**৬০%**	৮৪০০.০০	৮৩৯০.২১	৮৩৯০.২১		**২৯.২২ %**
২০১২-২০১৩	৫০৬০.০০	৫০৬০.০০		**৪১.০৫%**	৫০৬০.০০	৫০৫৬.৮৫	৫০৫৬.৮৫		**৮.৮৪%**
২০১৩-২০১৪	৫০০০.০০	৫০০০.০০		**৩২.২১%**	৫০০০.০০	৪৯৯৪.৯৬	৪৯৯৪.৯৬		**১০.৭৫ %**
২০১৪-২০১৫	৩৫০০.০০	৩৫০০.০০		**২১.৪৬%**	৩৫০০.০০	৩৪৯৮.৩৭	৩৪৯৮.৩৭		**১১.৬৫**

অর্থবছর	সর্বশেষ সংশোধিত আরডিপিপি অনুযায়ী আর্থিক সংস্থান				অর্থ ছাড়	প্রকৃত ব্যয়			
	মোট	টাকা	প্রঃ সাঃ	বাস্তব (%)		মোট	টাকা	প্রঃ সাঃ	বাস্তব (%)
১	২	৩	৪	৫	৬	৭	৮	৯	১০
									%
২০১৫-২০১৬	১৩০০.০০	১৩০০.০০		**৯.৮১%**	১৩০০.০০	১৩৭৪.৭০	১৩৭৪.৭০		**৫.০০%**
২০১৬-২০১৭	২১.০০	২১.০০		**৪.৮১%**	২১.০০	২০.১৪	২০.১৪		**০.০৬%**
২০১৭-২০১৮	১.০০	১.০০		**৪.৭৫%**	০.০০	০.০০	০.০০		**০.০০%**
২০১৮-২০১৯	৬৯৯০.০০	৬৯৯০.০০		**২০%**	৬৯৯০.০০	৬১৭২.০৪	৬১৭২.০৪		**২০.০০ %**
মোট:	**৩৪৬৭২.০০**	**৩৪৬৭২.০০**			**৩৪৬৭১.০০**	**৩৩৮৯৯.৮৮**	**৩৩৮৯৯.৮৮**		**১০০.০০ %**

১৪। পরিদর্শনের আলোকে পর্যবেক্ষণঃ

১৪.১ ফরিদপুর-পুকুরিয়া সেকশন মেইন লাইন ২৫.৮০ কি: মি: এবং লুপ লাইন ৪.৪৪ কি:মি: রেলপথ পুনর্বাসনঃ বাংলাদেশ রেলওয়ে কর্তৃক পাঁচুরিয়া-ফরিদপুর-ভাংগা রেলপথ পুনঃবাসন ও নির্মাণ প্রকল্পের আওতায় প্যাকেজ নং-ডাব্লুডি-১ এর আওতায় পাঁচুরিয়া থেকে ফরিদপুর পর্যন্ত ২৫.০৫২ কিঃমিঃ মেইন লাইন ও ৪.৭০ কিঃমিঃ লুপ লাইন নির্মাণ করা হয়েছে। পরিদর্শনকালীন সময়ে দেখা যায় যে, উক্ত প্রকল্পের আওতায় এমব্যাংমেন্ট পূনর্বাসন করা হয়েছে এবং N+5 ঘনত্বের পিএসসি স্লীপার দিয়ে রেলওয়ে ট্যাক নির্মাণ করা হয়েছে। পরিদর্শনকালে এ কাজের গুনগতমান পর্যালোচনা করা হয়।

১৪.২ পাঁচুরিয়া-ফরিদপুর সেকশনে মেইন লাইন ২৫.০৫২ কি: মি: এবং লুপ লাইন ৪.৭০ কি:মি: রেলপথ পুনর্বাসন ও পুকুরিয়া-ভাঙ্গা সেকশনে ৫.০০ কি:মি: নতুন রেলপথ নির্মাণঃ_প্যাকেজ নং-ডউ-২ এর আওতায় পাচুরিয়া থেকে ফরিদপুর পর্যন্ত ৩০-৮০ কিঃমিঃ মেইন লাইন ও ৪.৪৪ কিঃমিঃ লুপ লাইন নির্মাণ করা হয়েছে। এর মধ্যে ২৫.৮০ কিঃমিঃ পূনবাসন এবং পুকুরিয়া থেকে ভাঙ্গা সেকশনে ৫.০০ কিঃমিঃ নতুন ভাবে রেলপথ নির্মাণ করা হয়েছে মর্মে প্রকল্প পরিচালক জানান। উক্ত রেলপথ N+5 ঘনত্বের পিএসসি স্লীপার দিয়ে রেলওয়ে ট্যাক নির্মাণ করা হয়েছে। প্রকল্পের আওতায়পাচুরিয়া, খানখানাপুর, বসন্তপুর, আমিরাবাদ, অম্বিকাপুর, ফরিদপুর, ফরিদপুর কলেজ, বাখুন্ডা, তালমা, পুকুরিয়া, ভাঙ্গা মোট ১১টি স্টেশন বিল্ডিং নির্মাণ। তন্মধ্যে ২টি স্টেশন বিল্ডিং (ফরিদপুর ও ভাঙ্গা) নতুন নির্মাণ এবং অবশিষ্ট ৯টি স্টেশন বিল্ডিং সংস্কার ও পুন: নির্মাণ করা হয়েছে, তন্মধ্যে বর্ণিত স্থানসমূহ মটর ট্রলির মাধ্যমে ভাঙ্গা হতে ফরিদপুর ও আমিরাবাদ পর্যন্ত সরেজমিনে পরিদর্শন করা হয়।

ভাঙ্গা সেকশনঃ বাংলাদেশ রেলওয়ের ফরিদপুর-ভাঙ্গা সেকশনের শেষ স্টেশনটি ভাঙ্গা স্টেশন। ভৌগলিক ও অর্থনৈতিক দিক বিবেচনায় স্টেশনটি গুরুত্বপূর্ণ। পরিদর্শনকালে দেখা যায় যে, স্টেশনটিতে একটি একতলা আরসিসি ফ্রেমড স্টেশন বিল্ডিং, একটি প্লাটফর্ম ও তিনটি লুপলাইন নির্মাণ করা হয়েছে। দুই তলার আরসিসি ফ্রেমড স্টেশন বিল্ডিং এর ফ্লোর এরিয়া ১১২.০০ বর্গ মিটার প্যাকেজ নং- ডউ-৯ এর আওতায় স্টেশনটিতে একটি ওয়াটার হাইড্রেন্ট নির্মাণ করা হয়েছে, যার ফলে খুব সহজেই ট্রেনে পানি সরবরাহ করা সম্ভব হচ্ছে।

তালমা স্টেশন: মটর ট্রলি করে এ প্রকল্পের আওতায় নির্মিত তালমা স্টেশনটি পরিদর্শন করা হয়। পরিদর্শনকালে দেখা যায় যে, স্টেশনটিতে একটি একতলা আরসিসি ফ্রেমড স্টেশন বিল্ডিং, একটি প্লাটফর্ম, তিনটি লুপলাইন নির্মাণ করা হয়েছে। একতলা আরসিসি ফ্রেমড স্টেশন বিল্ডিং এর প্লিন্থ এরিয়া ১৫০.০০ বর্গ মিটার।

ফরিদপুর স্টেশন: ফরিদপুর স্টেশনটি পরিদর্শনকালে দেখা যায় যে, স্টেশনটিতে একটি দুইতলা আরসিসি ফ্রেমড স্টেশন বিল্ডিং, একটি প্লাটফর্ম ও তিনটি লুপলাইন নির্মাণ করা হয়েছে। প্রকল্প পরিচালক জানান যে, দুইতলা আরসিসি ফ্রেমড স্টেশন বিল্ডিং, একটি প্লাটফর্ম ও তিনটি লুপলাইন নির্মাণ করা হয়েছে। দুই তলা আরসিসি ফ্রেমড স্টেশন বিল্ডিং এর ফ্লোর এরিয়া ৪৬০.০০ বর্গ মিটার এবং এর দ্বিতীয় তলাটি চুক্তিপত্র অনুযায়ী তিন কক্ষ বিশিষ্ট রেলওয়ের রেস্ট হাউজ হিসেবে ব্যবহার করা হচ্ছে। প্যাকেজ নং- WD-৯ এর আওতায় স্টেশনটিতে একটি ওয়াটার হাইড্রেন্ট নির্মাণ করা হয়েছে, যার ফলে খুব সহজেই ট্রেনে পানি সরবরাহ করা সম্ভব হচ্ছে। সার্বিকভাবে উক্ত স্টেশনের কাজের গুণগত মান সঠিক রয়েছে মর্মে প্রতীয়মান হয়েছে।

আমিরাবাদ স্টেশন: প্রকল্পের আওতায় আমিরাবাদ স্টেশনটি পরিদর্শন করা হয়। বাংলাদেশ রেলওয়ের পাঁচুরিয়া-ফরিদপুর সেকশনের রেলওয়ের মাধ্যমে পণ্য পরিবহনের জন্য আমিরাবাদ স্টেশনটি খুবইগুরুত্বপূর্ণ। পরিদর্শনকালে দেখা যায় যে, স্টেশনটিতে একটি একতলা আরসিসি ফ্রেমড স্টেশন বিল্ডিং, একটি প্লাটফর্ম ও তিনটি লুপলাইন নির্মাণ করা হয়েছে। আরসিসি ফ্রেমড স্টেশন বিল্ডিং এর ফ্লোর এরিয়া ১৩০.০০ বর্গ মিটার মর্মে প্রকল্প পরিচালক জানান। উক্ত স্টেশনের কাজ সঠিক রয়েছে বলে প্রতীয়মান হয়।

পাঁচুরিয়া স্টেশন: পরিদর্শনকালে দেখা যায় যে, বাংলাদেশ রেলওয়ের পাঁচুরিয়া-ফরিদপুর সেকশনের প্রথম একটি জংশন স্টেশন। স্টেশনটিতে একটি একতলা আরসিসি ফ্রেমড স্টেশন বিল্ডিং, একটি প্লাটফর্ম ও তিনটি লুপলাইন নির্মাণ করা হয়েছে। আরসিসি ফ্রেমড বিল্ডিং এর ফ্লোর এরিয়া ১৯০.০০বর্গ মিটার মর্মে প্রকল্প পরিচালক জানান ।

পুকুরিয়া-ভাঙ্গা সেকশনের সর্বমোট ৬৯টি ব্রিজ নির্মাণঃ পরিদর্শনকালে জানা যায় যে, ভাঙ্গা-ফরিদপুর সেকশনে ছোট ছোট সর্বমোট ৬৯টি ব্রিজ নির্মাণ করা হয়েছে। উক্ত ব্রিজসমূহে কাঠের স্লিপার ব্যবহার করা হয়েছে।পুকুরিয়া-ভাঙ্গা সেকশনের মধ্যবর্তী জায়গায় ৩৬ নং ব্রিজের অবস্থান ২৯৮+১৩০ কিঃমিঃ এ ব্রিজটি পরিদর্শন করা হয়। ইহা একটি সেমিথ্রো মেজর ব্রিজ যার স্প্যান ২X১৬.৮০ মিটার মর্মে প্রকল্প পরিচালক জানান।

৪১টি লেভেল ক্রসিং গেট, ৩টি গেট লজ, ২১টি গুমটি ঘর নির্মণঃ প্রকল্পের আওতায় **৪১টি লেভেল ক্রসিং গেট, ৩টি গেট লজ, ২১টি গুমটি ঘর নির্মাণ করা হয়েছে।**পুকুরিয়া স্টেশনের কাছে লেভেল ক্রসিং গেইট পরিদর্শনকালে গেইট নংলেভেল ক্রসিং পরিদর্শন করা হয়। উক্ত লেভেল ক্রসিং গেইট এর রোড সারফেজ ২০/টি-, চেক রেল, ঘুমটি ঘর সরেজমিনে পরিদর্শন করা হয়।

এমব্যাংকমেন্ট পরিদর্শনঃ ফরিদপুর-ভাঙ্গা সেকশনের মধ্যকার এমব্যাংকমেন্ট পরিদর্শনকালে প্রকল্প পরিচালক জানান যে, কাজটি বুয়েটের সুপারিশ ও অনুমোদিত ডিজাইন অনুযায়ী নির্মাণ করা হয়েছে এবং এমব্যাংকমেন্টটি অপরিবর্তিত অবস্থায় রয়েছে যা পরিদর্শনকালে দেখা যায়।

ফরিদপুর-পুকুরিয়া অংশে ১১টি স্পটে (১.১৭৮ কিঃমিঃ পুনঃনির্মাণ) বর্ণনাসহ ও এমব্যাংকমেন্ট রিপিয়ার তদন্ত কমিটির বর্ণনাঃ

সেগমেন্ট নং ১, ২, ৩, ৪, ৫, ৬, ৭, ৮, ৯, ১০, ১১ এর যথাক্রমে ২৯৫.৮০২ কি.মি থেকে ২৯৫.৮৪২ কি.মি., ২৯৫.৪০৫ কি.মি. থেকে ২৯৫.৪৭৯ কি.মি., ২৯৪.৩৮৭ কি.মি. থেকে ২৯৪.৭৩০ কি.মি., ২৯৩.৬৮২ কি.মি. থেকে ২৯৪.২৩০ কি:মি:, ২৯০.৬০৮ কি:মি: থেকে ২৯০.৭৩০ কি:মি:, ২৮৯.৩৫০ কি:মি: থেকে ২৮৯.৫৬১ কি:মি:, ২৮৮.৯৫১ কি:মি: থেকে ২৮৮.৯৮১ কি:মি:, ২৮২.৯৫১ কি:মি: থেকে ২৮৮.৯৮১ কি:মি:, ২৮০.৩৬৪ কি:মি: থেকে ২৮০.৪৭৯ কি:মি:, ২৭২.২৯৯ কি.মি. থেকে ২৭২.৩৪৫ কি.মি., ২৭২.১১০ কি:মি: থেকে ২৭২.২৫০ কি:মি: পর্যন্ত মাটির অবস্থা খারাপ থাকায় এমব্যাংকমেন্ট দেবে/ধসে যাওয়ার কারণে পরামর্শক প্রতিষ্ঠান বুয়েটের পরামর্শ অনুয়াযী মাটির সাথে ৩ শতাংশ সিমেন্ট মিশিয়ে এমব্যাংকমেন্ট পুনঃনির্মাণ করে মাটির ভারবহন ক্ষমতা বৃদ্ধি করা হয় এবং এমব্যাংকমেন্টটি তে আরসিসি প্রি-কাস্ট পাইল করা হয়েছে।

১৫। প্রকল্পটির ক্রয় পরিকল্পনা (পণ্য কার্য/সেবা) এবং বাস্তবায়ন সংক্রান্ত:প্রকল্পটির আওতায় ১৩টি প্যাকেজে পণ্য ক্রয় বাবদ ৮৯.৮৩ লক্ষ টাকা, ১৩টি প্যাকেজে কার্যক্রয় বাবদ ৩৪৬২১.৬২ লক্ষ টাকা, বিজ্ঞাপন বাবদ ১২.০০ লক্ষ টাকা, যানবাহনের তেল বাবদ ২.০০ লক্ষ টাকা, অফিস স্টেশনারিজ এবং টেন্ডার ওপেনিং কমিটি ও টেন্ডার মূল্যায়ন কমিটির সম্মানি বাবদ ৪.০০ লক্ষ টাকা, যানবাহনের মেরামত বাবদ ২.০০ লক্ষ টাকা সহ মোট ৩৪৭৩১.৪৫ লক্ষ টাকার সংস্থান রয়েছে, যা প্রকল্প ব্যয়ের ৯৭.৭৭%। বাংলাদেশ রেলওয়ে অধিদপ্তর কর্তৃক ক্রয় কার্যক্রম বাস্তবায়ন করা হয়েছে।

Procurement of Goods, Works and Consultancy Service: (পিসিআর-এর প্রাপ্ত তথ্য অনুযায়ী)

Description of Procurement (Goods/Works/Consultancy as por bid documents	Tender/Bid/Proposal (Cost in Lakh Taka)		Tender/Bid/Proposal		Date of Completion of works/services and supply of goods	
	As per DPP/RDPP	Contract Value (with subsidiary)	Invitation Date	Contract Signing Date	As per contract	Actual
1	2	3	4	5	6	7
Package NO. WD-1: Complete track renewal of main & loop lines with PSC sleepers in Pachuria-Faridpur section for re-opening this section for train operation including repair/re-profile of embankment, Embankment protection works, repair/upgrade level crossing gates, construction of curve post, KM post, Creep post etc. and other allied works with supplying al requisite materials, wquipment's plants & machineries including all labour & transportation costs and one year free maintenance warranty (in trunkey basis).	8903.97	8903.93	27-06-2010	06-01-2011	05-07-2012	30-06-2014
Package NO. WD-2: Construction of new BG track on Faridpur-Pukuria-Bhanga section with PSC sleepers including Construction of new embankment & Sub-base, repair/reprofile of existing embankment, repair/upgrade level crossing gates, construction of curve post, KM post, Creep post etc. and other allied works with supplying all requisite materials, equipment's, plants & Machineries including all labour and transportation costs & one year free maintenance warranty (in turnkey basis).	16520.20	16520.18	27-06-2010	06-01-2011	05-07-2012	30-06-2019
Package NO. WD-3:	753.77	753.77	19-08-2010	01-02-2011	25-07-2012	30-06-

Description of Procurement (Goods/Works/Consultancy as por bid documents	Tender/Bid/Proposal (Cost in Lakh Taka)		Tender/Bid/Proposal		Date of Completion of works/services and supply of goods	
	As per DPP/RDPP	Contract Value (with subsidiary)	Invitation Date	Contract Signing Date	As per contract	Actual
1	2	3	4	5	6	7
Repair/Re-building construction of functional &Residential building & other allied works (other than bridge & P-way) and electrical works including supply of all materials equipment's/machineries, labour and transportation cost in Turnkey basis.						2019
Package NO. WD-4: Bridge Works including supply of all materials equipment/machineries, labour and transportation cost in Turnkey basis.	4578.16	4578.16	19-08-2010	15-02-2011	08-08-2012	30-06-2019
Package NO. WD-5: Supply, installation, testin and commissioning of Non-interlocked colour light Signaling syesten including supply of all materials, equipment/machineries, labour and transportation cost including two years free operation and maintenance warranty in Turnkey basis.	328.03	286.64	20-10-2010	07-02-2011	31-07-2012	30-06-2019
Package NO. WD-6: Supply, installation and commissioning of Telecommunication including supply of all materials, equipment/machineries, labour and transportation cost CD-VAT, LC opening & other port dues etc. including two years free operation and maineance warranty in Turnkey basis.	821.92	516.32	12-09-2013	09-12-2013	08-12-2014	30-06-2015
Package NO. WD-7: Construction of two storied new station building with approach road and car parking area including boundary wall & platform fencing and other ancillary works at Faridpur.	411.96	411.61	01-07-2013	25-08-2013	21-02-2014	31-03-2015
Package NO. WD-8: Construction of bank protection wal in different locations of Faridpur-Bhanga section including site development for extension of Faridpur & Pachuria station yeard.	238.92	217.18	11-03-2014	26-05-2014	22-11-2014	10-06-2015
Package NO. WD-9: Construction of water	25.0	20.70	--	21-10-2015		17-06-2016

Description of Procurement (Goods/Works/Consultancy as por bid documents	Tender/Bid/Proposal (Cost in Lakh Taka)		Tender/Bid/Proposal		Date of Completion of works/services and supply of goods	
	As per DPP/RDPP	Contract Value (with subsidiary)	Invitation Date	Contract Signing Date	As per contract	Actual
1	2	3	4	5	6	7
hydrant line with water supply arrangement at Faridpur and Bhanga station						
Package NO. WD-10: Construction of 1 no RCC Bridge at Bhanga station approach road .	40.0	32.52	--	16-04-2015		31-03-2016
Package NO. WD-11: Construction of pathway (steel structure at both sides of girder of Bridge No 111-R for pedestrians crossing.	150.00	148.78	11-11-2013	12-02-2014	12-06-2014	30-11-2014
Package NO. WD-12: Supply of Installation , Testing and commissioning of solar power system at stations of pachuria – Bhanga section namely Pachuria Khankhanapur, Faridpur, Faridpur College ,Bakunda, Tlama ,Pukuria and Bhanga .	16.13	15.37	02-02-2014			05-10-2014
Package NO. WD-13. Repairs/Reconstruction of embankment dur to land sliding in between Faridpur-Pukuria Section at K.M 270+752 to 290+730.	1833.58	181.22	22-11-2018	28-12-2018	26-06-2019	30-06-2019

১৬। প্রকল্প পরিচালক সংক্রান্ত তথ্যাদিঃ

ক্রমিক নং	প্রকল্প পরিচালকের নাম ও পদবী	দায়িত্বের ধরণ		কর্মকাল	
		পূর্ণকালীন	খন্ডকালীন	যোগদান	বদলী
১	২	৩	৪	৫	
০১।	মোঃ আমজাদ হোসাইন প্রধান প্রকৌশলী (পশ্চিম), বাংলাদেশ রেলওয়ে, রাজশাহী।	--	খন্ডকালীন	০৮-০২-২০১০	০২-০৩-২০১১
০২।	মোঃ মোজাম্মেল হক প্রধান প্রকৌশলী (পশ্চিম), বাংলাদেশ রেলওয়ে, রাজশাহী।	--	--	০৩-০৩-২০১১	০৪-০৫-২০১১
০৩।	কাজী মোঃ রফিকুল আলম প্রধান প্রকৌশলী (পশ্চিম)	--	--	০৪-০৫-২০১১	১২-০৪-২০১৪
০৪।	মোঃ মাহবুবুল হক বক্সী প্রধান প্রকৌশলী (পশ্চিম)	--	--	১২-০৪-২০১৪	০৬-০৯-২০১৬
০৫।	মোঃ শুভ্রকেটাগেইন এডিশনাল চীফ ইঞ্জিনিয়ার (পশ্চিম)	--	--	০৬-০৯-২০১৬	৩০-১০-২০১৬
০৬।	মোঃ রমজান আলী প্রধান প্রকৌশলী (পশ্চিম)	--	--	৩১-১০-২০১৬	২৭-০৩-২০১৭
০৭।	মোঃ আবু জাফর মিয়া	--	--	২৭-০৩-২০১৭	--

ক্রমিক নং	প্রকল্প পরিচালকের নাম ও পদবী	দায়িত্বের ধরণ		কর্মকাল	
		পূর্ণকালীন	খন্ডকালীন	যোগদান	বদলী
১	২	৩	৪	৫	
	এডিশনাল চীফ ইঞ্জিনিয়ার/ ট্রাক (পশ্চিম)				

১৭। **প্রকল্পের উদ্দেশ্য অর্জন:**

পরিকল্পিত উদ্দেশ্য	উদ্দেশ্য অর্জন
➢ বাংলাদেশ রেলওয়ের পাঁচুরিয়া-ফুরিদপুর-পুকুরিয়া বন্ধ সেকশনটি পুনর্বাসনের মাধ্যমে পুনঃ চালুকরণ;	➢ বাংলাদেশ রেলওয়ের পাঁচুরিয়া-ফরিদপুর-পুকুরিয়া বন্ধ সেকশনটি পুনর্বাসনের মাধ্যমে পুনঃ চালুকরণ করা হয়েছে। ফলে উক্ত এলাকার আর্থ সামাজিক ও জীবন মানের উন্নয়ন সাধিত হয়েছে।
➢ পুকুরিয়া-ভাঙ্গা পর্যন্ত নতুন রেলপথ নির্মাণের মাধ্যমে আন্তঃ পদ্মা রেল করিডোরে সংযোগ স্থাপন;	➢ পুকুরিয়া-ভাঙ্গা পর্যন্ত নতুন রেলপথ নির্মাণের মাধ্যমে আন্তঃ পদ্মা রেল করিডোরে সংযোগ স্থাপন হয়েছে। পদ্মা রেলসেতু চালু হওয়ার পর সংযোগটি কার্যকর হবে।
➢ মালামাল পরিবহন খরচ হ্রাস পাবে, যা অর্থনৈতিক প্রবৃদ্ধিতে গুরুত্বপূর্ণ ভুমিকা রাখবে;	➢ মালামাল পরিবহন খরচ হ্রাস পায়, যা অর্থনৈতিক প্রবৃদ্ধিতে গুরুত্বপূর্ণ ভুমিকা রাখছে এবং রেলওয়ের রাজস্ব আয় বৃদ্ধি পাচ্ছে।
➢ বাংলাদেশ রেলওয়ের পণ্য পরিবহনে রাজস্ব আয় তথা মার্কেট শেয়ার বৃদ্ধি পাবে;	➢ বাংলাদেশ রেলওয়ের পণ্য পরিবহনে রাজস্ব আয় তথা মার্কেট শেয়ার বৃদ্ধি পাচ্ছে।
➢ ফরিদপুর পিকিং পাওয়ার প্ল্যান্টে জ্বালানী তেল সরবরাহ;	➢ ফরিদপুর পিকিং পাওয়ার প্ল্যান্টে জ্বালানী তেল সরবরাহ করা হচ্ছে।
➢ পাওয়া প্ল্যান্টের ভারী যন্ত্রপাতি ও মালামাল পরিবহন	➢ পাওয়া প্ল্যান্টের ভারী যন্ত্রপাতি ও মালামাল পরিবহন করা হচ্ছে।

১৮। **উদ্দেশ্য পুরোপুরি অর্জিত না হলে এর কারণ:** প্রকল্পের উদ্দেশ্যে আংশিক সৌরবিদ্যুৎ স্থাপন ব্যতীত পুরোপুরি অর্জিত হয়েছে।

১৯। **অডিট সংক্রান্ত তথ্যাদি:**

নিরীক্ষা সন	অডিট রিপোর্ট জমাদানের তারিখ	আপত্তির সংখ্যা	আপত্তিসমূহ	জড়িত টাকার পরিমাণ	মন্তব্য

২০১১-১৪	১১-০৮-২০১৪	৯টি	<u>অনুচ্ছেদ নং-০১</u> জরুরিভিত্তিতে রেলপথ নবায়নের নামে ঠিকাদারকে ২৪,৯৭,২৭২.৮৯ টাকা মূল্যের মালামাল ঋণ হিসেবে প্রদানের পর প্রায় তিন বছর অতিক্রম হওয়া সত্ত্বেও মালামাল ফেরত না পাওয়ায় ক্ষতি। <u>অনুচ্ছেদ নং-০২</u> প্রয়োজনের অতিরিক্ত রেল ক্রয় বাবদ ৫,৩৬,১৪,৮৭৮.০০ টাকা ব্যয়করণ। <u>অনুচ্ছেদ নং-০৩</u> যৌথ সার্ভে শীটে প্রকৃত পরিমাণ অপেক্ষা ৭৫০.৮৮৫ মে: টন কম রিলিজ দেখানোয় ৩,৭৪,৬৯,১৬১.০০ টাকা ক্ষতি। <u>অনুচ্ছেদ নং-০৪</u> কাজ না করা সত্ত্বেও Welding of rail joints বাবদ ৮৪,৭০,০০০.০০ টাকা পরিশোধকরণ। <u>অনুচ্ছেদ নং-০৫</u> সরবারহ ও পাশকৃত পরিমাণ অপেক্ষা অতিরিক্ত পরিমাণ Pre-stressed Monlblock Concrete Sleeper এর মূল্য বাবদ ৩,১৮,৬০,০০০.০০ টাকা পরিশোধকরণ। <u>অনুচ্ছেদ নং-০৬</u> চুক্তিপত্রে প্রয়োজনে অতিরিক্ত ২০,৯৫,৫০০.০০ টাকা মূল্যমানের ৩৮১ টি welding of rail joint এর সংস্থান রাখা প্রসঙ্গে। <u>অনুচ্ছেদ নং-০৭</u> সিডিউল বহির্ভূতভাবে ৪০ ফুটের বেশি দৈর্ঘ্যের ব্রীজের গার্ডরেল হিসাবে ব্যবহৃত অর্ধ-পুরাতন রেলের মূল্য ১০,৩৫,৯৩৫/- টাকাসহ প্রয়োজনীয় ফিটিংস ঠিকাদার কর্তৃক দাবীযোগ্য গার্ডরেল তৈরী ও স্থাপনের খরচ মোট প্রকল্প ব্যয়ের অন্তর্ভুক্ত না করা সম্পর্কিত অনিয়ম। <u>অনুচ্ছেদ নং-০৮</u> পাঁচুরিয়া-ফরিদপুর সেকশনের বাস্তব প্রয়োজন ও অনুমোদিত নকশা অপেক্ষা কম সংখ্যক পয়েন্টস এন্ড ক্রসিং সেটের সংস্থান রেখে প্যাকেজ ডব্লিউডি-১ এর প্রস্তাবিত ভেরিয়েশন অনুমোদন ও সম্পূরক চুক্তিপত্র সম্পাদনের মাধ্যমে প্রকৃত প্রকল্প ব্যয় ৪৫,৩৫,৮৮৫.২০ টাকা কম দেখানো প্রসঙ্গে। <u>অনুচ্ছেদ নং-০৯</u>	২৪৯৭২৭২.৮৯+৫৩৬১৪৮৭৮.০০+৩৭৪৬৯১৬১+৮৪৭০০০০+৩১৮৬০০০০+১০৩৫৯৩৫+৪৫৩৫৮৮৫.২০+৭১২৫০০=১৪২,২৯১,১৩২.০৯	অডিট আপত্তিসমূহের জবাব প্রেরণ করা হয়েছে। (কপি সংযুক্ত(

			প্রকৃত ওয়েল্ডিং সংখ্যা অপেক্ষা ১১৪ টি ওয়েল্ডিং বেশি দেখিয়ে ঠিকাদারকে বিল পরিশোধ করায় ৭,১২,৫০০ টাকা অতিরিক্ত ব্যয়।		
২০১৬-১৭	০৬-১০-২০১৬	৮টি (০৪ টি আপত্তি নিষ্পত্তি হয়েছে)	<u>অনুচ্ছেদ নং-০১ (ক)</u> যথাযথ প্রক্রিয়া অনুসরণ না করে কার্য সমাপ্ত চুক্তির বৈধতার মেয়াদ বৃদ্ধি করে সরকারি তহবিল হতে অনিয়মিত ব্যয় ২,৮৬,৬৪,১০০/- টাকা ক্ষতি	৭৩৫৪০০+৩৭৩০০০+৬০২০০০+২২৬৯০৪= ১৯৩৭৩০৪	আপত্তিটি নিষ্পত্তি হয়েছে
			অনুচ্ছেদ নং-০১ (খ) পিপিআর/২০০৮ এর বিধি ৩৯(৩) এর ভুল ব্যাখ্যা দিয়ে কার্য সমাপ্তির তারিখ সম্প্রসারণ করে সরকারের ৩,৩৩,২৯,২২০/- টাকা অনিয়মিত ব্যয়		আপত্তিটি নিষ্পত্তি হয়েছে
			<u>অনুচ্ছেদ নং-২</u> ভেরিয়েশন অর্ডার এবং অতিরিক্ত কার্য ও ভৌত সেবা ক্রয়ের মূল্য সীমা লংঘন করে ভিরেয়েশন অর্ডার জারী, কার্য সম্পাদন এবং বিল পরিশোধ করায় সরকারের ২৮,৩২,৮২২/- টাকা ক্ষতি		আপত্তিটি নিষ্পত্তি হয়েছে
			<u>অনুচ্ছেদ নং-৩</u> ল্যাবটেস্ট না করেই মালামাল কাজে ব্যবহার/স্থাপনের মাধ্যমে সরকারি অর্থের ক্ষতি ৭,৩৫,৪০০ টাকা		অডিট আপত্তিসমূহের জবাব প্রেরণ করা হয়েছে। (কপি সংযুক্ত)
			<u>অনুচ্ছেদ নং-০৪</u> ক্রয় বিধি ও চুক্তির শর্তাবলী লংঘন করে ক্রয় কার্যক্রম গ্রহণ করায় সরকারের ৩,৭৩,০০০/- টাকা ক্ষতি		
			<u>অনুচ্ছেদ নং-০৫</u> বিভিন্ন মালামাল ক্রয় ও ব্যয়ের বিপরীতে ভাউচার, রেজিস্টার, চুক্তিপত্রের দলিল এবং কোন নথিপত্র অথবা প্রমাণক দেখাতে না পারায় সরকারের ৬,০২,০০০/- টাকা ক্ষতি		
			<u>অনুচ্ছেদ নং-০৬</u> নির্ধারিত হারে উৎসে ভ্যাট আদায় না করায়		

			সরকারের ২,২৬,৯০৪ টাকা ক্ষতি		
			<u>অনুচ্ছেদ নং-০৭</u> প্রকৃত খরচ বিল ভাউচারের ভিত্তিতে অর্থ পরিশোধ না করায় সরকারি তহবিলের ২,১৮,০০০/- টাকা ক্ষতি		আপত্তিটি নিষ্পত্তি হয়েছে
			<u>অনুচ্ছেদ নং-০৮</u> রেলপথ পুনর্বাসন ও নির্মাণ কাজের ক্ষেত্রে মেরাজমেন্ট বেশি অথবা অবমুক্ত অকেজো মালামাল চুক্তি/ঘাটতি জনিত অনিয়ম		অডিট আপত্তিসমূহের জবাব প্রেরণ করা হয়েছে। (কপি সংযুক্ত)

২০। প্রকল্প বাস্তবায়ন সমস্যা :

২০.১ সম্পাদিত কাজের গুণগতমান নিশ্চিত করার লক্ষ্যে বাংলাদেশ রেলওয়ে কর্তৃক নিজস্ব পদ্ধতি বা তৃতীয় কোন স্বাধীন বিশেষজ্ঞ পক্ষের মাধ্যমে (যেমনঃপ্রকৌশল বিশ্ববিদ্যালয় বা বুয়েট) নিয়মিত ফিল্ড টেস্ট করা জরুরি। এ বিষয়ে একটি Standard Operating Procedure (SOP) বা গাইডলাইন প্রণয়ন করে বিষয়টির প্রতি গুরুত্বারোপ করা প্রয়োজন;

২০.২ প্রকল্পটির মূল মেয়াদকাল জুলাই ২০১০ হতে জুন ২০১৩ পর্যন্ত নির্ধারিত ছিল। পরবর্তীতে প্রকল্পটি সংশোধন করে জুলাই ২০১০ হতে জুন ২০১৯ পর্যন্ত নির্ধারণ করা হয়। মূল অনুমোদিত মেয়াদকাল এর চেয়ে ৬ বছর সময় বেশী অতিবাহিত হয়েছে। এক্ষেত্রে ২০০% টাইম ওভার রান হয়েছে।

২০.৩ প্রকল্পের পিসিআর পর্যালোচনা করে দেখা যায় যে, এ প্রকল্পের বাস্তবায়িত সময়ের মধ্যে ০৭-জন প্রকল্প পরিচালক দায়িত্ব পালন করেছেন। প্রকল্প বাস্তবায়ন সময়ে প্রকল্প পরিচালক পরিবর্তন হলে প্রকল্প বাস্তবায়নের ক্ষেত্রে কিছুটা হলেও দীর্ঘসূত্রিতার সৃষ্টি হয়েছে মর্মে প্রতীয়মান হয়েছে।

২০.৪ প্রকল্পটির আওতায় ১৩টি প্যাকেজে পণ্য ক্রয় বাবদ ৮৯.৮৩ লক্ষ টাকা, ১৩টি প্যাকেজে কার্যক্রয় বাবদ ৩৪৬২১.৬২ লক্ষ টাকা বিজ্ঞাপন বাবদ ১২.০০ লক্ষ টাকা, যানবাহনের তেল বাবদ ২.০০ লক্ষ টাকা, অফিস স্টেশনারিজ এবং টেন্ডার ওপেনিং কমিটি ও টেন্ডার মূল্যায়ন কমিটির সম্মানি বাবদ ৪.০০ লক্ষ টাকা, যানবাহনের মেরামত বাবদ ২.০০ লক্ষ টাকা সহ মোট ৩৪৭৩১.৪৫ লক্ষ টাকার সংস্থান রয়েছে, যা প্রকল্প ব্যয়ের ৯৭.৭৭%। টেন্ডার কার্যক্রমে দীর্ঘসূত্রিতা পরিলক্ষিত হয়। যা পিপিআর ২০০৮ এর ব্যত্যয় ঘটেছে বলে প্রতীয়মান হয়। এ বিষয়ে দায়িত্বরত কমকর্তাগণের আরো সচেষ্ট থাকা প্রয়োজন ছিল বলে প্রতীয়মান হয়েছে।

২১. প্রকল্পের অগ্রগতিঃ প্রকল্পের শুরু হতে জুন ২০১৯ পর্যন্ত ক্রমপুঞ্জিত আর্থিক অগ্রগতি হয়েছে মোট ৩৩৮৯৯.৮৮ লক্ষ টাকা যা অনুমোদিত প্রাক্কলিত ব্যয়ের প্রায় ৯৭.৬১% এবং বাস্তব অগ্রগতি ১০০%।বন্ধ সেকশনটি পুনর্বাসনের মাধ্যমে পুনঃ চালুকরণে উক্ত এলাকার আর্থ সামাজিক ও জীবন মানের উন্নয়ন সাধিত হয়েছে। আন্তঃ পদ্মা রেল করিডোরে সংযোগ স্থাপনসহ, দেশে বৈপ্লবিক পরিবর্তন সাধনের মাধ্যমে জিডিপি বৃদ্ধি মালামাল পরিবহন খরচ হ্রাস পাবে, যা অর্থনৈতিক প্রবৃদ্ধিতে গুরুত্বপূর্ণ ভুমিকা রাখছে ও রেলওয়ের রাজস্ব আয় বৃদ্ধির সম্ভাবনা রয়েছে।

২২। মতামত/সুপারিশ:

২২.১ প্রকল্পটির মূল প্রাক্কলিত ব্যয় ২৬৭.৪৭ কোটি টাকা ও বাস্তবায়নকাল জুলাই, ২০১০ হতে জুন, ২০১৩ ছিল। কিন্তু সর্বশেষ সংশোধিত প্রাক্কলিতব্যয় ৩৪৭.৩১ কোটি টাকা (৭১.৫৪ কোটি/২৬.৭৪%বৃদ্ধি) এবং বাস্তবায়ন মেয়াদ জুলাই, ২০১০ হতে জুন, ২০১৯ পর্যন্ত (৬ বছর/২০০%বৃদ্ধি) নির্ধারণ করা হয়। প্রকল্পটির অতিক্রান্ত সময় মূল বাস্তবায়নকালের তুলনায় ০৬ বছর অর্থাৎ ২০০% বৃদ্ধি পেয়েছে। ভবিষ্যতে প্রকল্প বাস্তবায়নের ক্ষেত্রে প্রকল্পের মেয়াদ বৃদ্ধির বিষয়টি পরিহার করার বিষয়ে সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বাস্তবায়নকারী সংস্থাকে সচেষ্ট হতে হবে;

২২.২ চুক্তিপত্রের সংস্থান মোতাবেক সম্পাদিত কাজের গুণগতমান নিশ্চিত করার লক্ষ্যে বাংলাদেশ রেলওয়ে কর্তৃক নিজস্ব পদ্ধতি বা তৃতীয় কোন স্বাধীন বিশেষজ্ঞ পক্ষের মাধ্যমে (যেমনঃপ্রকৌশল বিশ্ববিদ্যালয় বা বুয়েট) নিয়মিত ফিল্ড টেস্ট করা যেতে পারে। এ বিষয়ে একটি Standard Operating Procedure (SOP) বা গাইডলাইন প্রণয়ন করা যেতে পারে;

২২.৩ বর্ণিত প্রকল্পে ০৭ বার প্রকল্প পরিচালক পরিবর্তন হয়েছে। ঘন ঘন প্রকল্প পরিচালক পরিবর্তনের ফলে প্রকল্পের কাজের অগ্রগতি ব্যাহত হয়েছে। এ বিষয়ে একনেকের অনুশাসন প্রতিপালন করতে হবে;

২২.৪ প্রকল্পটির অডিট আপত্তিসমূহ নিস্পত্তি সংক্রান্ত কার্যক্রম দ্রুত করতে হবে এবং অডিট আপত্তি নিস্পত্তি সংক্রান্ত তথ্য এ বিভাগকে জানাতে হবে;

২২.৫ উপর্যুক্ত মতামত ২২.১ হতে ২২.৪ এর বিষয়ে গৃহীত ব্যবস্থা সম্পর্কে আইএমইডি'কে অবহিত করতে হবে।

পাঁচুরিয়া-ফরিদপুর-ভাঙ্গা রেলপথ পুনর্বাসন ও নির্মাণ প্রকল্প (২য় সংশোধিত) সমাপ্ত মূল্যায়ন প্রতিবেদনের পরিদর্শনের স্থির চিত্রঃ



চিত্র: ভাঙ্গা স্টেশনের সম্মুখ প্রান্তে



চিত্র: ভাঙ্গা স্টেশনের স্টেশন ইয়ার্ড









চিত্র: লেভেল ক্রসিং গেইট

মিরসরাই-ফেনী অর্থনৈতিক অঞ্চলে রেল লাইন নির্মাণের জন্য সম্ভাব্যতা সমীক্ষা এবং বিশদ ডিজাইন শীর্ষক

প্রকল্পের সমাপ্তি মূল্যায়ন প্রতিবেদন

(সমাপ্ত: জুন, ২০১৯)

১.০	**প্রকল্পের নাম**	:	মিরসরাই-ফেনী অর্থনৈতিক অঞ্চলে রেল লাইন নির্মাণের জন্য সম্ভাব্যতা সমীক্ষা এবং বিশদ ডিজাইন
২.০	**বাস্তবায়নকারী সংস্থা**	:	বাংলাদেশ রেলওয়ে
৩.০	**প্রশাসনিক মন্ত্রণালয়**	:	রেলপথ মন্ত্রণালয়
৪.০	**প্রশাসনিক বিভাগ**	:	রেলপথ মন্ত্রণালয়
৫.০	**অর্থায়নের উৎস**	:	জিওবি
৬.০	**উন্নয়ন সহযোগী**	:	--
৭.০	**পরিকল্পনা কমিশনের সেক্টর বিভাগ**	:	পরিবহন, ভৌত অবকাঠামো বিভাগ
৮.০	**বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ**	:	পরিবীক্ষণ ও মূল্যায়ন সেক্টর-২
৯.০	**প্রকল্প এলাকা**	:	চট্টগ্রাম

১০.০ প্রকল্পের বাস্তবায়ন সময় ও ব্যয়: (লক্ষ টাকায়)

প্রাক্কলিত ব্যয় (প্রঃ সাঃ)		প্রকৃত ব্যয়	পরিকল্পিত বাস্তবায়নকাল		প্রকৃত বাস্তবায়নকাল	অতিরিক্ত ব্যয় (মূল প্রাক্কলিত ব্যয়ের %)	অতিক্রান্ত সময় (মূল প্রাক্কলিত ব্যয়ের %)
মূল জিওবি প্রকল্প সাহায্য	সর্বশেষ সংশোধিত (২য় বার)		মূল	সর্বশেষ সংশোধিত			
১	২	৩	৪	৫	৬	৭	৮
৪৯৫.৩০ ৪৯৫.৩০ -	-	৪৭৬.৮২	০১ জানুয়ারি, ২০১৮ হতে ৩১ ডিসেম্বর, ২০১৮	০১ জানুয়ারি, ২০১৮ হতে ৩০ জুন, ২০১৯	০১ জানুয়ারি, ২০১৮ হতে ২৫ জুন, ২০১৯	-১৮.৪৮ (-৩.৭৩%)	-

** পিসিআর অনুযায়ী প্রকল্পের ব্যয় ৩.৭৩% কম হয়েছে।

১১.০ প্রকল্পের সাধারণ তথ্যাদিঃ

১১.১ প্রকল্পের পটভূমিঃ

বিশ্বব্যাপী আর্থিক সংকট এবং খাদ্যমূল্যের উর্দ্ধ গতির পরেও বাংলাদেশ ২০০৯-২০১৬ অর্থবছরে (FY) প্রায় ৬.৫% টেকসই বার্ষিক জিডিপি প্রবৃদ্ধি অর্জন করেছে। অব্যাহত এই প্রবৃদ্ধির ভিত্তি হিসেবে কাজ করেছে স্থিতিশীল সামষ্টিক-অর্থনৈতিক এবং বিচক্ষণ আর্থিক নীতি, ক্রমবর্ধমান শিল্প ও পরিষেবার মানোন্নয়ন এবং অব্যাহত উচ্চ গতির বহিরাগত রেমিটেন্সের প্রবাহ। এ বিষয়ে বাংলাদেশ সরকারের (জিওবি) ভবিষ্যত পরিকল্পনা হল প্রবৃদ্ধির একটি টেকসই গতিপথ গড়ে তোলা যা প্রকৃত জিডিপি প্রবৃদ্ধির সামগ্রিক বৃদ্ধিকে ৮% এবং দারিদ্র্যকে ২০২১ সালের মধ্যে ৪০% থেকে কমিয়ে ১৫%-এ নামিয়ে আনতে সহায়তা করবে। শ্রমশক্তিতে প্রবেশকারী বাংলাদেশীদের সংখ্যার নিরবচ্ছিন্ন বৃদ্ধি প্রতি বছরে প্রায় ২০ লক্ষ নিশ্চিত করাকে একটি সম্পদ অনুসন্ধান করা হবে। উৎপাদনশীল কর্মসংস্থান শক্তি তৈরি করা মূলত নির্ভর করে বেসরকারি খাতের বিনিয়োগের জন্য একটি কাজের পরিবেশ তৈরির উপর, বিশেষ করে শ্রম-নিবিড় উৎপাদন এবং পরিষেবা শিল্প প্রতিষ্ঠার জন্য। বাংলাদেশ সরকার (GoB) রপ্তানি প্রক্রিয়াকরণ অঞ্চল (EPZs) পরিচালনার মাধ্যমে উপযোগী অবকাঠামো পরিষেবা এবং ব্যবসার পরিবেশ তৈরি ও বজায় রাখার ক্ষেত্রে সফল ভুমিকা পালন করে আসছে। বাংলাদেশ রপ্তানি প্রক্রিয়াকরণ অঞ্চল কর্তৃপক্ষ (বেপজা) ১৯৮০ সালে প্রতিষ্ঠিত হয়। ইপিজেড প্রোগ্রামটি দেশে বৃহৎ আকারের রপ্তানিমুখী শিল্প স্থাপনের লক্ষ্যে উৎপাদন বান্ধব এলাকা এবং বিনিয়োগকারীদের জন্য একটি ভাল ব্যবসায়িক পরিবেশ প্রদানের প্রথম পদ্ধতিগত উদ্যোগ। কিন্তু, কঠিন বাস্তবতা এই যে, সামষ্টিক ক্রমবর্ধমান ইতিবাচক প্রভাব সৃষ্টি করা এবং দেশীয় অর্থনীতিতে স্পিল-ওভার সৃষ্টি উভয় ক্ষেত্রেই বাংলাদেশের ইপিজেড মডেলের সীমাবদ্ধতা রয়েছে। বিদেশী বিনিয়োগের সাথে থাকা প্রযুক্তি আপ-স্ট্রীম বা ডাউন-স্ট্রীম স্পিল-ওভারের ক্ষেত্রে রপ্তানিকারী ছিটমহল হিসেবে গড়ে উঠা ইপিজেডগুলি অভ্যন্তরীণ অর্থনীতিতে সংযোগের প্রভাব তৈরির পথে সামান্যই ভূমিকা প্রদান করেছে। তাই সরকারের উদ্দেশ্য হল অর্থনৈতিক অঞ্চলের (EZs) জন্য আরও আধুনিক, উন্নত যোগাযোগ ব্যবস্থার তৈরির মাধ্যমে সম্ভাব্য প্রত্যক্ষ ও পরোক্ষ প্রভাবগুলিকে সর্বাধিক করা। সরকার সারা বিশ্বে

ইপিজেড এর সফল উদাহরণের পাশাপাশি বাংলাদেশের ইতিবাচক অভিজ্ঞতা (ইপিজেড মডেলের) থেকে দেশের জন্য দৃঢ়তার সাথে একটি দৃষ্টান্তমূলক নতুন ইপিজেড ব্যবস্থাপনার স্থাপনের প্রচেষ্টা শুরু করেছে। আশা করা হচ্ছে যে, বিদেশী প্রত্যক্ষ বিনিয়োগ থেকে স্থানীয় সংস্থাগুলির মাধ্যমে আরও বেশি স্পিল-ওভার সুবিধা ব্যবহার করা যেমন সম্ভব হবে এবং ঠিক তেমনি মূল্য শৃঙ্খলা বজায়ে রাখার মাধ্যমে মধ্যে অতিরিক্ত বিনিয়োগকে উৎসাহিত, অধিক পরিমান স্থানীয় পণ্য সংগ্রহ, বাণিজ্যিক সংস্থা ও শিক্ষার মধ্যে আরও ভাল সংযোগ স্থাপন করা সম্ভব হবে।

বাংলাদেশ অর্থনৈতিক অঞ্চল কর্তৃপক্ষ (বেজা) মিরসরাই অর্থনৈতিক অঞ্চল নামে মিরসরাই এবং ফেনী জেলার সোনাগাজী উপজেলায় ফেনী অর্থনৈতিক অঞ্চল নামে দুটি মেগা অর্থনৈতিক অঞ্চল প্রতিষ্ঠার পরিকল্পনা করছে। এই দুটি মেগা অর্থনৈতিক অঞ্চল বিনিয়োগকারীদের সব ধরনের সুযোগ-সুবিধা দেবে।

এখানে উল্লেখ্য এসকল অর্থনৈতিক অঞ্চলের সাফল্যের ক্ষেত্রে একটি গুরত্বপূর্ণ হাতিয়ার হচ্ছে উন্নত যোগাযোগ ব্যবস্থা। কারণ কাচামাল সঠিক সময়ে যোগান ও উৎপাদিত পন্যের বিপনন এই দুটি মেগা অর্থনৈতিক অঞ্চলের জন্য অতীব গুরত্বপূর্ণ। সল্প খরচ ও নিরাপদে পণ্য পরিবহনে বাংলাদেশ রেলওয়ের ভূমিকা অনস্বীকার্য। এতে যেমন পণ্য পরিবহনের মাধ্যমে এসকল অর্থনৈতিক অঞ্চলকে সেবা প্রদান করবে ঠিক তেমনি বাংলাদেশ রেলওয়ের আয় বাড়বে। সেজন্য মিরসরাই-ফেনী অর্থনৈতিক অঞ্চলে রেল লাইন নির্মাণের জন্য সম্ভাব্যতা সমীক্ষা এবং বিশদ ডিজাইন প্রকল্পটি গ্রহণ করা হয়।

১১.২ উদ্দেশ্য:

- প্রস্তাবিত রেললিংক সংযোগের সম্ভাব্য এলাইনমেন্ট নির্ধারণ;
- প্রকল্পটির অর্থনৈতিক, সামাজিক, পরিবেশগত এবং টেকনোলজিগতভাবে গ্রহণযোগ্য করে গড়ে তোলার ব্যবস্থাপনা পরিকল্পনা প্রতিবেদন প্রস্তুত;
- প্রকল্পটির জন্য পরিবেশ সংক্রান্ত প্রতিবেদন, প্রকল্প বাস্তবায়নে পরিবেশে তার প্রভাব, পরিবেশগত ব্যবস্থাপনা ও তার পরীবিক্ষণ প্রতিবেদন প্রস্তুত;
- ভূমি অধিগ্রহণ ও পূনর্বাসন সংক্রান্ত ব্যবস্থাপনার জন্য কর্মপরিকল্পনা প্রস্তুত;
- রেলওয়ে সেবা প্রদানে প্রয়োজনীয় অতিরিক্ত জনবল সংক্রান্ত সাপোর্ট প্রদান;
- প্রকল্প কার্যক্রমে বিশদ ডিজাইন সংক্রান্ত সাপোর্ট প্রদান;
- নক্সা প্রনয়ণ এর উপর ভিত্তি করে ব্যয় প্রাক্কলন প্রনয়ণ;
- টেন্ডার ডকুমেন্ট প্রস্তুতকরণ; এবং
- কন্সালটেন্সি সার্ভেসের জন্য Terms of Reference প্রস্তুত করা।

১১.৩ প্রকল্পের প্রধান প্রধান কার্যক্রমঃ

- পরামর্শক সেবা;
- আইটি ভ্যাট এবং
- অফিস ইক্যুপমেন্ট

১২.০ প্রকল্পের অঙ্গভিত্তিক বাস্তবায়ন (পিসিআর এর ভিত্তিতে) :

(লক্ষ টাকায়)

অনুমোদিত অংগের নাম	একক	ডিপিপি অনুযায়ী পরিকল্পিত লক্ষ্যমাত্রা		প্রকৃত অগ্রগতি	
		বাস্তব (%)	আর্থিক	বাস্তব (%)	আর্থিক
পরামর্শক সেবা (আইটি ভ্যাটসহ)	থোক	১০০%	৩৮৩.৭০	১০০%	৩৭৫.৪৫
অফিস স্টেশনারী	থোক	১০০%	২.০০	০%	০.০০
স্টিয়ারিং কমিটি/পিআইসি/টিইসি/টিওসি	থোক	১০০%	১.০০	০%	০.০০

সদস্যদের সম্মানি					
বিজ্ঞাপন	থোক	১০০%	১.০০	০%	০.০০
আইটি ভ্যাট	থোক	১০০%	১০৩.৬০	১০০%	১০১.৩৭
অফিস ইক্যুপমেন্ট	থোক	১০০%	৪.০০	০%	০.০০
সর্বমোট:			**৪৯৫.৩০**		**৪৭৬.৮২**

বর্ণিত তথ্য বিশ্লেষণে দেখা যায়- অনুমোদিত অঙ্গভিত্তিক লক্ষ্যমাত্রার বিপরীতে প্রকৃত ব্যয় কম হয়েছে। কারণ অফিস স্টেশনারী, সম্মানি, বিজ্ঞাপন ও অফিস ইক্যুমেন্ট খাতে বরাদ্দকৃত অর্থ ব্যয় করার প্রয়োজন হয়নি। এছাড়া, পরামর্শক সেবা খাতের বরাদ্দের চেয়ে ৮.২৫ লক্ষ টাকা কম ব্যয় হয়েছে এবং আইটি ভ্যাট খাতে বরাদ্দের চেয়ে ২.২৩ লক্ষ টাকা কম ব্যয় হয়েছে।

১৩.০ কাজ অসমাপ্ত থাকলে তার কারণঃ কাজ অসমাপ্ত নেই বলে প্রতীয়মান হয়।

১৪.০ প্রকল্প পরিচালক সংক্রান্ত তথ্যাদিঃ

ক্রঃ নং	প্রকল্প পরিচালকের নাম ও পদবী	দায়িত্বের ধরণ		কর্মকাল	
		পূর্ণকালীন	অতিরিক্ত	যোগদান	বদলী
১.	মোঃ আরিফুজ্জামান, প্রধান প্রকৌশলী (পূর্ব)	-	অতিরিক্ত	২১/০৬/২০১৭	১২/০৮/২০১৮
২.	আবদুল জলিল, প্রধান প্রকৌশলী (পূর্ব)	-	অতিরিক্ত	১৩/০৮/২০১৮	১৫/০৭/২০১৯

১৫.০ আর্থিক পরিকল্পনা ও বাস্তবায়ন সংক্রান্ত: বছরভিত্তিক আরএডিপি'র সংস্থানের বিপরীতে সংশোধিত এডিপি বরাদ্দ, অর্থ ব্যয় ও অব্যয়িত অর্থ সমর্পণ সংক্রান্ত তথ্যাদি নিম্নরূপ লক্ষ টাকায়):

অর্থবছর	ডিপিপি অনুযায়ী লক্ষ্যমাত্রা	আরএডিপি বরাদ্দ	অবমুক্ত	ব্যয়	অব্যয়িত অর্থ
২০১৭-২০১৮	৭১.৫০	১৩৯.০০	৮৫.০০	৮৩.৪৪	১.৫৬
২০১৮-২০১৯	৪২৩.৮০	৩৫৩.০০	৪০১.০০	৩৯৩.৩৮	৭.৬২
মোট:	**৪৯৫.৩০**	**৪৯২.০০**	**৪৮৬.০০**	**৪৭৬.৮২**	**৯.১৮**

বর্ণিত তথ্য বিশ্লেষণে দেখা যায় অব্যয়িত ৯.১৮ লক্ষ টাকা যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে পত্র নং-প্রকল্প/ বাজেট/২০১৮-১৯/ক-৭ (অর্থ সমর্পন)-০১, তারিখঃ ২৭.০৮.২০১৯ এর মাধ্যমে সমর্পন করা হয়।

১৬.০ প্রকল্পের প্রধান প্রধান অংগের বাস্তবায়ন অবস্থা (পিসিআর এর তথ্য অনুযায়ী):

১৬.১ পরামর্শক সেবা ক্রয় (পরামর্শক প্রতিষ্ঠানের নাম, চুক্তির তারিখ, চুক্তির মূল্য, চুক্তির মেয়াদ, কাজ সমাপ্তির তারিখসহ বিস্তারিত বিবরণ):

পরামর্শক প্রতিষ্ঠানের নাম	:	Infrastructure Investment Facilitation Company (IIFC), House # 40/A (3rd floor), Road # 20, Mohakhali New DOHS, Dhaka-1206.

চুক্তির তারিখ	:	২৫.০২.২০১৮
চুক্তির মূল্য	:	৩,৮৩,৭০,০০০.০০
চুক্তির মেয়াদ	:	২৫/০২/২০১৮ হতে ৩০/০৬/২০১৯ পর্যন্ত।
কাজ সমাপ্তির তারিখ	:	২৫/০৬/২০১৯

১৬.২ অফিস স্টেশনারী ও সরঞ্জামাদি, বিজ্ঞাপন ও সম্মানী বাবদ ব্যয়ঃ প্রয়োজন না হওয়ায় অফিস স্টেশনারী ও সরঞ্জামাদি, বিজ্ঞাপন ও সম্মানী বাবদ ব্যয় কোন অর্থ ব্যয় হয়নি।

১৬.৩ আইটি ও ভ্যাটঃ অনুমোদিত ডিপিপি'তে আইটি ওভ্যাট বাবদ ১০৩.৬০ লক্ষ টাকার সংস্থান ছিল। পিসিআর অনুযায়ী ১০১.৩৭ লক্ষ টাকা ব্যয় করা হয়েছে এবং ২.২৩ লক্ষ টাকা অব্যয়িত রয়েছে। এ খাতে আর্থিক অগ্রগতি ৯০% এবং বাস্তব অগ্রগতি ১০০%।

১৭.০ প্রকল্পের উদ্দেশ্য অর্জনঃ

পরিকল্পিত উদ্দেশ্য	উদ্দেশ্য অর্জন
• প্রস্তাবিত রেল লিংকের সম্ভাব্য এবং কার্যকরি এ্যালাইনমেণ্ট চিহ্নিত করণ।	• নিযুক্ত পরামর্শদাতা সংস্থা কর্তৃক উপযুক্ত এ্যালাইনমেণ্ট সনাক্ত পূর্বক চুক্তিপত্রের সংস্থান অনুসারে সমস্ত নথিপত্র নির্ধারিত সময়ের মধ্যে সরবরাহ করেছে ।
• প্রকল্পটি প্রযুক্তিগতভাবে, অর্থনৈতিকভাবে, আর্থিকভাবে, পরিবেশগতভাবে এবং সামাজিকভাবে কার্যকর হবে কিনা তা নির্ধারণ করণ।	• প্রকল্পটি প্রযুক্তিগতভাবে, অর্থনৈতিকভাবে, আর্থিকভাবে, পরিবেশগতভাবে এবং সামাজিকভাবে কার্যকর কিনা তা পরীক্ষা করার জন্য বিভিন্ন বিশ্লেষণ করা হয়েছে।
• প্রাথমিক পরিবেশ পরীক্ষার প্রতিবেদন, পরিবেশগত প্রভাব, মূল্যায়ন, পরিবেশ ব্যবস্থাপনা পরিকল্পনা এবং পরিবেশগত পর্যবেক্ষণ পরিকল্পনা ইত্যাদি প্রস্তুত করণ;	• পরিবেশ অধ্যয়ন প্রতিবেদন, পরিবেশগত প্রভাব মূল্যায়ন, পরিবেশ ব্যবস্থাপনা পরিকল্পনা এবং সামাজিক অধ্যয়ন সহ পরিবেশগত মনিটরিং পরিকল্পনা ইত্যাদি প্রস্তুত করা হয়েছে।
• জমি অধিগ্রহণ পরিকল্পনা এবং পুনর্বাসন পরিকল্পনা প্রস্তুতকরণ এবং রেলওয়ে পরিষেবা পরিচালনা ও রক্ষণাবেক্ষণের নিমিত্ত অতিরিক্ত জনবলের প্রয়োজন নির্ধারণ। • প্রকল্পের সকল অবকাঠামোর বিশদ নকশা প্রনয়ন; • বিস্তারিত নকশার উপর ভিত্তি করে বিশদ প্রাক্কলন ও টেন্ডার নথি প্রস্তুত করণ; • নির্মাণ কাজ তত্ত্বাবধানের নিমিত্ত পরামর্শ পরিষেবার TOR প্রস্তুত করণ.	• জমি অধিগ্রহণ পরিকল্পনা এবং পুনর্বাসন কর্ম পরিকল্পনার পাশাপাশি বিশদ নক্সা, TOR এবং ব্যয় প্রাক্কলন প্রস্তুত করা হয়েছে।

১৮.০ উদ্দেশ্য পুরোপুরি অর্জিত না হয়ে থাকলে তার কারণঃ সার্বিক বিবেচনায় প্রকল্পের উদ্দেশ্যসমূহ সফলভাবে অর্জিত হয়েছে বলে প্রতীয়মান হয়।

১৯.০ অডিট সংক্রান্ত (হালনাগাদ তথ্য): রেলওয়ে অডিট অধিদপ্তরের চাহিদা মোতাবেক গত ২৮-১০-২০১৮ তারিখে ২০১৮-১৯ অর্থ বছরের নিরীক্ষা পরিকল্পনা প্রণয়নের জন্য ২০১৭-১৮ অর্থবছরের প্রকল্পের তথ্য সরবরাহ করা হয়েছে।

২০.০ প্রকল্প পরিদর্শন ও প্রনুমোদন সংক্রান্ত তথ্যঃ

গত ১০.০৪.২০২২ তারিখে আইএমইডি কর্তৃক প্রকল্প অফিস সিআরবি, চট্টগ্রাম পরিদর্শন করা হয়। পরিদর্শনকালে ট্র্যাক সাপ্লাই কর্মকর্তা (টিএসও) ও সংশ্লিষ্ট অন্যান্য কর্মচারী উপস্থিত ছিলেন। পরিদর্শনকালে প্রকল্পের আওতায় সম্পাদিত বিভিন্ন কার্যক্রমের দলিলপত্র পর্যালোচনা করা হয়। পিসিআর এ প্রদত্ত তথ্য, প্রকল্প কর্তৃক প্রদত্ত তথ্য ও দালিলিক প্রমাণাদি পর্যালোচনার আলোকে সার্বিক পর্যবেক্ষণ নিম্নরূপ:

২১.০ সার্বিক পর্যবেক্ষণঃ


২১.১ প্রকল্প অনুমোদন সংক্রান্তঃ মিরসরাই-ফেনী অর্থনৈতিক অঞ্চলের সম্ভাব্যতা সমীক্ষা প্রকল্পটি গত ১০.০১.২০১৮ তারিখে রেলপথ মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী মহোদয় কর্তৃক অনুমোদিত হয়। প্রকল্পটির প্রাথমিক অনুমোদিত মেয়াদ ছিল ০১.০১.২০১৮ হতে ৩০.১২.২০১৮ পর্যন্ত। পরবর্তীতে যৌক্তিক কারণ বিবেচনায় মহাপরিচালক, বাংলাদেশ রেলওয়ে, ঢাকা কর্তৃক ১ম বার মেয়াদ বৃদ্ধি করা হলে প্রকল্পটির চূড়ান্ত মেয়াদ দাঁড়ায় ৩০.০৬.২০১৯ পর্যন্ত।

২১.২ পরামর্শক সেবা ক্রয়ঃ ডিপিপির সংস্থান অনুযায়ী SD1 প্যাকেজের মাধ্যমে যথাযথ টেন্ডার প্রক্রিয়া অনুসরণপূর্বক পরামর্শক সেবা ক্রয় করা হয়। নথিপত্র পর্যালোচনায় দেখা যায় পরামর্শক প্রতিষ্ঠান কর্তৃক চুক্তিপত্রের সংস্থান অনুযায়ী নির্ধারিত মেয়াদের মধ্যে সকল রিপোর্ট দাখিল করা হয়েছে। সমীক্ষার আলোকে প্রকল্প প্রস্তাব বাস্তবায়নের লক্ষ্যে যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনের জন্য পরিকল্পনা কোষ, রেলভবন, ঢাকায় প্রেরণ করা হয়েছে।


২১.৩ অফিস স্টেশনারী ও সরঞ্জামাদি এবং সম্মানী খাতে ব্যয়: প্রয়োজন না হওয়ায় অফিস স্টেশনারী ও সরঞ্জামাদি এবং সম্মানী খাতে কোন অর্থ ব্যয় হয়নি।

২১.৪ **অব্যয়িত অর্থ সংক্রান্তঃ** প্রকল্পের আওতায় ৯.১৮ লক্ষ টাকা অব্যয়িত অর্থ যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে পত্র নং-প্রকল্প/বাজেট/২০১৮-১৯/ক-৭ (অর্থ সমর্পন)-০১, তারিখঃ ২৮.০৭.২০১৯ এর মাধ্যমে সমর্পন করা হয়েছে (কপি সংযুক্ত, পতাকা-খ)।

২২.০ প্রকল্প পরিদর্শনের স্থির চিত্র:



প্রকল্প অফিসে প্রকল্পের দালিলিক প্রমাণাদি পর্যালোচনা



পরামর্শক প্রতিষ্ঠান কর্তৃক দাখিলকৃত প্রতিবেদনসমূহ

২৩.০ মতামত/সুপারিশঃ

২৩.১ নিরীক্ষা পরিকল্পনা প্রণয়নের জন্য ২০১৭-১৮ অর্থবছরের প্রকল্পের তথ্য রেলওয়ে অডিট অধিদপ্তরে সরবরাহ করা হয়েছে। কিন্তু অডিট অধিদপ্তর থেকে কোন আপত্তি বা আপত্তি নেই মর্মে লিখিত তথ্য অদ্যাবধি পাওয়া যায়নি। এমতাবস্থায়, অডিট সংক্রান্ত কোন আপত্তি নেই মর্মে অডিট অধিদপ্তর থেকে লিখিত প্রমাণক সংগ্রহপূর্বক আইএমইডি-তে প্রেরণ করতে হবে;

২৩.২ সমীক্ষা প্রকল্পের আওতায় পরামর্শক প্রতিষ্ঠান প্রদত্ত প্রতিবেদনের আলোকে সংশ্লিষ্ট মন্ত্রণালয় প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করবে;

২৩.৩ উপর্যুক্ত মতামত/সুপারিশ ২৩.১ হতে ২৩.২ এর আলোকে গৃহীত ব্যবস্থা সম্পর্কে আগামী ০১ মাসের মধ্যে আইএমইডি'কে অবহিত করতে হবে।

জামালপুর অর্থনৈতিক অঞ্চলে রেললাইন নির্মাণের জন্য সম্ভাব্যতা সমীক্ষা প্রকল্পের সমাপ্তি মূল্যায়ন প্রতিবেদন
(সমাপ্ত: মার্চ, ২০১৯)

১.০	প্রকল্পের নাম	:	জামালপুর অর্থনৈতিক অঞ্চলে রেললাইন নির্মাণের জন্য সম্ভাব্যতা সমীক্ষা
২.০	বাস্তবায়নকারী সংস্থা	:	বাংলাদেশ রেলওয়ে
৩.০	প্রশাসনিক মন্ত্রণালয়	:	রেলপথ মন্ত্রণালয়
৪.০	প্রশাসনিক বিভাগ	:	রেলপথ মন্ত্রণালয়
৫.০	অর্থায়নের উৎস	:	জিওবি
৬.০	উন্নয়ন সহযোগী	:	--
৭.০	পরিকল্পনা কমিশনের সেক্টর বিভাগ	:	পরিবহন, ভৌত অবকাঠামো বিভাগ।
৮.০	বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ	:	পরিবীক্ষণ ও মূল্যায়ন সেক্টর-২
৯.০	প্রকল্প এলাকা	:	চট্রগ্রাম

১০.০ প্রকল্পের বাস্তবায়ন সময় ও ব্যয় (লক্ষ টাকায়)

প্রাক্কলিত ব্যয় (প্রঃসাঃ)		প্রকৃত ব্যয়	পরিকল্পিত বাস্তবায়নকাল		প্রকৃত বাস্তবায়নকাল	অতিরিক্ত ব্যয় (মূল প্রাক্কলিত ব্যয়ের %)	অতিক্রান্ত সময় (মূল বাস্তবায়নকালের %)
মূল জিওবি প্রকল্প সাহায্য	সর্বশেষ সংশোধিত (২য় বার)		মূল	সর্বশেষ সংশোধিত			
১	২	৩	৪	৫	৬	৭	৮
৪৮৯.০১ ৪৮৯.০১ -	-	৪৭৭.৬৬	নভেম্বর, ২০১৭ হতে অক্টোবর, ২০১৮	নভেম্বর, ২০১৭ হতে মার্চ, ২০১৯	নভেম্বর, ২০১৭ হতে মার্চ, ২০১৯	-১১.৩৫ (-২.৩২%)	০৫ মাস (৪২%)

** পিসিআর অনুযায়ী প্রকল্পের ব্যয় ২.৩২% কম হয়েছে এবং অতিক্রান্ত সময় মূল বাস্তবায়নকালের তুলনায় ৪২% বৃদ্ধি পেয়েছে।

১১.০ প্রকল্পের সাধারণ তথ্যাদিঃ

১১.১ প্রকল্পের পটভুমিঃ

বিশ্বব্যাপী আর্থিক সংকট এবং খাদ্যমূল্যের উর্দ্ধ গতির পরেও বাংলাদেশ ২০০৯-২০১৬ অর্থবছরে (FY) প্রায় ৬.৫% টেকসই বার্ষিক জিডিপি প্রবৃদ্ধি অর্জন করেছে। অব্যহত এই প্রবৃদ্ধির ভিত্তি হিসেবে কাজ করেছে স্থিতিশীল সামষ্টিক-অর্থনৈতিক এবং বিচক্ষণ আর্থিক নীতি, ক্রমবর্ধমান শিল্প ও পরিষেবার মানোন্নয়ন এবং অব্যাহত উচ্চ গতির বহিরাগত রেমিটেন্সের প্রবাহ। এ বিষয়ে বাংলাদেশ সরকারের (জিওবি) ভবিষ্যত পরিকল্পনা হল প্রবৃদ্ধির একটি টেকসই গতিপথ গড়ে তোলা যা প্রকৃত জিডিপি প্রবৃদ্ধির সামগ্রিক বৃদ্ধিকে ৮% এবং দারিদ্র্যকে ২০২১ সালের মধ্যে ৪০% থেকে কমিয়ে ১৫%-এ নামিয়ে আনতে সহায়তা করবে। শ্রমশক্তিতে প্রবেশকারী বাংলাদেশিদের সংখ্যার নিরবচ্ছিন্ন বৃদ্ধি প্রতি বছরে প্রায় ২০ লক্ষ নিশ্চিত করাকে একটি সম্পদ অনুসন্ধান করা হবে। উৎপাদনশীল কর্মসংস্থান শক্তি তৈরি করা মূলত নির্ভর করে বেসরকারি খাতের বিনিয়োগের জন্য একটি কাজের পরিবেশ তৈরির উপর, বিশেষ করে শ্রম-নিবিড় উৎপাদন এবং পরিষেবা শিল্প প্রতিষ্ঠার জন্য। বাংলাদেশ সরকার (GoB) রপ্তানি প্রক্রিয়াকরণ অঞ্চল (EPZs) পরিচালনার মাধ্যমে উপযোগী

অবকাঠামো পরিষেবা এবং ব্যবসার পরিবেশ তৈরি ও বজায় রাখার ক্ষেত্রে সফল ভুমিকা পালন করে আসছে। বাংলাদেশ রপ্তানি প্রক্রিয়াকরণ অঞ্চল কর্তৃপক্ষ (বেপজা) ১৯৮০ সালে প্রতিষ্ঠিত হয়। ইপিজেড প্রোগ্রামটি দেশে বৃহৎ আকারের রপ্তানিমুখী শিল্প স্থাপনের লক্ষ্যে উৎপাদন বান্ধব এলাকা এবং বিনিয়োগকারীদের জন্য একটি ভাল ব্যবসায়িক পরিবেশ প্রদানের প্রথম পদ্ধতিগত উদ্যোগ। কিন্তু, কঠিন বাস্তবতা এই যে, সামষ্টিক ক্রমবর্ধমান ইতিবাচক প্রভাব সৃষ্টি করা এবং দেশীয় অর্থনীতিতে স্পিল-ওভার সৃষ্টি উভয় ক্ষেত্রেই বাংলাদেশের ইপিজেড মডেলের সীমাবদ্ধতা রয়েছে। বিদেশী বিনিয়োগের সাথে থাকা প্রযুক্তি আপ-স্ট্রীম বা ডাউন-স্ট্রীম স্পিল-ওভারের ক্ষেত্রে রপ্তানিকারী ছিটমহল হিসেবে গড়ে উঠা ইপিজেডগুলি অভ্যন্তরীণ অর্থনীতিতে সংযোগের প্রভাব তৈরির পথে সামান্যই ভূমিকা প্রদান করেছে ।তাই সরকারের উদ্দেশ্য হল অর্থনৈতিক অঞ্চলের (EZs) জন্য আরও আধুনিক, উন্নত যোগাযোগ ব্যবস্থার তৈরির মাধ্যমে সম্ভাব্য প্রত্যক্ষ ও পরোক্ষ প্রভাবগুলিকে সর্বাধিক করা। সরকার সারা বিশ্বে ইপিজেড এর সফল উদাহরণের পাশাপাশি বাংলাদেশের ইতিবাচক অভিজ্ঞতা (ইপিজেড মডেলের) থেকে দেশের জন্য দৃড়তার সাথে একটি দৃষ্টান্ত মূলক নতুন ইপিজেড ব্যবস্থাপনার স্থাপনের প্রচেষ্টা শুরু করেছে। আশা করা হচ্ছে যে, বিদেশী প্রত্যক্ষ বিনিয়োগ থেকে স্থানীয় সংস্থাগুলির মাধ্যমে আরও বেশি স্পিল-ওভার সুবিধা ব্যবহার করা যেমন সম্ভব হবে এবং ঠিক তেমনি মূল্য শৃঙ্খলা বজায়ে রাখার মাধ্যমে মধ্যে অতিরিক্ত বিনিয়োগকে উৎসাহিত, অধিক পরিমান স্থানীয় পণ্য সংগ্রহ, বাণিজ্যিক সংস্থা ও শিক্ষার মধ্যে আরও ভাল সংযোগ স্থাপন করা সম্ভব হবে। বাংলাদেশ অর্থনৈতিক অঞ্চল কর্তৃপক্ষ (বেজা) জামালপুর জেলায় জামালপুর অর্থনৈতিক অঞ্চল নামে অর্থনৈতিক অঞ্চল প্রতিষ্ঠার পরিকল্পনা করছে। এই অর্থনৈতিক অঞ্চল বিনিয়োগকারীদের সব ধরনের সুযোগ-সুবিধা দেবে। জামালপুর সদরে ৪৮৮ একর জমির ওপর ৩০২ কোটি টাকা ব্যয়ে জামালপুর অর্থনৈতিক অঞ্চল প্রতিষ্ঠিত হবে। প্রকল্পটি বাংলাদেশের জাতীয় অর্থনৈতিক পরিষদের নির্বাহী কমিটি (ECNEC) কর্তৃক ১৩ এপ্রিল, ২০১৬-তে অনুমোদিত হয়। বাংলাদেশ অর্থনৈতিক অঞ্চল কর্তৃপক্ষ (বেজা) ২০১৭ সালের মধ্যে প্রকল্পটি বাস্তবায়ন করার লক্ষ্য নির্ধারন করে । বেজা ইতিমধ্যে জামালপুরে অর্থনৈতিক অঞ্চলের জন্য সম্ভাব্যতা সমীক্ষা সম্পন্ন করেছে। ভারতীয় চারটি রাজ্যে- ত্রিপুরা, মেঘালয়, মিজোরাম এবং আসামের সাথে বাংলাদেশের ১,৮৮০ কিলোমিটার সীমান্ত রয়েছে। শুধুমাত্র জামালপুরের নিকটতম রাজ্য মেঘালয়ের সাথে ৪৪৩ কিলোমিটার সীমান্ত এলাকা রয়েছে। এই প্রকল্পটি উত্তর-পূর্ব ভারতের রাজ্যগুলির সাথে ব্যবসা-বাণিজ্যের সুযোগ উন্মুক্ত করবে। লাইট-ইঞ্জিনিয়ারিং পণ্য, গার্মেন্টস, ভোগ্যপণ্য এবং খাদ্য আইটেম তৈরির উপাদান পরিবহনের জন্য উল্লিখিত ভারতীয় রাজ্যগুলির জন্য বাংলাদেশ একটি শিল্প কেন্দ্রে পরিণত হবে।

১১.২ উদ্দেশ্য: জামালপুর বাউসি স্টেশন হতে জামালপুর অর্থনৈতিক অঞ্চলে রেল সংযোগের জন্য সম্ভাব্যতা সমীক্ষা এর মূল উদ্দেশ্য নিম্নরূপ:

- জামালপুর বাউসি স্টেশন হতে জামালপুর অর্থনৈতিক অঞ্চলে রেল সংযোগের জন্য সম্ভাব্যতা সমীক্ষা;
- প্রস্তাবিত রেললিংক সংযোগের সম্ভাব্য এলাইনমেন্ট নির্ধারণ ও সুপারিশ;
- সার্ভেসহ নক্সা প্রনয়ণ এর উপর ভিত্তি করে ব্যয় প্রাক্কলন প্রনয়ণ;
- প্রকল্পটির অর্থনৈতিক, সামাজিক, পরিবেশগত এবং টেকনোলজিগতভাবে গ্রহণযোগ্য করে গড়ে তোলার ব্যবস্থাপনা পরিকল্পনা প্রতিবেদন প্রস্তুত;
- প্রকল্প কার্যক্রমে ডিজাইন সংক্রান্ত সাপোর্ট প্রদান;
- ভূমি অধিগ্রহণ ও পূনর্বাসন সংক্রান্ত ব্যবস্থাপনার জন্য কর্মপরিকল্পনা প্রস্তুত;
- টেন্ডার ডকুমেন্ট প্রস্তুতকরণ; এবং
- কন্সালটেন্সি সার্ভেসের জন্য Terms of Reference প্রস্তুত করা।

১১.৩ প্রকল্পের প্রধান প্রধান কার্যক্রম :

- পরামর্শক সেবা;
- আইটি ভ্যাট এবং
- অফিস ইক্যুপমেন্ট

১২.০ প্রকল্পের অঙ্গভিত্তিক বাস্তবায়ন (পিসিআর এর ভিত্তিতে):

(লক্ষ টাকায়)

অনুমোদিত অংগের নাম	একক	ডিপিপি অনুযায়ী	প্রকৃত অগ্রগতি

		পরিকল্পিত লক্ষ্যমাত্রা			
		বাস্তব (%)	আর্থিক	বাস্তব (%)	আর্থিক
পরামর্শক সেবা (আইটি ভ্যাটসহ)	থোক	১০০%	৩৭৮.০০	১০০%	৩৭৬.২০
অফিস স্টেশনারী	থোক	১০০%	২.০০	০%	-
স্টিয়ারিং কমিটি/পিআইসি/টিইসি /টিওসি সদস্যদের সম্মানি	থোক	১০০%	২.০০	০%	-
বিজ্ঞাপন	থোক	১০০%	২.০০	০%	-
আইটি ভ্যাট	থোক	১০০%	১০২.০৬	১০০%	১০১.৪৬
অফিস ইক্যুপমেন্ট	থোক	১০০%	২.৯৫	০%	-
সর্বমোট:			৪৮৯.০১		৪৭৭.৬৬ (৯৭.৬৭%)

বর্ণিত তথ্য বিশ্লেষণে দেখা যায়- অনুমোদিত অঙ্গভিত্তিক লক্ষ্যমাত্রার বিপরীতে প্রকৃত ব্যয় কম হয়েছে। কারণ অফিস স্টেশনারী, সম্মানি, বিজ্ঞাপন ও অফিস ইক্যুমেন্ট খাতে বরাদ্দকৃত অর্থ ব্যয় করার প্রয়োজন হয়নি। এছাড়া, পরামর্শক সেবা খাতের বরাদ্দের চেয়েও ১.৮০ লক্ষ টাকা কম ব্যয় হয়েছে।

১৩.০ কাজ অসমাপ্ত থাকলে তার কারণঃ কাজ অসমাপ্ত নেই বলে প্রতীয়মান হয়।

১৪.০ প্রকল্প পরিচালক সংক্রান্ত তথ্যাদিঃ

ক্রমিক নং	প্রকল্প পরিচালকের নাম ও পদবী	দায়িত্বের ধরণ		কর্মকাল	
		পূর্ণকালীন	অতিরিক্ত	যোগদান	বদলী
১	২	৩	৪	৫	
০১।	মো: আরিফুজ্জামান প্রধান প্রকৌশলী (পূর্ব) বাংলাদেশ রেলওয়ে, চট্রগ্রাম	--	অতিরিক্ত দায়িত্ব	২১.০৬.২০১৭	১২.০৮.২০১৮
০২।	আব্দুল জলিল প্রধান প্রকৌশলী (পূর্ব) বাংলাদেশ রেলওয়ে, চট্রগ্রাম	--	অতিরিক্ত দায়িত্ব	১২.০৮.২০১৮	১৫.০৭.২০১৯

১৫। **বছর ভিত্তিক ডিপিপি অনুযায়ী লক্ষ্যমাত্রা, আরএডিপি বরাদ্দ, অবমুক্তি ও ব্যয় :**

(লক্ষ টাকা)

অর্থবছর	ডিপিপি অনুযায়ী লক্ষ্যমাত্রা	আরএডিপি বরাদ্দ	অবমুক্ত	ব্যয়	অব্যয়িত অর্থ
২০১৭-২০১৮	২৫৪.০৬	১৩৯.০০	১৩৯.০০	১৩৪.৬৬	৪.৩৪
২০১৮-২০১৯	২৩৪.৯৫	৩৫৩.০০	৩৫৩.০০	৩৪৩.০০	১০.০০
মোট:	৪৮৯.০১	৪৯২.০০	৪৯২.০০	৪৭৭.৬৬	১৪.৩৪

(সূত্র- পিসিআর)

বর্ণিত তথ্য বিশ্লেষণে দেখা যায় অব্যয়িত ১৪.৩৪ লক্ষ টাকা যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে পত্র নং-প্রকল্প/ বাজেট/২০১৮-১৯/ক-৭ (অর্থ সমর্পন)-০১, তারিখঃ ২৭.০৮.২০১৯ এর মাধ্যমে সমর্পন করা হয়।

১৬। প্রকল্পের প্রধান প্রধান অংগের বাস্তবায়ন অবস্থা (পিসিআর এর তথ্য অনুযায়ী):

১৬.১ পরামর্শক সেবা (পরামর্শক প্রতিষ্ঠানের নাম, চুক্তির তারিখ, চুক্তির মূল্য, চুক্তির মেয়াদ, কাজ সমাপ্তির তারিখসহ বিস্তারিত বিবরণ):

পরামর্শক প্রতিষ্ঠানের নাম	:	Infrastructure Investment Facilitation Company (IIFC), House # 40/A (3rd floor), Road # 20, Mohakhali New DOHS, Dhaka-1206.
চুক্তির তারিখ	:	১০.০১.২০১৮
চুক্তির মূল্য	:	৩,৭৭,৭৫,০০০.০০ (আইটি ও ভ্যাট ব্যতিত)।
চুক্তির মেয়াদ	:	১০.০১.২০১৮ হতে ৩০.০৩.২০১৯ পর্যন্ত।
কাজ সমাপ্তির তারিখ	:	৩০.০৩.২০১৯

১৬.২ অফিস স্টেশনারীঃ ক্রয় করা হয়নি।

১৬.৩ অফিস সরঞ্জামাদিঃ ক্রয় করা হয়নি।

১৬.৪ আইটি ও ভ্যাটঃ অনুমোদিত ডিপিপি'তে আইটি ওভ্যাট বাবদ ১০২.০৬ লক্ষ টাকার সংস্থান ছিল। পিসিআর অনুযায়ী ১০১.৪৬ লক্ষ টাকা ব্যয় করা হয়েছে। এ খাতে আর্থিক অগ্রগতি ১০০% এবং বাস্তব অগ্রগতি ১০০%।

১৭.০ প্রকল্পের উদ্দেশ্য অর্জনঃ

পরিকল্পিত উদ্দেশ্য	উদ্দেশ্য অর্জন
প্রস্তাবিত রেল লিঙ্কের সম্ভাব্য এবং কার্যকরি এ্যালাইনমেণ্ট চিহ্নিত করণ।	নিযুক্ত পরামর্শদাতা সংস্থা কর্তৃক উপযুক্ত এ্যালাইনমেণ্ট সনাক্তপূর্বক চুক্তিপত্রের সংস্থান অনুসারে সমস্ত নথিপত্র নির্ধারিত সময়ের মধ্যে সরবরাহ করেছে ।
পরিকল্পিত উদ্দেশ্য	উদ্দেশ্য অর্জন

প্রকল্পটি প্রযুক্তিগতভাবে, অর্থনৈতিকভাবে, আর্থিকভাবে, পরিবেশগতভাবে এবং সামাজিকভাবে কার্যকর হবে কিনা তা নির্ধারণ করণ।	প্রকল্পটি প্রযুক্তিগতভাবে, অর্থনৈতিকভাবে, আর্থিকভাবে, পরিবেশগতভাবে এবং সামাজিকভাবে কার্যকর কিনা তা পরীক্ষা করার জন্য বিভিন্ন বিশ্লেষণ করা হয়েছে।
প্রাথমিক পরিবেশ পরীক্ষার প্রতিবেদন, পরিবেশগত প্রভাব, মূল্যায়ন, পরিবেশ ব্যবস্থাপনা পরিকল্পনা এবং পরিবেশগত পর্যবেক্ষণ পরিকল্পনা ইত্যাদি প্রস্তুত করণ;	পরিবেশ অধ্যয়ন প্রতিবেদন, পরিবেশগত প্রভাব মূল্যায়ন, পরিবেশ ব্যবস্থাপনা পরিকল্পনা এবং সামাজিক অধ্যয়নসহ পরিবেশগত মনিটরিং পরিকল্পনা ইত্যাদি প্রস্তুত করা হয়েছে।
জমি অধিগ্রহণ পরিকল্পনা এবং পুনর্বাসন পরিকল্পনা প্রস্তুতকরণ এবং রেলওয়ে পরিষেবা পরিচালনা ও রক্ষণাবেক্ষণের নিমিত্ত অতিরিক্ত জনবলের প্রয়োজন নির্ধারণ।	জমি অধিগ্রহণ পরিকল্পনা এবং পুনর্বাসন পরিকল্পনা প্রস্তুতকরণ এবং রেলওয়ে পরিষেবা পরিচালনা ও রক্ষণাবেক্ষণের নিমিত্ত অতিরিক্ত জনবলের প্রয়োজন নির্ধারণ করা হয়েছে।
প্রকল্পের সকল অবকাঠামোর বিশদ নকশা প্রনয়ন;	প্রকল্পের সকল অবকাঠামোর বিশদ নকশা প্রনয়ন করা হয়েছে।
বিস্তারিত নকশার উপর ভিত্তি করে বিশদ প্রাক্কলন ও টেন্ডার নথি প্রস্তুত করণ;	বিস্তারিত নকশার উপর ভিত্তি করে বিশদ প্রাক্কলন ও টেন্ডার নথি প্রস্তুত করা হয়েছে।
নির্মাণ কাজ তত্ত্বাবধানের নিমিত্ত পরামর্শ পরিষেবার TOR প্রস্তুত করণ.	নির্মাণ কাজ তত্ত্বাবধানের নিমিত্ত পরামর্শ পরিষেবার TOR প্রস্তুত করা হয়েছে।

১৮.০ উদ্দেশ্য পুরোপুরি অর্জিত না হয়ে থাকলে তার কারণঃ সার্বিক বিবেচনায় প্রকল্পের উদ্দেশ্যসমূহ যথাযথভাবে অর্জিত হয়েছে।

১৯.০ অডিট সংক্রান্ত (হালনাগাদ তথ্য): রেলওয়ে অডিট অধিদপ্তরের চাহিদা মোতাবেক গত ২৮-১০-২০১৮ তারিখে ২০১৮-১৯ অর্থ বছরের নিরীক্ষা পরিকল্পনা প্রণয়নের জন্য ২০১৭-১৮ অর্থবছরের প্রকল্পের তথ্য সরবরাহ করা হয়েছে।

২০.০ প্রকল্প পরিদর্শন সংক্রান্ত তথ্যঃ

গত ১০.০৪.২০২২ তারিখে আইএমইডি কর্তৃক প্রকল্প অফিস সিআরবি, চট্টগ্রাম পরিদর্শন করা হয়। পরিদর্শনকালে ট্র্যাক সাপ্লাই কর্মকর্তা (টিএসও) ও সংশ্লিষ্ট অন্যান্য কর্মচারী উপস্থিত ছিলেন। পরিদর্শনকালে প্রকল্পের আওতায় সম্পাদিত বিভিন্ন কার্যক্রমের দলিলপত্র পর্যালোচনা করা হয়। পিসিআর এ প্রদত্ত তথ্য, প্রকল্প কর্তৃক প্রদত্ত তথ্য ও দালিলিক প্রমাণাদি পর্যালোচনার আলোকে সার্বিক পর্যবেক্ষণ নিম্নরূপ:

২১.০ সার্বিক পর্যবেক্ষণঃ

২১.১ **প্রকল্প অনুমোদন সংক্রান্তঃ** "জামালপুর অর্থনৈতিক অঞ্চলে রেললাইন নির্মাণের জন্য সম্ভাব্যতা সমীক্ষা" প্রকল্পটি ৪৮৯.০১ লক্ষ টাকা প্রাক্কলিত ব্যয়ে ০১-১১-২০১৭ হতে ৩০-১০-২০১৮ মেয়াদে বাস্তবায়নের জন্য গত ১০.১০.২০১৭ তারিখে রেলপথ মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী মহোদয় কর্তৃক অনুমোদিত হয়। পরবর্তীতে যৌক্তিক কারণ বিবেচনায় প্রকল্পটি মহাপরিচালক, বাংলাদেশ রেলওয়ে, ঢাকা কর্তৃক ১ম বার মেয়াদ বৃদ্ধি ঘটলে প্রকল্পটির চূড়ান্ত মেয়াদ দাঁড়ায় ৩০.০৩.২০১৯ পর্যন্ত। প্রকল্প অনুমোদিত চূড়ান্ত মেয়াদের মধ্যে গত ৩০.০৩.২০১৯ তারিখে সমাপ্ত হয়।


২১.২ **পরামর্শ সেবা সংক্রান্তঃ** প্রকল্পের ডিপিপিতে উল্লেখিত SD1 প্যাকেজের মাধ্যমে যথাযথ টেন্ডার প্রক্রিয়া অনুসরণপূর্বক পরামর্শক সেবা ক্রয় করা হয়। নথিপত্র পর্যালোচনায় দেখা যায় পরামর্শক প্রতিষ্ঠান কর্তৃক চুক্তিপত্রের সংস্থান অনুযায়ী সকল রিপোর্ট দাখিল করা হয়েছে। সমীক্ষার আলোকে প্রকল্প প্রস্তাব বাস্তবায়নের লক্ষ্যে যথাযথ কর্তৃপক্ষের অনুমোদন আহরণের জন্য পরিকল্পনা কোষ, রেলভবন, ঢাকায় প্রেরণ করা হয়েছে।

২১.৩ **অফিস স্টেশনারী ও সরঞ্জামাদি এবং সম্মানী খাতে ব্যয়:** প্রয়োজন না হওয়ায় অফিস স্টেশনারী ও সরঞ্জামাদি এবং সম্মানী খাতে কোন অর্থ ব্যয় হয়নি।


২১.৪ **অব্যয়িত অর্থ সংক্রান্তঃ** প্রকল্পের আওতায় ১৪.৩৪ লক্ষ টাকা অব্যয়িত অর্থ যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে পত্র নং-প্রকল্প/বাজেট/২০১৮-১৯/ক-৭ (অর্থ সমর্পন)-০১, তারিখঃ ২৮.০৭.২০১৯ এর মাধ্যমে সমর্পন করা হয়েছে (কপি সংযুক্ত, পতাকা-খ)।

২১.৫ **অডিট সংক্রান্ত (হালনাগাদ তথ্য):** রেলওয়ে অডিট অধিদপ্তরের চাহিদা মোতাবেক ২০১৮-১৯ অর্থ বছরের নিরীক্ষা পরিকল্পনা প্রণয়নের জন্য ২০১৭-১৮ অর্থবছরের প্রকল্পের তথ্য সরবরাহ করা হয়েছে। কিন্ত অডিট অধিদপ্তর থেকে কোন আপত্তি বা আপত্তি নেই মর্মে লিখিত ডকুমেন্ট অদ্যাবধি পাওয়া যায়নি। আপত্তি না থাকলে অডিট অধিদপ্তর থেকে লিখিত প্রমাণক সংগ্রহ করতে হবে।

২২.০ প্রকল্প পরিদর্শনের স্থির চিত্র:



প্রকল্প অফিসে প্রকল্পের দালিলিক প্রমাণাদি পর্যালোচনা



পরামর্শক প্রতিষ্ঠান কর্তৃক দাখিলকৃত প্রতিবেদনসমূহ

২৩.০ মতামত/সুপারিশঃ

২৩.১ নিরীক্ষা পরিকল্পনা প্রণয়নের জন্য ২০১৭-১৮ অর্থবছরের প্রকল্পের তথ্য রেলওয়ে অডিট অধিদপ্তরে সরবরাহ করা হয়েছে। কিন্ত অডিট অধিদপ্তর থেকে কোন আপত্তি বা আপত্তি নেই মর্মে লিখিত তথ্য অদ্যাবধি পাওয়া যায়নি। এমতাবস্থায়, অডিট সংক্রান্ত কোন আপত্তি নেই মর্মে অডিট অধিদপ্তর থেকে লিখিত প্রমাণক সংগ্রহপূর্বক আইএমইডি- তে প্রেরণ করতে হবে;

২৩.২ সমীক্ষা প্রকল্পের আওতায় পরামর্শক প্রতিষ্ঠান প্রদত্ত প্রতিবেদনের আলোকে সংশ্লিষ্ট মন্ত্রণালয় প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করবে;

২৩.৩ উপর্যুক্ত মতামত/সুপারিশ ২৩.১ হতে ২৩.২ এর আলোকে গৃহীত ব্যবস্থা সম্পর্কে আগামী ০১ মাসের মধ্যে আইএমইডি'কে অবহিত করতে হবে।

জানালীহাট স্টেশন-চুয়েট কাপ্তাই পর্যন্ত ডুয়েলগেজ রেললাইন নির্মাণের জন্য সম্ভাব্যতা সমীক্ষা **প্রকল্পের সমাপ্তি মূল্যায়ন প্রতিবেদন**

(সমাপ্ত: জুন, ২০১৯)

১.০	প্রকল্পের নাম	:	জানালীহাট স্টেশন-চুয়েট কাপ্তাই পর্যন্ত ডুয়েলগেজ রেললাইন নির্মাণের জন্য সম্ভাব্যতা সমীক্ষা
২.০	বাস্তবায়নকারী সংস্থা	:	বাংলাদেশ রেলওয়ে
৩.০	প্রশাসনিক মন্ত্রণালয়	:	রেলপথ মন্ত্রণালয়
৪.০	প্রশাসনিক বিভাগ	:	রেলপথ মন্ত্রণালয়
৫.০	অর্থায়নের উৎস	:	জিওবি
৬.০	উন্নয়ন সহযোগী	:	--
৭.০	পরিকল্পনা কমিশনের সেক্টর বিভাগ	:	পরিবহন, ভৌত অবকাঠামো বিভাগ।
৮.০	বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ	:	পরিবীক্ষণ ও মূল্যায়ন সেক্টর-২
৯.০	প্রকল্প এলাকা	:	চট্রগ্রাম

১০.০ প্রকল্পের বাস্তবায়ন সময় ও ব্যয় : (লক্ষ টাকায়)

প্রাক্কলিত ব্যয় (প্রঃসাঃ)		প্রকৃত ব্যয়	পরিকল্পিত বাস্তবায়নকাল		প্রকৃত বাস্তবায়নকাল	অতিরিক্ত ব্যয় (মূল প্রাক্কলিত ব্যয়ের %)	অতিক্রান্ত সময় (মূল বাস্তবায়নকালের %)
মূল জিওবি প্রকল্প সাহায্য	সর্বশেষ সংশোধিত (২য় বার)		মূল	সর্বশেষ সংশোধিত			
১	২	৩	৪	৫	৬	৭	৮
১২২০.৮৬ ১২২০.৮৬ -	-	৯৫৯.৯৮	জানুয়ারি, ২০১৭ হতে ডিসেম্বর, ২০১৮	জানুয়ারি, ২০১৭ হতে ৩০ জুন, ২০১৯	জানুয়ারি, ২০১৭ হতে জুন, ২০১৯	-২৬০.৮৮ (-২১.৩৭%)	০৬ মাস (৩১.৩৭%)

** পিসিআর অনুযায়ী প্রকল্পের ব্যয় ২১.৩৭% কম হয়েছে এবং অতিক্রান্ত সময় মূল বাস্তবায়নকালের তুলনায় ৩১.৩৭% বৃদ্ধি পেয়েছে।

১১.০ প্রকল্পের সাধারণ তথ্যাদিঃ

১১.১ প্রকল্পের পটভুমিঃ

ক) মাস্টার দা সূর্য সেনের ভূমি, রাউজান উপজেলা প্রতিষ্ঠিত হয়েছিল ১৯৪৭ সালে, ভারতীয় উপমহাদেশের স্বাধীনতার বছর। স্থানীয় কর্তৃপক্ষ হতে প্রাপ্ত সর্বশেষ তথ্য অনুযায়ী উপজেলার মোট জনসংখ্যা ৬,০২,৩৮৯ যার আয়তন ২৪৩ বর্গকিঃমিঃ এবং প্রতি বর্গ কিলোমিটারে জনসংখ্যার ঘনত্ব ২৪৭৯ । এ উপজেলায় শিক্ষার হার ৬৮.১৪%। এটি ১৪ টি ইউনিয়ন, ৬৪ টি মৌজা এবং ৭৬ টি গ্রাম এবং একটি পৌরসভার সমন্বয়ে গঠিত। রাউজান উপজেলায় জগন্নাথ দেবালয়, খৈলেশোর শিব মন্দির, শব মূর্তি (ডাবুয়া, ১৯ শতক) এবং মোহা মনি বুদ্ধ মন্দিরের মতো বেশ কিছু প্রত্নতাত্ত্বিক ঐতিহ্য ও প্রত্নসম্পদ রয়েছে। উপজেলার শিক্ষাক্ষেত্রে চট্টগ্রাম প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় শীর্ষে রয়েছে। এ ছাড়া ৩ টি বিশ্ববিদ্যালয় কলেজ, ৬ টি ন কলেজ, ৪ টি স্কুল কাম কলেজ এবং ৫০ টি উচ্চ বিদ্যালয়সহ ১৮২টি সরকারি প্রাথমিক বিদ্যালয় ৫টি বেসরকারী জুনিয়র স্কুল এবং ২৩ টি মাদ্রাসাগুলো

উপজেলা জুড়ে শিক্ষা বিস্তারে সক্রিয় ভূমিকা পালন করছে। বর্তমানে রাউজান ২ (দুই)টি পাওয়ার স্টেশন স্থাপিত হয়েছে – যার একটি হিট পাওয়ার প্ল্যান্ট, আরেকটি রাউজান পাওয়ার কোম্পানি লিমিটেড। সরকারের উন্নয়ন পরিকল্পনা অনুযায়ী, রাউজানে খুব অল্প সময়ের মধ্যে একটি আইটি (তথ্য প্রযুক্তি) গ্রাম এবং পিঙ্ক সিটি-১ এবং পিঙ্ক সিটি-২ নামে আধুনিক এলাকা হতে যাচ্ছে। এছাড়া রাউজান বেশ কয়েকটি রাবার বাগানে মাধ্যমে সমৃদ্ধ। অতি পরিচিত প্রাকৃতিক মৎস্য প্রজনন অঞ্চল হালদা রাউজানের গৌরব, এ ধরনের বিশাল উন্নয়ন কর্মকান্ডের ফলে স্থানীয় জনগণের উন্নত পরিবহন ব্যবস্থার বর্তমান চাহিদার পাশাপাশি চুয়েটের শিক্ষক-শিক্ষার্থীদের নির্বিঘ্নে যাতায়াতের প্রয়োজনীয়তার কারণে উন্নত যোগাযোগ ব্যবস্থা চালু করার প্রয়োজনীয়তা আরও তীব্র হয়েছে।এক্ষেত্রে রেলওয়ের যাত্রীসেবাই হবে সবচেয়ে উপযুক্ত সমাধান।

খ) উপরে বর্ণিত বাস্তবতা ও পটভূমিতে রেলপথ মন্ত্রণালয় সম্পর্কিত সংসদীয় স্থায়ী কমিটির একাধিক বৈঠকে জ্বালানীহাট স্টেশন (চট্টগ্রাম শহর এলাকা) থেকে চুয়েট পর্যন্ত একটি নতুন রেল সংযোগ নির্মাণের বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। তদনুসারে গৃহীত সিদ্ধান্তানুযায়ী 'জ্বালানীহাট-চুয়েট-কাপ্তাই ডুয়েলগেজ রেলওয়ে লিঙ্ক নির্মাণের সম্ভাব্যতা সমীক্ষা প্রকল্প গ্রহণ করা হয়।

১১.২ উদ্দেশ্য:

''কাপ্তাই ভাষা চট্টগ্রাম প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় (চুয়েট) এবং আইটি ভিলেজ'-এর সাথে রেল সংযোগ নির্মাণের সম্ভাব্যতা অধ্যয়নের সুনির্দিষ্ট উদ্দেশ্যগুলো হল:

- প্রস্তাবিত রেললিংক সংযোগে সম্ভাব্য এলাইনমেন্ট সনাক্ত করা;
- সনাক্তকৃত এ্যালাইনমেন্টের মধ্যে সবচেয়ে উপযোগী এ্যালাইনমেন্ট নির্ধারণের সুপারিশ করা;
- প্রকল্পটি কারিগরি, অর্থনৈতিক, পরিবেশগত এবং সামাজিকভাবে উপযোগীতার বিভিন্ন প্রকার উপায় খুজেঁ বের করা;
- প্রকল্পটির জন্য পরিবেশ সংক্রান্ত প্রতিবেদন, প্রকল্প বাস্তবায়নে পরিবেশে তার প্রভাব, পরিবেশগত ব্যবস্থাপনা ও তার পরীবিক্ষণ প্রতিবেদন প্রস্তুত;
- ভূমি অধিগ্রহণ ও পূনর্বাসন সংক্রান্ত ব্যবস্থাপনার জন্য কর্মপরিকল্পনা প্রস্তুত;
- সমীক্ষা অনুযায়ী প্রকল্পের জন্য ইঞ্জিনিয়ারিং ডিজাইন, ড্রয়িংএবং স্পেসিফিকেশন প্রস্তুত;
- প্রাক্কলন নির্ধারণসহ ডিপিপি প্রণয়ন;

১১.৩ প্রকল্পের প্রধান প্রধান কার্যক্রম :

ক) পরামর্শ সেবা ক্রয়;

খ) অফিস স্টেশনারী সংগ্রহ;

গ) অফিস সরঞ্জাম সংগ্রহ।

১২.০ প্রকল্পের অঙ্গভিত্তিক বাস্তবায়ন (পিসিআর এর ভিত্তিতে):

(লক্ষ টাকায়)

অনুমোদিত অংগের নাম	একক	ডিপিপি অনুযায়ী পরিকল্পিত লক্ষ্যমাত্রা		প্রকৃত অগ্রগতি	
		বাস্তব (%)	আর্থিক	বাস্তব (%)	আর্থিক
পরামর্শক সেবা (আইটি ভ্যাটসহ)	থোক	১০০%	৯৪৮.০০	১০০%	৭৪৬.৪০
অফিস স্টেশনারী	থোক	১০০%	২.০০	১০০%	০.০০
স্টিয়ারিং কমিটি/পিআইসি/ টিইসি/টিওসি সদস্যদের সম্মানি	থোক	১০০%	২.০০	১০০%	১.১৫
বিজ্ঞাপন	থোক	১০০%	২.০০	০%	০.০০
আইটি ভ্যাট	থোক	১০০%	২৫৫.৯৬	১০০%	২০১.৫৩
অফিস ইক্যুপমেন্ট	থোক	১০০%	১০.৯০	০%	১০.৯০
সর্বমোট:			**১২২০.৮৬**		**৯৫৯.৯৮**

বর্ণিত তথ্য বিশ্লেষণে দেখা যায়- অনুমোদিত অঙ্গভিত্তিক লক্ষ্যমাত্রার বিপরীতে প্রকৃত ব্যয় কম হয়েছে। কারণ অফিস স্টেশনারী ও বিজ্ঞাপ বাবদ ব্যয় করার প্রয়োজন হয়নি । এছাড়া, পরামর্শক সেবা, আইটি ভ্যাট ও সম্মানী খাতে বরাদ্দের চেয়ে ব্যয় কম হয়েছে।

১৩.০ কাজ অসমাপ্ত থাকলে তার কারণঃ কাজ অসমাপ্ত নেই।

১৪.০ প্রকল্প পরিচালক সংক্রান্ত তথ্যাদিঃ

ক্রমিক নং	প্রকল্প পরিচালকের নাম ও পদবী	দায়িত্বের ধরণ		কর্মকাল	
		পূর্ণকালীন	অতিরিক্ত	যোগদান	বদলী
১	২	৩	৪	৫	
১	মোঃ আরিফুজ্জামান, প্রধান প্রকৌশলী (পূর্ব)	-	অতিরিক্ত	২১/০৬/২০১৭	১২/০৮/২০১৮
২	আবদুল জলিল, প্রধান প্রকৌশলী (পূর্ব)	-	অতিরিক্ত	১৩/০৮/২০১৮	৩০/০৬/২০১৯

১৫। **বছর ভিত্তিক ডিপিপি অনুযায়ী লক্ষ্যমাত্রা, আরএডিপি বরাদ্দ, অবমুক্তি ও ব্যয় :**

(লক্ষ টাকা)

অর্থবছর	ডিপিপি অনুযায়ী লক্ষ্যমাত্রা	আরএডিপি বরাদ্দ	অবমুক্ত	ব্যয়	অব্যয়িত অর্থ
২০১৬-২০১৭	১৩.৯০	২.০০	০.০০	০.০০	০.০০
২০১৭-২০১৮	১.০০	১৮১.০০	১৮১.০০	১৭৭.৭২	৩.২৮
২০১৮-২০১৯	১২০৫.৯৬	৭৮৯.০০	৭৮৯.০০	৭৮২.২৬	৬.৭৪
মোট:	১২২০.৮৬	৯৭২.০০	৯৭০.০০	৯৫৯.৯৮	১০.০২

(সূত্র- পিসিআর)

বর্ণিত তথ্য বিশ্লেষণে দেখা যায় অব্যয়িত ১০.০২ লক্ষ টাকা যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে পত্র নং-প্রকল্প/ বাজেট/২০১৮-১৯/ক-৭ (অর্থ সমর্পন)-০১, তারিখঃ ২৭.০৮.২০১৯ এর মাধ্যমে সমর্পন করা হয়।

১৬। প্রকল্পের প্রধান প্রধান অংগের বাস্তবায়ন অবস্থা (পিসিআর এর তথ্য অনুযায়ী):

১৬.১ পরামর্শক সেবা (পরামর্শক প্রতিষ্ঠানের নাম, চুক্তির তারিখ, চুক্তির মূল্য, চুক্তির মেয়াদ, কাজ সমাপ্তির তারিখসহ বিস্তারিত বিবরণ)**:**

পরামর্শক প্রতিষ্ঠানের নাম	:	JPZ Consulting (Bangladesh) Ltd., In associationwith Jurutera perunding zaaba SDN.SHD. House-২/৪, Block-A, Mohammadpur, Housing Estate, Dhaka.
চুক্তির তারিখ	:	১৩.০২.২০১৮.
চুক্তির মূল্য	:	৭৪৬.৪০ লক্ষ টাকা (আইটি ভ্যাট ব্যতিত)
চুক্তির মেয়াদ	:	৩০.০৬.২০১৯
কাজ সমাপ্তির তারিখ	:	৩০.০৬.২০১৯

১৬.২ অফিস সরঞ্জামাদি: (প্লটার মেশিন)

ঠিকাদারী প্রতিষ্ঠানের নাম	:	মেসার্স নয়ন এন্টারপ্রাইজ, আমবাগান মসজিদ মার্কেট, পাহাড়তলী, খুলশী, চট্টগ্রাম।
চুক্তির তারিখ	:	০৬.০৬.২০১৮
চুক্তির মূল্য	:	৪.৯০ লক্ষ টাকা
চুক্তির মেয়াদ	:	০৬ মাস
কাজ সমাপ্তির তারিখ	:	১০.০৬.২০১৮

প্লটার মেশিনটি বর্তমানে বিভাগীয় প্রকৌশলী-১, চট্টগ্রাম এর কার্যালয়ে ব্যবহৃত হচ্ছে। এটি টিওএন্ডইভুক্ত করা হয়নি, যা করা প্রয়োজন।

১৬.৩ আইটি ও ভ্যাট: অনুমোদিত ডিপিপি'তে আইটি ও ভ্যাট বাবদ ২৫৫.৯৬ লক্ষ টাকার সংস্থান ছিল। পিসিআর ও নথিপত্র অনুযায়ী ২০২.৬৮ লক্ষ টাকা ব্যয় করা হয়েছে এবং ৫৩.৩০ লক্ষ টাকা অব্যয়িত রয়েছে। এ খাতে আর্থিক অগ্রগতি ৭৯% এবং বাস্তব অগ্রগতি ১০০%।

১৭.০ **প্রকল্পের উদ্দেশ্য অর্জন:**

পরিকল্পিত উদ্দেশ্য	উদ্দেশ্য অর্জন
• প্রস্তাবিত রেল লিঙ্কের সম্ভাব্য এবং কার্যকরি এ্যালাইনমেণ্ট চিহ্নিত করণ।	• নিযুক্ত পরামর্শদাতা সংস্থা কর্তৃক উপযুক্ত এ্যালাইনমেণ্ট সনাক্ত পূর্বক চুক্তিপত্রের সংস্থান অনুসারে সমস্ত নথিপত্র নির্ধারিত সময়ের মধ্যে সরবরাহ করেছে ।
• সর্বোত্তম সম্ভাব্য এ্যালাইনমেন্টের জন্য সুপারিশ করণ।	• সর্বোত্তম সম্ভাব্য এ্যালাইনমেন্টের জন্য সুপারিশ করা হয়েছে।
• প্রকল্পটি প্রযুক্তিগতভাবে, অর্থনৈতিকভাবে, আর্থিকভাবে, পরিবেশগতভাবে এবং সামাজিকভাবে কার্যকর হবে কিনা তা নির্ধারণ করণ।	• প্রকল্পটি প্রযুক্তিগতভাবে, অর্থনৈতিকভাবে, আর্থিকভাবে, পরিবেশগতভাবে এবং সামাজিকভাবে কার্যকর কিনা তা পরীক্ষা করার জন্য বিভিন্ন বিশ্লেষণ করা হয়েছে।
			Liquidated Damage BDT. 1,10,03,008.00 to be imposed on defaulting contractor for abnormal delay of completion.	রিপোর্ট দাখিল ১৮/১০/২০১৬	নিষ্পত্তি হয়নি।	
			Insurance coverage was not done as required as Contractual Agreement.	রিপোর্ট দাখিল ১৮/১০/২০১৬	নিষ্পত্তি হয়নি।	
			Inventory of Assets not maintained and Annual Physical Verification was not done.	রিপোর্ট দাখিল ১৮/১০/২০১৬	FAPAD কর্তৃক ১৩/০২/২০১৭ তারিখে নিষ্পত্তি করা হয়েছে।	
			Important and Vital accounting records and documents were not maintained.	রিপোর্ট দাখিল ১৮/১০/২০১৬	নিষ্পত্তি হয়নি।	
			Required manpower was not recruited/ deputed within 10 years in the project as per the provision of RDPP.	রিপোর্ট দাখিল ১৮/১০/২০১৬	নিষ্পত্তি হয়নি।	
এক্সটারনাল	২০১৬-১৭	৬ টি	Excess payment made to the supplier amounting Tk. 14,34,804.00 due to Short/ non-acceptance of spare parts.	রিপোর্ট দাখিল ৩১/১২/২০১৭	FAPAD কর্তৃক০৬/০২/২০১৯ তারিখে নিষ্পত্তি করা হয়েছে।	
			Procurement of Video conference equipment and Hardware whose country of origin Egypt instead of USA. Amounting to Tk. 1,66,83,700.00	রিপোর্ট দাখিল ৩১/১২/২০১৭	FAPAD কর্তৃক৩০/০১/২০১৯ তারিখে নিষ্পত্তি করা হয়েছে।	
			Performance security amounting Tk.1,63,94,561.00 was not forfeited for not doing work .	রিপোর্ট দাখিল ৩১/১২/২০১৭	FAPAD কর্তৃক৩০/০১/২০১৯ তারিখে নিষ্পত্তি করা হয়েছে।	
			Discrepancy found between the between the bill register and financial statement amounting Tk. 3,83,31,374.00	রিপোর্ট দাখিল ৩১/১২/২০১৭	নিষ্পত্তি হয়নি।	
			Less deduction of VAT amounting tk. 4,74,996.00 from suppliers bill.	রিপোর্ট দাখিল ৩১/১২/২০১৭	নিষ্পত্তি হয়নি।	
			VAT & IT Challan (Supporting documents) amounting tk. 1,29,22,119.00 not produced to audit.	রিপোর্ট দাখিল ৩১/১২/২০১৭	FAPAD কর্তৃক ৩০/০১/২০১৯ তারিখে নিষ্পত্তি করা হয়েছে।	

কালুখালী-ভাটিয়াপাড়া সেকশন পুনর্বাসন এবং কাশিয়ানী-গোপালগঞ্জ-টুঙ্গিপাড়া নতুন রেলপথ নির্মান (২য় সংশোধিত) শীর্ষক সমাপ্ত প্রকল্পের মূল্যায়ন প্রতিবেদন

(সমাপ্ত: ডিসেম্বর-২০১৮)

১। আইএমইডি'র সর্বশেষ পরিদর্শন

সর্বশেষ পরিদর্শনের সুপারিশসমূহ	সুপারিশ বাস্তবায়নের অবস্থা
১) কাশিয়ানী স্টেশন সংলগ্ন রেল সেকশনে পাথরের স্তুপে গ্রহণযোগ্য মাত্রার চেয়ে বেশি স্টোন ডাস্ট ও মাটি দেখা গেছে যা অপসারণ করতে হবে;	পাথর চালুনী দ্বারা ষ্টোন ডাষ্ট ও মাটি অপসারণ করা হয়েছে।
২) যে সকল স্টেশনের স্টেশন ভবনে কলাপসিবল গেট লাগানো হয়নি তা দ্রুত লাগানোর ব্যবস্থা করতে হবে;	সংশ্লিষ্ট চুক্তিপত্রের সংস্থান মোতাবেক সকল স্টেশনের স্টেশন ভবনে কলাপসিবল গেট লাগানো/ স্থাপন করা হয়েছে।
৩) সবকটি স্টেশনে ন্যূনতম প্রয়োজনীয় জনবল নিয়োগ প্রদান করে স্টেশনগুলোকে কার্যকর করতে হবে;	অস্থায়ী লোকবল মঞ্জুরী/নিয়োগ এর প্রশাসনিক অনুমোদনের জন্য গত ১০-০১-২০২২ ইং তারিখ মহাপরিচালক, বাংলাদেশ রেলওয়ে, রেলভবন, ঢাকা পত্র প্রেরণ করা হয়েছে।
৪) ২০১৪-১৫ সাল হতে ২০১৭-১৮ অর্থবছর পর্যন্ত উত্থাপিত মোট ১১ টি অডিট আপত্তি দ্রুত নিষ্পত্তি করতে হবে এবং	উত্থাপিত অডিট আপত্তিসমূহের বিপরীতে নিষ্পত্তিমূলক ব্রডশীট জবাব প্রেরণ করা হয়েছে।
৫) প্রকল্পটির পিসিআর দ্রুত আইএইডিতে প্রেরণ করতে হবে;	প্রধান প্রকৌশলী (পশ্চিম), রাজশাহী দপ্তরের পত্র নং-৫৪.০১.৮১০০.১৫৫.০৪.০৪১.১৮-১১৬, তারিখঃ ১৫/১২/২০১৯ইং এর মাধ্যমে মহাপরিচালক, বাংলাদেশ রেলওয়ে, রেলভবন, ঢাকা প্রেরণ করা হয়েছে।

ক. প্রকল্পের মৌলিক তথ্য:

২। প্রকল্পের ধরণ (বিনিয়োগ/কারিগরি সহায়তা/সমীক্ষা): বিনিয়োগ।

৩। (ক) অর্থায়নের উৎস (জিওবি/ প্রকল্প সাহায্য/জেডিসিএফ/স্ব-অর্থায়ন/অন্যান্য): জিওবি ।

(খ) উন্নয়ন সহযোগী: প্রযোজ্য নয়।

৪। (ক) উদ্যোগী মন্ত্রণালয়/বিভাগ: রেলপথ মন্ত্রণালয়।

(খ) বাস্তবায়নকারী সংস্থা: বাংলাদেশ রেলওয়ে।

৫। (ক) প্রকল্প ব্যয়, বাস্তবায়নকাল ও অনুমোদন সংক্রান্ত:

(লক্ষ টাকা)

বিষয়	অনুমোদিত প্রাক্কলিত ব্যয়				বাস্তবায়নকাল	অনুমোদনের তারিখ	পরিবর্তন (+/-)	
	মোট	জিওবি	প্র:সা:	অন্যান্য			ব্যয় (%)	মেয়াদ (%)
মূল (অনুমোদিত)	১১০১৩২.৮০	১১০১৩২.৮০	০.০০	০.০০	০১-১০-২০১০ হতে ৩০-০৬-২০১৩	০৫-১০-২০১০	-	-
ব্যয় বৃদ্ধি ব্যতিরেকে মেয়াদ বৃদ্ধি (১ম বার)	-	-	-	-	০১-১০-২০১০ হতে ৩০-০৬-২০১৫	২৬-০৭-২০১৩	-	০২ বছর (+৭৩%) (মূল ডিপিপি'র তুলনায়)
১ম সংশোধিত ডিপিপি (অনুমোদিত)	২০২৩৭২.৬৩	২০২৩৭২.৬৩	০.০০	০.০০	০১-১০-২০১০ হতে ৩১-১২-২০১৭	১৮-০৮-২০১৫	৯২২৩৯.৮৩ (+৮৩.৭৫% মূল ডিপিপি'র তুলনায়)	০৪ বছর ০৬ মাস (+১৬৩.৬৩% মূল ডিপিপি'র তুলনায়)

২য় সংশোধিত ডিপিপি (অনুমোদিত)	২১১০২৬.৯২	২১১০২৬.৯২	০.০০	০.০০	০১-১০-২০১০ হতে ৩১-১২-২০১৮	২৭-০২-২০১৮	১০০৮৯৪.১২ (+৯১.৬১% মূল ডিপিপি'র তুলনায়)	০৫ বছর ০৬ মাস (+২০০% মূল ডিপিপি'র তুলনায়)

৬। প্রকল্প এলাকা:

বিভাগ	জেলা	উপজেলা	সিটি কর্পোরেশন/ পৌরসভা	সমগ্র বাংলাদেশ
ঢাকা	রাজবাড়ী	পাংশা এবং বালিয়াকান্দী	-	-
	ফরিদপুর	মধুখালী এবং বোয়ালমারী	-	-
	গোপালগঞ্জ	কাশিয়ানী, গোপালগঞ্জ এবং টুংগীপাড়া	-	-

৭। প্রকল্পের বিবরণ:

ক) প্রকল্পের পটভূমি:

পোড়াদহ-গোয়ালন্দ ঘাট মেইন লাইন সেকশন থেকে শাখা স্থাপন করে নির্মাণ কাজ শেষ হওয়ার পর ১৯৩২ সালে কালুখালী-ভাটিয়াপাড়া ঘাট সেকশন (৮০.২৫ কিঃমিঃ) যান চলাচলের জন্য খুলে দেওয়া হয়। বিভাগটি ১৯৯৭ সাল পর্যন্ত চালু ছিল। তহবিলের স্বল্পতার কারণে বিভাগটি সঠিকভাবে রক্ষণাবেক্ষণ করা যায়নি এবং এমন একটি শোচনীয় অবস্থায় পৌঁছেছিল যে এটি ট্রেন পরিচালনার জন্য অনিরাপদ হয়ে পড়ে যার ফলে ১৯-০৭-১৯৯৭ তারিখে সেকশনটি বন্ধ হয়ে যায়। অনেক কম হারে পণ্য ও যাত্রী পরিবহন। বাংলাদেশ রেলওয়ের জন্য নতুন দিগন্ত উন্মোচন করা হয়েছে প্রস্তাবিত পদ্মা সেতুর ওপর দিয়ে রেল সংযোগের ব্যবস্থা রয়েছে। পদ্মা সেতু বাংলাদেশের জাতীয় পরিবহন অবকাঠামোর একটি গুরুত্বপূর্ণ সংযোগ প্রদান করবে। প্রস্তাবিত ট্রান্স-পদ্মা রেল সংযোগটি সম্ভবত ১ম পর্বে ঢাকা-মাওয়া-জাজিরা-ভাঙ্গা এবং ২য় পর্বে ভাঙ্গা ১০ যশোর রুটটি নিয়ে যাবে পূর্বোক্ত রুটটি "কালুখালী-ভাটিয়াপাড়া সেকশনে ভাটিয়াপাড়া বা নিকটবর্তী স্থান অতিক্রম করবে। সুবিধা পেতে এই রুট থেকে পরিত্যক্ত কালুখালী-ভাটিয়াপাড়া সেকশন ও বিআর-এর বিদ্যমান ও ভবিষ্যত নেটওয়ার্কের সাথে সংযোগ স্থাপনের জন্য পুনরায় চালু করা প্রয়োজন। বর্তমানে জাতির পিতার জন্মস্থান গোপালগঞ্জ জেলার অন্তর্গত টুঙ্গিপাড়ার সাথে কোন রেল যোগাযোগ নেই; বঙ্গবন্ধু শেখ মুজিবর রহমান এবং যেখানে তাকে চিরনিদ্রায় শায়িত করা হয়। দেশের স্বাধীনতার জন্য তার আত্মত্যাগের স্মরণে জাতির পিতার কবরের উপর একটি সমাধিসৌধ নির্মাণ করা হয়। বাংলাদেশের মানুষ ও পর্যটকরা প্রায়শই টুঙ্গিপাড়ায় অন্য পথে আসেন। জাতির পিতার প্রতি শ্রদ্ধা জানাতে যানবাহন চলাচল।কিন্তু রেল যোগাযোগের অভাবে দর্শনার্থীরা অন্যান্য ব্যয়বহুল পরিবহন সুবিধা নিতে বাধ্য হয়।মানুষের প্রচন্ড ভিড় এবং পর্যটকরা বিশেষভাবে জাতীয় দিবসে স্থান নেয় যখন তারা জাতির পিতার বিদেহী আত্মার প্রতি শ্রদ্ধা ও পরিত্রাণের জন্য সরে যায়। তুলনামূলক কম খরচে জনগণ এবং পর্যটকদের নিরাপদ ও আরামদায়ক চলাচলের সুবিধার্থে, এটি নির্মাণের পরিকল্পনা করা হয়েছে। প্রায় ৫৫ কিঃমিঃ। কাশিয়ানী থেকে টুঙ্গিপাড়ার নতুন ট্র্যাক। "৭১" পদ্মা সেতুর উভয় প্রান্তে এক্সেস রোড ও রেললাইন নির্মাণের বিষয়ে যোগাযোগ মন্ত্রণালয়ের সড়ক ও রেলপথ বিভাগের সচিবের সভাপতিত্বে ১১-০৬-২০০৯ তারিখে একটি সভা অনুষ্ঠিত হয়। তাদের বৈঠকে সিদ্ধান্ত নেওয়া হয়। ঢাকা-ভাঙ্গা ও ভাঙ্গা-যশোর রেল সংযোগ নির্মাণের জন্য দুটি পৃথক প্রকল্প গ্রহণ, পাচুরিয়া-ফরিদপুর-পুকুরিয়া পুনরায় চালু এবং ভাঙ্গা পর্যন্ত সম্প্রসারণ, কালুখালী-ভাটিয়াপাড়া ঘাট পুনরায় চালু এবং টুঙ্গিপাড়া পর্যন্ত সম্প্রসারণের জন্য পৃথক প্রকল্প গ্রহণের সিদ্ধান্ত নেওয়া হয়েছে। ভাঙ্গা-বরিশাল রেল সংযোগ নির্মাণ।

খ) প্রকল্পের উদ্দেশ্য:

- বাংলাদেশ রেলওয়ের কালুখালী-ভাটিয়াপাড়া বন্ধ সেকশনটি পুনর্বাসনের মাধ্যমে পুনঃচালুকরণ;
- জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মস্থান ও সমাধিস্থলখ্যাত টুঙ্গীপাড়া উপজেলাকে বিদ্যমান রেলওয়ে নেটওয়ার্কের সাথে সংযোগ স্থাপনের লক্ষ্যে কাশিয়ানী থেকে গোপালগঞ্জ হয়ে পাটগাতি পর্যন্ত রেলপথ স্থাপন করা; এবং
- স্থানীয় জনসাধারনের নিরাপদ, আরামদায়ক, স্বল্পব্যয়ে ও পরিবেশ বান্ধব যোগাযোগ সুবিধা প্রদান।

গ) প্রকল্পের প্রধান কার্যক্রমসমূহ:

- ডব্লিউডি-১: কালুখালী থেকে ভাটিয়াপাড়া ঘাট পর্যন্ত এ্যাপ্রোচ সেচ এন্ড ব্যাংক মেরামতসহ ৭৫.৫০ কিঃমিঃ মেইন লাইন এবং ৬.৫০ কিঃমিঃ লুপ লাইন পুনর্বাসন।

- ডব্লিউডি-২:কাশিয়ানী-গোপালগঞ্জ সেকশনের ৩২.৩৬৫ কিঃমিঃ মেইন লাইন এবং ৫.০০ কিঃমিঃ লুপ লাইন, ৪টি স্টেশন, ৪১টি সেতু, ১৬টি লেভেল ক্রসিং, ৬টি আন্ডারপাসহ ১টি ফ্লাইওভার নির্মাণ ইত্যাদি।
- ডব্লিউডি-৩: কালুখালী-ভাটিয়াপাড়া ঘাট সেকশনের স্টেশন বিল্ডিং, প্লাটফরম ও প্লাটফরম শেড, আবাসিক ভবন পুনর্বাসন/নির্মাণ।

- ডব্লিউডি-৪: গোপালগঞ্জ-গোবরা-পাটগাতি (টঙ্গীপাড়া) সেকশনে ১১.৩১৭ কিঃমিঃ মেইন লাইন, ৩ কিঃমিঃ লুপ লাইন, ২টি স্টেশন, ১২টি লেভেল ক্রসিং এবং ১৮টি সেতু নির্মাণ ইত্যাদি।

- ডব্লিউডি-৫: কালুখালী-ভাটিয়াপাড়া ঘাট সেকশনের ১১১টি সেতু-এর মেরামত কাজ।

- ডব্লিউডি-৫/এ: কালুখালী হতে ভাটিয়াপাড়া ঘাট সেকশনের সেতুসমূহের জন্যা স্ট্যান্ডার্ড গার্ডার উৎপাদন, সরবরাহ ও স্থাপনকরণ কাজ।
- ডব্লিউডি-৬: কাশিয়ানী-টঙ্গীপাড়া সেকশনে কুমার নদীর ওপর একটি ১৮০ মিটার সেতু নির্মাণ।

- ডব্লিউডি-৭: এসএসএই/ওয়ে/নলিয়াগ্রাম এর অফিস এবং গোডাউন পুনঃনির্মাণ, গ্যাংহাট, রামদিয়া স্টেশনের এ্যাপ্রোচ রোড, কাশিয়ানীতে ষ্টাফ কোয়ার্টার এবং তৃতীয় শ্রেণির কর্মচারিদের বাসাবাড়িতে বাউন্ডারী ওয়াল নির্মাণ ইত্যাদি।

- ডব্লিউডি-৮: ঘোড়াখাশী এবং বনমালীপুর-নড়াইল খান স্টেশনের প্লাটফরম ও প্লাটফরম শেড নির্মাণ।

- ডব্লিউডি-৯: কালুখালী-ভাটিয়াপাড়া সেকশনের স্টেশনসমূহের নন-ইন্টারলকড, কালার লাইট সিগন্যালিং সিস্টেম স্থাপন।

- ডব্লিউডি-১০: কাশিয়ানী-টঙ্গীপাড়া সেকশনের স্টেশনসমূহের নন-ইন্টারলকড, কালার লাইট সিগন্যালিং সিস্টেম স্থাপন।

- ডব্লিউডি-১১: কালুখালী-ভাটিয়াপাড়া সেকশনে টেলিযোগাযোগ ব্যবস্থা স্থাপন কাজ।

- ডব্লিউডি-১২: কাশিয়ানী-টঙ্গীপাড়া সেকশনে টেলিযোগাযোগ ব্যবস্থা স্থাপনের কাজ।
-
- ডব্লিউডি-১৩: কালুখালী এবং ভাটিয়াপাড়া ঘাট স্টেশনের ওয়াটার হাইড্রেন লাইন স্থাপনের মাধ্যমে পানি সরবরাহ ব্যবস্থা নিশ্চিতকরণ।

- ডব্লিউডি-১৪: কালুখালী-ভাটিয়াপাড়া ঘাট সেকশনের স্টেশন ভবনসমূহে সোলার পাওয়ার সিস্টেম স্থাপন।

- ডব্লিউডি-১৫: টেলিযোগাযোগ সিস্টেম প্রবর্তনের জন্য মধুখালী এবং কাশিয়ানী স্টেশন এলাকায় ০২ (দুই)টি (ডি/আই মাক্স) রুম নির্মাণ।
- ডব্লিউডি-১৬: কালুখালী-ভাটিয়াপাড়া সেকশনে স্টেশনসমূহের এ্যাপ্রোচ রোড ও ইয়ার্ড লাইটিং সিস্টেম স্থাপন।

খ. প্রকল্পের বাস্তবায়ন সংক্রান্ত তথ্য:

৮। **প্রকল্পের অঙ্গভিত্তিক বাস্তবায়ন (পিসিআর এর ভিত্তিতে):**

(লক্ষ টাকায়)

কোড নং	অনুমোদিত অংগের নাম	একক	সর্বশেষ অনুমোদিত ডিপিপি অনুযায়ী পরিকল্পিত লক্ষ্যমাত্রা		প্রকৃত অগ্রগতি	
			বাস্তব (%)	আর্থিক	বাস্তব (%)	আর্থিক
১	২	৩	৪	৫	৬	৭
(a) Revenue Component						
৪৫০১	Pay of the officers	থোক	১০০%	১১১.১৯	-	-
৪৬০১	Pay of the Establishment	থোক	১০০%	২৩.৪৫	-	-

৪৭০০	Allowances	থোক	১০০%	১০৪.২০	-	-
৪৮০৪	Cost of out sourcing	থোক	১০০%	৫৭.৪৯	-	-
৪৮১৩	Additional Custom duty	থোক	১০০%	৫৮.৫৭	-	-
৪৮২৩	Fuel cost for transport vehicles	থোক	১০০%	৬০.০০	-	-
৪৮৩৩	Cost of Tendering	থোক	১০০%	১২.০০	১০০%	১০.৬৭
৪৮৭৪	Consultancy services	থোক	১০০%	১১৮৪.৬৪	১০০%	৯২৩.৭৯
৪৮৮৩	Honourium of TEC, PIU & Steering Committee members	থোক	১০০%	৮.০০	১০০%	৬.২১
৪৮৮৪	DEO fee and other expenses	থোক	১০০%	৫.০০	১০০%	৫.০০
৪৯০১, ৪৯০৬ এবং ৪৯১১	Maintenance of Office equipment, Furniture and transport vehicles	থোক	১০০%	১০.০০	১০০%	-
Sub-total (Revenue Components)			১০০%	১৬৩৪.৫৫	১০০%	৯৪৫.৬৭
	(b) Capital Component:					
৬৮০৭	Transport vehicles	সংখ্যা	১০০%	১২৫.২০	-	-
৬৮১৯	Office equipment	সংখ্যা	১০০%	১৬.০০	১০০%	১৫.৯৯
৬৮২১	Furniture for project office and station furniture for Kalukhali-Bhatiapara section	সংখ্যা	১০০%	৫২.০০	১০০%	৪৪.৫১
৬৮২১	Furniture & air color with accessories including installation for 6 stations of Kashiani-Gopalganj-Tungipara	সংখ্যা	১০০%	৩০০.০০	১০০%	১৬৫.২৭
৬৯০১	Acquisition of Land	একর	১০০%	৫০৭৯২.২৩	১০০%	৪৯২৩৮.৪৮
৭০৬১	Track works	কিঃমিঃ	১০০%	১১৪৯২১.৪৭	১০০%	১১৪২৮৬.০৩
৭০৬১	Signalling works	কিঃমিঃ	১০০%	৬০৪.৫৩	১০০%	৬০২.৯১
৭০৬৬	Functional Buildings and other infrastructure	ঘ.মিটার	১০০%	১২১১৭.৭৮	১০০%	১১৬৫২.০৫
৭০২৬	Bridge works	থোক	১০০%	২৫৮৮৩.৮০	১০০%	২৫৩০৬.৪০
৭০৫১	Construction of Telecommunation works	কিঃমি	১০০%	১৫১০.৭৪	১০০%	১২৮৪.৮৫
Sub-total (Capital Component:)			১০০%	২০৬২৭৩.৭৫	১০০%	২০২৫৯৬.৪১
	(c) Price Contingency		১০০%	০.০০	-	-
	(d) Price Contingency		১০০%	৩১১৮.৬২	১০০%	৩.৯৩
Grand Total (a+b+c)			**১০০%**	**২১১০২৬.৯২**	**১০০%**	**২০৩৫৪৬.০৯**

উৎস: পিসিআর ।

০৯। অর্থবছর ভিত্তিক ডিপিপি'র সংস্থান, বরাদ্দ, অর্থছাড় ও বাস্তবায়ন অবস্থা:

(লক্ষ টাকা)

অর্থ বছর	ডিপিপি/আরডিপিপির সংস্থান	এডিপি	আরএডিপি বরাদ্দ	অর্থছাড় (%)	প্রকৃত ব্যয় (%)
১	২	৩	৪	৫	৬
২০১০-২০১১	২৮০৯.৫৪	০.০০	২৮২৫.০০	২৮২৫.০০	২৮১৪.৪১ (৯৯.৬২%)
২০১১-২০১২	৯১৪১.৭৬	৪০০০.০০	৯৫০০.০০	৯৫০০.০০	৯১৫৫.৪২ (৯৬.৩৭%)
২০১২-২০১৩	১৮৫০৭.৪৫	২৮০০০.০০	১৯০০০.০০	১৯০০০.০০	১৮৬৫৩.২৬ (৯৮.১৮%)
২০১৩-২০১৪	২৭০৭৯.২৯	১১০০০.০০	২৭৪০০.০০	২৭৪০০.০০	২৭৩৩১.৭৩ (৯৯.৭৫%)
২০১৪-২০১৫	১৫২৪৮.১৬	২১০০০.০০	১৫৪০০.০০	১৫৪০০.০০	১৫৩৯৪.২৯ (৯৯.৯৬%)
২০১৫-২০১৬	৩২৯৫২.৩৭	৪৯০০০.০০	৩৪০০০.০০	৩৪০০০.০০	৩৩৮০৪.৫৮ (৯৯.৪৩)
২০১৬-২০১৭	৩১৮৮৯.৭১	২৯০০০.০০	৩০৮৪১.০০	৩০৮৪১.০০	৩০৮৩৯.৫১ (৯৯.৯৯%)
২০১৭-২০১৮	৪৮৮২৩.৭৯	৫৬৫৩০.০০	৬১৫৩০.০০	৬১৫৩০.০০	৬১৪৭৬.৬১ (৯৯.৯১%)

২০১৮-২০১৯	২৪৫৭৪.৮৫	১৬০৮২.০০	৬০৮২.০০	৬০৮২.০০	৪০৭৬.২৮ (৬৭.০২%)
সর্বমোট	**২১১০২৬.৯২**	**২১৪৬১২.০০**	**২০৬৫৭৮.০০**	**২০৬৫৭৮.০০**	**২০৩৫৪৬.০৯ (৯৬.৪৫%)**

উৎস: পিসিআর ।

২০১০-১১ অর্থবছর হতে ২০১৮-১৯ অর্থবছর পর্যন্ত প্রকল্পের আওতায় ২০৬৫৭৮.০০ লক্ষ টাকা অবমুক্ত করা হলেও প্রকৃত ব্যয় হয়েছে ২০৩৫৪৫.০৯ লক্ষ টাকা অর্থাৎ ৩০৩১.৯১ লক্ষ টাকা অব্যয়িত রয়েছে। অব্যয়িত অর্থ সরকারি কোষাগারে ফেরত প্রদান করা হয়েছে।

১০। (ক) ডিপিপিতে অনুমোদিত মোট প্যাকেজ সংখ্যা: ২৮ টি (পণ্য ১১ টি, কার্য ১৬ টি, সেবা ১ টি)।

(খ) **পণ্য, কার্য ও সেবা ক্রয় সংক্রান্ত বিস্তারিত তথ্য (প্যাকেজভিত্তিক):**

(লক্ষ টাকায়)

প্যাকেজ নং	দরপত্র আহ্বানের তারিখ ও প্রাক্কলিত মূল্য		ক্রয় পদ্ধতি		অনুমোদনকারী কর্তৃপক্ষ		চুক্তির তারিখ ও চুক্তি মূল্য		কাজ সমাপ্তির তারিখ		১.সর্বমোট দরদাতা প্রতিষ্ঠানের সংখ্যা ২.চুক্তিবদ্ধ প্রতিষ্ঠানের নাম ৩.চুক্তিবদ্ধ প্রতিষ্ঠান সর্বনিম্ন দরদাতা কিনা?	মন্তব্য
	ডিপিপি অনুযায়ী	প্রকৃত	ডিপিপি/ আরডিপিপি অনুযায়ী	প্রকৃত	ডিপিপি/ আরডিপিপি অনুযায়ী	প্রকৃত	ডিপিপি/ আরডিপিপি অনুযায়ী	প্রকৃত	চুক্তি অনুযায়ী	প্রকৃত		সময় বৃদ্ধি হয় নাই
(১)	(২)	(৩)	(৪)	(৫)	(৬)	(৭)	(৮)	(৯)	(১০)	(১১)	(১২)	(১৩)
জিডি-১	১.১২.১০ ১০.০০	১৪.১২.১৬ ৯.৯৮	ওটিএম/ এলটিএম	এলটিএম	পিডি	পিডি	১৫.২.১১ ১০.০০	২৫.০১.১৭ ৯.৯৮	১৯.০২.১৭	১৯.০২.১৭	১। দরদাতা প্রতিষ্ঠানের সংখ্যা-০৩টি। 2।Towfa Construction, Rajshahi. হ্যাঁ	সময় বৃদ্ধি হয় নাই
জিডি-২ (লট-এ)	১.১২.১০ ৫.০০	১৫.৯.১১ -	ওটিএম/ এলটিএম	এলটিএম	পিডি	পিডি	১৫.২.১১ ৫.০০	২৩.১১.১১ ৪.৪৯	৫.১২.১১	৫.১২.১১	M/S. HK Trading, Seroil, Rajshahi. হ্যাঁ	সময় বৃদ্ধি হয় নাই
জিডি-২ (লট-বি)	১৫.৪.১৫ ১১.৫১	১৪.১২.১৬ -	ওটিএম/ এলটিএম	এলটিএম	পিডি	পিডি	৫.৫.১৫ ১১.৫১	১৬.৩.১৭ ১১.৫০	১৫.৪.১৭	১৫.৪.১৭	১। দরদাতা প্রতিষ্ঠানের সংখ্যা-০৪টি। 2। M/s. Lotus Traders, Boalia, Rajshahi. হ্যাঁ	সময় বৃদ্ধি হয় নাই
প্যাকেজ জিডি-৩ হতে ৫ পর্যন্ত ১ম সংশোধিত ডিপিপিতে থাকলেও ক্রয় করা হয়নি												
জিডি-৬	- ৩৬.৫৩	- -	ওটিএম/ এলটিএম	-	পিডি	পিডি	- ৩৬.৫৩	১৮.৮.১৩ ৩৪.৫৩	১৭.১০.১৩	১৭.১০.১৩	- ঋধৎরফ টফফরহ, ঝড়ঢ়ৎধ, জধলংযধযর. হ্যাঁ	সময় বৃদ্ধি হয় নাই
প্যাকেজ জিডি-৭ হতে ১০ পর্যন্ত ১ম সংশোধিত ডিপিপিতে থাকলেও ক্রয় করা হয়নি												
জিডি-১১	৩১.১২.১৭ ৩০০.০০	১৬.৭.১৮	ডিপিএম	ডিপিএম	পিডি	পিডি	২৮.২.১৮ ৩০০.০০	২৭.৯.১৮ ১৬৬.৮৬	২৬.১০.১৮	২৬.১০.১৮	ইৎড়ঃযবৎং ঋঁৎহরঃঁৎব খঃফ, ইধৎরফধৎধ, উযধশধ. হ্যাঁ	সময় বৃদ্ধি হয় নাই

প্যাকেজ নং	দরপত্র আহ্বানের তারিখ ও প্রাক্কলিত মূল্য		ক্রয় পদ্ধতি		অনুমোদনকারী কর্তৃপক্ষ		চুক্তির তারিখ ও চুক্তি মূল্য		কাজ সমাপ্তির তারিখ		১.চুক্তিবদ্ধ প্রতিষ্ঠানের নাম ২.চুক্তিবদ্ধ প্রতিষ্ঠান সর্বনিম্ন দরদাতা কিনা?	মন্তব্য
	ডিপিপি/ আরডিপিপি অনুযায়ী	প্রকৃত	ডিপিপি/ আরডিপিপি অনুযায়ী	প্রকৃত	ডিপিপি/ আরডিপিপি অনুযায়ী	প্রকৃত	ডিপিপি/ আরডিপিপি অনুযায়ী	প্রকৃত	চুক্তি অনুযায়ী	প্রকৃত		সময় বৃদ্ধি হয় নাই
(১)	(২)	(৩)	(৪)	(৫)	(৬)	(৭)	(৮)	(৯)	(১০)	(১১)	(১২)	(১৩)
ডাব্লিউডি-১	০১.১০.১১ ২৮৩৬৩.০৭ (১ম সংশোঃ)	১০.১০.১০ ২৮৩৬৩.০৭	ওটিএম (আইসিটি)	ওটিএম (আইসিটি)	সিসিজিপি	সিসিজিপি	০১.০১.১১ ২৮৩৬৩.০৭	০৫.৩.১১ ২৮৩৬৩.০৭	৫.৯.১২	৩০.৩.১৫	GPT-KPTL JV, New Delhi-110066, India. হ্যাঁ	তখনকার বিরোধীদল কর্তৃক ঘন ঘন হরতাল/ অবরোধ ও বন বিভাগ কর্তৃক গাছপালা অপসারণে বিলম্ব এবং অধিক বৃষ্টিপাত হওয়ায় মেয়াদ বৃদ্ধির প্রয়োজন হয়।

ডাব্লিউডি-২	২০.১২.১৪ ৮২৩৫১.০৮ (২য় সংশোঃ)	২০.১২.১৪ ৮২৩৫১.০৮	ওটিএম (এনসিটি)	ওটিএম (এনসিটি)	সিসিজিপি	সিসিজিপি	১৯.৪.১৫ ৬১১৪০.০০	৩.৮.১৫ ৮২৩৫১.০৮	৩.৮.১৭	৩০.১২.১৮	Max Infrustructue Limited, Dhaka. হ্যাঁ	ফ্লাইওভার ২ লেন হতে ৪ লেন হওয়ায় এবং ফ্লাইওভারের দৈর্ঘ ৩৬০ মিটার হতে ৫০০ মিটার বৃদ্ধি পেয়েছে। মাটির পরীক্ষা পিভিডি পরিমাণ ১.৬ মিলিঃ হতে ৪.৪মিলিঃ বৃদ্ধি পেয়েছে। হরিদাসপুর কুমার নদীর উপর রেলওয়ে ব্রীজ স্থাপনের জন্য ২০০টি পুকুর ভরাট, ইমব্যাংকমেন্ট ৩.৩মিলিঃ হতে ৪.৬মিঃলঃ বৃদ্ধি পেয়েছে। ২য় আরডিপিপি দেরীতে অনুমোদিত হওয়ায় কিছু আইটেমের প্রেমেন্ট দেওয়া বিলম্ব হয়েছে। মার্চ/১৭ মাসে প্রচুর পরিমাণ বৃষ্টিপাত “যা গত ৩৫ বছরের রিকর্ড” যা নভেম্বর/১৭ পর্যন্ত চলমান ছিল ইত্যাদি কারণে মেয়াদ বৃদ্ধি ঘটেছে।
ডাব্লিউডি-৩	১০.১০.১০ ২৪০৯.৭৪ (১ম সংশোঃ)	১০.১০.১০ ২৪০৯.৭৪	ওটিএম (আইসিটি)	ওটিএম আইসিটি)	সিসিজিপি	সিসিজিপি	১.২.২০১১ ২৪০৯.৭৪	২০.৩.১১ ২৪০৯.৭৪	২০.৯.১২	২৯.৬.১৫	Toma Construction co. Ltd, Eastern Mansoin MAPL-RCL JV, Dhaka. হ্যাঁ	বাস্তবতার স্বার্থে কয়েকটি নতুন আইটেমের কাজ করাসহ চুক্তিভূক্ত বিভিন্ন আইটেমের পরিমাণ বৃদ্ধি পাওয়ায় এবং সে সময় রাজনৈতিক অস্থিরতাজনিত কারণে মেয়াদ বৃদ্ধি হয়েছে।
ডাব্লিউডি-৪	১৫.৬.১৫ ৩৫০৬১.২১ (১ম সংশোঃ)	৯.৯.১৫ ৩৫০৬১.২১	ওটিএম (এনসিটি)	ওটিএম (এনসিটি)	সিসিজিপি	সিসিজিপি	১৩.১০.১৫ ৩৫০৬১.২১	২৮.৪.১৬ ৩০৮৬৬.৪৮	২৮.১.১৮	৩১.১২.১৮	Toma Construction, Ltd., Ramna, Dhaka-1000 হ্যাঁ	প্রাকৃতিক দুর্যোগ ও ভারী বর্ষণের ফলে কাজের আশানুরুপ অগ্রগতি সাধন সম্ভব না হওয়ায় মেয়াদ বৃদ্ধি ঘটেছে।

ডাব্লিউডি-৫	১০.১০.১০ ৩৫০.০০	১০.১০.১০	ওটিএম (এনসিটি)	ওটিএম (এনসিটি)	পিডি	পিডি	১৫.১.১০ ৩৫০.০০	১.২.১১ ২৮৪.৯৯	১.২.১২	৩১.৮.১৩	Md: Ashraful Kabir (Rentu), Vadra, Rajshahi. হ্যাঁ	মাঠ পর্যারে বাস্তবতার আলোকে ভেরিয়েশন অর্ডারের আওতায় ১০টি সেতুতে ১২টি স্ট্যান্ডার্ড গার্ডার স্থাপনের লক্ষ্যে উক্ত সেতুর বেডব্লক পূর্ণঃনির্মাণ করতে হবয়ছে। যা সম্পূর্ণ শুস্ক মৌসুম না আসা পর্যন্ত সম্ভব হয়নি বিধায় মেয়াদ বৃদ্ধি ঘটেছে।
ডাব্লিউডি-৫/এ	২৯.৩.১২ ৭৭.৩১ (১ম সংশোঃ)	২৯.৩.১২ ৭৭.৩১	এলটিএম	এলটিএম	ডিজি	ডিজি	০১.০৪.১২ ৭৭.৩১	৪.৬.১২ ৭৭.৩১	১.১০.১২	১৩.১২.১৭	Md: Ashraful Kabir (Rentu), Vadra, Rajshahi. হ্যাঁ	গার্ডার প্রতিস্থাপনের জন্য অস্থায়ী যোগান ব্যবস্থার সংস্থান চুক্তিপত্রে না থাকায় গার্ডার প্রতিস্থাপনের জন্য কাজ এবং সেতুগুলোতে পকেট বেড ব্লক অপসারণ করে নতুনভাবে আরসিসি বেডব্লক তৈরী করা ইত্যাদি কারণে মেয়াদ বৃদ্ধি ঘটে।
ডাব্লিউডি-৬	১৫.১২.১৩ ৭৯১৮.৪৭ (২ সংশোঃ)	২০.১২.১৪ ৭৯১৮.৪৭	ওটিএম (এনসিটি)	ওটিএম (এনসিটি)	সিসিজিপি	সিসিজিপি	১.১২.১১ ৭৯১৮.৪৭	৩.৮.১৫ ৭৯১৮.৪৭	১.৩.১৭	৩০.৮.১৮	Toma Construction co. Ltd, Dhaka. হ্যাঁ	এমব্যাংকমেন্ট নির্মাণ করতে ০৪টি ৪৫মিটার স্প্যান গার্ডার ভারতে প্রস্তুত সম্পন্ন হলেও শিপমেন্টের কারণে তা সাইটে পৌছাতে বিলম্ব হয়েছে বিধায় মেয়াদ বৃদ্ধি ঘটেছে।
ডাব্লিউডি-৭	১.৫.১৫ ৩৭২.৬১ (১ম সংশোঃ)	৯.১১.১৬ ৩৭২.৬১	ওটিএম (এনসিটি)	ওটিএম (এনসিটি)	পিডি	পিডি	২৯.৮.১৫ ৩৭২.৬১	২৩.২.১৭ ২৭৫.৪০	২২.৯.১৭	৩০.১২.১৮	Badrul Alam JV. Sirajganj হ্যাঁ	চুক্তিপত্র মোতাবেক কাজটি শুরু করার পর আগাম বর্ষা, অতিমাত্রায় বৃষ্টি, বন্যা, কাজের সাইটে পানি জমে জলাবদ্ধতা সৃস্টি হওয়ার কারণে মেয়াদ বৃদ্ধি করা হয়েছে।
ডাব্লিউডি-৮	১.৫.১৫ ১৩৬.০০	-	ওটিএম (এনসিটি)	ওটিএম (এনসিটি)	পিডি	পিডি	২৯.৮.১৫ ১৩৬.০০	-	-	-	-	এ প্যাকেজটি বাস্তবায়িত হয়নি।
ডাব্লিউডি-৯	১৪.১০.১০ ৩০৬.২৩ (১ম সংশোঃ)	১৪.১০.১০ ৩০৬.২৩	ওটিএম (এনসিটি)	ওটিএম (এনসিটি)	পিডি	পিডি	১৫.১.১১ ৩০৮.৭৬	৭.২.১১ ৩০৬.২৩	৭.৮.১২	৩১.৮.১৩	M/s. Rahim Engineering works Ltd & Tanzila Enterprise JVCA, Mohammadpur, Dhaka হ্যাঁ	চুক্তিপত্র মোতাবেক ০৭টি স্টেশনের ক্যাবল লাইন স্থাপনের কাজ শেষ হলেও পুরকৌশল বিভাগের স্টেশন বিল্ডিং

												এর নির্মাণ কাজ, স্টেশন ইয়ার্ডের পয়েন্টস এন্ড ক্রসিংসমূহে টাম্বলার স্থাপনের কাজ সম্পন্ন না হওয়ায় পয়েন্টে এইচপিক লক স্থাপন, স্টেশন প্যানেল বোর্ড স্থাপনসহ অবশিষ্ট কাজ সম্পাদনে বিলম্ব হয়েছে।
ডাব্লিউডি-১০	১.৫.১৬ ২৯৮.৩০ (২য় সংশোঃ)	১৭.৫.১৭ ২৯৮.৩০	ওটিএম (এনসিটি)	ওটিএম (এনসিটি)	পিডি	পিডি	২৯.৮.১৬ ২৯৮.৩০	২৩.১০.১৭ ২৯৪.০৫	৩১.১০.১৮	৩১.১০.১৮	Moon International Dhaka. হ্যাঁ	মেয়াদ বৃদ্ধি হয় নাই।
ডাব্লিউডি-১১	১৪.১০.১০ ১২৬৪.৯১	১৬.৭.১৮ ১২৬৪.৯১	ওটিএম (এনসিটি)	ডিপিএম (এনসিটি)	ডিজি	ডিজি	৩০.১.১০ ১২৬৪.৯১	২৭.৯.১৮ ৮০৩.৭৪	২৭.১০.১৮	২৭.১০.১৮	Brothers Construction Company, Khilkahet, Dhaka. হ্যাঁ	মেয়াদ বৃদ্ধি হয় নাই।
ডাব্লিউডি-১২	১.৫.১৬ ৭৪৮.৪৩	২৩.৪.১৭ ৭৪৮.৪৩	ওটিএম (এনসিটি)	ওটিএম (এনসিটি)	ডিজি	ডিজি	২৯.৮.১৬ ৭৪৮.৪৩	২.১০.১৭ ৬১০.৮৪	১৭.১০.১৮	১৭.১০.১৮	M/s. Nur-E-Alahee & Brothers (Pvt.), Chittagong হ্যাঁ	মেয়াদ বৃদ্ধি হয় নাই।
ডাব্লিউডি-১৩	১.৫.১৫ ৩০.০০ (১ম সংশোঃ)	২.১১.১৫ ৩০.০০	ওটিএম (এনসিটি)	ওটিএম (এনসিটি)	পিডি	পিডি	২৯.৮.১৫ ৩০.০০	৭.২.১৬ ২৪.৪২	৫.৮.১৬	৪.৮.১৬	Md. Ramjan Ali, Rajshahi. হ্যাঁ	মেয়াদ বৃদ্ধি হয় নাই।
ডাব্লিউডি-১৪	১০.২.১৫ ২৬.০০ (১ম সংশোঃ)	২৬.১১.১৫ ২৬.০০	ওটিএম (এনসিটি)	ওটিএম (এনসিটি)	পিডি	পিডি	১১.৪.১৫ ২৬.০০	১৮.৪.১৬ ১৫.৬৪	১৬.৮.১৬	৭.৮.১৬	Sun International, Boalia, Rajshahi. হ্যাঁ	মেয়াদ বৃদ্ধি হয় নাই।
ডাব্লিউডি-১৫	১৫.৭.১৩ ১৯.৬০ ১ম সংশোঃ)	২৮.৬.১৩ ১৯.৬০	ওটিএম (এনসিটি)	ওটিএম (এনসিটি)	পিডি	পিডি	১৮.৮.১৩ ১৯.৬০	১৮.৮.১৩ ১৯.৬০	১৬.১০.১৩	১৬.১০.১৩	A.R Construction, Paksey, Pabna. হ্যাঁ	মেয়াদ বৃদ্ধি হয় নাই।
ডাব্লিউডি-১৬	১.৩.১৫ ২০.০০ ১ম সংশোঃ)	৯.১১.১৬ ২০.০০	ওটিএম (এনসিটি)	ওটিএম (এনসিটি)	পিডি	পিডি	৩০.৪.১৫ ২০.০০	২৬.১.১৭ ১৯.৮৯	২৯.৫.১৭	২৯.৫.১৭	M/s. Islam Traders, Rajshahi. হ্যাঁ	মেয়াদ বৃদ্ধি হয় নাই।
এসডি-১	৬.১০.১০ ১১৮৪.৬৪ (২য় সংশোঃ)	২৫.১২.১০ ১১৮৪.৬৪	ওটিএম (কিউসি বিএস)	ওটিএম (কিউসি বিএস)	এমওসি	এমওসি	১.৩.১১ ১১৮৪.৬৪	৮.৫.১১ ১১৮৪.৬৪	০৮.৮.১৩	৩১.১২.১৮	ACE Consultants Ltd, Bangladesh. SMEC International Pty Ltd, Bangladesh হ্যাঁ	গোবরা স্টেশন হতে পাটগাতি পর্যন্ত অংশের প্রকল্প কাজ ঠিকাদার কর্তৃক সম্পন্ন হয়নি বিধায় এ অংশে পরামর্শক কর্তৃক প্রদত্ত প্রকৃত সার্ভিস প্যাকেজের (আউটপুটের ভিত্তিতে) মেয়াদ বৃদ্ধি হয়েছে।

১১। প্রকল্প পরিচালক সম্পর্কিত তথ্য (পর্যায়ক্রমে প্রকল্প শুরু হতে বর্তমান সময় পর্যন্ত):

প্রকল্প পরিচালক-এর নাম ও আইডি নং	মূল দপ্তর ও পদবি	দায়িত্বকাল (নিয়োগ হতে সর্বশেষ) তারিখ পর্যন্ত	দায়িত্বের ধরণ (নিয়মিত/অতিরিক্ত)	একাধিক প্রকল্পের প্রকল্প পরিচালক হিসাবে দায়িত্ব প্রাপ্ত কিনা	
				হ্যাঁ/না	সংখ্যা
১	২	৩	৪	৫	৬
Mr. Md. Amzad Hossain	Chief Engineer (West), Bangladesh Railway, Rajshahi	05.10.2010 to 02.03.2011	Addl. charge	-	-
Mr. Md. Mozammel Hoque	Chief Engineer (West), Bangladesh Railway, Rajshahi	03.03.2011 to 04.05.2011	Addl. charge	-	-
Mr. Qazi Md. Rafiqul Alam	Chief Engineer (West), Bangladesh Railway, Rajshahi	04.05.2011 to 12.04.2014	Addl. charge	-	-
Mr. Md. Mahbubul Haque Bakshi	Chief Engineer (West), Bangladesh Railway, Rajshahi	12.04.2014 to 06.09.2016	Addl. charge	হ্যাঁ	৩
Mr. Md. Shuboktagin (Addl. Charge)	Chief Engineer (West), Bangladesh Railway, Rajshahi	06.09.2016 to 30.10.2016	Addl. charge	হ্যাঁ	৩
Mr. Md. Romzan Ali	Chief Engineer (West), Bangladesh Railway, Rajshahi	31.10.2016 to 21.07.2018	Addl. charge	হ্যাঁ	৩
Mr. Md. Abu Zafor Miah (Addl. Charge)	Chief Engineer (West), Bangladesh Railway, Rajshahi	22.07.2018 to 09.09.2018	Addl. charge	না	-
Mr. Md. Romzan Ali	Chief Engineer (West), Bangladesh Railway, Rajshahi	10.09.2018 to 03.12.2018	Addl. charge	না	-
Mr. Md. Afzal Hossain	Chief Engineer (West), Bangladesh Railway, Rajshahi	03.12.2018 to Upto completion time.	Addl. charge	না	-

উৎস: পিসিআর

১২। ভূমি অধিগ্রহণ, পুনর্বাসন, ইউটিলিটি/ গাছ স্থানান্তর সংক্রান্ত বা অন্যান্য জটিলতা সংক্রান্ত তথ্য (যদি থাকে):

বাংলাদেশ রেলওয়ের কালুখালী-ভাটিয়াপাড়া সেকশন পুনর্বাসন এবং কাশিয়ানী-গোপালগঞ্জ-টুঙ্গিপাড়া নতুন রেলপথ নির্মাণ (২য় সংশোধিত) শীর্ষক উন্নয়ণ প্রকল্পটির অনুকূলে সর্বমোট ৭৫৪.২২৮ একর ভূমি অধিগ্রহণ করা হয়েছে।

১৩। অডিট সংক্রান্ত (হালনাগাদ তথ্য): নির্ধারিত ছকে বিস্তারিত তথ্য সংযুক্তি-১ এ উল্লেখ করা হলো ।

১৪। (ক) স্টিয়ারিং, পিআইসি ও এডিপি রিভিউ সভা সংক্রান্ত:

সভার নাম	মোট লক্ষ্যমাত্রা		প্রকৃত অর্জন
	পরিপত্র অনুযায়ী	ডিপিপি/আরডিপিপি অনুযায়ী	
প্রকল্প বাস্তবায়ন কমিটির সভা (PIC)	৩২টি	২৪টি	০৯ টি
প্রকল্প স্টিয়ারিং কমিটির সভা (PSC)	৩২টি	২৪টি	০৯ টি
এডিপি রিভিউ সভা (ADP)	৯৬টি	-	০১ টি

সর্বশেষ পিএসসি সভার তথ্যঃ

সভার তারিখ	প্রধান প্রধান সিদ্ধান্ত		সিদ্ধান্তের বাস্তবায়ন অগ্রগতি
০৩.০১.২০১৯	৫.১	প্রকল্প কর্তৃপক্ষ প্যাকেজ WD-2 & WD-4 এর আওতায় নবনির্মিত রেল ট্র্যাকের LWR এর De-Stressing জানুয়ারী, ২০১৯ খ্রি: তারিখের মধ্যে সম্পন্ন হবে।	প্রকল্পের নির্ধারিত সময়ের মধ্যে সকল কাজ সম্পন্ন হয়েছে।
	৫.০২	প্রকল্প কর্তৃপক্ষ প্যাকেজ WD-2 & WD-4 এর আওতায় নবনির্মিত রেল ট্র্যাকে আরডিপিপি'র সংস্থান মোতাবেক Ballast Speeding করতঃ Tamping Machine দ্বারা Final Packing সহ সমুদয় কাজ ৩১ জানুয়ারী, ২০১৯-এর মধ্যে সম্পন্ন করবে। এ লক্ষ্যে আগামী ০৫ ও ১০ জানুয়ারী, ২০১৯ তারিখের মধ্যে প্রকল্প সইটে যথাক্রমে Tamping Machine এবং Flash but Welding Machine আনয়ন নিশ্চিত করবে;	
	৫.৩	প্রকল্পের প্যাকেজ WD-4 এর আওতায় নবনির্মিত লেভেল ক্রসিং গেইটের মধ্যে অসম্পন্ন ৩টি গেইটের কাজ ১০ জানুয়ারী ২০১৯ খ্রি: তারিখের মধ্যে সম্পন্ন করতে হবে;	
	৫.৪	প্রকল্প কর্তৃপক্ষ বিধি মোতাবেক Project Completion Date-এর মধ্যে সীমাবদ্ধ রেখে অনিষ্পন্ন/অসম্পন্ন আর্থিক পাওনাদি পরিশোধ করতে পারে;	
	৫.৫	প্রকল্প কর্তৃপক্ষ রেল ট্র্যাকের Embankment-এর স্থায়িত্ব রক্ষায় রেল বাঁধের ওপর ঘাস লাগানো, Rat hole থেকে রক্ষার জন্য ইঁদুর দমনের প্রতিরোধমূলক ব্যবস্থা গ্রহণসহ বর্ষা মৌসুমে শুরুতেই বৃক্ষ রোপনের ক্ষেত্রে অধিকতর যত্নবান হতে পারে;	
	৫.৬	বাংলাদেশ রেলওয়ে/প্রকল্প কর্তৃপক্ষ বিবেচ্য প্রকল্পের আওতায় অব্যয়িত/সাশ্রয়কৃত অর্থ আরএডিপি-তে অনুরূপ প্রকল্পে স্থানান্তর কিংবা পিসিআর-এ অব্যয়িত অর্থের প্রতিফলন নিশ্চিত করবে;	
	৫.৭	বাংলাদেশ রেলওয়ে/প্রকল্প কর্তৃপক্ষ বাস্তবায়নোত্তর পর্যায়ে রেল অপারেশনাল কার্যাদি যথাযথভাবে সম্পন্নের স্বার্থে আরডিপিপি'র সংস্থানের প্রেক্ষিতে দাখিলকৃত 'জনবল প্রস্তাব' অবিলম্বে মন্ত্রণালয়ে দাখিল করবে;	
	৫.৮	রেলপথ মন্ত্রণালয় বিবেচ্য প্রকল্পের সাথে সম্পৃক্ত 'গাছপালা নিলাম' সংক্রান্ত প্রস্তাবনা খতিয়ে দেখে অনুমোদন কার্যক্রম গ্রহণ করতে পারে। এ লক্ষ্যে প্রয়োজনবোধে পুনরায় স্বয়ংসম্পূর্ণ প্রস্তাব প্রেরণের বিষয়টি প্রকল্প কর্তৃপক্ষ বিবেচনা করতে পারে; এবং	
	৫.৯	প্রকল্প কর্তৃপক্ষ বিবেচ্য প্রকল্পের 'কালুখালী-ভাটিয়াপাড়া' পর্যন্ত পুনর্বাসন অংশ এবং 'কাশিয়ানী-গোপালগঞ্জ-টুঙ্গিপাড়া' পর্যন্ত নতুন রেলপথ নির্মাণ কাজের উভয় অংশ সমন্বিতভাবে স্বয়ংসম্পূর্ণ পিসিআর অবিলম্বে মন্ত্রণালয়ে দাখিল নিশ্চিত করবে।	

১৫। প্রকল্পের ফলাফল স্থায়িত্বকরণ (Sustainability Plan):

(ক) ডিপিপি'র প্রভিশন- প্রকল্প শেষে প্রকল্পের আওতায় নির্মিত সকল অবকাঠামো রক্ষণাবেক্ষণ ও কার্যক্রম রাজস্ব বাজেট ও রাজস্ব জনবল দ্বারা পরিচালিত হবে ।

(খ) বর্তমান অবস্থা ও সমস্যা (যদি থাকে)- সুষ্ঠুভাবে ট্রেন চলাচল অব্যাহত আছে। কোন সমস্যা পরিলক্ষিত হয়নি।

১৬। পরিবেশ সংরক্ষণ সংক্রান্ত তথ্য: পানি দূষণ রোধে পর্যাপ্ত সংখ্যক সেতু/কালভার্ট ও ড্রেনেজ এবং বালি দূষণ রোধে এমব্যাঙ্কমেন্টের স্লোপে পর্যাপ্ত ঘাস লাগানো হয়েছে।

১৭। ক) লগফ্রেম/ফলাফল কাঠামো অনুযায়ী প্রকল্পের অর্জনঃ

নং	বর্ণনামূলক সারসংক্ষেপ	অর্জন	অর্জিত না হলে কারণ
১	**প্রকল্পের লক্ষ্য:** "কালুখালী-ভাটিয়াপাড়া সেকশন পুনর্বাসন এবং কাশিয়ানী-গোপালগঞ্জ-টুঙ্গিপাড়া রেল লিংক নির্মাণের ফলে অর্থনৈতিক কর্মকান্ডের ক্ষেত্র সৃষ্টি হবে যা দেশের GDP-তে অবদান রাখবে।	প্রকল্পের লক্ষ্য (ডিপিপি/আরডিপিপি অনুযায়ী) মোতাবেক ৭৫.৫০ কিঃমিঃ পুনর্বাসন, প্রধান লাইন এবং ৬.৫০ কিঃমিঃ। ৪৩,৬৮২ কিলোমিটারের নতুন বিজি ট্র্যাক নির্মাণ। প্রধান লাইন এবং ৮.০০ কিঃমিঃ। বাংলাদেশ রেলওয়ের লুপ লাইন কাশিয়ানী-গোপালগঞ্জ-গোবরা (টুঙ্গিপাড়া) সেকশন। ট্রেনের গতি বাড়ানো এবং নিরাপদ চলা নিশ্চিত করা হয়েছে। ফলে নিরাপদ, সাশ্রয়ী, আরামদায়ক এবং পরিবেশ বান্ধব যোগাযোগ সুবিধা সৃষ্টি হয়েছে এবং অত্র এলাকার আর্থ সামাজিক উন্নয়নের ফলে দারিদ্র বিমোচনে সহায়ক হয়েছে।	-
২	**প্রকল্পের উদ্দেশ্য:** ● বন্ধ সেকশনটি পুনর্বাসনের মাধ্যমে পুনঃচালু হওয়ার ফলে এতদ্বঞ্চলের যোগাযোগ চাহিদা মেটানো সহ নানাবিধ অর্থনৈতিক কার্যক্রম বৃদ্ধি পাবে। ● রাজধানী ঢাকার সহিত রেলপথে জাতির জনকের সমাধি ভূমি সংযুক্ত হবে।	প্রকল্পের বিপরীতে (ডিপিপি/আরডিপিপি অনুযায়ী) সংস্থানকৃত সকল কাজ সুষ্ঠভাবে সম্পন্ন হয়েছে এবং ট্রেন চলাচল অব্যাহত আছে। ● বাংলাদেশ রেলওয়ের কালুখালী-ভাটিয়াপাড়া বন্ধ সেকশনটি পুনর্বাসনের মাধ্যমে পুনঃচালুকরণ করা হয়েছে। ● জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মস্থান ও সমাধিস্থলখ্যাত টুঙ্গীপাড়া উপজেলাকে বিদ্যমান রেলওয়ে নেটওয়ার্কের সাথে সংযোগ স্থাপনের লক্ষ্যে কাশিয়ানী থেকে গোপালগঞ্জ হয়ে গোবরা পর্যন্ত রেলপথ স্থাপন করা হয়েছে। প্যাসেঞ্জার ও গুডস ট্রান্স-পদ্মা করিডোরে সংযুক্ত হয়েছে এবংপ্যাসেঞ্জার ও গ্রডস ট্রেন এর সংখ্যা বৃদ্ধি পেয়েছে। ফলে স্থানীয় জনসাধারনের নিরাপদ, আরামদায়ক, স্বল্পব্যয়ে ও পরিবেশ বান্ধব যোগাযোগ সুবিধা করা হয়েছে।	

৩	**আউটপুট :** (১) রেলওয়ে ট্র্যাকের মানোন্নয়ন হবে। (২) গোপালগঞ্জ ও টুঙ্গীপাড়া জনগণ রেল সার্ভিসের আওতায় আসবে। (৩) জনসাধারণ রেলওয়েতে ভ্রমণ ও মালামাল পরিবহণের সুবিধা পাবে। (৪) রেলওয়ের সার্বিক আয় বৃদ্ধি হবে।	রেলওয়ে ট্র্যাকের মানোন্নয়ন করা হয়েছে। গোপালগঞ্জ ও টুঙ্গীপাড়া জনগণ রেল সার্ভিসের আওতায় এসেছে। জনসাধারণ রেলওয়েতে ভ্রমণ ও মালামাল পরিবহণের সুবিধা নিশ্চিত করা হয়েছে। ইতোমধ্যে রেলওয়ের সার্বিক সুবিধা পাচ্ছে ও পাবে। রেলওয়ের সার্বিক আয় বৃদ্ধি পেয়েছে এবং আরও বৃদ্ধি হবে।	-

খ) প্রধান কার্যক্রমের বিপরীতে অর্জন (অনুচ্ছেদ ৭(গ) অনুযায়ী/প্যাকেজ ভিত্তিক):

ডব্লিউডি-১ (কালুখালী থেকে ভাটিয়াপাড়া ঘাট পর্যন্ত এ্যাপ্রোচ সেচ এন্ড ব্যাংক মেরামতসহ ৭৫.৫০ কিঃমিঃ মেইন লাইন এবং ৬.৫০ কিঃমিঃ লুপ লাইন পুনর্বাসন): এ কাজের জন্য ভারতীয় GPT-KPTL JV ঠিকাদারী প্রতিষ্ঠানের সাথে ০১-০১-২০১১ তারিখে চুক্তি সম্পাদিত হয়। চুক্তি অনুযায়ী কাজের মূল্য ২৪৮৮২.৭৭ লক্ষ টাকা এবং চুক্তির মেয়াদকাল ছিল ০৫-০৯-২০১২ পর্যন্ত। প্রয়োজনের নিরীখে লুপ লাইন ও মেইন লাইনে জয়েন্ট স্লিপারে অর্ডিনারী উডেন স্লিপারের পরিবতর্তে বিজি পিসি স্লিপার এবং SWR ট্র্যাক হতে LWR ট্র্যাকে রূপান্তর করায় এ কাজে ভেরিয়েশন হয়। ডিপিপি অনুযায়ী এ প্যাকেজের আওতায় ২৩৯৯৬.০৮ লক্ষ টাকার সংস্থান থাকলেও ভেরিয়েশনে চুক্তি মূল্য নির্ধারিত হয় ২৮৩৬৩.০৭ লক্ষ টাকা, যা পরবর্তীতে সংশোধিত ডিপিপি'তে সমন্বয় করা হয়েছে। কাজের ভেরিয়েশন হওয়া, বন বিভাগ কর্তৃক গাছপালা অপসারণে বিলম্ব এবং অধিক বৃষ্টিপাত হওয়ায় চুক্তি অনুযায়ী ০৫.০৯.২০১২ তারিখের মধ্যে কাজটি সম্পন্ন করা সম্ভব হয়নি। প্রকৃতপক্ষে কাজটি ৩০.০৩.২০১৫ তারিখে সম্পন্ন হয়েছে।

ডব্লিউডি-২ (কাশিয়ানী-গোপালগঞ্জ সেকশনের ৩২.৩৬৫ কিঃমিঃ মেইন লাইন এবং ৫.০০ কিঃমিঃ লুপ লাইন, ৪টি স্টেশন, ৪১টি সেতু, ১৬টি লেভেল ক্রসিং, ৬টি আন্ডারপাসহ ১টি ফ্লাইওভার নির্মাণ ইত্যাদি কার্যক্রম): উল্লিখিত প্যাকেজটির জন্য ঠিকাদারী প্রতিষ্ঠান Max Infrustructue Limited, Dhaka এর সাথে গত ১৯-০৪-২০১৫ তারিখে চুক্তি সম্পাদিত হয়। চুক্তি অনুযায়ী কাজের মূল্য ৬২৮৯১.৬১ লক্ষ টাকা এবং কাজের মেয়াদকাল ছিল ০৩-০৮-২০১৭ পর্যন্ত। বাস্তবতার নিরীখে ফ্লাইওভার ২ লেন হতে ৪ লেন এবং ফ্লাইওভারের দৈর্ঘ্য ৩৬০ মিটার হতে ৫০০ মিটার বৃদ্ধি করা হয়। মাটির পরীক্ষাও পিভিডি পরিমাণ ১.৬ মিলিঃ হতে ৪.৪ মিলিঃ বৃদ্ধি পায়। এছাড়া, হরিদাসপুর কুমার নদীর উপর রেলওয়ে ব্রীজ স্থাপনের জন্য ২০০টি পুকুর ভরাট এবং ইমব্যাংকমেন্ট ৩.৩মিলিঃ হতে ৪.৬মিঃলঃ বৃদ্ধি করা হয়। কাজের ভেরিয়েশন হওয়ায় চুক্তি মূল্য ৮১৮১৬.৩০ লক্ষ টাকা নির্ধারিত হয় । চুক্তি অনুযায়ী কাজ সমাপ্তির তারিখ ০৩-০৮-২০১৭ নির্ধারিত থাকলেও কাজের ভেরিয়েশন, আরডিপিপি দেরীতে অনুমোদন হওয়ায় কিছু আইটেমের প্রেমেন্ট সম্ভব না হওয়া এবং প্রচুর বৃষ্টিপাতের জন্য প্রকৃতপক্ষে ৩০-১২-২০১৮ তারিখে কাজটি সম্পন্ন হয় ।

ডব্লিউডি-৩ (এই প্যাকেজের আওতায় কালুখালী-ভাটিয়াপাড়া ঘাট সেকশনের স্টেশন বিল্ডিং, প্লাটফরম ও প্লাটফরম শেড, আবাসিক ভবন পুনর্বাসন/নির্মাণ): ডিপিপি অনুযায়ী এ প্যাকেজের বরাদ্দ ২৩৭৪.৬০ লক্ষ টাকা এবং সম্ভাব চুক্তির মেয়াদ ০১-০২-২০১১ নির্ধারিত ছিল। এ প্যাকেজের জন্য নির্বাচিত ঠিকাদারী প্রতিষ্ঠান Toma Construction co. Ltd, Eastern Mansoin MAPL-RCL JV, Dhaka এর সাথে গত ২০.০৩.২০১১ তারিখে চুক্তি সম্পাদিত হয়, যাতে চুক্তি মূল্য ২০৯৫৫.৩০ লক্ষ টাকা এবং চুক্তির মেয়াদ ২০.০৯.২০১২ পর্যন্ত নির্ধারিত ছিল। বাস্তবতার স্বার্থে ঘোড়াখালী, বনমালিপুর হল্ট স্টেশন দুটিকে ডি শ্রেণী হিসেবে নির্মাণ, ১২টি স্টেশনে যাত্রীসাধারণের সুবিধার্থে লো লেভেল থেকে হাই লেভেল প্লাটফরম নির্মাণ, ৯টি স্টেশনে পার্কিং এরিয়া বৃদ্ধি এবং গেটিয়াপাড়া ঘাটে ৬১ বর্গমিটার আয়তনের ভবনের পরিবর্তে ২৩০ বর্গমিটার আয়তনের ভবন নির্মাণ ইত্যাদি কাজ বৃদ্ধি পাওয়ায় ভেরিয়েশন হয়। এতে চুক্তিমূল্য ৩১৪.২০ বৃদ্ধি পেয়ে ২৪০৯.৭৪ লক্ষ টাকা নির্ধারিত হয়। কাজের পরিধি বৃদ্ধি পাওয়ায় এবং সে সময় রাজনৈতিক অস্থিরতাজনিত কারণে চুক্তি অনুযায়ী ২০-০৯-২০১২ শেষ না হয়ে ২৯-০৯-২০১৫ তারিখে কাজটি সম্পন্ন হয় বলে প্রতীয়মান হয় ।

ডব্লিউডি-৪ (গোপালগঞ্জ-গোবরা-পাটগাতি (টঙ্গীপাড়া) সেকশনে ১১.৩১৭ কিঃমিঃ মেইন লাইন, ৩ কিঃমিঃ লুপ লাইন, ২টি স্টেশন, ১২টি লেভেল ক্রসিং এবং ১৮টি সেতু ইত্যাদি নির্মাণ): ডিপিপি অনুযায়ী এ প্যাকেজের বরাদ্দ ২৯০১.০০ লক্ষ টাকা এবং সম্ভাব চুক্তির মেয়াদ ১৩-১০-২০১৫ নির্ধারিত ছিল। ১ম সংশোধনীতে এ প্যাকেজের বরাদ্দ ৩৫০৬১.২১ নির্ধারিত হয়। এ কাজের জন্য ঠিকাদারী প্রতিষ্ঠান Toma Construction co. Ltd, Romna, Dhaka এর সাথে গত ২৮-০৪-২০১৬ তারিখে চুক্তি সম্পাদিত হয়, যাতে চুক্তি মূল্য ৩০৮৬৬.৪৮ লক্ষ টাকা এবং চুক্তির মেয়াদ ২৮-০১-২০১৮ খ্রি. নির্ধারিত হয়। প্রাকৃতি দুর্যোগ ও ভারী বর্ষণের ফলে চুক্তি অনুযায়ী কাজটি নির্ধারিত সময়ের মধ্যে সম্পন্ন করা সম্ভব হয়নি বলে জানা যায়। প্রকৃত পক্ষে কাজটি ৩১-১২-২০১৮ তারিখে অর্থাৎ ১১মাস পর সম্পন্ন হয়েছে বলে প্রতীয়মান হয়।

ডব্লিউডি-৫ (কালুখালী-ভাটিয়াপাড়া ঘাট সেকশনের ১১১টি সেতু-এর মেরামত কাজ): ডিপিপি অনুযায়ী এ প্যাকেজের বরাদ্দ ৩৫০.০০ লক্ষ টাকা এবং সম্ভাব্য চুক্তির মেয়াদ ১৫-০১-২০১০ নির্ধারিত ছিল। এ কাজের জন্য ঠিকাদারী প্রতিষ্ঠান Ashraful Kabir (Rentu),Vadra,Rajshahi এর সাথে ০১-০২-২০১১ তারিখে চুক্তি সম্পাদিত হয়। চুক্তি অনুযায়ী কাজের মূল্য ১৯৪.৪২ লক্ষ টাকা এবং মেয়াদকাল ০১-০২-২০১২ নির্ধারিত ছিল। মাঠ পর্যায়ে বাস্তবতার আলোকে ভেরিয়েশন অর্ডারে ১০টি সেতুতে ১২টি স্ট্যান্ডার্ড গার্ডার স্থাপনের লক্ষ্যে উক্ত সেতুর বেডব্লক পুনঃনির্মাণ করা হয়েছে। ফলে ভেরিয়েশনে চুক্তিমূল্য ২৮২.৬৯ লক্ষ টাকা নির্ধারিত হয়। চুক্তি অনুযায়ী ০১-০২-২০১২ তারিখে কাজ সমাপ্তির তারিখ নির্ধারিত থাকলেও বাস্তবে ৩১-০৮-২০১৩ তারিখে কাজ সম্পন্ন হয়।

ডব্লিউডি-৫/এ (কালুখালী হতে ভাটিয়াপাড়া ঘাট সেকশনের সেতুসমূহের জন্যা স্ট্যান্ডার্ড গার্ডার উৎপাদন, সরবরাহ ও স্থাপন কাজ): এ প্যাকেজটি মূল ডিপিপি'তে ছিল না, ১ম সংশোধিত ডিপিপিতে অন্তর্ভুক্ত করা হয়েছে। তবে প্রয়োজনের নিরীখে ১ম সংশোধিত ডিপিপি অনুমোদনের পূর্বেই ঠিকাদারী প্রতিষ্ঠান Ashraful Kabir (Rentu),Vadra,Rajshahi কর্তৃক ৭৭.৭১ লক্ষ টাকা মূল্যে কাজটি সম্পন্ন হয়। চুক্তি অনুযায়ী কাজের মেয়াদ ০১-১০-২০১২ তারিখ নির্ধারিত হলেও কাজটি ১৩-১২-২০১৭ তারিখে (৫ বছর বিলম্বে) সম্পন্ন হয়। বিলম্বের কারণ হিসেবে জানা যায়, গার্ডার প্রতিস্থাপনের জন্য অস্থায়ী যোগান ব্যবস্থার সংস্থান চুক্তিপত্রে না থাকায় গার্ডার প্রতিস্থাপনের জন্য কাজ এবং সেতুগুলোতে পকেট বেড ব্লক অপসারণ করে নতুনভাবে আরসিসি বেডব্লক তৈরী করা হয়েছে ।

ডব্লিউডি-৬ (কাশিয়ানী-টঙ্গীপাড়া সেকশনে কুমার নদীর ওপর একটি ১৮০ মিটার সেতু নির্মাণ): ডিপিপি অনুযায়ী এ প্যাকেজের বরাদ্দ ২০৫২.০০ লক্ষ টাকা এবং সম্ভাব্য চুক্তির তারিখ ০১-১২-২০১১ নির্ধারিত ছিল। ১ম সংশোধনীতে এ প্যাকেজের বরাদ্দ ৭৫৪৫.৮০ লক্ষ টাকায় নির্ধারিত হয়। ঠিকাদারী প্রতিষ্ঠান Toma Construction co. Ltd, Romna, Dhaka এর সাথে ০৩-০৮-২০১৫ তারিখে ৭৭২৫.৩৯ লক্ষ টাকা মূল্যে এ কাজটির জন্য চুক্তি সম্পাদিত হয়। মাঠ সার্ভে ও প্রকৃত পরিমাপ অনুযায়ী পুকুর/গর্ত ও সেতুর এপ্রোচ ফিলিং এর পরিমাণ বৃদ্ধি, সয়েল টেস্ট অনুযায়ী ফাউন্ডেশন ট্রিটমেন্ট বৃদ্ধি ও পাইলের দৈর্ঘ্য বৃদ্ধি পাওয়ায় এ কাজে ভেরিয়েশন হয়। ভেরিয়েশনে চুক্তিমূল্য বৃদ্ধি পেয়ে ৭৯১৮.৪৭ লক্ষ টাকায় নির্ধারিত হয় যা ২য় সংশোধিত ডিপিপিতে সমন্বয় করা হয়। এমব্যাংকমেন্ট নির্মাণ করতে ০৪টি ৪৫মিটার স্প্যান গার্ডার ভারতে প্রস্তুত সম্পন্ন হলেও শিপমেন্টের কারণে তা সাইটে পৌছাতে বিলম্ব হয়েছে বলে জানা যায়। সে কারণে চুক্তি অনুযায়ী কাজের মেয়াদ ০৩-১২-২০১৭ নির্ধারিত থাকলেও বাস্তবে কাজটি সম্পন্ন হয় ৩০-০৮-২০১৮ তারিখে অর্থাৎ অতিরিক্ত ০৮ মাস পর।

ডব্লিউডি-৭ (এসএসএই/ওয়ে/নলিয়াগ্রাম এর অফিস এবং গোডাউন পুনঃনির্মাণ, গ্যাংহাট, রামদিয়া স্টেশনের এ্যাপ্রোচ রোড, কাশিয়ানীতে ষ্টাফ কোয়ার্টার এবং তৃতীয় শ্রেণির কর্মচারিদের বাসাবাড়িতে বাউন্ডারী ওয়াল ইত্যাদি নির্মাণ): এ প্যাকেজটি মূল ডিপিপি'তে ছিল না, ১ম সংশোধিত ডিপিপি'তে অন্তর্ভুক্ত করা হয়েছে। এ প্যাকেজের জন্য সংস্থানকৃত অর্থের পরিমাণ ৩৭২.৬১ লক্ষ টাকা। এ কাজের জন্য ঠিকাদারী প্রতিষ্ঠান Badrul Alam JV Sirajganj এর সাথে গত ২৩-০২-২০১৭ চুক্তি সম্পাদিত হয়। চুক্তি অনুযায়ী কাজের মূল্য ২৭৫.৪০ লক্ষ টাকা এবং চুক্তির মেয়াদকাল ছিল ২৩-০২-২০১৮ পর্যন্ত। বাস্তবিক প্রয়োজনে এসএসএই/ওয়ে/নলিয়াগ্রাম অফিসে আরসিসি রাস্তা নির্মাণ ও আনুষঙ্গিক সকল আইটেমের পরিমাণ বৃদ্ধি পাওয়ায় এ কাজে ভেরিয়েশন হয়। কাজের ভেরিয়েশনের ফলে চুক্তি মূল্য বৃদ্ধি পেয়ে নির্ধারিত হয় ২৭৫.৪০ লক্ষ টাকায়। চুক্তি অনুযায়ী কাজটি ২৩-২-২০১৮ এর মধ্যে সমাপ্ত হওয়ার কথা থাকলেও বাস্তবে কাজ সমাপ্ত হয় ৩০-১২-২০১৮ তারিখে অর্থাৎ অতিরিক্ত ১০ মাস পরে। চুক্তিপত্র মোতাবেক কাজটি শুরু করার পর আগাম বর্ষা, অতিমাত্রায় বৃষ্টি, বন্যা, কাজের সাইটে পানি জমে জলাবদ্ধতা সৃস্টি হওয়ার কারণে মেয়াদ বৃদ্ধি করা হয়েছে বলে জানা যায় বলে পরিদর্শনে জানা যায়।

ডব্লিউডি-৮ (ঘোড়াখালী এবং বনমালীপুর-নড়াইল খান স্টেশনের প্লাটফরম ও প্লাটফরম শেড নির্মাণ): স্থানীয় জনসাধারণের সাথে স্থান নির্ধারণের জটিলতার কারণে এ কাজের জন্য কোন দরপত্র আহবান করা হয়নি বলে জানা যায়।

ডব্লিউডি-৯ (কালুখালী-ভাটিয়াপাড়া সেকশনের স্টেশনসমূহের নন-ইন্টারলকড, কালার লাইট সিগন্যালিং সিস্টেম স্থাপন): ডিপিপি অনুযায়ী এ প্যাকেজের বরাদ্দ ৩০৮.৭৬ লক্ষ টাকা এবং সম্ভাব্য চুক্তির তারিখ ১৫-১-২০১১ নির্ধারিত ছিল। এ কাজের জন্য ঠিকাদারী প্রতিষ্ঠান M/s. Rahim Engineering works Ltd & Tanzila Enterprise JVCA, Mohammad এর সাথে ০৭-০১-২০১১ তারিখে চুক্তি স্বাক্ষরিত হয়। চুক্তি অনুযায়ী কাজের মূল্য ৩০৬.২৩ লক্ষ টাকা এবং চুক্তির মেয়াদ ০৭-০৮-২০১২ পর্যন্ত। এ খাতে বরাদ্দের চেয়ে চুক্তিমূল্য কম হওয়ায় চুক্তিকৃত টাকাই পরবর্তীতে সংশোধিত ডিপিপি'তে নির্ধারণ করা হয়েছে। চুক্তি অনুযায়ী কাজ সম্পন্নের তারিখ ০৭-০৮-২০১২ নির্ধারিত থাকলেও বাস্তবে ৩১-৮-২০১৩ তারিখে এক বছর বর্ধিত সময়ে কাজ সম্পন্ন হয়। চুক্তিপত্র মোতাবেক ০৭টি স্টেশনের ক্যাবল লাইন স্থাপনের কাজ শেষ হলেও পুরকৌশল বিভাগের স্টেশন বিল্ডিং এর নির্মাণ কাজ, স্টেশন ইয়ার্ডের পয়েন্টস এন্ড ক্রসিংসমূহে টাম্বলার স্থাপনের কাজ সম্পন্ন না হওয়ায় পয়েন্টে এইচপিক লক স্থাপন, স্টেশন প্যানেল বোর্ড স্থাপনসহ অবশিষ্ট কাজ সম্পাদনে বিলম্ব হয়েছে বলে জানা যায়।

ডব্লিউডি-১০ (কাশিয়ানী-টঙ্গীপাড়া সেকশনের স্টেশনসমূহের নন-ইন্টারলকড, কালার লাইট সিগন্যালিং সিস্টেম স্থাপন): ডিপিপি অনুযায়ী এ প্যাকেজের বরাদ্দ ছিল ২৪৫.২৯ লক্ষ টাকা । ১ম সংশোধিত ডিপিপিতে এ প্যাকেজের বরাদ্দ বৃদ্ধি করে ৩৫৪.৩০ লক্ষ টাকা নির্ধারণ করা হয়। এ কার্যক্রমের জন্য নির্বাচিত ঠিকাদারী প্রতিষ্টান Moon International Dhaka এর সাথে ২৩-১০-২০১৭ তারিখে ২৯৪.০৫ লক্ষ টাকা মূল্যের চুক্তি সম্পাদিত হয়। পরবর্তীতে ২য় সংশোধিত ডিপিপিতে চুক্তিকৃত মূল্যই এ খাতের বরাদ্দ নির্ধারণ করা হয়েছে। চুক্তি অনুযায়ী নির্ধারিত মূল্য ও তারিখ অনুযায়ী কাজটি সম্পন্ন হয়েছে বলে প্রতীয়মান হয়।

ডব্লিউডি-১১ (কালুখালী-ভাটিয়াপাড়া সেকশনে টেলিযোগাযোগ ব্যবস্থা স্থাপন): ডিপিপি অনুযায়ী এ প্যাকেজের বরাদ্দ ১২৬৪.৯১ লক্ষ টাকা। এ কার্যক্রমের জন্য নির্বাচিত ঠিকাদারী প্রতিষ্টান Brother Construction Company, Khilkhet, Dhaka এর সাথে ২৭-৯-২০১৮ তারিখে চুক্তি সম্পাদিত হয়। চুক্তি অনুযায়ী কাজের মূল্য ৮০৩.৭৪ লক্ষ টাকা এবং চুক্তির মেয়াদ ২৭-১০-২০১৮ খ্রি পর্যন্ত। ১য় সংশোধিত ডিপিপিতে চুক্তিকৃত মূল্যই এ খাতের বরাদ্দ নির্ধারণ করা হয়েছে। চুক্তি অনুযায়ী নির্ধারিত মূল্য ও তারিখ অনুযায়ী কাজটি সম্পন্ন হয়েছে বলে প্রতীয়মান হয়।

ডব্লিউডি-১২ (কাশিয়ানী-টঙ্গীপাড়া সেকশনে টেলিযোগাযোগ ব্যবস্থা স্থাপনের কাজ): মূল ডিপিপি অনুযায়ী এ খাতে ৮৪৬.৮৪ লক্ষ টাকা বরাদ্দ ছিল । ১ম সংশোধিত ডিপিপিতে এ খাতের বরাদ্দ ৭৪৮.৪৩ লক্ষ টাকা এবং ২য় সংশোধিত ডিপিপিতে ৭০৭.০০ লক্ষ টাকা নির্ধারণ করা হয়। এ কার্যক্রমের জন্য নির্বাচিত ঠিকাদারী প্রতিষ্টান M/s Nure-E- Alahee & Brothers (Pvt.) Chittagong এর সাথে ০২-০৭-২০১৭ তারিখে চুক্তি সম্পাদিত হয়। চুক্তি অনুযায়ী কাজের মূল্য ৬১০.৮৪ লক্ষ টাকা এবং চুক্তির মেয়াদ ২৭-১০-২০১৮ খ্রি পর্যন্ত। চুক্তি অনুযায়ী নির্ধারিত মূল্য ও তারিখ অনুযায়ী কাজটি সম্পন্ন হয়েছে বলে প্রতীয়মান হয়।

ডব্লিউডি-১৩ (কালুখালী এবং ভাটিয়াপাড়া ঘাট স্টেশনের ওয়াটার হাইড্রেন লাইন স্থাপনের মাধ্যমে পানি সরবরাহ ব্যবস্থা নিশ্চিতকরণ): মূল ডিপিপি'তে এ প্যাকেজের সংস্থান ছিল না। ১ম সংশোধিত ডিপিপি'তে এ প্যাকেজটি অন্তর্ভুক্ত করা হয় এবং বরাদ্দ রাখা হয় ৩০.০০ লক্ষ টাকা। এ কার্যক্রমের জন্য নির্বাচিত ঠিকাদারী প্রতিষ্টান Md. Ramjan Ali, Rajshahi এর সাথে ০২-০৭-২০১৬ তারিখে চুক্তি সম্পাদিত হয়। চুক্তি অনুযায়ী কাজের মূল্য ২৪.৪২ লক্ষ টাকা এবং চুক্তির মেয়াদ ০৫-০৮-২০১৬ খ্রি পর্যন্ত। চুক্তি অনুযায়ী নির্ধারিত মূল্য ও তারিখ অনুযায়ী কাজটি সম্পন্ন হয়েছে বলে প্রতীয়মান হয়।

ডব্লিউডি-১৪ (কালুখালী-ভাটিয়াপাড়া ঘাট সেকশনের স্টেশন ভবনসমূহে সোলার পাওয়ার সিস্টেম স্থাপন): মূল ডিপিপি'তে এ প্যাকেজের সংস্থান ছিল না। ১ম সংশোধিত ডিপিপি'তে এ প্যাকেজটি অন্তর্ভুক্ত করা হয় এবং বরাদ্দ রাখা হয় ২৬.০০ লক্ষ টাকা। এ কার্যক্রমের জন্য নির্বাচিত ঠিকাদারী প্রতিষ্টান Sun International, Boalia, Rajshahi এর সাথে ১৮-০৪-২০১৬ তারিখে চুক্তি সম্পাদিত হয়। চুক্তি অনুযায়ী কাজের মূল্য ১৭.৯৬ লক্ষ টাকা এবং চুক্তির মেয়াদ ছিল ১৬-০৮-২০১৬ পর্যন্ত। চুক্তি অনুযায়ী নির্ধারিত মূল্য ও তারিখে কাজটি সম্পন্ন হয়েছে মর্মে দলিলপত্র পর্যালোচনায় প্রতীয়মান হয়। তবে প্রকল্প এলাকা পরিদর্শনকালে সোলার পাওয়ার সিস্টেম স্থাপনের কোন প্রমাণক পাওয়া যায়নি। এ বিষয়ে বাংলাদেশ রেলওয়ে/রেলপথ মন্ত্রণালয়ের মতামত প্রয়োজন।

ডব্লিউডি-১৫ (টেলিযোগাযোগ সিস্টেম প্রবর্তনের জন্য মধুখালী এবং কাশিয়ানী স্টেশন এলাকায় ০২ (দুই)টি (ডি/আই মাক্স) রুম নির্মাণ): এ কার্যক্রমের জন্য নির্বাচিত ঠিকাদারী প্রতিষ্টান A R Construction, Paksey, Pabna এর সাথে ১৮-০৮-২০১৩ তারিখে চুক্তি সম্পাদিত হয়। চুক্তি অনুযায়ী কাজের মূল্য ১৭.৯৬ লক্ষ টাকা এবং চুক্তির মেয়াদ ১৬-১০-২০১৩ খ্রি পর্যন্ত। বাস্তবতার নিরীখে জিএল হতে পিএল এর উচ্চতা ৩ ফুট ৫ ইঞ্চি হতে ৩ ফুট ৯ ইঞ্চি করা হয়। এছাড়া, মধুখালীর ইকুইপমেন্ট কক্ষ নির্মাণের ক্ষেত্রে ব্রিক ফাউন্ডেশনের কাজসহ সংশ্লিষ্ট অন্যান্য আইটেমের কাজ বৃদ্ধি পাওয়ায় ভেরিয়েশন হয়। ভেরিয়েশনে

চুক্তিমূল্য বৃদ্ধি পেয়ে ১৯.৬০ লক্ষ টাকায় নির্ধারিত হয়। উল্লেখ্য, মূল ডিপিপিতে এ প্যাকেজের সংস্থান ছিল না। প্যাকেজের কার্যক্রম সম্পন্নের পর ১ম সংশোধিত ডিপিপি'তে এ প্যাকেজটি অন্তর্ভুক্ত করা হয় এবং ব্যয়কৃত ১৯.৬০ লক্ষ টাকাই এ খাতের বরাদ্দ রাখা হয়। তবে চুক্তি অনুযায়ী নির্ধারিত তারিখ অনুযায়ী কাজটি সম্পন্ন হয়েছে বলে প্রতীয়মান হয়।

ডব্লিউডি-১৬ (কালুখালী-ভাটিয়াপাড়া সেকশনে স্টেশনসমূহের এ্যাপ্রোচ রোড ও ইয়ার্ড লাইটিং সিস্টেম স্থাপন): মূল ডিপিপি'তে এ প্যাকেজের সংস্থান ছিল না। ১ম সংশোধিত ডিপিপি'তে এ প্যাকেজটি অন্তর্ভুক্ত করা হয় এবং বরাদ্দ রাখা হয় ২০.০০ লক্ষ টাকা। এ কার্যক্রমের জন্য নির্বাচিত ঠিকাদারী প্রতিষ্টান M/s. Islam Traders, Rajshahi এর সাথে ১৮-০৪-২০১৬ তারিখে চুক্তি সম্পাদিত হয়। চুক্তি অনুযায়ী কাজের মূল্য ১৯.৮৯ লক্ষ টাকা এবং চুক্তির মেয়াদ ২৯-০৫-২০১৭ খ্রি পর্যন্ত। চুক্তি অনুযায়ী নির্ধারিত মূল্য ও তারিখ অনুযায়ী কাজটি সম্পন্ন হয়েছে বলে প্রতীয়মান হয়।

এসডি-১ (পরামর্শক সেবা): মূল ডিপিপি'তে এ প্যাকেজের বরাদ্দ ৭২৩.২৫ লক্ষ টাকা হলেও নির্বাচিত পরামর্শক প্রতিষ্টান ACE Consultants Ltd. Bangladesh, SMEC International Pty Ltd. Bangladesh এর সাথে ০৮-০৫-২০১১ তারিখে ৭২৩.২৫ লক্ষ টাকার চুক্তি সম্পাদিত হয়। বরাদ্দের চেয়ে চুক্তি মূল্য বেশী হওয়ায় পরবর্তীতে ১ম সংশোধিত ডিপিপি'তে এ খাতে বরাদ্দ ১১৪১.৯৯ লক্ষ টাকা নির্ধারণ করা হয়। কয়েকটি প্যাকেজের কাজের পরিধি ও সময় বৃদ্ধি পাওয়ায় পরামর্শকের জনমাস বৃদ্ধি পায়, ফলে ভেরিয়েশন হয়। সর্বশেষ ভেরিয়েশনে চুক্তি মূল্য বৃদ্ধি হয়ে ১১৮৪.৬৪ লক্ষ টাকায় নির্ধারিত হয়। সর্বশেষ ভেরিয়েশন মূল্যই ২য় সংশোধিত ডিপিপিতে এ খাতের বরাদ্দ নির্ধারণ করা হয়। চুক্তি অনুযায়ী কাজের মেয়াদ ০৮-০৮-২০১৩ নির্ধারিত থাকলেও কাজের ভেরিয়েশন হওয়া এবং গোবরা স্টেশন হতে পাটগাতি পর্যন্ত অংশের কাজ ঠিকাদার কর্তৃক সম্পন্ন হয়নি বিধায় এ অংশে পরামর্শক কর্তৃক প্রদত্ত প্রকৃত সার্ভিস প্যাকেজের (আউটপুটের ভিত্তিতে) জন্য মেয়াদ বৃদ্ধি হয়েছে।

১৮। প্রকল্পের বাস্তবায়ন কাল ও ব্যয় পরিবর্তন (বৃদ্ধি/হ্রাস) (Time & Cost Over-run) হওয়ার কারণ (প্রযোজ্য ক্ষেত্রে):

প্রকল্পের বাস্তবায়ন কাল ০১-১০-২০১০ হতে ৩১-১২-২০১৮ পর্যন্ত ছিল। বিরোধীদল কর্তৃক হরতাল/অবরোধ অর্থাৎ ঐ সময় রাজনৈতিক অস্থিরতাজনিত কারণে ও বন বিভাগ কর্তৃক গাছপালা অপসারণতা, ফ্লাইওভার ২ লেন হতে ৪ লেন হওয়ায়, হরিদাসপুর কুমার নদীর উপর রেলওয়ে ব্রীজ স্থাপনের জন্য ২০০ শতটি পুকুর ভরাট, মার্চ/১৭ মাসে প্রচুর পরিমাণ বৃষ্টিপাত "যা গত ৩৫ বছরের রিকর্ড" যা নভেম্বর/১৭ পর্যন্ত চলমান ছিল, মাঠ পর্যারে বাস্তবতার আলোকে ভেরিয়েশন অর্ডারের আওতায় ১০টি সেতুতে ১২টি স্ট্যান্ডার্ড গার্ডার স্থাপনের লক্ষ্যে উক্ত সেতুর বেডব্লক পূর্ণঃনির্মাণ করতে হয়েছে, যা সম্পূর্ণ শুষ্ক মৌসুম না আসা পর্যন্ত সম্ভব হয়নি, গার্ডার প্রতিস্থাপনের জন্য অস্থায়ী যোগান ব্যবস্থার সংস্থান চুক্তিপত্রে না থাকায় গার্ডার প্রতিস্থাপনের জন্য কাজ এবং সেতুগুলোতে পকেট বেড ব্লক অপসারণ করে নতুনভাবে আরসিসি বেডব্লক তৈরী করা হয়েছে, এমব্যাংকমেন্ট নির্মাণ করতে ০৪টি ৪৫মিটার স্প্যান গার্ডার ভারতে প্রস্তুত সম্পন্ন হলেও শিপমেন্টের কারণে তা সাইটে পৌছাতে বিলম্ব হয়েছে মর্মে প্রকল্পের বাস্তবায়ন কাল ও ব্যয় পরিবর্তন (বৃদ্ধি/হ্রাস) হয়েছে।

১৯। সার্বিক পর্যালোচনা ও পর্যবেক্ষণ:

১৯.১। **ডিপিপি পর্যালোচনা ও পর্যবেক্ষণ** (অনুমোদন, সংশোধন ও লক্ষ্যমাত্রা অর্জন এবং ক্রয় কার্যক্রমে এর প্রভাব)**:** প্রকল্পটি ১১০১৩২.৮০ লক্ষ টাকা প্রাক্কলিত ব্যয়ে ০১ অক্টোবর ২০১০ হতে ৩০জুন ২০১৩ মেয়াদে বাস্তবায়নের জন্য গত ০৫/১০/২০১০ তারিখে অনুষ্ঠিত একনেক সভায় অনুমোদিত হয়। এরপর ব্যয়বৃদ্ধি ব্যতিরেকে প্রকল্পের মেয়াদ ০১ অক্টোবর ২০১০ হতে ৩০জুন ২০১৫ পর্যন্ত বৃদ্ধি করা হয়। পরবর্তীতে প্রকল্পটি ২০২৩৫২.৬৩ লক্ষ টাকা প্রাক্কলিত ব্যয়ে (মূল ডিপিপি থেকে ৮৩.৭৫% বৃদ্ধি) ০১ অক্টোবর ২০১০ হতে ৩১ ডিসেম্বর ২০১৭ মেয়াদে বাস্তবায়নের জন্য ১ম সংশোধন এবং জমি অধিগ্রহণের পরিমাণ হ্রাস, কাশিয়ানী-টুঙ্গীপাড়া সেকশনে মেইন লাইনের পরিমাণ হ্রাস প্রভৃতি কারণে ২১১০২৬.৯২ লক্ষ টাকা প্রাক্কলিত ব্যয়ে (১ম সংশোধন থেকে ৪.২৮% বৃদ্ধি) ০১ অক্টোবর ২০১০ হতে ৩১ ডিসেম্বর ২০১৮ মেয়াদে বাস্তবায়নের জন্য প্রকল্পের ২য় সংশোধন অনুমোদিত হয়। প্রয়োজন না হওয়ায় কিছু পণ্য ক্রয় না করা এবং যৌক্তিক কারণে কিছু ভৌত কাজ সম্পন্ন না হওয়া সত্বেও সার্বিক বিবেচনায় প্রকল্পের লক্ষ্যমাত্রা অর্জিত হয়েছে বলে প্রতীয়মান হয়।

১৯.২। **প্রকল্পে**র আর্থিক **অর্জন পর্যালোচনা ও পর্যবেক্ষণ:**

প্রকল্পটির ২য় সংশোধন অনুযায়ী প্রাক্কলিত ব্যয় ২১১০২৬.৯২ লক্ষ টাকার মধ্যে প্রকৃত ব্যয় হয়েছে ২০৩৪৫৬.০৯ লক্ষ টাকা অর্থাৎ ৯৬.৪১%। প্রকল্প বাস্তবায়নে প্রয়োজনীয় নিরীখে এ ব্যয় হয়েছে বলে প্রতীয়মান হয়। প্রয়োজন না হওয়ায় মোটরযান ক্রয় করা হয়নি, যার ফলে জ্বালানী বাবদ ব্যয় হয়নি।স্থানীয় জনসাধারণ কর্তৃক স্থান নির্ধারণের জটিলতার কারণে ডব্লিউডি প্যাকেজ-৮ এর আওতায় ঘোড়াখালী স্টেশন নির্মাণ করা সম্ভব হয়নি । এছাড়া, প্রকল্পের আওতায় জনবল নিয়োগ না করে সংস্থার নিজস্ব জনবল দ্বারা প্রকল্পের রক্ষণাবেক্ষণ করায় বরাদ্দের বিপরীতে আর্থিক অগ্রগতি কম হলেও অর্থের সাশ্রয় হয়েছে।

১৯.৩। **অডিট সম্পাদন সংক্রান্ত পর্যালোচনা ও পর্যবেক্ষণ:**

- ২০১৪-১৫ অর্থবছরে মোট অডিট আপত্তির সংখ্যা ০৫টি এর মধ্যে ০২ টি আপত্তি নিষ্পত্তি হয়েছে এবং ০৩ টি আপত্তি অনিষ্পন্ন রয়েছে। মোট জড়িত অর্থের পরিমাণ ১,৬৮২,২৬৯,৩৪৫/- টাকা, নিষ্পত্তিকৃত জড়িত অর্থ ৪৪,৮৫১,৫০৭/- টাকা এবং অনিষ্পন্ন জড়িত অর্থ ১,৬৩৭,৪১৭,৮৩৮/- টাকা।

- ২০১৫-১৬ অর্থবছরে ২০ টি অডিট আপত্তি উত্থাপিত হয়েছে যার মধ্যে ০৪ টি নিষ্পত্তি হয়েছে এবং ১৬ টি আপত্তি অনিষ্পন্ন রয়েছে। আপত্তিকৃত মোট অর্থের পরিমান ছিল ২১৯,৪৪৯,৮৩২.৬৫/- টাকা যার মধ্যে ১,৩৫,০০০/- টাকা নিষ্পত্তি হয়েছে এবং ২১৯,৩১৪,৮৩২.৬৫/- টাকা অনিষ্পন্ন রয়েছে। মোট ১৬ টি অডিট আপত্তির ০৯ টি আপত্তিতে কোন অর্থ জড়িত নেই।

- ২০১৬-১৭ ও ২০১৭-১৮ অর্থবছরে ৩৫ টি অডিট আপত্তি রয়েছে যার মধ্যে ০২ আপত্তি নিষ্পত্তি হয়েছে এবং বাকী ৩৩ টি আপত্তি অনিষ্পন্ন রয়েছে। মোট জড়িত অর্থের পরিমাণ ৩,৫২০,০৮২,৫২২.৫৯/- টাকা। নিষ্পত্তিকৃত অর্থ ২,৫১৮,২৭৫/- টাকা এবং অনিষ্পন্ন অর্থ ৩,৫১৭,৫৬৪,২৪৭.৫৯/- টাকা।

- ২০১৮-১৯ অর্থবছরে ১১ টি অডিট আপত্তি রয়েছে যার মধ্যে কোন আপত্তিই নিষ্পত্তি হয়নি। মোট অনিষ্পন্ন জড়িত অর্থের পরিমাণ ৩৩০,৮৬৫,১৪৫/- টাকা।

- সার্বিক পর্যালোচনায় প্রতীয়মান হয় যে প্রকল্পের আওতায় সর্বমোট ৭১টি অডিট আপত্তির মধ্যে মাত্র ৮টি আপত্তি নিষ্পত্তি হয়েছে এবং ৬৩টি আপত্তি অনিষ্পন্ন রয়েছে। অনিষ্পন্ন আপত্তির মধ্যে ০৬টি আপত্তিতে কোন অর্থ জড়িত নেই, অবশিষ্ট ৫৭টি আপত্তির জড়িত অর্থের পরিমাণ ৫,৭০৫,১৬২,০৬৩.২৪/- টাকা যা দ্রুত নিষ্পত্তি করা প্রয়োজন।

১৯.৪। **সার্বিক কর্মপরিকল্পনা পর্যালোচনা ও পর্যবেক্ষণ:**

পর্যালোচনায় দেখা যায় ডিপিপি/আরডিপিপি'র কর্মপরিকল্পনা অনুযায়ী প্রকল্পের কার্যক্রম সম্পন্ন করা সম্ভব হয়নি। ফলে ব্যয়বৃদ্ধি ব্যতিরেকে প্রকল্পের মেয়াদ বৃদ্ধি করতে হয়েছে এবং পরবর্তীতে ১ম ও ২য় সংশোধনের মাধ্যমে প্রকল্পটি সমাপ্ত হয়েছে।

১৯.৫। **সার্বিক ক্রয় পরিকল্পনা পর্যালোচনা ও পর্যবেক্ষণ:**

ডিপিপি/আরডিপিপি'র ক্রয় পরিকল্পনা অনুযায়ী ক্রয় পরিকল্পনা সম্পন্ন করা সম্ভব হয়নি। পণ্যের ক্ষেত্রে দরপত্র চুক্তি অনুযায়ী ক্রয় কার্য সম্পন্ন হলেও কার্যের ক্ষেত্রে চুক্তি অনুযায়ী কাজ সম্পন্ন করা সম্ভব হয়নি। কার্য প্যাকেজ ১৬টির মধ্যে ১ থেকে ৯ পর্যন্ত প্যাকেজের কার্যক্রম চুক্তি মোতাবেক সম্পন্ন করা সম্ভব হয়নি। চুক্তির মেয়াদ বৃদ্ধি করতে হয়েছে।

১৯.৬। **প্রকল্পের দাপ্তরিক মনিটরিং সংক্রান্ত পর্যালোচনা:** প্রকল্প পরিচালক ও প্রধান প্রকৌশলী (পশ্চিম), রাজশাহী ও প্রকল্পের নির্বাহী প্রকৌশলী নিয়মিত মাঠ পর্যায়ে প্রকল্পের অগ্রগতি মনিটরিং করেন। এছাড়া, পরামর্শক প্রতিষ্ঠান প্রকল্পের কার্যক্রম ত্বরান্বিত করার জন্য নিয়মিত প্রকল্প এলাকা পরিদর্শন করেছেন বলে জানা যায়।

১৯.৭। **প্রকল্পের অঙ্গভিত্তিক বাস্তব ও আর্থিক লক্ষ্যমাত্রা ও** অর্জন **পর্যবেক্ষণ:**

প্রকল্পের অঙ্গভিত্তিক বাস্তব লক্ষ্যমাত্রার ক্ষেত্রে কার্যের ১৬টি প্যাকেজের মধ্যে ১৫টি বাস্তবায়ন হলেও স্থানীয় জনসাধারণ কর্তৃক স্থান নির্ধারণের জটিলতার কারণে ০১টি প্যাকেজ তথা ডব্লিউডি প্যাকেজ-৮ এর আওতায় ঘোড়াখালী স্টেশন নির্মাণ করা সম্ভব হয়নি । প্রয়োজন না হওয়ায় জিডি প্যাকেজ ৩, ৪, ৫, ৭, ৮, ৯ ও ১০ এর ক্রয় কার্যক্রম সম্পন্ন করা হয়নি। মোটরযান ক্রয় করা হয়নি বিধায় জ্বালানী বাবদ ব্যয় হয়নি। এছাড়া, কর্মকর্তা-কর্মারীদের বেতন, ভাতাদি এবং আউটসোর্সিং বাবদ কোন ব্যয় হয়নি। ফলে সর্বশেষ সংশোধন অনুযায়ী প্রকল্পের প্রাক্কলিত ব্যয় ২১১০২৬.৯২ লক্ষ টাকার মধ্যে প্রকৃতপক্ষে ব্যয় হয়েছে ২০৩৫৪৬.০৯ লক্ষ টাকা অর্থাৎ ক্রমপুঞ্জিত আর্থিক অগ্রগতি ৯৬.৪৫% এবং ভৌত অগ্রগতি প্রায় ১০০%।

১৯.৮। **গুণগতমান (প্রয়োজনে ল্যাব-টেস্টিং-এর ফলাফলের মাধ্যমে যাচাইকৃত):**

*) ভৌত কার্যের ক্ষেত্রে কোন প্রতিষ্ঠানের ল্যাব থেকে টেস্ট করানো হয়েছে-

*) টেস্ট অনুযায়ী মানসম্মত দ্রব্যাদি ব্যবহার করা হয়েছে কিনা? (সকল কাজের একটি করে টেস্ট কপি দাখিল করতে হবে)

*) ক্রয়কৃত পন্যের মান ও যথাযথ উপযোগীতা বিষয়ে পর্যবেক্ষণ (প্রযোজ্য ক্ষেত্রে)

*) সংগৃহীত সেবার (প্রতিবেদন/ষ্টাডি/তথ্যপ্রযুক্তি সিষ্টেম) মান ও যথাযথ উপযোগীতা বিষয়ে পর্যবেক্ষণ (প্রযোজ্য ক্ষেত্রে)

২০। প্রকল্প বাস্তবায়ন প্রলম্বিত হওয়া (Time Over-run) বিষয়ক পর্যবেক্ষণ:

প্রকল্প বাস্তবায়নকালে রাজনৈতিক অস্থিরতাজনিত, বন বিভাগ কর্তৃক গাছপালা অপসারণে বিলম্ব, কাজের পরিধি বৃদ্ধি পাওয়া, প্রচুর পরিমাণ বৃষ্টিপাত "যা গত ৩৫ বছরের রিকর্ড" যা নভেম্বর/১৭ পর্যন্ত চলমান ছিল, মাঠ পর্যারে বাস্তবতার আলোকে ভেরিয়েশন অর্ডারের আওতায় ১০টি সেতুতে ১২টি স্ট্যান্ডার্ড গার্ডার স্থাপনের লক্ষ্যে উক্ত সেতুর বেডব্লক পূর্ণঃনির্মাণ যা সম্পূর্ণ শুষ্ক মৌসুম না আসা পর্যন্ত অপেক্ষা করা ইত্যাদি কারণে প্রকল্পের Time Over-run হয়েছে, যা ডিপিপি সংশোধনের মাধ্যমে সমন্বয় করা হয়েছে। সার্বিকভাবে মূল প্রকল্প থেকে ২০০% Time Over-run হয়েছে।

২১। প্রকল্পের ব্যয় পরিবর্তন (বৃদ্ধি/হ্রাস) (Cost Over-run) হওয়া বিষয়ক পর্যবেক্ষণ:

